<u> প্রতির্বিদের</u> পীতা

(ঞ্জিঅরবিন্দ খোষ লিখিত Essays on the Gita পুস্তকের অমুবাদ)

দ্বিতীয় খণ্ড

এতানিলবরণ রায়

ডি, উ^{নি}ূ**লাইত্ত্ররী** ৬১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

আড়াই টাকা

প্রকাশক শ্রীবিভৃতিভূষণ রায় গুইর, কৈয়র, পোঃ বর্জনান।

আনন্দময়ী প্রিণ্টিং ওয়ার্কস্ ংং, নিমতলা ঘাট ট্রাট, কলিকাতা শ্রীমোক্ষদারঞ্জন ভট্টাচার্য্য কর্তৃক মৃদ্রিত।

নিবেদন

"শ্রীষ্মরবিন্দের গীতা"র প্রথম খণ্ড প্রকাশিত হইবার পর দিতীয় খণ্ড প্রকাশ করিতে এত বিলম্ব হইল তাহার প্রধান কারণ ইতিমধ্যে আমাকে দেড বংসরকাল রাজবনীরূপে জেলে কাটাইয়া আসিতে হইয়াছে। আশা করি সহদয় পাঠকগণ আমার জটি মার্জনা করিবেন। এই চুইখণ্ডে শ্রীঅরবিন্দের গীতার প্রথম ভাগ (First series) শেষ হইল—দ্বিতীয় ভাগ (Second series) পরে প্রকাশিত হইবে। তবে শ্রীষ্ণরবিন্দের গীতার প্রথম ভাগটি একটি খণ্ড গ্রন্থ নহে—ইহা একথানি সম্পূর্ণ গ্রন্থ। ইহা হইতেই গীতাশিক্ষার মূলকথাগুলি জানিতে পারা যায় এবং সাধনার জন্ম যথেষ্ট উদার ও স্থদ্ট ভিত্তি পাওয়া যায়। এই ভিত্তি হইতে আরম্ভ করিয়াই সাংক তাঁহার জীবনকে এমন ভাবে গড়িয়া তুলিতে পারেন যাহাতে গীতার অপর অংশের শিক্ষার কোন প্রয়োজনই হয় না অথবা তিনি নিজেই সে শিক্ষার প্রকৃত মর্ম গ্রহণ করিতে পারেন। অতএব, শ্রীজরবিনের গীতাব ,থম ভাগটিকেই গীতা শিক্ষা সম্বন্ধে একটি সম্পূর্ণ গ্রন্থ বলা যাইতে পারে। চতুর্বিংশ অধ্যায়ের প্রথম অংশে এই কথা বিশদভাবে বুঝাইয়া দেওয়া হইয়াছে।

ংবা ফান্ধন, ১৩৩৩ 🏻

অমুবাদক

পণ্ডিচেরী ৷

🔊 অনিলবরণ রায়।

"গারথি"তে প্রকাশিত শ্রীঅরবিন্দের গীতা নিয়মিত পাঠ করিয়া শ্রীঅরবিন্দ জানাইয়াছেন—'অনুবাদ খুবই ভাল হইতেছে। সাধারণ পাঠকেরা আপনার অনুবাদের সাহাব্যে সহজেই গীতা বুঝিতে পারিবে।"



শ্রীতারবিন্দ ঘোষ

ঐত্যরবিদের গীতা

একাদশ অধ্যায়

কর্মা ও যজ্ঞ

বুদ্ধিযোগ এবং বৃদ্ধিযোগের পরিণাম বান্ধী স্থীতি--ইহা লইয়াই গীতার দ্বিতীয় অধ্যায়ের শেষভাগ লিখিত হইয়াছে! এইখানেই গীতার অনেক শিক্ষার বীজ নিহিত রহিয়াছে.— গীতার নিষাম কর্ম, সমতা বাহ্নসন্মাস পরিত্যাগ, ভগবানে ভক্তি এই সকল শিক্ষারই স্ত্রপাত এথানে হইয়াছে, তবে তাহা খুব স্বন্ধ এবং বুঝা শক্ত। এথন পর্য্যন্ত যে শিক্ষার উপর সর্ব্বাপেক্ষা অধিক জোর দেওয়া হইরাছে তাহা এই—মাতুষ যে সাধারণতঃ কামনা লইয়া কার্য্য করে তাহা হইতে বুদ্ধিকে ফিরাইতে হইবে, ইন্দ্রিয়স্থ্রের সন্ধানে ফিরিয়া সাধারণতঃ মাস্কুষের চিত্তমনের যে বেগ ও অজ্ঞতা হয় তাহা হইতে মুক্ত হইতে হইবে, লক্ষ বাসনার পশ্চাতে ধাবমান বুদ্ধি ও ইচ্ছাকে ফিরাইরা ব্রান্ধী স্থিতির নিফাম এক্য, নিক্দেগ, শান্তির মধ্যে প্রতিষ্ঠিত করিতে হইবে। অর্জুন এ পর্যান্ত বুঝিতে পারিলেন এসব তাহার কাছে এঁকেবালে নৃতন

নহে; তংকালে প্রচলিত শিক্ষার ইহাই সার মর্ম:--সে শিক্ষা মানুষকে জ্ঞানের পথ দেখাইয়া দেয়, পুরুষার্থ সাধনের উপায় স্বরূপ সংসার ও কর্মত্যাগের পথ, সন্মাসের পথ দেখাইয়া দেয়। ইন্দ্রিয়স্থ্রথ, কামনা, মানবীয় কর্ম ছাড়িয়া বুদ্ধিকে ঈশ্বরম্থী করা, সেই এক নিজ্জিয় পুরুষ, অচল অরূপ ব্রন্ধের অভিমূথ করা—ইহা যে জ্ঞানের সনাতন বীজ তাহাতে আর সন্দেহ নাই। এখানে কর্মের স্থান নাই, কারণ কর্ম অজ্ঞানের; কর্ম জ্ঞানের সম্পূর্ণ বিপরীত ; কামনা ইহার বীজ এবং বন্ধন ইহার ফল। ইহাই তৎকাল প্রচলিত দার্শনিক মত এবং রুঞ্চ যথন বলিলেন যে বদ্ধিযোগ অপেক্ষা কর্মা অত্যন্ত অপকৃষ্ট, তথন তিনিও এই মত স্বীকার করিয়া লইলেন বলিয়াই মনে হয়। অথচ, তিনি বিশেষ করিয়া কর্মকে যোগের অঙ্গ বলিতে লাগিলেন, অতএব, এই শিক্ষার একটা বিষম অসামঞ্জদা রহিয়াছে বলিগাই মনে হয়। শুরু তাহাই নহে; কারণ, কিছুকাল অতি সামান্য, নিতাস্ত নির্দ্বোষ কর্ম করা চলিতে পারে; কিন্তু এথানে অর্জ্ঞনের সম্মুখে যে কর্ম তাহা আত্মার নিক্ষ্প শান্তি ও জ্ঞানের সম্পূর্ণ বিরোধী,—একর্ম ভীষণ, এমন কি পৈশাচিক, ইহা নিষ্ঠার রক্তপাতের যুদ্ধ, একটা বিরাট হত্যাকাণ্ড। 'অথচ আভ্যন্তরীন শান্তি, নিষ্কাম সমতা এবং ব্রাহ্মী স্থিতি সম্বন্ধে শিক্ষার দ্বারা এই ভীষণ কর্মকে সমর্থন করিবার চেষ্টা হইতেছে। এই যে বিরোধ এখনও ইহার সাম্ঞ্স্য করা হয় নাই। অর্জুনের অভিযোগ এই যে তাহাকে বে শিকা দেওয়া হইয়াছে তাহা বিরোধপূর্ণ এবং গোলমেলে—মান্থৰ বাহার সাহায়ে সোজা নিশ্চিত শ্রেরের দিকে বাইতে পারে এ শিকা সেরপ নহে। এই আপত্তির উত্তরে, গীতা কর্মের প্রকৃত নীতি স্পষ্ট ভাবে বুঝাইতে আরম্ভ করিয়াছে।

ভগবান প্রথমেই পরমার্থলাভের ছুইটি উপান্ন প্রভেন করিলেন,—

লোকেংশ্মিন্ ছিবিধা নিষ্ঠা পুরা প্রোক্ত ময়ানখ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্মযোগেন যোগিনাম। ৩।৩ এ সংসারে মুক্তিলাভ করিতে হইলে মামুষ জ্ঞানযোগ বা কর্মযোগ যে কোন একটি অবলম্বন করিতে পারে। সাধারণ ধারণা এই যে জ্ঞান মার্গের লোকেরা কর্মকে মুক্তির পরিপন্থি মনে করিয়া পরিত্যাগ করে, কর্মমার্গের লোকেরা কর্মকে মুক্তির সহায় মনে করিয়া গ্রহণ করে। ভগবান এখন এই इटेराव भिर्मालय का मामक्षरमात विस्थित कही कवितान ना. কেবল এই দেখাইয়া আরম্ভ করিলেন যে, সাংখ্যদের যে ত্যাগ শারীরিক ত্যাগ, "সন্মাদ" তাহা একমাত্র পথও নহে, অন্যটি অপেক্ষা ভাল পথও নহে। অবশ্য আত্মাকে, পুরুষকে "নৈষ্ণ্য" বা শাস্ত কর্মশৃষ্ণতার ভাব লাভ করিতে হইবে; কারণ প্রহৃতিই কর্ম করে, আত্মাকে এই কর্মস্রোতের উপরে উঠিতে হইবে এবং স্বাধীনতা ও শান্তিতে প্রতিষ্ঠিত হইরা প্রকৃতির ক্রিয়া পরম্পরা অবিচলিত ভাবে অবলোকন করিতে হুইবে। স্পান্ধীর নৈষ্কা্য বলিতে বস্তুতঃ ইহাই বুঝায়, প্রকৃতির ক্রিয়া পরম্পরার শেষ বুঝায় না। অতএব, কোনরূপ কর্ম না করিলেই যে এই নৈষ্কা্য লাভ করা যায় এরূপ ভাবা ভূল। শুধু কর্মপরিত্যাগই বথেষ্ট নহে, এমন কি মুক্তিলাভের ইহা ঠিক পথও নহে।

ন কর্মণামনারস্তা নৈকর্ম্যং পুরুষোহশ্বতে।
ন চ সংস্থানাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি॥
কর্মের অমুষ্ঠান না করিয়া কেহ নিক্রিয় ভাব লাভ করেনা,
কেবল সন্মাসেই সিদ্ধিলাভ হরনা।

কিন্তু ইহা মোক্ষলাভের একটি অবশ্ব প্রয়োজনীয় উপায় নহে কি ? কারণ, প্রক্বতির কর্ম যদি চলিতে থাকে তাহা হইলে আত্মা তাহাতে বদ্ধ না হইয়া কেমন করিয়া থাকিবে ? আমি যুদ্ধ করিব অথচ আমার আত্মা "যুদ্ধ করিতেছি" বলিয়া ভাবিবে না. জয়াকাজ্ঞা করিবে না. পরাজয়ে বিচলিত হইবে ना देश किक्राल इंटेर्ड शांति ? इंटाई मांश्यारमत निका स বে ব্যক্তি প্রকৃতির ক্রিয়ায় নিযুক্ত হয় তাহার বৃদ্ধি অহঙ্কার. অজ্ঞান ও কামনায় বন্ধ হয় এবং সেজক কর্মে আকৃষ্ট হয়.— কিন্তু যদি বুদ্ধি সরিগা আইসে তাহা হইলে কামনা ও অজ্ঞানের শেষ হওয়ার সঙ্গে সঙ্গে কর্মাও শেষ হইয়া যায়: অতএব, মুক্তিলাভ করিতে হইলে শেষ পর্যান্ত সংসার ও কর্ম্ম পরিত্যাগ করিতেই হইবে। অর্জ্জন প্রকাশ না করিলেও তাঁহার মনে যে তৎকাল প্রচলিত এই যুক্তি উঠিয়াছিল তাহা ত হার পরের কথা হইতেই বুঝা যায় ; ভগ্যান তৎক্ষণাৎ হইব ব্ঝিয়াই উত্তর দিলেন। তিনি বলিলেন এরপ ত্যাগ স্বব্

নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকৰ্মকং। কাৰ্য্যতে হাবশঃ কৰ্ম সৰ্ব্বঃ প্ৰকৃতিজৈগু গৈঃ।৩।৫

-- কোন ব্যক্তিই কর্ম না করিয়া ক্ষণকালও থাকিতে পারে না। প্রকৃতিজাত সন্ধাদি গুণরাশি মহুষ্যগণকে অবশ করিয়া আপনা আপনি কর্মে প্রবর্তিত করে।"

বিশ্ব জুড়িয়া চিরকাল বিশ্বশক্তির যে বিরাট ক্রিয়া চলিতেছে তাহার তীব্র অন্তভূতিই গীতার একটি বিশেষ উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। পরবর্ত্তীকালে তান্ত্রিক শাক্তগণ এই দিকে বিশেষ মোঁক দিয়াছিলেন—এমন কি তাহারা শক্তিকে পুরুষেরও উপরে স্থান দিয়াছিলেন। গীতাতে যদিও ইহা তেমন পরিস্ফুট হয় নাই, তথাপি গীতার ঈশ্বরবাদ ও ভক্তিতন্ত্রের সহিত সংযুক্ত হইয়া ইহা প্রাচীন বেদান্তের কর্মত্যাগের ঝোঁক বিশেষভাবে দমন করিয়াছে। প্রাকৃতিক জগতে দেহধারী মানব কর্ম বন্ধ করিতে পারে না—এক মুহুর্জের জন্ম, এক সেকেণ্ডের জন্মও পারে না; তাহার এখানে বাঁচিয়া থাকাই একটা কর্মা গেমগ্রবিশ্বজগৎতই ভগবানের একটি কর্মা কেবলমাত্র বাঁচিয়া থাকাও ভাঁহারই লীলা।

আমাদের শারীরিক জীবন, ইহার পালন ও রক্ষা, ইহা একটি পথযাত্রার মত; 'শরীর্যাত্রা"—কর্ম ভিন্ন ইহা সম্পূদ্দ করা যায় না! কিন্তু, যদিই কোন মানর শরীর পালুন না

করিয়া থাকিতে পারে, যদি সর্বাদা গাছের জার নিশ্চল হইয়া **দাভাইয়া থাকিতে** বা প্রস্তারের ক্যায় জডবৎ বসিয়া থাকিতে পারে — "তিষ্ঠতি" তথাপি এরপ নিশ্চল বা জড়ভাবে থাকিলেই **নে প্রকৃতির হন্ত** হইতে পরিত্রাণ পাইবে না, প্রকৃতির ক্রিরাপরম্পর। হইতে মুক্তি পাইবে না। কারণ, কর্ম শব্দে 💖 আমাদের শারীরিক ক্রিয়া এবং চলাফেরাই বুঝায় না আমাদের মানসিক জীবনও একটা মন্ত বড জটিল কর্ম-বিশ্রামহীন শক্তির এইটাই বরং বৃহত্তর এবং অধিকতর প্রয়োজনীয় কর্ম—এই শানসিক ক্রিয়াই শারীরিক ক্রিয়ার কারণ ও নির্দেশক। ইব্রিয়ের বিষয়গুলি আমাদের বন্ধনের উপলক্ষ্য মাত্র. তাহাদিগকে গ্রহণ করিতে মনের ঝেঁকিই প্রকৃত কার্য্যকরী কারণ। মামুষ তাহার কর্মেন্দ্রিয়গুলিকে সংযত করিতে পারে এবং তাহাদের স্বাভাবিক ক্রিয়া বন্ধ করিয়া দিতে পারে—কিন্তু, তাহার মন যদি ইন্দ্রিয়ের বিষয় চিন্তা করিতে পাকে তাহা হইলে তাহার কোন লাভই হইল না। এরপ বাজি আত্মসংযমের ভূল ধারণার বলে নিজেকেই প্রতারিত করে; সে ইহার উদ্দেশ্য বা প্রকৃত তথ্য বুঝে না—তাহার আস্তরিক **জীবনের মূল তত্ত্ব** বুঝে না ; অতএব তাহার <mark>আত্মশংষমের সম</mark>গ্র व्यगानीहे मिथा। धवः रार्थ।*

 [&]quot;বিখ্যাচার" শব্দের অর্থ কপটাচারী (hypocrite) বলিয়া আমার
মনে হয় না। বে মসুবা এরপ সম্পূর্ণ কঠোর ভাবে নিজেকে বঞ্চিত করে সে
কেমন করিয় কপটাচারী হইতে পারে ? সে এবে পতিত, "বিমৃঢারা" এবং

কর্মেন্দ্রিরাণি সংযম্য য আত্তে মনসা স্মরন্। ইন্দ্রিরার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে এঙ

শুধু শরীরের কর্ম, এনন কি শুধু মনের কর্মণ্ড কিছু নয়,—
সে বর বন্ধন ও নহে, বন্ধনের প্রথম কারণ্ড নহে। প্রকৃতির
মহাশক্তি মন, প্রাণ ও শরীররূপ তাহার বিরাট ক্ষেত্রে ক্রীড়া
করিবেই; তাহার মধ্যে বিপদের জিনিষ হইতেছে তাহার তিনশুণের মৃথ্য করিবার শক্তি—এই তিনগুণ বুদ্ধিকে গুলাইয়া দিয়া
আহাকে ঢাকিয়া কেলে। আমরা পরে দেখিব যে ইহা
লইয়াই গীতার কর্ম্ম ও মৃক্তির সমন্ত কথা। গুণত্ররের মৃথ্যকরী
ক্রিয়া হইতে মৃক্ত হও—তাহার পর কর্ম্ম থাকিতে পারে,
থাকিবেই, এমন কি বৃহত্তম বিষম উপদ্রবময় কর্ম্মও চলিতে পারে;
তাহাতে কোন হানি হইবে না কারণ আত্মা নৈছ্ম্ম লাভ
করিলে আর কিছুই পুরুষকে স্পাশ করিতে পারিবে না।

কিন্তু, উপস্থিত গীতা এই বড় কথাটা তুলিতেছে না। মনই যথন বান্ত্ৰিক কারণ, কর্মহীনতা যথন অসম্ভব, তথন শরীর ও মনের ক্রিয়াকে সংযক্ত ও নিয়মিত করাই কর্ত্তব্য ও যুক্তিযুক্ত। বৃদ্ধির যন্ত্র স্থরূপ মন ইন্দ্রিয়গণকে বশে আনিবে এবং তাহাদের উপযুক্ত কর্ম্মে নিযুক্ত করিবে—কিন্তু, যোগরূপেই এই কর্ম্ম করিতে হইবে।

তাহার "আচার"—ভাহার অমূহত আত্মগংবনের প্রণালী মিথা। এবং বার্ধ— এই মাত্রই বে দীতার অর্থ তাহাতে সন্দেহ নাই।

শ্রীঅরবিনের গীতা

ষন্তিন্দ্রিরাণি মনসা নিয়ম্যারভতের্জ্জুন। কর্মেন্দ্রিয়েঃ কর্মযোগমসক্তঃ স বিশিষ্যতে। ৩।৭

কিছ, এই আত্মসংখমের সার কথা কি, যোগরূপে কর্ম করা বা কর্মবোগের অর্থ কি ? ইহা অনাসন্তি, ইন্দ্রিরবিষয়ে এবং কর্ষের ফলে মনকে লাগিতে না দিয়াই কর্ম করিতে হইবে। সম্পূর্ণ কর্মশুক্ততা নহে—ইহা ভ্রম, মোহ, আত্মপ্রতারণা, ইহা অসম্ভব। সম্যক ভাবে স্বাধীনতার সহিত কর্ম করিতে হইবে. ইব্রিয় ও রিপুর বশুতা ত্যাগ করিয়া কর্ম করিতে হইবে, কামনা-শৃষ্ম হইয়া অনাসক্ত ভাবে কর্ম করিতে হইবে—এই সবই সিদ্ধি-লাভের প্রথম গৃঢ় রহ্স্য। রুঞ্চ বলিলেন, এইরূপে আত্মসংঘমের সহিত কর্ম কর. নিয়তং কুরু কর্ম অম; আমি বলিয়াছি যে জ্ঞান. বৃদ্ধি কর্মা অপেকা বড়, জ্যান্ত্রসি কর্মণঃ বৃদ্ধি, কিন্তু আমি এমন কথা বলি নাই যে কর্ম অপেক্রা কর্মশন্ততা বড়, বরং বিপরীতটাই সত্য, কর্ম জ্যায়:হাকর্মণ:। কারণ, জ্ঞান বলিতে কর্মত্যাগ বুঝার না. সমতা এবং ইন্দ্রিয় বিষয়ে ও কামনায় অনাসক্তিই বুঝার। বৃদ্ধি যখন প্রকৃতির নিম ক্রিয়া ইন্দ্রিয়বখ্যতা হইতে মুক্ত হইয়া উৰ্দ্ধে আত্মায় প্ৰতিষ্ঠিত হয় এবং আত্মজ্ঞানের শক্তিতে এবং শুদ্ধ বিষয়শূর আগ্মিজানের আননেদ মন, ইন্দ্রিয় এবং শরীরের ক্রিয়াকে নিয়মিত করে, (নিয়তম্কর্ম) * জ্ঞান

শন্তম্কর্ম সাধারণতং বেরপ ব্যাখ্যা করা হয় আমি সে ব্যাখ্যা
এহণ করিতে পারি নাই। সাধারণ টাকাকারেরা নিয়তং কর্ম বলিতে সজ্যা
উপাসনা প্রভৃতি বেদোক্ত নিত্য নৈমিত্তিক কর্ম ব্রিয়াছেন। প্রেকাক্ত

বলিতে বৃদ্ধির সেই অবস্থাই বৃঝায়। কর্মবোণের দ্বারা ভক্তিযোগ সম্পূর্ণ হয়; আত্মমুক্তিদারক বৃদ্ধিযোগ কামনাশৃষ্ঠ কর্মবোগের দ্বারা সার্থক হয়। এইরূপে গীতা নিষ্কাম কর্মের প্রয়োজনীয়তা বৃঝাইয়াছে এবং সাংখ্যদের কেবল বাহ্নিক, শারীরিক বিধি পরিত্যাগ করিয়া তাহাদের আভ্যন্তরীন জ্ঞানের প্রণালীর সহিত যোগ প্রণালীর মিলন করিয়াছে।

কিন্তু এখনও একটা মূল সমস্যার সমাধান হয় নাই। মাছ্য সাধারণতঃ যে কর্ম করে, শুধু কামনার বশেই তাহা করিয়া থাকে: অহঃকরণ যদি কামনা হইতে মূক্ত হয় তাহা হইলে ত কর্মের কোন প্রবৃত্তি বা প্রয়োজনীয়তাই থাকিবে না। শরীর রক্ষার জন্ম কতকগুলি কর্ম করিতে আমরা বাধ্য হুইতে

লোকের "নিষমা" শক্টাকে লইয়াই যে এই শ্লোকে "নিয়ত" কথা হইয়াছে তাহাতে আর সন্দেহ নাই। প্রথমে ক্লা একটা তথা বর্ণনা করিলেন—বে ব্যক্তি মনের দারা ইপ্রিয়গণকে নিয়মিত করিয়া কর্মেন্সিয়ের দারা কর্মযোগ অনুষ্ঠান করে সেই শ্রেই—মননা নিয়মা আরম্ভতে কর্মযোগম এবং ঠিক ইহার পরেই এই তথাবর্ণনা হইতে একটা উপদেশ বাহির করিলেন, ইহার সারটুকু লইয়া ইহাকে একটি বিধিতে পরিণত ক্ষরিলেন—নিয়তং ক্লাকর্ম জম
—ত্নি নিয়ত কর্মা কর। এপানে "নিয়ত্ম" শক্ষে "নিয়ম্য"কে লওয়া হইয়াছে। বাহাবিধির দারা নিরিত কামনা-শৃত্ত কর্মাই গীতার শিক্ষা।

পারি বটে. কিন্তু ইহাও শরীরের কামনার পরাধীনতা এবং সিদ্ধিলাভ করিতে হইলে ইহা হইতেও আমাদের মুক্ত হওয়া উচিত। কিন্তু যদি স্বীকার করা যায় যে ইহা সম্ভব নহে. তাহা হইলে (আমাদের ভিতরের কিছুর দ্বারা পরিচালিত না হইয়া) কর্মের কোন বাহ্যবিধি মানিয়া চলা ব্যতীত আর উপায় নাই; বেদের নিত্যকর্ম, যজ্ঞামুষ্ঠান, নির্দিষ্ট দৈনিক কার্য্য, সামাজিক কর্ত্তব্য এইরূপে বাছবিধির দ্বারা নিয়ন্ত্রিত: ষাহারা মৃক্তি চায় তাহাদিগকে এই দকল কর্ম করিতে হইবে। এই সকল কর্ম যে তাহাদের কামনামুঘায়ী এবং মনোমত সেজন্ত নহে, শাস্ত্রে মুক্তিকামীগণকে এই সকল কর্ম করিবার বিধি বা আদেশ দেওয়া হইয়াছে বলিয়াই তাহাদিগকে এই সকল নিতা নৈমিত্তিক কর্ম করিতে হইবে। কিন্তু কর্ম্মের নীতি এরূপ বাহ্য না হইরা যদি আন্তরিক করিতে হয়, যদি মুক্ত এবং জ্ঞানী ব্যক্তিদেরও কার্য্য তাঁহাদের স্বভাবের দারা নিয়ন্ত্রিত (স্বভাব-নিয়ত্রম্) করিতে হয়—তাহা হইলে কামনা ব্যতীত কর্মের আর কোন আস্তরিক নীতিই নাই; এই কামনা উচ্চ বা নীচ হইতে পারে—শরীরের ভোগের কামমা হইতে পারে. হদর মনের উচ্চ ভাবের কামনা হইতে পারে। কিন্তু এসবই প্রকৃতি গুণের অধীন। অতএব গীতার "নিয়ত কৰ্ম" বলিতে বেদের "নিত্য-কৰ্ম" "কৰ্ত্তব্য কৰ্ম" (Work that has to be done) বুঝিতে হইবে এবং গীতার যজার্থে কর্ম ৰলিতে ব্যক্তিগত স্বাৰ্থ ও কামনা শৃশু হইয়া বেলোক্ত ৰজ্ঞাদির অষ্ঠান বৃশ্ধিতে হইবে। গীতার নিকাম কর্মের অনেকেই এইরপ ব্যাধ্যা করিয়া থাকেন। কিন্তু, আমার মনে হয় গীতার অর্থ এরপ স্থল ও সহজ নহে, এরপ সন্ধীর্ণ এবং দেশ কালে সীমা বদ্ধ নহে। গীতার শিক্ষা উদার, মৃক্ত, স্ম্ম এবং গভীর; ইহা সকল যুগের সকল মন্থয়েরই উপযোগী। কেবল কোন বিশেষ যুগ বা কোন বিশেষ দেশের নহে। বিশেষতঃ, ইহা সকল সমরেই বাহ্ম বিধি নিষেধের, ক্ষত্রিম আইনকান্থনের, খুঁটিনাটি অন্ধানের বন্ধন ছাড়াইয়া মূল সত্যের দিকে গিরাছে, আমাদের স্বভাবের, আমাদের জীবনের প্রধান কথাগুলিরই হিসাব লইরাছে। উদার দার্শনিক সত্য এবং জীবনের প্রয়োজনোপযোগী আব্যাত্মিকতা লইরাই গীতার শিক্ষা—ইহাতে থর্মের গোঁড়ামি নাই, বাধা ধরা বিধি নিষেধ বা বিশেষ মতবাদে ইহা সীনাবন্ধ নহে।

সমসা। হইতেছে এই যে আমাদের স্বভাব যথন এইরপ এবং কামনাই যথন কর্মের সাধারণ নীতি তথন প্রকৃত ভাবে নিকাম কর্ম করা কিরপে সম্ভব ? কারণ, সাধারণতঃ যে সকল কর্মকে নিঃস্বার্থ কর্ম বলা যায় সেগুলি প্রকৃত নিকাম নহে; ক্ষুদ্র স্বার্থের পরিবর্ত্তে বৃহত্তর স্বার্থের জন্ম—দেশের জন্ম, মানব জাতির কল্যাণের জন্ম সে সকল কর্মই আমাদের স্বভাবের জারা, প্রকৃতির গুণের দ্বারাই সম্পাদিত হয়। আমরা বধন শাস্ত্রামুসারে কর্ম করি তথনও আমরা নিজেদের স্বভাবের বশেই

ক্রুপ করি। সাধারণতঃ যে স্কল কর্মের বিধি শাস্ত্রে আছে দেওলি পরোক্ষভাবে আমাদের স্বার্থেরই অনুকৃল—আমাদের ব্যক্তিগত জাতিগত বা সম্প্রদারগত ভাব, স্বার্থ বা অহন্ধারের অমুকূল; কিন্তু যদিই অন্তরূপ ধরা যায়—যদি সেই সকল শাস্ত্রোক্ত কর্মের কথা ধরা যায় যেগুলির সহিত আমাদের ছোট বড কোনরূপ স্থার্থের সম্পর্ক নাই—সেগুলিও আমরা আমাদের স্বভাবের বশেই করিয়া থাকি, কারণ, আমাদের স্বভাব যদি ভিন্নরপ হইত তাহা হইলে হয়ত আমরা ঐ সকল শাস্ত্রোক্ত কর্ম করিতে যাইতাম না—হয় আমর! শাস্ত্রবিধি পরিত্যাগ করিয়া নিজেদের স্থের অনুসন্ধানেই কর্ম করিতাম অথবা নিজেদের বুদ্ধির দারা কর্ত্তব্য বাছিয়া লইতাম—নতুবা, সমাজের বন্ধন ছিন্ন করিয়া একক তপস্বী বা সন্ন্যাসীর জীবন যাপন করিতাম। অতএব, আমাদের বাহিরের কোন আইনকান্থন মানিয়া আমরা কথনই আমিত্ব বা স্বার্থ শৃন্ত হইতে পারি না। কারণ আমরা কিছুতেই আমাদের বাহ্নিরে যাইতে পারি না। শুধু, আমাদের ভিতরেই যে শ্রেষ্ঠ সত্তা রহিয়াছে তাহাতে উঠিতে পারিলে, দর্কভৃতের যে এক সাত্মা আমাদের ভিতরেও রহিয়াছে দেই মুক্ত এবং "হার্গ' শৃক্ত আত্মার ভিতরে যাইতে পারিলে আমরা প্রকৃত ভাবে স্বার্থ ও আমিষের উপরে উঠিতে পারি। আমি যথন বুঝিব যে সংসারে যাহা কিছু আছে ভাহার সম্ভার সহিত আমার সত্তা এক তথনই আমাদের "স্বার্থ" "পরার্থের" দদ্দ ঘুচিবে, তথনই আমরা প্রকৃতভাবে বাক্তিত্ব শৃক্ত,

কুদ্র নামরূপের বাহিরে যাইতে পারিব, আমিও শৃষ্ঠ হইতে পারিব। বিশ্বের অতীত বে ঈশ্বর আনাদের মধ্যে রহিয়াছেন, যিনি তাঁহার বিশ্বকর্ম বা ব্যক্তিগত কর্ম কিছুর ঘারাই বন্ধ নহেন, সেইখানে আমাদিগকে উঠিতে হইবে। গীতা ইহাই শিক্ষা দিয়াছে—কামনাশ্র্যতা ইহারই উপার মাত্র, শুধু কামনাশ্র্যতাই জীবনের লক্ষ্য নহে। ব্যিলাম, কিন্তু কেমন করিয়াইহা হইতে পারে? ভগবান বলিলেন যজ্ঞকেই একমাত্র লক্ষ্য করিয়া সকল কর্ম করিয়া ইহা হইতে পারে।

যজ্ঞার্থাৎ কর্মাণ্টোহস্তত্র লোকোহরম কর্মাবন্ধনঃ। তদর্থং কর্মা কৌন্তের মৃক্তসঙ্গঃ সমাচর॥ এ৯

— "যজ্ঞার্থে কর্ম ব্যতীত অক্স কর্ম করিলে লোক কর্মে বন্ধ অতএব হে কৌন্তেন, আস্তি শৃক্ম হইনা যজ্ঞার্থে কর্ম অনুষ্ঠান কর।

শুবু যজ্ঞ এবং সামাজিক কওঁবা নহে, সকল কর্মই যজ্ঞার্থে করা বাইতে পারে; প্রত্যেক কর্মই হর ছোট বা বড় স্বার্থের জন্ম করা বাইতে পারে। প্রকৃতির সকল বস্তু এবং সকল কর্মই ঈশ্বরের জন্ম। ঈশ্বর হইতেই ইহার উৎপত্তি, তাঁহার দারাই ইহা চালিত হয়, এবং তাঁহার দিকে ইহার লক্ষ্য। কিছু, যতদিন আমরা অহং জ্ঞানের (ego sense) অধীন ততদিন আমরা এই সত্য উপলব্ধি করিতে পারি না, ততদিন আমরা অহংজ্ঞানের বশে স্বার্থের জন্ম করি, যজ্ঞারে বহু সকল বন্ধনের গ্রান্থ । অহং

সম্বন্ধে কোন চিন্তা না করিয়া ভগবানের উদ্দেশ্যে কর্ম করিলে আমরা এই গ্রন্থি শিথিল করিতে এবং শেষকালে মৃক্তিলাভ করিতে পারিব।

যাহাই হউক, গীতা প্রথমে যজ্জের বেদোক্ত বর্ণনাই ধরিয়াছে এবং তৎকালীন প্রচলিত ভাষাতেই যজের স্বরূপ ব্যক্ত করিরাছে। গীতা একটি বিশেষ উদ্দেশ্<u>ভেই ইহা করিয়াছে।</u> আমরা পূর্ব্বেই দেখিয়াছি যে সন্মাস ও কর্ম্মের যে বিরোধ তাহা হুই প্রকারের—প্রথমত: সাংখ্য ও যোগের মধ্যে যে বিরোধ, মূলনীতিতে এই বিরোধের সমাধান ইতিপূর্বে করা इरेब्राह्, दिजीवजः, त्वमवाम ७ त्वमाखवातम् मत्था त्य वित्ताथ. তাহা সমাধান করিতে এখনও রাকী আছে। প্রথমটীতে এই বিরোধ স্থাধারণ ভাবেই ব্যক্ত হইয়াছে এবং কম শব্দ সাধারণ ব্যাপক অর্থেই ব্যবহৃত হইয়াছে। সাংখ্যের আরম্ভ অক্ষর এবং নিক্রিয় পুরুষের দিব্য ভাব লইয়া—প্রত্যেক আত্মাই প্রকৃতপক্ষে এইরূপ পুরুষ ; সাংখ্য পুরুষের নিক্ষিয়তা এবং প্রকৃতির ক্রিয়াশীলতার প্রভেদ করিয়াছে—অতএব কশ্মত্যাগই সাংখ্য মতে স্থায়সকত পরিণতি। যোগের আরম্ভ ঈখরবাদ লইয়া---দীশ্বর প্রকৃতির কার্য্যাবলীর প্রভু অতএব তাহাদের উপরে; স্থতরাং কর্মসম্যাস যোগের পরিণতি নহে, কর্মের উপর আত্মার প্রাধান্ত লাভ এবং সকল কর্ম করিতে থাকিলেও বন্ধন হইতে মুক্ত থাকা ইহাই যোগের লক্ষ্য। বোদবদ ve carinatura मधा ्य विद्राप रम्थात्न कर्म बनिए रिकिक

কৰ্ম, এমন কি কোথাও কোথাও বৈদিক বজ্ঞ ও আফুষ্ঠানিক কর্মই বুঝার-অন্ত কর্ম মৃক্তির সহায় নহে বলিয়া পরিত্যাজ্য। মীমাংসকগণের যে বেদবাদ তদমুসারে এই সকল কর্ম মুক্তির উপায় স্বরূপ সম্পাদন করিতেই হইবে: উপনিষদের উপর প্রতিষ্ঠিত বেদাস্তবাদ অতুসারে অজ্ঞান অবস্থায় প্রাথমিক প্রক্রিয়া ভাবেই কর্মের উপযোগিতা, শেবে কর্মকে অতিক্রম করিতে হইবে, পরিত্যাগ করিতে হইবে কারণ ইহা মৃক্তির পরিপন্থী। বেদবাদ যজ্ঞের দারা দেবগণের পূজা করিত এবং বিশ্বাস করিত যে তাঁহারা আমাদের মোক্ষলাভে সাহায্য করেন। বেদান্তবাদের মতে দেবতা সকল মানসিক এবং জড় জগতের কর্ত্তা এবং আমাদের মৃক্তির পরিপন্থী (উপনিষদে কথিত হইয়াছে যে মাতৃষ দেবতাদের গোধন স্বরূপ —তাঁহারা চান না, যে আমরা জ্ঞান লাভ করি বা মুক্ত হই); এই মতে ভগবান অক্ষর ব্রহ্ম-তাঁহাকে যজ্ঞ ও পূজা আদি কর্মের দারা লাভ করা যায় না, জ্ঞানের দারাই তাঁহাকে লাভ করা বার। কর্মের দারা শুধু ঐহিক ফল এবং নিয় স্বর্গ লাভ করা যায়, অতএব, কর্ম পরিত্যাগ করিতে হইবে।

গীতা এই বিরোধের মীমাংসা করিরাছে—গীতা পুন: পুন: বলিরাছে যে দেবতারা সকল যক্ত, পূজা, উপাসনার প্রভূ সেই একদেবের, ঈখরের বিভিন্ন রূপ মাত্র ্পুরুষ্ঠ ইহা সত্য হয় যে দেবতাদের উদ্দেশ্রে বজা করিলে ঐতিকু সুষ্ঠ এবং স্বৰ্গ লাভ করা বায় ভীহা হইলে ইছাও সত্য যে ঈখরের

উদ্দেশ্যে যজ্ঞ করিলে তাহাদের উপরে বাইয়া পরম মৃক্তি লাভ করা যায়। কারণ ঈশ্বর এবং অক্ষর ব্রহ্ম বিভিন্ন নহেন, উভয়েই এক—উভয়ের মধ্যে যাহাকে হউক লক্ষ্য করিলেই দিব্য জীবনের অভিমুখী হওরা যায়। সকল কর্ম্মেরই শেষ ও পূর্ণতা হইতেছে জ্ঞানে—সর্বাম্ কর্মাথিলম্ পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে। কর্ম-সকল বাধা নহে, তাহারা চরম জ্ঞান লাভের পথ। এইরপে যজ্ঞ শব্দের উলার ব্যাখ্যা করিয়া এই বিরোধেরও সামগুস্য कता इटेन। वांखिविक. এই वित्तांव मांच्या ও যোগের मध्या ব্বহন্তর বিরোধেরই একটি বিশিষ্ট রূপ। বেদ্রাদ এক রকম मशीर्प विरमव तकरमत रयांग ; विमाखिकरमत मून नी जि मांभा-দের সহিত এক, কারণ উভর মতাত্মসারেই বৃদ্ধিকে প্রকৃতির বছত্ত হইতে, অহস্কার, মন, ইন্দ্রিয় হইতে ফিরাইয়া লইয়া সেই অভিন্ন, অক্ষরে লইরা আসাই মুক্তি লাভের সাধনা। এইরূপ সামঞ্জস্য সাধনের উদ্দেশ্য মনে রাথিয়াই গীতার ওক প্রথমে যজ্জের বর্ণনা করিয়াছেন: কিন্তু, প্রথম হইতে বরাবরই তাঁহার **लका (वर्ताक रख ও अवृष्ठीतित मर्स्स मीमोवक ना शां**किया তাহাদের উদার ব্যাপক অর্থের উপরই ছিল। এইরূপে সঞ্চীর্ণ আমুষ্ঠানিক ধারণা গুলিকে বিস্তৃত করিয়া তাহাদের মধ্যে বুহুৎ সাধারণ সতা গুলিকে লওয় সকল সময়েই গীতার বিশিষ্ট প্রণালী।

দাদশ অধ্যায়

যজ্জের মর্ম্ম

গীতা যজ্ঞ বলিতে যাহা বুঝে তাহা ছুইটি বিভিন্ন স্থানে ব্যক্ত করা হইয়াছে। একটা ব্যাখ্যা ভূতীয় অধ্যায়ে, অপরটি চতুর্থ অধ্যায়ে, প্রথমটির ভাষা এরপ যে শুধু তাহাই ধরিলে যজ্ঞ বলিতে আফুষ্ঠানিক যজ্ঞ (বৈদিক) বুঝায় বলিয়াই মনে হয়; বিতীয় ব্যাখ্যায় যজ্ঞকে উদার দার্শনিক ও আধ্যাজ্মিক সত্যের রূপক বলিয়াই বুঝান হইয়াছে।

সহযক্তাঃ প্রজা স্থা পুরোবাচ প্রজাপতিঃ ॥
অনেন প্রস্বিধ্বধেমের বোহন্তিকামধুক্ ॥
দেবান্ ভাবরতানেন তে দেবা ভাবরন্ত বঃ।
পরস্পরং ভাবরন্তঃ প্রেরং পরমবাপ্রাথ ॥
ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দিজান্প্রদারিভাো যো ভূঙ্ভে ন্তেন এব সঃ॥
যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মৃচ্যন্তে সর্ক্রিনিবিং
ভূঞ্জতে তে স্বং পাপা যে পচন্ত্যান্ত্রকারণাং ॥
ভ্রমান্তবন্তি ভূতানি পর্জ্ঞাদর জন্মসন্তবঃ।
বিভাবতি পর্জ্ঞাে বক্তঃ কর্মসমৃত্রঃ॥

কর্ম ব্রন্ধোদ্ভবং বিদ্ধি ব্রক্ষাক্ষরসমূদ্ভবম্ তন্মাৎ সর্ববগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ এবং প্রবৃত্তিতং চক্রং নামুবর্ত্তয়তীং যঃ

অঘায়রিজ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি॥ ৩। ১০-১৬॥ "সৃষ্টির প্রথমে প্রজাপতি ব্রহ্মা যজ্ঞ সহিত প্রজাসকল সৃষ্টি করিয়া বলিয়াছেন, 'এই যজ্ঞ দ্বারা তোমরা উত্তরোভর বৃদ্ধিলাভ কর: এই যক্তই তোমাদিগের মনোবাঞ্চিত ফল প্রদান করুক। এই যজ্জের দারা তোমরা দেবগণকে সংবর্দ্ধন কর: সেই দেবগণও তোমাদিগকে সংবর্দ্ধিত করুন; এইরূপে পরস্পারের সম্বর্জন করিতে করিতে তোমরা পরম মঙ্গল লাভ করিবে। যজ্ঞের দ্বারা সম্বন্ধিত হইয়া দেবগণ তোমাদিগকে অভীষ্ট ভোগ প্রদান করিবেন: এই দেবদত্ত ভোগ লাভ করিয়া যে ব্যক্তি দেবতাদিগকে প্রদান না কবিয়া স্বয়ং ভোগ করে সে চোরই। ষাহারা যজ্ঞাবশেষ আন ভোজন করেন, তাঁহারা সকল পাপ হইতে মুক্ত হয়েন; কিন্তু ধাহারা কেবল আপনার জন্মই অন্নপাক করে. সেই পাপিষ্ঠগণ পাপই ভোজন করে। অন্ন হইতে শরীর উৎপন্ন হয়; মেষের বৃষ্টি হইতে অন্ন জন্মে. এবং যক্ত হইতে মেঘ এবং কর্ম হইতে যক্ত উৎপন্ন হইয়া থাকে; কর্ম ব্রহ্ম হইতে উৎপন্ন জানিও, ব্রহ্ম অক্ষর হইতে সমুৎপন্ন; অতএব সর্কব্যাপী ব্রহ্ম যজ্ঞে প্রতিষ্ঠিত আছেন। ইহলোকে এইরূপে প্রবর্ত্তিত চক্র যে অমুবর্ত্তন না করে, হৈ পার্থ, পাপময়জীবনপরায়ণ সে ব্যক্তি বুথা জীবিত

থাকে।" এই স্থানে যজ্ঞ বলিতে বেদাসুমোদিত আসুষ্ঠানিক যজ্ঞই বুঝাইতেছে বলিয়া যে মনে হয় ইহার প্রকৃত মর্মা কি তাহা আমরা পরে দেখিতে পাইব। শ্রীকৃষ্ণ এথানে বজ্ঞের প্রয়োজনীয়তা বুঝাইয়া কর্ম্ম অপেক্ষা আধ্যাত্মিক জীবনের শ্রেষ্ঠত্ম বর্ণনা করিতে অগ্রসর হইলেন।

যন্তাত্মরতিরেব স্যাৎ আত্মন্তপ্তশ্চ মানব।
আত্মন্তব চ সম্ভইন্তস্য কার্য্যং ন বিছতে ॥
লৈ তস্য ক্রতেনার্থো নাক্নতেনেহ কন্চন।
ন চাস্য সর্বভূতেষ্ কন্চিদর্য ব্যপাশ্রয়ঃ ॥৩১৭,১৮।

"কিন্তু যিনি কেবল আত্মাতেই প্রীত আত্মাতেই পরিতৃষ্ট এবং আত্মাতেই সন্তই, তাঁহার কর্মান্তহান অনাবশুক। ইহলোকে তাঁহার কর্মা করিয়া কোন লাভই নাই, কর্ম না করিয়াও কোন লাভ নাই; কোন ইপ্সিত বস্তু লাভের জন্ম তাঁহাকে কাহারও উপর নির্ভর করিতে হয় না।" তাহা ইইলে এখানে ছইটি বিভিন্ন বিরোধী আদর্শ দেখা বাইতেছে। একটি বৈদিক, অপরটি বৈদান্তিক। একদিকে কর্মের আদর্শ। যতেরে ঘারা ইহকালে ভোগ স্থুও পরকালে পরমার্থ লাভ এবং মন্থ্য ও দেবগণের পরস্পরের উপর নির্ভরতা; অন্তদিকে মৃক্ত পুরুষের কঠোরতর জীবনের আদর্শ—তিনি আত্মসন্তায় ভাষীন, কর্ম্ম বা ভোগের সহিত তাঁহার সম্পর্ক নাই, নরলোক বা দেবলোক লইয়া তিনি ব্যন্ত নহেন—ভ্রম্ম পরমাত্মার শান্তির মধ্যে তিনি বাস করেন, ব্রম্মের লাভ আনন্দে তিনি আননদ লাভ

করেন,পরের শ্লোকেই এই ছইটী বিরোধী আদর্শের সমন্বরের পথ করা হইয়াছে; উচ্চতর সত্যের অভিমূখ হইলেই কর্মত্যাগ করিতে হইরে না—সেই সন্থ্য লাভ করিবার পূর্বেও পরে নিস্কাম কর্ম সাধনই গৃঢ় রহস্য। মুক্ত প্রুষের কর্মের দারা লাভ করিবার কিছুই নাই, তবে কর্ম হইতে বিরত থাকিয়াও তাঁহার কোন লাভ নাই এবং কোন ব্যক্তিগত স্বার্থের জন্ম তাহাকে কর্ম করিতে বা কর্ম ত্যাগ করিতে হয় না।

তত্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্রোতি পুরুষঃ॥
কর্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।৩।২০।

"অতএব যে কর্ম করিতে হইবে (জগতের জন্ত, "লোক সংগ্রহার্থে") সর্বাদা অনাসক্ত হইরা তাহা কর; কারণ, অনাসক্ত হইরা কর্মান্ত্র্চান করিলে মান্ত্র্য পরম গতি প্রাপ্ত হর। জনক প্রভৃতি মহাআরা কর্ম দারাই দিদিলাভ করিয়াছেন।" ইহা সত্য যে কর্ম এবং যজ্ঞ প্রোলাভের উপায়, শ্রেয়ঃ পরমবাস্পাথ। কিন্তু, কর্ম তিন প্রকার—(১) বজ্ঞশৃষ্ণ যে কর্ম শুধু ব্যক্তিগত ভোগের জন্ম করা যায়—ইহা সম্পূর্ণ বার্থিপ্রণোদিত, এবং জীবনের মূলনীতির সহিত ইহার সামঞ্জস্য না থাকায় ইহা ব্যর্থ, মোঘং পার্থ স্ জীবতি। (২) সকাম হইয়াও যে কর্ম যজ্ঞ সহিত করা যায়—এই কর্মে যে ভোগ স্থথ লাভ করা বায় তাহা যজ্ঞের ফল স্বরূপ, অতএব তত্থানি শুদ্ধ ও পবিত্র। (৬) নিছাম ভাবে বা কোন রূপ আস্কিন না

রাথিয়া যে কর্ম করা যায়। শোষোক্ত প্রকারের কর্মের দ্বারাই পরম গতি লাভ করা যায়, পরমাপ্রোতি পুরুষ:।

যক্ত, কর্ম, ব্রন্ধ—এই শব্দের আমরা যেরূপ অর্থ করিব তাহার উপরেই এই শিক্ষার সার্মর্ম নির্ভর করিতেছে। যজ বলিতে যদি আমরা বৈদিক আত্মন্তানিক যজ্ঞই বুঝি, যে কর্ম হইতে ইহার উত্তর তাহা যদি বেদোক্ত কর্মবিধি হয় এবং ষে ্রেম্ম হইতে সকল কর্ম্মের উত্তব তাহা বলিতে যদি আমরা "শব্দ ব্ৰহ্ম" বা বেদ বুঝি—তাহা হুইলে বুঝিতে হুইবে যে এখানে গীতা বেদোক্ত নিতানৈমিত্তিক কর্ম্মেরই উপদেশ দিয়াছে. ইহার অধিক আর কিছুই নাই। আফুর্ছনিক বজ্ঞই পুত্র, ধন, ভোগলাভের প্রক্লষ্ট উপায়; আফুষ্ঠানিক যজ্ঞের দারাই বৃষ্টি হয় এবং তাহার দ্বারা এজার সম্পদ্ত পালন হইয়া থাকে: ममस्य भीवनहे माञ्चर अवः (क्वशासद मार्थ) स्थानवद्गक स्थानान প্রদানের ব্যাপার—এখানে মাতুষ দেবগণের প্রদন্ত ভোগ্যবন্তর ছারা দেবগণের সম্বন্ধন করে এবং তাহার ফলে নিজেরা সম্পদশালী হয়, রক্ষিত হয়, সম্বন্ধিত হয়। অতএব, সকল কর্মকেই আফুষ্ঠানিক যজ্ঞের সহিত করিতে হইবে; যে সকল কর্ম এইরূপে দেবগণের উদ্দেশ্তে করা না হয় তাহা অভিশপ্ত, দেবগণকে উৎদর্গ না করিয়া যে ভোগ তাহা পাপ। এমন কি পরম শ্রেয়:, মুক্তি পর্যান্ত আত্মন্তানিক যজ্ঞের দ্বারাই লাভ করিতে হইবে। যজ্ঞ কখনও পরিত্যাগ করা চলিবে না। চমন কি মুক্তিকামী ব্যক্তিণকেও অনাসক্ত ভাবে আহুষ্ঠানিক

যজ্ঞ সম্পাদন করিতে হইবে; এইরপে আফুষ্ঠানিক যজ্ঞ ও নিত্তনৈমিত্তিক কর্ম অনাসক্ত ভাবে সম্পাদন করিয়াই জনকাদি মহাত্মাগণ মৃক্তি ও সিদ্ধি লাভ করিয়াছেন।

গীতার অর্থ যে এরপ নহে তাহা সহজেই বুঝা যার, কারণ এরপ অর্থ গীতার বাকী সমস্ত অংশের বিপরীত। এমন কি গীতার এই স্থানেই যাহা বলা হইরাছে, (অক্স স্থানের প্রাঞ্জল ব্যাখ্যা না ধরিলেও) তাহা হইতে যজ্ঞের উদার অর্থ ই বুঝা যার।
—কারণ, এখানে বলা হইরাছে "কর্ম হইতে যক্জ উভূত হয়, কর্ম ব্রহ্ম হইতে উৎপন্ন, অতএব সর্বাগত (সর্ব্যাপী) ব্রহ্ম সর্ব্বদার এবং "ব্রহ্ম" শব্দের পুন-বর্গবহার প্রণিধান যোগ্য; কারণ, ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে কর্ম ব্রহ্মান্তং (ব্রহ্ম হইতেই কর্ম্মের উৎপত্তি) এই স্থলে ব্রহ্মের অর্থ বেদ নহে, ব্রহ্ম অক্ষর হইতে সম্ভূত, সর্ব্ব্যাপী, সর্ব্বন্ধর অর্থ বেদ নহে, ব্রহ্ম অক্ষর হইতে সম্ভূত, সর্ব্ব্যাপী, সর্ব্বন্ধর বর্ণ সর্ব্বন্ধর বর্ণমান এক ব্রহ্ম। ভগবানের, অনন্তের জ্ঞানই বেদ—পরবত্তী এক অধ্যারে ভগবান বলিয়াছেন—

"বেদৈশ্চ সর্বৈরহমেব বেছো"

"বেদ সকলে দ্বারা আমিই বেগু অর্থাৎ জ্ঞাতব্য বিষয়।" কিন্তু, তিনি প্রকৃতির ক্রিয়ার মধ্যে, ত্রিগুণের ক্রিয়ার মধ্যে যেরপ বেদে শুধু তাঁহাকে সেইরপই জানা যায়। ত্রৈগুণুযবিষয়া বেদাঃ। প্রকৃতির ক্রিয়ার মধ্যস্থিত যে ব্রহ্ম তাহা অক্ষর পুরুষ হইতে সমৃত্ত—এই পুরুষ প্রকৃতির সমস্ত গুণ ক্রিরার উপরে, নিস্তৈগ্যঃ। ব্রহ্ম এক কিন্তু ইহার আত্মা প্রকাশের স্বরূপ তৃই প্রকার—অক্ষর পুরুষ এবং ক্ষর জগতে সকল কর্মের প্রষ্টা ও উত্তবকর্তা, আত্মা, সর্ব্বভৃতানি; ইহা ভৃত সকলের অচল সর্ব্ব্যাপী আত্মা এবং ইহা ভৃত সকলের সচল ক্রিয়ার আগাত্মিক সত্তা—আত্মগস্থ পুরুষ এবং প্রকৃতিতে ক্রিয়াশীল পুরুষ, ইহা অক্ষর এবং ক্ষর। এই উভর স্বরূপেই ভগবান, "পুরুষোত্তম," বিশ্বমাঝে নিজেকে প্রকাশ করিয়াছেন; সর্ব্ব গুণের অতীত অক্ষরই তাহার শান্তি, আত্মন্ত্ত্য সমতার অবস্থা, "সমম্ ব্রহ্ম"; তথা হইতেই প্রকৃতির গুণে এবং বিশ্বলীলার মধ্যে তাহার আত্ম প্রকাশ, এই প্রকৃতিস্থ পুরুষ হইতে, এই সগুণ ব্রহ্ম হইতেই বিশ্বশক্তির সমস্ত কর্মের * উৎপত্তি; এই কর্ম্ম

* এইরূপ ব্যাখাই বে সমীচীন অষ্ট্রম অধ্যায়ের প্রথম ভাগ হইতেই তাহা বুঝা বার, সেখানে নিমুলিখিত তত্তলৈ বণিত হইরাছে অক্ষর (ব্রহ্ম), ষভাব, কর্ম, কর, ভাব, প্রশ্ব, অধিবজ্ঞ। বিনি অক্ষর তিনিই ব্রহ্ম, আয়া (spirit of self); সভাবই অধ্যায় (স্ব-ব্রহ্ম, ভাব-উৎপত্তি, অংশক্রমে জীবরুপে উৎপন্ন ব্রহ্মই দেহাবলম্বনে হ্র্ম্ম গুংখাদির ভোকা), ইহা অক্ষর আয়া হইতে উৎপন্ন; প্রাণিগণের উৎপত্তি ও বিকাশ নাধক বিস্পাই কর্ম শক্ষবাচা অভএব সংসারে এই যে অনিতা বস্তু ও সমূহ এ সকল কর্ম্মেই ফল স্থভাব হইতেই ক্ষর ভাব উৎপন্ন; অর্থা প্রশ্বন—এই দেহে তাহাই দেবাংশ অধিবৈদ্যতম, তাহার অবস্থান কর্ম সকল অন্তর্ম্ম ভগবানের উদ্দেশ্যে বজ্ঞ স্বন্ধপ হইনা থাকে; এই মেনিকা বজ্ঞ গ্রহণ করেন, তিনিই অধিবজ্ঞ।

হইতেই যজের তত্ত্ব উভূত। এমন কি দেবতা ও মছ্বাগণের মধ্যে বে দ্রবাদির আদান প্রদান তাহাও এই তত্ত্বেই অফুসরণে ঘটিয়া থাকে, যথা—যে বৃষ্টি হইতে জন্ন উৎপন্ন হর সেই বৃষ্টি এই কর্মের উপর নির্ভর করে এবং জন্ন হইতে ভূতগণের শরীরের উত্তব হয়। কারণ প্রকৃতির সকল ক্রিয়াই প্রকৃত পক্ষে বক্স এবং ভগবানই সকল কর্ম্ম ও যজের ভোক্তা এবং সর্কভ্তের মহেশ্বর—ভোক্তারম যজ্ঞত্তপসাম্ সর্কভূত মহেশ্বরম্। এই "সর্কগত্ম্ যজ্ঞে প্রতিষ্ঠিতম্" ভগবানকে জানাই প্রকৃত বৈদিক জ্ঞান।

কিছ্ক দেবগণের ভিতর দিয়া তাঁহার যে নিয়ন্তরের ক্রিয়া
সেই ক্রিয়াতে তাঁহাকে জানা যাইতে পারে। দেবগণ প্রকৃতিতে
ভগবানেরই শক্তি। দেব ও মহুষ্য ক্রম্পারের প্রতি আদান
প্রদানের দারা যে সম্বর্দ্ধিত হইতেছে ইহার অনুসরণ করিয়া মহুষ্য
ক্রমশং শ্রেয়োলাভের যোগ্য হইয়া উঠে। মানুষ ব্রিতে পারে
যে ক্রগতে ভগবানের যে লীলা চলিতেছে তাহার নিজের জীবন
সেই লীলারই অংশ মাত্র—তাহা স্বতন্ত্র কিছু নহে; এবং এই
লীলার জক্তই এই জীবন যাপন করিতে হইবে অক্ত কোন
উদ্দেশ্তে নহে। সে সংসারে যে সকল ভোগ ও কান্য লাভ
তাহা তাহার নিজের চেটায় লক্ষ বলিয়া ভাবে না। সেই
যজ্জের ফল এবং দেবতাদের দান বলিয়াই গ্রহণ করে।
গব তাহার ভিতরে যতই বর্দ্ধিত হয়, ততই সে নিজের
া সকলকে দমন করে. যজ্জকেই জীবনের ও কর্মের নীতি-

রূপে গ্রহণ করিয়া সমুষ্ট হয়, যজ্ঞের অবেশেষ স্বরূপ যাহা থাকে তাহাতেই তৃপ্ত হয়, বাক সমন্ত নিঃসঙ্কোচে তাহার জীবন এবং বিধের জীবনের মধ্যে কল্যাণকর মহান্ আদান প্রদানে অর্থ্যস্ত্রপ প্রদান করে। বাহারা কর্মে এই নীতির বিরুদ্ধা-চরণ করে এবং স্বতন্ত্র স্বার্থের জন্তই ভোগ ও কর্মের অফুসরণ করে তাহাদের জীবন রুথা; তাহারা জীবনের এবং আছো-রতির প্রকৃত অর্থ ও উদ্দেশ্য খুঁজিয়া পায় না। বে পথে পরম শ্রেয়োলাভ করা যাইতে পারে তাহারা সে পথের পথিক নহে। ণকিস্ক, পরম শ্রেয়ঃ তথনই লাভ করা যায় যথন আর শুধু দেবগণের উদ্দেশ্যে যজ্ঞ না করিয়া সেই সর্ব্বব্যাপী, যজ্ঞে প্রতিষ্ঠিত প্রমেশ্বরের উদ্দেশ্যে করা হয়। দেবগণ সেই প্রমেশ্বরের নিয়তর রূপ ও শক্তি মাত্র। প্রম শ্রেয়োলাভ তথনই হয়, যথন শান্তব নিয়প্রকৃতির কামনা, বাসনা পরিত্যাগ করে, নিজে সমন্ত ক্ষিতেছে এই অহঙ্কার পরিত্যাগ করিয়া, প্রকৃতিকেই সকল কর্ম্বের প্রকৃত কত্রী বলিয়া বৃঝিতে পারে এবং নিজেকে ভোক্তা বলিয়া মনে না করিয়া বিশ্বাত্মা প্রমপুরুষকেই প্রকৃতির সকল কার্য্যের ভোক্তা বলিয়া উপলব্ধি করে। নিজের ব্যক্তিগত ভোগে নহে. কিন্তু সেই প্রমাত্মাতেই তথ্ন সে প্রম শান্তি, তৃপ্তি ও বিমল ফানন্দ ভোগ করে; তথন কর্ম বা কর্মশৃক্ততায় তাহার কোন লাভালাভ থাকে না, তথন কোন বস্তুর জন্ম দেব বা মহুষ্য কাহারও সে মুখ চাহিয়া থাকেনা, কাহারও নিকট কোন লাভের প্রত্যাশা করে না কারণ আত্মাননেই তাহার সম্পূর্ণ তৃথি, কিন্তু সে শুধু ভগবানের জন্যই যজ্জরপে আসক্তিও কামনা শূন্য হইরা কর্ম করে। এইরপে সে সমতা লাভ এবং প্রকৃতির গুণ হইতে মৃক্তি লাভ করে, নিস্তৈগুণ্য হয়; তাহার আত্মা প্রকৃতির অনিশ্চয়তার মধ্যে নহে, কিন্তু অক্ষর ব্রহ্মের শাস্তিতেই প্রতিষ্ঠিত থাকে, যদিও সেই সময় প্রকৃতির লীলার মধ্যেই তাহার কর্ম চলিতে থাকে। এইরপে যজ্জই হয় তাহার পরম শ্রেয়লাভের পথ।

গীতায় পরে যাহা বলা হইরাছে তাহা হইতেই স্পষ্ট
ব্বা যায় যে, আমরা যেরপ ব্যাথ্যা করিলাম তাহাই ঠিক।
পরে বলা হইরাছে, "লোক সংগ্রহই" কর্মের উদ্দেশ্য; একমাত্র
প্রকৃতিই সমন্ত কর্ম করিয়া থাকে, দৈব পুরুষই সকল কার্য্যের
ভর্তা (upholder) এবং সকল কর্ম কার্য্যকালেই তাহারে
অর্পণ করিতে হইবে, (এইরূপে ভিতরে কর্মের অর্পণ এইপে
সমতার সহিত বাসনাশৃন্ত হইয়া যজ্ঞরূপে কর্ম করিলে শ্রির
বন্ধন হইতে মৃক্তি লাভ করা যায়।

যদৃচ্ছালাভ সন্তুটো বন্দাতীতো বিমৎসর:।
সম: সিদ্ধাবসিদ্ধো চ কৃত্বাপি ন নিব:্যতে॥
গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেত্তস:।
যজ্ঞায়াচরতঃ কর্ম সমগ্রং প্রবিলীয়তে॥ ৪ ।/২৩

যাহা পাওয়া যায় তাহাতেই যিনি সম্ভুষ্ট, কৰ্বি স্কলতা বা

বিফলতায় যাহার সমভাব তিনি কর্ম করিয়াও বন্ধ হন না। যথন কোন আসক্তিহীন মৃক্ত পুরুষ যজের জন্ম করেন তথন তাঁহার সমুদায় কর্ম লয়প্রাপ্ত হয়" অর্থাৎ তাঁহার মুক্ত, 🛰, সিদ্ধ এবং সমতাপ্রাপ্ত আত্মার উপর সে সকল কর্ম্মের পরিণাম স্বরূপ বন্ধন রহিয়া যায় না বা কোন দাগ পড়ে না। পরে আবার আমরা এই সকল শ্লোকের আলোচনা করিব। ইহাদের পরেই যজ্ঞের যে বিশদ ব্যাখ্যা করা হইয়াছে. যে ভাষা প্রয়োগ করা হইয়াছে তাহা হইতেই নি:দন্দেহে বুঝা যায়, যে এই সকল কথা রূপক ভাবেই ব্যবহৃত হইয়াছে এবং গীতায় যে যজের শিক্ষা দেওয়া হইয়াছে তাহা বাহ্নিক নহে, আন্তরিক। প্রাচীন বৈদিক প্রথায় সর্ব্বত্রই তুই প্রকার অর্থ ছিল—শারীরিক এবং মানসিক, বাহ্যিক এএবং রূপক, যজ্ঞের বাহ্যিক অমুষ্ঠান এবং তাহার সকল বিধানের গৃঢ় অর্থ। কিন্তু, প্রাচীন বৈদিক-দের সেই গৃঢ় কবিত্বময় রূপকের মর্ম লোকে বহুদিনই ভূলিয়া গিয়াছিল এবং তাহার পরিবর্ত্তে গীতাতে বেদান্ত এবং যোগের শিক্ষা অমুসারে যজ্জের উদার দার্শনিক ব্যাখ্যা করা হইয়াছে। যজ্ঞের অগ্নি ভৌতিক (material) অগ্নি নহে, উহা বন্ধাগ্নি 🦠 সংঘমই অগ্নি অথবা শুদ্ধ ইন্দ্রিয়ক্রিয়াই অগ্নি অথবা প্রাণায়ামে দারা নিয়মিত প্রাণশক্তিই অগ্নি, অথবা আগ্রক্তানই ক্রে যজ্ঞের অগ্নি। যজ্ঞের অবশিষ্ট বাহা ভক্ষণ করা হন্ন তাহাতে অমৃত বলা হইয়াছে—তাহা ভোজন করিলে অমরত্ব লাঙ করা যায়, এখানে প্রাচীন বৈদিক রূপকের কিছু রহিয়াছে—

সোমরস অমৃতের রূপক, দেবতাগণকে যজের দ্বারা তুষ্ট করিয়া
মাছ্য ইহা লাভ করে এবং ইহা পান করিয়া স্বর্গের চির
আনন্দ ভোগ করে। মান্ত্য শরীর বা মনের দ্বারা যে কোন
কর্ম দেবতাদের বা ভগবানের উদ্দেশ্তে করে, অথবা নিজের
উর্ক্তম আত্মা অথবা মানব জ্বাতি ও সর্বভূতের আত্মার
উদ্দেশ্ত করে তাহাই এই যক্ষার্পন।

যজ্ঞের এই বিশদ ব্যাখ্যার আরম্ভ স্থরূপ বলা চইরাছে যে যজ্ঞের ক্রিরা, যজ্ঞের সমগ্রী, যজ্ঞের কর্ত্তা, যজ্ঞের গৃহীতা, যজ্ঞের উদ্দেশ্য ও লক্ষ্য সবই সেই এক ব্রন্ধ।

> ব্ৰহ্মাৰ্পণং ব্ৰহ্মহবিৰ্বহ্মাগ্নে ব্ৰহ্মণাহতম্। ব্ৰহ্মৰ তেন গন্ধবাং ব্ৰহ্ম কৰ্ম সমাধিনা।৪।২৪

"অর্পণ ব্রহ্ম, উৎসর্গের থাত ব্রহ্ম, ব্রহ্মের ছারাই ইহা ব্রহ্মায়িতে অর্পিত, ব্রহ্মকর্মে সমাধির ছারা ব্রহ্মই লহ্য।" অত এব, এই জ্ঞানেই মৃক্ত পুরুষকে যজ্ঞকর্ম করিতে হইবে। "সোহহম্" "সর্বাং থিন্ধিংব্রহ্ম, এই আত্মাই ব্রহ্ম" এই সকল মহান বৈদিক বাক্যে এই জ্ঞানই স্টিত হইয়াছে। ইহাই পূর্ণ একজের জ্ঞান; সেই "একই কর্মের কর্ঞা, কর্ম্ম এবং কর্মের লক্ষ্যরূপে মাবিভূতি, জ্ঞাতা জ্ঞান এবং জ্ঞেয়রূপে প্রকাশিত। যে বিশ্বশক্তিতে র্ম্ম অর্পণ করা হয় তাহা ভগবান, অর্পণের ক্রিয়া ভগবান; গাহা অর্পণ করা হয় তাহা ভগবানেরই কোন বিশেষরূপ; গ্রানি অর্পণ করেন তিনিও মাহ্যুয়ের ভিতরে ভগবান ভিন্ন আর ক্রহু নহেন, ক্রিয়া, কর্ম্ম, যজ্ঞ সবই গতিরূপে, কর্মরূপে ভগবান;

যজ্ঞের দ্বারা যে গস্তব্য স্থানে পৌছিতে হইবে তাহাও ভগবান। যে মহুষ্য এই জ্ঞানের অধিকারী এবং এই জ্ঞানাহুদারে জীবন বাপন করে, কর্ম করে—কর্ম তাহার পক্ষে কোন বন্ধনই নহে, তাহার বাজিগত, অহংকত কোন কর্ম থাকিতে পারে না, অধু দৈব পুরুষ তাঁহার নিজেরই সভার দৈবী প্রকৃতির দ্বারা কার্য্য করেন, তাঁহার আত্মজ্ঞান সম্পন্ন বিশ্বশক্তিরপ অগ্নিতে সমস্ত অর্পণ করেন। ঈশ্বরম্থী এই সকল কর্ম্মের উদ্দেশ্য হইতেছে ভগবদ্জ্ঞান ও ভগবত জীবন লাভ। ইহা জ্ঞানিলে এবং এই প্রক্য জ্ঞানে জীবন যাপন করিতে, কর্ম্ম করিতে পারিলে মৃক্ত হওয়া বার। কিন্তু যোগিগণের মধ্যে ও সকলেই এই জ্ঞানলাভ করিতে পারে নাই।

দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্যুপাসতে। ব্রহ্মাগ্নাপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজূহ্বতি॥৪।২৫

"অন্ত যোগিগণ দেবতাদের উদ্দেশ্যে বজ্ঞারুষ্ঠান করেন; অপর যোগিরা ব্রহ্মরূপ অগ্নিতে বজ্ঞের ঘারাই বজ্ঞার্পণ করেন।" প্রথমোক্ত ব্যক্তিরা ভগবানকে বিভিন্নরূপে বিভিন্ন শক্তিতে কল্পনা করেন এবং বিভিন্ন উপায়, অন্থ্যান, বিভিন্ন ধর্মের ঘারা তাঁহাকে লাভ ক্রিতে চান; শেষোক্ত ব্যক্তিরা জানেন যজ্ঞের সহজ সরল মর্ম কি, তাঁহারা সর্কল কর্মাই ভগবানে অর্পূন করেন এবং তাঁহাদের কর্মা ও শক্তি ভগবদ্জ্ঞানের ঘারা পরিচালিত করেন—ইহাই তাহাদের একমাত্র উপায়, একমাত্র ধর্ম। যজ্ঞের উপার বিবিধ, অর্পণ নানা প্রকারের। আত্মসংযমরূপ বে মানসিক যজ্ঞ তাহার দারা উচ্চ আত্মজর এবং উচ্চ জ্ঞান লাভ করা বার।

শেরাজাদীনীন্দ্রিয়াণ্যন্তে সংযমাগ্নিয় জূহবতি।
শন্দাদীন্ বিষয়ানন্তে ইন্দ্রিয়াগ্নিয় জূহবতি॥
সর্বাণীন্দ্রিয়কশ্বাণি প্রাণকশ্বাণি চাপরে।
আত্মসংযনযোগাগ্নো জূহবতি জ্ঞানদীপিতে॥ ৪।২৬।২৭

"কেহ কেহ ইন্দ্রিয়নংযমরূপ অগ্নিতে শ্রোত্র প্রভৃতি ইন্দ্রিয়-গণকে হোম করেন. অন্ত কেহ কেহ ইন্দ্রিয়রপ অগ্নিতে শবাদি বিষয় সকলকে নিক্ষেপ করেন। অপরে ব্রহ্মজ্ঞান-প্রদীপ্ত আত্মসংযম-যোগরূপ অগ্নিতে সমস্ত ইন্দ্রিয়কর্ম এবং প্রাণকর্ম হোম করেন।" স্বর্থাৎ, একরকমের সাধনা আছে, বাহাতে ইন্দ্রিয়ের বিষয় সমূহ গ্রহণ করা হয় অথচ এই ইন্দ্রিয়ক্তিয়ায় মনকে বিচলিত হইতে দেওয়া হয় না, ইচ্ছিয়গণই হোমের পবিত্র অগ্নিম্বরূপ হয়; আর এক রকম সাধনা আছে, ষাহাতে ইক্রিয়-গণকে শাস্ত করা হয় অতএব মনের ক্রিয়ার অস্তরাল হইতে শান্ত, স্থির আত্মা তাহার পবিত্রতার আবিভূতি হয়; আর এক রকম সাধনা আছে—যথন আত্মাকে পরিজ্ঞাত হওয়া যায়, এই সাধনার ছারা আত্মাকে জানিয়া সমস্ত ইন্দ্রিয়কর্ম এবং সমুক্ত প্রাণকর্ম সেই এক, স্থির শাস্ত আত্মাতে গৃহীত হয়। যাহারা সিদ্ধির জন্ম যত্ন করিতেছেন, তাহাদের যক্ত স্থূল প্রব্য সম্পর্কে হইতে পারে, দ্রব্যযক্ত ভক্ত যথন নৈবিছাদির দারা দেবতার পূজা করে তথন এইরূপ দ্রব্যক্তই করিয়া থাকে; অথবা আত্মদংযমের কঠোর সাধনা এবং কোন উচ্চ উদ্দেশ্য সাধনে সমস্ত শক্তি নিয়োগ করাও একরকম যজ্ঞ হইতে পারে, তপোযজ্ঞ; অথবা রাজ্যোগী এবং হঠযোগীদের প্রাণায়াম বা অন্ত কোনরূপ যোগযজ্ঞ হইতে পারে। এই সমস্তই আত্ম-শুদির সহায়ক; সকল যজ্ঞই শ্রেষ্ঠপদলাভের একটি পথ।

এই সকল বিভিন্নতার মধ্যে একটি প্রধান জিনিষ যাহা
মূল নীতিরূপে সকলগুলিরই ভিতরে রহিয়াছে তাহা এই—
নিমন্তরের ক্রিয়াগুলিকে দমন করিতে হইবে, বাসনার আধিপত্য
কমাইয়া উচ্চতরের শক্তির প্রতিষ্ঠা করিতে হইবে, ত্যাগের স্বারা,
আত্মোৎসর্গের দ্বারা, আত্মজরের দ্বারা,—নীচ প্রবৃত্তিগুলিকে
পরিত্যাগ প্র্কক উচ্চতর ও বৃহত্তর আদর্শ গ্রহণের দ্বারা যে
স্থানীয় আনন্দ পাওয়া যায় তাহারই অক্সরণ করিতে হইবে।

যজ্ঞশিষ্টামৃতভূজো বাস্তি ব্ৰহ্ম সনাতনম্।।

্যজ্ঞাবশিষ্ঠ অমৃত ভোজন করিয়া সনাতন ব্রহ্ম লাভ করেন।
ফজ্ঞই সংসারের নীতি। ইহকালে প্রভৃত্ব, পরকালে স্বর্গ বা
স্ক্রিপ্রেগ্ন পদ কিছুই মুক্ত ব্যক্তীত পাওয়া বার না।

নারং লোকংন্তাবজ্ঞস্য কুভোংশ্বঃ কুরুসভ্ম। এবং বছবিধা যজ্ঞা বিততা ব্রন্ধণো মুখে॥ কর্মজান্ বিদ্ধি তান্ সর্বানেবং জ্ঞাতা বিমোক্যসে॥

৪|৩২|৩৫

यिनि युक्त करतन ना. जाशांत शरक देशर्रगांकरे नारे, अतरनाक

ত দ্বের কথা। অতএব, এই সমন্ত বজ্ঞ এবং অস্থান্থ অনেক প্রকার বজ্ঞ "বিততা ব্রন্ধণো মুখে" ব্রন্ধায়িতে অর্পিত হয় (Extended in the mouth of the Brahman, the mouth of that Fire which receives all offerings). এই সমস্ত বজ্ঞই কর্ম্ম হইতে উৎপন্ন; ঈর্মবের যে এক বিরাট শক্তি বিশ্ববাপী কর্মে আবিভূতি—সকল যজ্ঞই তাহা হইতে উভূত—এইরপে বিশ্বের সকল ক্রিরাই পরনেশবের উদ্দেশ্যে যজ্ঞস্বরূপ হয় এবং মান্থবের পক্ষে ইহার শেষ অবস্থা হইতেছে আজ্ঞান এবং ব্রন্ধজান। "এইরপে জানিয়া তুমি মুক্তিলাত করিবে।"

কিন্তু, এই সকল বিভিন্ন প্রকার যজ্জের বিভিন্ন ন্তর আছে—
দ্রব্যক্ত সর্বনিম ন্তরের, জ্ঞানযক্ত সর্বোচ্চ ন্তরের। জ্ঞানেই
এই সকল কর্মের পরিসমাপ্তি—নিমন্তরের জ্ঞানে নহে, উচ্চত্য
জ্ঞানে, আত্মজ্ঞানে, ব্রহ্মজ্ঞানে। এই জ্ঞান আমরা ঠাঁহাদের
নিকট হইতেই শিক্ষা করিতে পারি যাঁহারা স্প্রিম্নতর্সমূহ
অবগত আছেন, তত্তদর্শিনঃ। এই জ্ঞান লাভ করিলে আর
আমরা মোহে পতিত হইব না এবং শুর্ ইন্দ্রিয়লক্ষ্পান ও
ইন্দ্রিরভোগের বন্ধন, বা নীচ বাসনা, কামনার বন্ধনে বন্ধ
হইব না। যে জ্ঞানে সমন্ত পরিসমাপ্ত সেই জ্ঞানের দ্বারা
"তুমি সমন্ত ভূতকে আত্মার মধ্যে এবং পরে আমার মধ্যে
দেখিতে পাইবে।" কারণ আত্মা সেই এক, অক্ষর, সর্বব্যাপী,
দর্কমন্ধ, সংবন্ধ—আমাদের মানসিক জীবনের পশ্চাতে নুক্কারিত
ক্রম্ম—আমাদের জ্ঞান যথন অহন্ধার হইতে মুক্ত হন্ধ, তথন

বিস্তৃত হইয়া তাঁহাকেই প্রাপ্ত হয়; আমরা সকলকেই সেই এক সন্থার মধ্যেই বিভিন্ন ভূতরূপে দেখিতে পাই।

শ্রেরান্ দ্রব্যমরাদ্যজ্ঞাজ জ্ঞানযজ্ঞ: পরস্কপ।
সর্কাং কর্মাথিকাং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥
তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্লেন সেবরা।
উপদেক্ষান্তি তে জ্ঞানং জ্ঞানিন শুরুদর্শিনঃ ॥
যজ্ঞান্তা নপুনর্মোহ্মেবং যাস্যসি পাণ্ডব।
যেন ভৃতান্তশেষেণ ক্রফ্যসাত্মন্তথোময়ি ॥ ৪।৩৪।৩৬

কিন্তু, এই যে আত্মা বা অক্ষর ব্রদ্ধ, ইহাও আমাদের মানসিক চেতনার সম্পুথে এক শ্রেষ্ঠপুরুবেরই আত্ম-অভিব্যক্তি; তিনিই আমাদের অন্তিবের মূল এবং বাহা কিছু ক্ষর বা অক্ষর আছে সে দব তাঁহারই অভিব্যক্তি। তিনি ঈশ্বর, দেব, প্রুবোত্তম। তাঁহাকেই আমাদের কর্ম্ম সমর্পণ করি, তাঁহারই সন্ধার্ম আমরা জীবন ধারণ করি, চলা ফেরা করি। আমাদের প্রকৃতিতে তাঁহার সহিত মিলিত হইয়া এবং তাহাতে অবস্থিত সর্বাভূতের সহিত মিলিত হইয়া আমরা তাঁহার সহিত এবং সর্বাভূতের সহিত মিলিত হইয়া আমরা তাঁহার সহিত এবং সর্বাভূতের সহিত আমাদের আত্মসন্তার ও শক্তিতে এক হই, মুক্ত হই। বাসনা বর্জন করিয়া, বজ্জার্থে কর্ম্ম করিয়া, আমরা জানলাভ করি এবং আত্মা নিজেকে ফিরিয়া পায়; আত্ম জানের সহিত কর্ম্ম করিয়া আমরা ঐশবিক সন্থার একত্ম, শান্তিও আনন্দের মধ্যে মৃক্তিলাভ করি!

3

ত্রোদশ অধ্যায়

याञ्चत्र व्यथीश्वत

আর অপ্রসর হইবার পূর্বে এতদূর পর্যন্ত যাতা বলা হইয়াছে সংক্ষেপে তাহার মূল তত্ত্তিলি পুনরাবৃত্তি করা আবশুক। গীতার সমগ্র কর্মবাদ যজ্ঞতত্ত্বেরই উপর প্রতিষ্ঠিত: বাস্তবিক দিখর, জগৎ এবং কর্ম্মের মধ্যে যে সম্বন্ধ গীতায় কর্ম্মবাদের মধ্যেই তাহা আছে। মামুষের মন সাধারণতঃ জগৎ তত্ত্ব সম্বন্ধে বহুমুখী সনাতন সত্যের আংশিক ভাব গ্রহণ করিয়া জীবন, ধর্ম এবং নীতি সম্বন্ধে বিভিন্ন মতবাদ সৃষ্টি করে—কথনও এক দিকে. কথনও আর এক দিকে বিশেষ ঝোঁক দেয়; কিন্তু, যথনই কোন জ্ঞানপ্রধান যুগে ঈশ্বর, জগৎ এবং আত্মা সম্বন্ধে জ্ঞানের সমন্বয়ের দিকে দৃষ্টি পড়ে তখনই সভ্যের সমগ্র অথও স্বরূপের দিকে মামুধের ঝোঁক হয়! সংসারে যাহা কিছু আছে তাহাই সেই এক ত্রন্ধ, সমগ্র জগৎ ত্রন্দেরই চক্র—স্বীর হইতে বাহির হইয়া ঈশবেই ফিরিয়া যাওয়া রূপ ঐশবিক লীলা--এই মূল বৈদান্তিক সত্যের উপরই গীতার শিক্ষার ভিত্তি। সমন্তই প্রকৃতির প্রকাশক লীলা এবং প্রকৃতি 'ঈশবেরই শক্তি-প্রকৃতি তাহার কর্মের প্রভুর এবং তাহার দেহ সকলের অধিবাসী আত্মারই ইচ্ছা সম্পাদন করিতেছে। তাঁহারই তৃপ্তির নিমিত প্রকৃতি ব্যার বাফলীলার এবং প্রাণ ওমনের কর্মে অবতীর্ণ হইতেছে,

আবার হন ও আত্তজানের ভিতর দিয়া তাহার মধ্যে বে স্পাত্মা বাস করিতেছে তাহাকে স্বজ্ঞানে লাভ করিতে কিরিয়া বাইতেছে। প্রথমে আত্মা বন্ধ হইয়া পড়িতেছে. প্রাকৃতিক লীলার বিকাশ হইতেছে, পরে আত্ম আবার স্বব্ধপে প্রকাশিত হইতেছে। এই বে প্রকৃতির চ্ছে—ইহা কথনও সম্ভব হইত না—ৰদি পুৰুষ ভাঁহার শাৰত তিনটি অবস্থার একই সময়ে থাকিতে না পারিতেন। ক্ষর রূপে তাঁহাকে আবিভূতি হইতেই হয়, এবং এইখানে আমরা তাঁহাকে সদীম, বহু, "সর্ব্বভূতানি" রূপে দেখিতে পাই। সংসারে বে অসংখ্য বৈচিত্ৰ-বিশিষ্ট অসংখ্য জীব রহিয়াছে,তাহাদের বিভিন্ন আত্মারূপে এবং তাহাদের পশ্চাতে জাগতিক ক্রিয়ার অধিষ্ঠাতা বে সকল দেবতা রহিয়াছেন তাহাদেরও আত্মা ও শক্তিরূপে তিনি প্রকট হন। আবার সকল বস্তু ও রূপের অন্তর্য়ে ও পশ্চাতে ওপ্ত ভাবে রহিয়াছে এক অক্ষর, এক অসীম, এক অনস্ত, এক অরুপ, জগতের অপরিবর্ত্তনশীল অথও আত্মা--সেথানে সকল বছ নিজেদিগকে বন্ধত: এক বলিয়াই দেখিতে পার। অভএব সেইখানে ফিরিয়া জীব বৃঝিতে পারে যে সৈ নিজেকে এক বিশ্ববাপী শান্তির বিশালতার মধ্যে এবং অক্ষর, অনাসভ একত্বের মধ্যে আনিয়া মৃক্তি লাভ করিতে পারে। কিছু শ্রেষ্ঠ दरमा, উভमम् दरमाम् इरेटलाइ श्रुद्धाराख्य । इराहे व्यक्टिल्य বীষর—ভাষার ভিতর দান্ত ও অসক কুইই রহিরাটে, ভাষাতে সরুণ এবং অরুণ, এক জাত্ম এবং সর্বাভূত, জাগতিক ক্রিয়া এক বগতের উর্জে শান্তি, প্রবৃত্তি এবং দিছতি মিলিয়াটে, এখন

হইয়াছে, এক সঙ্গে এবং প্রস্পারের মধ্যেই স্থান পাইয়াছে। ঈশ্বরের মধ্যেই সকল বস্তুর নিগৃঢ় সত্য নিহিত রহিয়াছে এবং তাঁহার মধ্যেই সকলের পূর্ণ সামঞ্জন্য হইয়াছে।

সংসারে যাহা কিছু ঘটিতেছে তাহা বস্তুতঃ প্রকৃতির দারা পুরুষের উদ্দেশ্যে কর্মাষজ্ঞ ৷ প্রকৃতিতে আত্মা চৈতন্তের যে স্তরে উঠিয়াছে তদমুদারে ইহা দেবতার পূজা করিবে, তদমুধায়ী আনন্দের সন্ধান করিবে এবং তদক্তরূপ ফল কামনা করিয়া যক্ত করিবে। এবং প্রকৃতিতে ক্ষর পুরুষের যে লীলা তাহা সমস্তই আদান প্রদান; কারণ, জগৎ এক এবং ইহার বিভিন্ন বিভাগ-গুলি পরস্পর পরস্পরের উপরই নির্ভর করিতেছে, প্রত্যেকেই প্রত্যেকের সাহায্যে বাড়িয়া উঠিতেছে, বাঁচিয়া রহিয়াছে— এই আদান প্রদানের নীতির উপর জগৎ প্রতিষ্ঠিত। বেথানে ইচ্ছা পূর্বক ত্যাগ নাই, প্রকৃতি দেখানে জোর করিয়া তাহা আদায় করে এবং এইরূপে জাগতিক নীতি পালন করে। পরস্পর দেওয়া এবং লওয়া ইহাই জীবনের নীতি, ইহা ভিন্ন জীবন এক মুহূৰ্ত্তও টিকিতে পারেনা; এই সত্যই জগতে ভগবং ইচ্ছার নিদর্শন--যজ্ঞকে চিরসাথী করিয়া ভগবান যে প্রজা সকলের সৃষ্টি করিয়াছিলেন ইহাই সে বিষয়ে প্রমাণ। বিশ্বব্যাপী এই যে যজ্জের নীতি-- ই<u>হা</u> হইতেই বুঝা ষায় যে জগৎ ভগবানেরই এবং সংসার তাঁহারই পূজার মন্দির, স্বার্থস্থ এবং আত্মভোগের क्किं नरह। कीवन याजात जिल्ला चार्यिक नरह. चार्य শইয়াই আরম্ভ বটে; ক্রমশঃ সার্থকে বড় করিতে হইবে, বজ্ঞকে

ক্রমশ: বড় করিয়া সম্পূর্ণ জ্ঞানের সহিত সম্পূর্ণ স্বার্থত্যাগ, সম্পূর্ণ স্বাত্মদান করিতে হইবে—এইরপে ভগবানের, অনস্কের পূজা করিতে হইবে, শেষে ভগবানকে পাইতে হইবে—ইহাই জীবনের চরম উদ্দেশ্য।

किन्द्र, मागूष अध्वान नहेगाई आतुष्ठ करत এवः दहिन অজ্ঞানেই থাকে। অহঙ্কারে একান্ত নিবিষ্ট মানুষ মনে করে যে সংসার তাহার নিজেরই জন্ম, ভগবানের নহে। সে নিজেকেই সকল কর্মের কন্তা বলিয়া মনে করে, সে বুঝে না যে সংসারে বাহা কিছু ঘটিতেছে, তাহার নিজেরও ভিতরের ও বাহিরের সকল কর্মাই এক বিশ্ব প্রকৃতির ক্রিয়া ভিন্ন আর কিছুই নহে। সে নিজেকে সকল কর্মের ভোকা বলিয়া মনে করে এবং ভাবে যে তাহার জন্মই সব. প্রকৃতির কাজ তাহাকেই তথ্য করা. তাহারই ব্যক্তিগত ইচ্ছা পালন করা। সে বুঝিতে পারে না যে প্রকৃতি তাহাকে তথ্য করিতে, তাহার ইচ্ছা পালন করিতে মোটেই ব্যস্ত নহে. কিন্তু প্রকৃতি এক উচ্চতর বিশ্বগত ইচ্ছার অফুসরণ করে, যে ভগবান প্রকৃতির, প্রকৃতির কার্য্যের এবং স্ষ্টির অতীত সেই ভগবানকেই তথ্য করিতে চায়: ব্যক্তির ন্দীবন, তাহার ইচ্ছা এবং তাহার তৃপ্থি—এ সকল তাহার নিজের নহে, এ সকলই প্রকৃতির; প্রকৃতি এই সকলকে প্রতি মুহুর্ত্তে ভগবানের নিকট যজ্ঞরূপে অর্পণকরে এবং অলক্ষ্যে সকলকে এই ভগবদিচ্ছা পূরণের যন্ত্ররূপে ব্যবহার করে। জীব এই সম্বন্ধে অজ্ঞান এবং অহম্বারট এই অজ্ঞানতার চিহ্ন: এই অজ্ঞানের

বলে জীব যক্তের নীতি অগ্রাহ্য করে, যতটা পারে নিজেই গ্রহণ করে এবং শুধৃ ততচুঁকুই দের যতচুঁকু প্রকৃতি ভিতরে এবং বাহিরে জাের করিয়া আদায় করিয়া লয়। বাস্তবিক প্রকৃতি জীবের প্রাপ্য অংশ, দেবতাদত্ত-ভােগ বলিয়া জীবকে যতচুঁকু লইতে দের ভাহার অধিক জীব কিছুই লইতে পারে না। এই বজ্ঞের জগতে যে সার্থপর য়্যক্তি প্রকৃতিস্থ দেবশক্তি সমূহের শুধু দান গ্রহণ করে কিছু, প্রতিদানে কিছু ফিরাইয়া দিতে চাহে না দে চাের, ডাকাতেরই অক্সর্মণ। সে জীবনের প্রকৃত মর্ম্মের দারা পায় নাই, কারণ সে বজার্ধে জীবনযাপন ও কর্মের দারা আজার প্রসার ও উন্নতি সাধন করে না, তাহার জীবন ব্যর্থ।

শাহ্র্য বেমন নিজের শক্তির এবং নিজের অভাব অভিযোগের কদর করে তেজনই বথন অপরের সহক্ষেও করিতে আরম্ভ করে, মাহ্র্য রথন তাহার স্বকর্পের পশ্চাতে বিশ্বপ্রকৃতিকে উপলিদ্ধি করিতে এবং বিশ্বদেবসমূহের ভিতর দিয়া দেই এক এবং অনস্ভের সন্ধান পাইতে আরম্ভ করে—শুধু তথনই সে অহঙ্কারের বন্ধন শতিক্রম করিয়া মৃত্তিলাভ এবং আত্মার সন্ধান লাভের পথে গথিক হয়। সে তথন তাহার বাসনা ও কামনারও উপরে যে নীতি আছে, তাহার সন্ধান পাইতে আরম্ভ করে এবং উপলিদ্ধি করে বে, তাহারা সমন্ভ বাসনা ও কামনাকে ক্রমশং ঐ নীতির রশ ও অধীন করিতে হইবে। সে তথন নিজের ব্যক্তিগত দাবি অপেক্রা অপরের দাবির প্রতি অধিকতর মনোযোগী হয়; সে স্থাবিদ্বতা ও পরার্থপরতার বিরোধ শ্বীকার করে এবং তাহার

বুত্তিগুলির অফুশীলন করিয়া তাহার নিজের জ্ঞান ও জীবনের বিকাশের পথ পরিষ্ঠার করে। সে প্রকৃতিকে এবং প্রকৃতিয় মধ্যে যে সকল দেবতা রহিয়াছেন তাঁহাদিগকে উপলদ্ধি করিছে আরম্ভ করে, বুঝিতে পারে যে ইহারা তাহার ভক্তি ও পৃন্ধার পাত্র—ইছাদিগকে মান্ত করিতে হইবে. ইহাঁদের করিতে হইবে: তাঁহাদের উদ্দেশ্যে য ব্ৰন্ত এবং তাঁহাদের নিরমের দারা মানসিক জগৎ এবং জড়জগত উভয়ই নিয়ন্ত্রিত হইয়া থাকে; সে আরও শিথে যে তাহার চিন্তার এবং বৃদ্ধিতে এবং জীবনে সেই শক্তি সমূহের আবির্তাব ষত অধিক হইবে কেবল ততথানিই শক্তি. জ্ঞান, ধর্মকর্ম বর্দ্ধিত হইবে, এবং সেই সঙ্গে তাহার স্থপ ও তৃপ্তিও ৰৰ্দ্ধিত হইবে। এইরপে সে জীবনকে শুধু জড়বুদ্ধিতে না দেখিয়া ধর্মভাবে, আধ্যাত্মিক ভাবে দেখে এবং এইরূপে স্মীমের ভিতর দিয়া অসীমকে লাভ করিছে প্রস্তুত হয়।

কিন্তু, ইহা একটি দীর্ঘ মধ্যবর্তী অবস্থা ভিন্ন আর কিছুই নহে। এথানেও বাসনাই তাহার কর্ম্মের নীতি, তাহার স্থার্থই কেন্দ্র এবং প্রকৃতিই তাহার জীবনও কর্মকে নিয়ন্ত্রিত করে; তবে এথানে বাসনা সংযত নিয়ন্ত্রিত, এথানে প্রকৃতি উচ্চ সত্মতাবাপর এই সমন্তই কর, সসীম, নামরপের গণ্ডীর মধ্যে—তবে এই গণ্ডী শ্বব বিস্তৃত বটে। প্রকৃত আত্মজান, অতএব কর্মেরও প্রকৃত নীতি এই অবস্থারও অতীত, কারণ জ্ঞানের সহিত বে যক্ক করা বায় তাহাই প্রেষ্ঠ যক্ক এবং তাহাতেই কর্ম স্ক্রাক্সক্ষর হয়। এই

অবহা কেবল তথনই আইসে বথন মান্ত্র উপলদ্ধি করে বে তাহার নিজের মধ্যে বে আত্মা রহিয়াছে তাহা একই, এই আত্মা, ব্যক্তিগত "আমি" অপেক্ষা বড় জিনিষ, ইহা এক অসীম. অরপ বিশ্ববাপী সন্ত্রা, ইহার ভিতরেই সর্বভৃত বিরাজ করিতেছে: যে সকল দেবতাদের উদ্দেশ্তে দে যক্ত করে সে সকল দেই এক ঈশ্বরেরই বিভিন্ন রূপ বলিয়া সে বৃঝিতে পারে এবং সেই ঈশ্বর সম্বন্ধ তাহার সমস্ব সন্ধীন ধারণা পরিত্যাগ করিয়া উপলদ্ধি করে যে তিনিই শ্রেষ্ঠ অনির্বাচনীয় পরমেশ্বর—তিনিই এক সঙ্গে সসীম এবং অসীম, এক এবং বহু, প্রকৃতির অতীত হইয়াও প্রকৃতির মধ্যেই ব্যক্ত, গুণাতীত হইয়াও তিনি অনন্ধ গুণের ভিতর দিয়া তাহার লীলার বিকাশ করেন। ইনিই পুরুষোত্তম, ইহাকেই সমস্ব বক্ত অর্পণ করিতে হইবে—কোন অনিত্য ব্যক্তিগত কন্দ্ম দলের জন্ত নহে, ভগবানকে লাভ করিবার জন্তা, তাহার সংসর্গে তাহার সহিত মিলিত হইয়া বাস করিবার জন্তা।

অস্ত কথার বলিতে গেলে ক্রমশং অহংভাব, সীমার ভাব, ছাড়াইরা যাওরাই মুক্তি ও সিদ্ধির পথ। ইহাই মাস্ক্রের চিরদিনের অভিজ্ঞতা যে শুদ্ধ, উচ্চ, এক সত্তা সর্বজ্জত সর্ব্ব অকস্থার বিরাজিত তাহার দিকে মাসুষ যতই যাইবে, নিজের অহঙ্কারের দ্বারা, সসীমের গঙীর দ্বারা মাসুষ যত কম বদ্ধ হইবে ততই সে এক বিশালতা, শাস্তি ও পবিত্র স্থথের ভাব উপলব্ধি করিবে। শুধু সসীমের মধ্যে, "অহং" এর মধ্যে যে স্থথ, যে আনন্দ, যে তৃপ্তি তাহা ক্রণিক, ক্ষুদ্র এবং অনিন্দিত।

যাহারা সম্পূর্ণ ভাবে অহংকারের মধ্যে বাস করে এবং "অহং" এর সদীম ধ্যান ধারণা, শক্তি, তৃপ্তি লইয়াই থাকে তাহাদের পক্ষে এই জগৎ সর্বাদা অনিতাম অস্থ্যম—অস্থায়ী এবং চঃখ্ময়। স্সীম জীবনের চিরতু:খ এই যে সকল সমরেই একটা নির্থকতার ভাব থাকিয়া যায় কারণ, সদীমই জীবনের সমগ্র বা শ্রেষ্ঠ সতা নহে। এই জন্মই গীতা কর্মবাদ ব্যাখ্যা করিবার প্রারম্ভেই ব্রমজ্ঞানের উপর, অহংভাবশৃক্ত জীবনের উপর এত ঝোঁক দিয়াছে। কারণ সংসারের সমস্ত ঘটনা ও কর্মের ষেধানে স্থায়ী ভিত্তি দেই অনন্ত, অসীম, এক সত্তাই অচল, অক্ষর বন্ধ। ধদি আমরা ইহা বুঝি তাহা হইলে বুঝিতে পারিব যে অহং ভাব তাগি করিয়া আমাদের নিজ সভাকে নামরূপের অতীত অনন্ধ ব্রহ্মের মধ্যে তুলিতে হইবে—ইহাই আধ্যাত্মিক জীবনের সর্ব-প্রথম প্রয়োজন। এই এক ব্রন্ধের মধ্যে সর্বভৃত দেখিতে হইবে---সেই জ্ঞানই মামুষকে অহং ভাবের অজ্ঞান হইতে এবং ইহার কর্ম ও ফল হইতে মামুষের আত্মাকে তুলিয়া লয়; ইহাতে বাস করাই পরম শান্তি লাভ এবং আধ্যাত্মিক জীবনের দৃঢ় প্রতিষ্ঠা।

কিরপে এই মহান্ পরিবর্তন সাধিত হয় তাহার ছইটী পথ আছে, জ্ঞানের পথ এবং কর্মের পথ; গীতা এই ছইয়ের দৃঢ় সমন্বয় করিয়াছে। মন এবং ইক্রিয়ের মধ্যে বৃদ্ধির (intelligent will) যে নীচের থেলা সে থেলা হইতে বৃদ্ধিকে কিরাইয়া উদ্ধৃত্বী করিতে হইবে—পুরুষের দিকে, এক্রের দিকে দ্বিরাইতে

হইবে; ইহাই জ্ঞানের পথ। মনের বহুমুখী গতি এবং বাসনার वहमूथी co हो क्रक कतिया वृक्षित्क थक अरक्तत थक जार वान করাইতে হইবে—ইহাই জান পথের লক্ষ্য। তথু এইটুকু দেখিলে মনে হয় বৃঝি সম্পূর্ণ কর্মত্যাগ, স্বচল নিজ্ঞিয়তা এবং আত্মাকে প্রকৃতি হইতে বিচ্ছিত্র করাই এই পথের লক্ষা। কিন্তু, বান্তবিক পক্ষে এরূপ সম্পূর্ণ কর্মত্যাগ, নিক্সিয়তা এবং বিছিন্নতা সম্ভব নহে। পুরুষ ও প্রেক্ষতি স্কাষ্টির যুগল তক্ত তাহাদিগকে বিচ্ছিন্ন করা যায় না. যতদিন আমরা প্রকৃতির মধ্যে আছি. প্রকৃতির মধ্যে আমাদের কর্ম চলিতেই থাকিবে—তবে অজ্ঞানীরা ষে ভাবে কর্ম করে, জ্ঞানীদের কর্মের ভাব তাহা হইতে স্বতন্ত্র হইতে পারে। সন্ন্যাস করিতেই হইবে—তবে কর্ম্ম হইতে প্লায়ন করা সন্থাস নহে. অহঙ্কার ও বাসনাকে বধ করাই প্রকৃত সন্ন্যান। ইহা কি উপারে হইতে পারে ? কর্ম করিবার সময়েও কর্মফলে আসন্তি পরিত্যাগ করিতে হইবে. প্রকৃতিকেই সর্বাকর্মের প্রাকৃত কর্তা বলিয়াই জানিতে হইবে, এবং প্রকৃতিকেই তাহার কর্ম করিতে ছাড়িয়া দিতে হইবে, দ্রষ্টা এবং ভর্তারূপে আত্মাতে বাস করিয়া প্রকৃতির কার্য্য দেখিতে হইবে. কিছ প্রকৃতির কর্মে বা কর্মের কলে আসক্ত হওয়া চলিবে না-ইহাই উপায়। তথন স্মীম উদ্বেগ্ময় অহকৃত জীৱন শাস্ত **इयु.. "अवर्"** এক द्रामात है है उटक मध हम-- अमानिक आमारिक সন্মুখে সর্বাভূতের ভিতর দিয়া প্রকৃতির কর্ম চলিতে থাকে— তथन श्रामता এই সকলকে দেখি যে ইহারা সম্পূর্ব ভাবে প্রকৃতি কর্তৃক চালিড হইয়া সেই এক অনস্ত ত্রন্দের ভিতরই বাস করিতেছে, চলা ফেরা করিতেছে; আমাদের সসীম জীবনকেও ইহাদের মধ্যে একটি বলিয়া বুঝিতে পারি এবং উপলব্ধি করি যে আমাদেরও সমস্ত কর্ম প্রকৃতিরই—আমাদের প্রকৃত আত্মার নহে: এই প্রকৃত আত্মা সর্কবিশে এক, ইহা আমার ব্যক্তিগত অহং নহে। অহং এই সকল কর্মকে নিজের বলিয়া দাবী করিত, আমরা তাই সেগুলিকে আমাদেরই মনে করিতাম: কিন্তু অহং যথন মরিল, তথন আর সেওলি আঘাদের নহে, প্রকৃতির। অহংকে বধ করিয়া আমরা আমাদের জ্ঞানে ব্যক্তিগত গণ্ডীর উপরে উঠিয়াছি ত্রবং বাসনাকে ত্যাগ করিয়া আমাদের প্রকৃতির কর্মেও আমরা ব্যক্তিগত গঙী ছাড়াইয়া উপরে উঠিয়াছি। এখন তথু কশ্মশূরুতার সময়ে নহে, কর্মের মধ্যেও আমরা মুক্ত: শারীরিক ও মানসিক কর্ম পরিষ্টাগ করার উপর আমাদের স্বাধীনতা নির্ভর করে না, কর্ম করিলেই সেই স্বাধীনতা হইতে আমরা বিচ্যুত হইয়া পড়ি না। এমন কি প্রাকৃতিক কর্মের পূর্ণ স্ত্রোতের মধ্যেও নামরূপের অতীত আত্মা আমাদের মধ্যে ধীর, স্থির, মৃক্ত थांटक।

এইরপে সম্পূর্ণভাবে নামরপের উপরে উঠিলে যে মৃক্তি ইছা প্রাকৃত ও পূর্ণ—ইহা না হইলে চলে না, কিন্তু, ইহাই কি সর দ আমরা ইতিপূর্বেই বলিয়াছি, সমস্ত জীবন, সংসারে বাহা কিছু আছে তাহাই প্রকৃতি কর্তৃক পুরুষের নিক্ট যজ্জরপে অুপিত;

কিন্তু, ইহার মর্ম আমরা হৃদয়ঙ্গম করিতে পারি না-কারণ আমাদের অহস্কার, আমাদের বাসনা আমাদের সন্ধীর্ণ কর্মবন্তল জীবন আমাদিগকে অজ্ঞানাচ্ছন্ন করিয়া রাখে। আমরা অহম্বার ও বাসনার ভিতর হইতে উঠিগাছি এবং সঙীর্ণ ব্যক্তিত্বের গণ্ডীর বাহিরে যাইয়া আমরা সেই নিগুণ ব্রহ্মের সন্ধান পাইয়াছি,—যে এক আত্মা ও ব্রহ্মের মধ্যে সর্বভৃত রহিয়াছে তাহার সহিত আমাদের একত্ব আমরা উপলদ্ধি করিয়াছি। কর্ম্মের যজ্ঞ চলিতেছে কিন্তু আমরা চালাইতেছি না—আমাদের মন, ইন্দ্রির ও শরীরের ভিতর দিয়া প্রকৃতি এই ক্রিয়া চালাইতেছে, কিন্তু, এই সমস্ত চলিতেছে আমাদের অনস্ত সন্থারই মধ্যে। তবে কাহাকে কোন উদ্দেশ্যে এই যক্ত অর্পন করা হইতেছে ? সেই অরপ ব্রহ্মের ত কোন ক্রিয়া নাই, কোন বাসনা নাই, লাভ করিবার কোন বস্তু নাই. কোন কিছুর জন্মই ইহা সংসারের কোন জীবেরই উপর নির্ভর করে না ; নিজের জন্মই ইহা আছে নিজেরই আত্মানন্দে. নিজের অনস্ত সন্ধার মধ্যে হই। বিরাজিত। এই অবস্থায় পৌছিবার উপায় স্বরূপ আমাদিগকে বাসনাশৃষ্ট হইয়া কর্ম করিতে হইতে পারে কিন্তু এই উদ্দেশ্য সিদ্ধ হইলে কর্মের প্রোজনীয়তা সম্পন্ন হইয়া যায়, যজ্ঞের আরে প্রয়োজন পাকে না। তথনও কর্ম চলিতে পারে কারণ প্রকৃতির ক্রিয়া চলিতে থাকে. কিন্তু, তথন এই সকল কর্মের কোন উদ্দেশ্য থাকে সা। তথন কর্মানা করিলে নয়, কেবল সেই জন্মই কর্মা

করিতে হয়; আমাদের স্পাম শরার ও মনকে বাধ্য করিয়া প্রকৃতি কর্ম করায়। কিন্তু ইহাই যদি সব হয় তাহা হইলে কর্মকে যতদূর সম্ভব কমাইলেই হইল. প্রকৃতি যতটুকু নিশ্চয়ই করাইয়া লইবে কেবল মাত্র ততটুকু কর্ম হইলেই হইল; দিতীয়তঃ, যদি কম্মকে যতদুর সম্ভব কমান নাই হয়,—কারণ, কর্ম করিলে কিছু আসিয়া যায় না. কর্ম না করাওউদ্দেশ্য নহে-তাহ। হইলেও কর্ম কি প্রকারের হইবে তাহাতেও কিছু আসিয়া যার না। একবার জ্ঞান লাভ করিবার পর অর্জুন তাহার পুরাতন ক্ষত্রিয় সভাবের অন্সরণ করিয়া কুরুকেতে যুদ্ধ শেষ করিতে পারে অথবা তাহার শাস্তির দিকে ঝোঁকে যুদ্ধ পরিত্যাগ করিয়া সন্ন্যাসীর জীবন যাপন করিতে পারে। ইহাদের মধ্যে কোনটি সে করে তাহাতে কিছুই আসিয়া যায় না; বরং দিতীয়টিই উত্তম, কারণ প্রকৃতির যে সকল প্রবৃত্তি এখনও তাহাকে ধরিয়া আছে সেগুলিকে দমন করিবার ইহাই প্রকৃষ্ট উপায়; এইরূপে ধথন তাঁহার শরীর পতন হইবে তথন সে নিশ্চিত সেই অনম্ভ ব্রহ্মে প্রয়ান করিতে পারিবে অনিতাম ব্দস্থম্ ইমম্ লোকম্—এই অনিত্য তুঃখময় সংসারের ছঃথ ও উন্মন্ততার মধ্যে আর তাহাকে ফিরিতে श्हेरव ना।

যদি এইরূপই হয় তাহা হইলে গীতার সমস্ত শিক্ষাই অর্থপৃষ্ঠ হয়; কারণ ইহার বাহা প্রথম এবং মূল উদ্দেশ্য তাহাই ব্যর্থ হয়। কিন্তু গীতা বিশেষ করিয়া বলিয়াছে যে কর্ম কি প্রকারের

হুইল তাহা দেখা আবশুক, এবং কর্ম চালাইবারও স্পষ্ট নির্দেশ গীতাতে আছে, শুধু প্রকৃতির লক্ষ্যহীন তাড়নাতেই যে কর্ম করিতে হইবে তাহা নহে। অহং জয় হইবার পরও যজের একজন ভোক্তা দীরর থাকেন—ভোক্তারম বঞ্চতপদাম এবং তথ্নও বজের একটা উদ্দেশ্য থাকে, অনস্ত বজের একটা উদ্দেশ্য থাকে। অরপ একই একেবারে শেষ কথা নহে, আমাদের জীবনের একবারে শ্রেষ্ঠ রহস্যও নছে: কারণ অরূপ ও স্বরূপ, সদীম ও অদীম একই ভগবানের চুইটি উন্টা দিক মাত্র — তুইটি একই সময়ে ভগবানের মধ্যে রহিয়াছে এবং ভগবান এই সকল পার্থক্যের দারা সীমাবদ্ধ নহেন, তিনি একই সময়ে সাস্ত ও অনন্ত, সদীম ও অসীম। ভগবান চির্নিন অব্যক্ত অনন্ত-চিরদিন তিনি শ্বতপ্রণোদিত হইয়া সান্তের ভিতর নিজেকে ব্যক্ত করিতেছেন ; তিনি সেই বিরাট অরূপ পুরুষ-সকল ব্যক্তি সকলক্ষপ যাহার আংশিক প্রকাশ মাত্র; তিনিই সেই ভগবান যিনি মান্তবের মধ্যে নিজেকে প্রকাশ করেন. তিনিই ৰামুষের হৃদয়ন্থিত ঈশ্বর। সেই এক অরূপ (impersonal) ব্রন্ধের মধ্যে দর্বভূতকে দেখাই জ্ঞানের শিক্ষা, কারণ এই ভাবেই আমরা ভেদকারী অহকার হইতে মৃক্ত হইতে পারি এবং এইরূপে সে সকলকে ভগবানের মধ্যে দেখিতে পারি---আতানি অবে। মরি।

ভগবান দকলের মধ্যে রহিরাছেন এবং দকলেই ভগবানের কব্যে রহিরাছে, কিছু আমানের অহংভাবের ক্রু আমর। ভগবানকে চিনিতে পারি না; কারণ আমরা নামরূপের দাস বলিয়া, অহম্বারের বশ বলিয়া, বস্তুসমূহের স্পীম দুশ্রের ভিতর দিয়া ৰতটুকু সম্ভব কেবল তভটুকুই ভগবানের স্মাংশিক পরিচয় পাইয়া থাকি। ভগবানকে পাইতে হইলে আমাদের নিয়তর নামরপের ভিতর দিয়া তাহা সম্ভব নহে; আৰাদের উচ্চ, অসীম, নামরূপের অতীত সম্ভার ভিতর দিয়াই তাহা সম্ভব এবং তাহার কর সকলের ভিতর এই যে এক আত্মা (যাহার মধ্যে বিশ্বসংসার রহিয়াছে) সে আত্মার সহিত এক হইতে হইবে। এই বে অসীম সত্তা যাহার ভিতরেই সব স্বীম দুখুও রহিয়াছে, এই যে নামরূপের অতীত সম্ভা ধাহার ভিতর সকল নামরূপও রহিয়াছে, এই যে অচল সন্থা প্রকৃতির সকল সচল ক্রিয়াকে ধারণ করিয়া রহিয়াছে—এই নির্মাণ দর্পণেই ভগবানের সন্থা প্রতিভাত হইৰে অতএব আমাদিগকে প্রথমে নামক্সপের অতীত এই আত্মাকে পাইতে হইবে: কেবল বিশ্বদেবগণের ভিতর দিয়া, সদীমের দিক দিয়া ভগবানের পূর্ণজ্ঞান সম্পূর্ণভাবে লাভ করা যায় না। কিন্তু আবার কেবল এক নামরূপের অতীত আত্মার শাস্ত নীরবতা ও অচলতার মধ্যেও ভগবানকে সমগ্র ভাবে দেখিতে পাওয়া যায় না। সেই সত্য দর্শন করিতে হইলে এই আত্মার নীরবতার ভিতর দিয়া পুরুষোত্তমকে দেখিতে হইবে; ক্ষর এবং অক্ষর তুইই পুরুষোভ্তমের; তিনি অক্ষরের অচলতার মধ্যে প্রতিষ্ঠিত, কিছু: তিনি বিশ্বপ্রকৃতির সকল গতি, সকল ক্রিয়ার মধ্যেই নিজেকে প্রকাশ করিতেছেন, মুক্তির পরেও তাঁহারই উদ্দেক্তে প্রকৃতিতে কর্ম্মের ষজ্ঞ চলিতে থাকে।

ভগবান পুরুষোত্তমের সহিত জীবনের মধ্যেই মিলন এবং তাহাতেই আত্মার পরিপূর্ণতা—ইহাই যোগের প্রকৃত উদ্দেশ, শুণু অরূপ ব্রন্ধে আত্মনির্ব্বাণ নহে। আমাদের সমস্ত জীবন ভাগবত সভার মধ্যে তুলিতে হইবে, তাঁহাতে বাস করিতে হইবে (ময্যেব নিবসিস্যুসি), তাঁহার সহিত এক হইতে হইবে, তাঁহার চৈতন্তের সহিত আমাদের চৈত্ত মিলাইতে **इरेत, আমাদের আংশিক প্রকৃতিকে তাঁহার পূর্ণ প্রকৃতির** প্রতিবিদ্ব স্বরূপ করিতে হইবে, প্রাণে মনে আমাদিগকে সম্পূর্ণ-ভাবে ভাগবত জ্ঞানের দারা অন্মপ্রাণিত হইতে হইবে, কম্মে আমাদিগকে সম্পর্ণভাবে, নির্দ্দোষভাবে ভাগবত ইচ্ছার দারা চালিত হইতে ইইবে, তাঁহার প্রেমানন্দে বাসনা কামনা ভূলিতে <u> इटेरव—टेटाटे मानरवत मिक्तिनाख, गीठा टेटार्क्ट खेउन</u> রহ্স্য বলিয়াছে। ইহাই মানবজীবনের প্রকৃত লক্ষ্য এবং চরম সার্থকতা—ইহাই আমাদের কর্মযজ্ঞের সর্কোচ্চ সোপান। কারণ শেষ পর্যান্ত তিনিই অধীশ্বর এবং যজের প্রাণ স্বরূপ।

চতুৰ্দ্দশ অধ্যায়

ভাগবত কর্ম্মের নীতি

অতএব গীতাবণিত যজের ইহাই প্রকৃত অর্থ। ইহার সম্পূর্ণ অর্থ বৃঝিতে হইলে পুরুষোত্তম তত্ত্ব বুঝা দরকার। গীতার এ পর্যান্ত এ তত্ত্ব বুঝান হয় নাই--গীতার বাকী অধ্যায় সকলের শেষের দিকেই এই তত্ত্ব পরিষ্ঠার করিয়া ব্যান হইয়াছে. এবং সেইজন্ত গীতার ক্রমশঃ প্রকাশমান শিক্ষানীতির বিরুদ্ধাচার করিয়াও আমাদিগকে এখনই সেই প্রধান শিক্ষার অবতারণা করিতে হইয়াছে ৷ উপস্থিত গীতার গুরু **কেবল[®] পুরুষোত্তর** সম্বন্ধে সঙ্কেত মাত্র করিয়াছেন এবং অচল ব্রন্ধের সহিত তাঁহার সমন্ত অপ্রভাবে নির্দেশ মাত্র করিয়াছেন। আমাদের প্রথম কাজ এই ব্রহ্মে সম্পূর্ণ শাস্তি ও সমতার অক্তা লাভ : করা. ব্রান্ধী স্থিতি প্রাপ্ত হওয়া। এখন পর্যাস্ত তিনি স্পষ্ট ভাষায় পুরুষোত্তমের উল্লেখ করেন নাই—"আমি", কুষ্ণ, নারায়ণ, অবতার—এই ভাবেই নিজের পরিচয় দিয়াছেন। 'গীতার বুঝান হইয়াছে, অসীম, অরূপ ব্রন্ধের মধ্যেই ব্যক্তিত্বের প্রকাশ হইয়াছে। ইহা উপলব্ধি করিয়া ব্যষ্টি গত ব্যক্তিত্বকে অভিক্রম করিতে হইবে এবং এই উপায়ে সেই নামরূপের অতীত মঁহা-

পুরুষকে লাভ করিতে হইবে—বিনি অরূপ, শাস্ত, নীরব ব্রহ্মরূপে প্রকৃতির অতীত, আবার লক লক ভূতরূপে প্রকৃতির মধ্যেই বর্ত্তমান এবং কথাশীল। গীতার শুকু ইহা বুঝাইবার জন্ম "আয়ুক্তথো মরি" এই ভাষার প্রয়োগ করিয়াছেন।

"বেন ভূতাক্তশেষেণ ক্রকাস্যা ব্রক্তথো ময়ি"

—যে তত্ত্বজানের দারা অশেষ ভূতগণকে আত্মাতে এবং কাহার পর আমাতে দর্শন করিতে পারিবে।

আমাদের নিমতন স্বতন্ত্র ব্যক্তিত্বকে সেই অরপ ব্রহ্মের
মধ্যে লয় করিতে হইবে এবং শেষকালে আমরা সেই উত্তম
পুরুষের সহিত যুক্ত হইব যিনি স্বতন্ত্র ব্যক্তি নহেন, অথচ
সকল ব্যক্তির রূপ ধারণ করিয়াছেন।

ত্রিগুণের অধীন অপরা প্রকৃতিকে অতিক্রম করিয়। এবং
ত্রিগুণের অতীত নিজ্রির পুরুষে আয়াকে নিবিষ্ট করিয়া আমরা
অবশেষে অনস্ত ভগবানের পরা প্রকৃতিতে উঠিতে পারি; তথন
প্রকৃতির ভিতর দিয়া কার্য্য করিলেও গুণ্ড্রেরে ধারা বদ্ধ
হইতে হয় না। অক্ষর পুরুষের ভিতরের নৈদ্ধ্যা (inner
actionlessness) প্রাপ্ত হওয়া এবং প্রকৃতিকে তাহারই কথা
করিতে ছাড়িরা দিয়া আমরা সেই পরম উচ্চ ঐশ্বিক প্রভূত্ব
লাভ করিতে পারি বখন সকল কর্ম করিয়াও কোন কর্মের
ধারা বদ্ধ হইতে হয় না। অতএব, এখানে নারায়ণরূপে,
কৃষ্ণরূপে অবতীর্ধ পুরুষোন্তমের ধারণাই মূল কথা। এই
ধারণা বাতীত অপরা প্রকৃতি হইতে সরিয়া রাক্ষীস্থিতি লাভ

করিলে যে মুক্তি তাহাতে কর্মত্যাগ এবং সংসারের প্রতি উদাসীনতা অবশুস্তাবী: কিন্তু পুরুষোত্তমকে ধরিতে পারিলে ঐরপ অপরা প্রকৃতি হইতে সরিয়া আসার ফলে দিবাজীবনের স্বাধীনতার মধ্যে সংসারের সমস্ত কর্ম করা যায়। নীরক. নিজিয় ত্রন্ধকেই যদি আদর্শ দেখ, তাহা হইলে সংসার এবং সমস্ত কর্ম পরিত্যাগ করিতে হইবে: ভগবানকে, ঈশবুকে, পুরুষোত্তমকে যদি তোমার আদর্শ দেথ, যদি তাঁহাকে কর্ম্মের উপরে অথচ ইহার আভ্যন্তরীন, আধ্যান্মিক কারণ এবং উদ্দেশ্য বলিয়া বুঝ, তাহা হইলে সংসার এবং সংসারের সকল কর্ম জয় হইবে এবং তাহা উচ্চ ভাগবত ভাবে ভরিয়া উঠিবে। সংসার কারাগার না হইয়া, সমৃদ্ধিশালী রাজ্য, রাজ্যম সমৃদ্ধম হইতে পারে: তুর্দান্ত "আমি"র বন্ধনকে ধ্বংস করিয়া, আমাদের বন্ধনের কারণ কামনা সকলকে জয় করিয়া, আমাদের ব্যক্তিগত ভোগ ঐশর্যোর কারাগার ভগ্ন করিয়া আমরা আধ্যাত্মিক জীবনের জন্ম এই রাজ্যম সমুদ্ধম জন্ন করিব। মুক্ত বিশ্বগত ষ্মাত্মা তথন স্বরাট, সম্রাট হইবে।

এইরপে মৃক্তি এবং সংসিদ্ধি লাভের উপায় স্বরূপ যজার্থে কর্মের সার্থকজ্ঞা ব্ঝা গেল। এইরপে সম্পূর্ণভাবে স্বার্থ এবং আসক্তি পরিভাগে করিয়া, কামনাশৃষ্ঠ হইয়া, জয় পরাজয় লাভালাভকে সমান জ্ঞান করিয়া যজ্ঞরূপে কর্ম করিয়া জনক প্রভৃতি মহৎ কর্মবোগিগণ পুরাকালে সিদ্ধিলাভ করিয়াছিলেন।

কর্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়:।

এইরপেই এবং এইরপ কামনাশৃন্ত ভাবেই, মুক্তি এবং দিদ্ধি লাভের পরও কর্ম করা যায় এবং করিতে হইবে— তথন উদার ভাগবতভাবে, অধ্যাত্মিক ঐশ্বর্য্যের শান্ত উচ্চ প্রকৃতির সহিত কর্ম করিতে হইবে।

লোক সংগ্রহমেবাপি সংপশ্যন কর্তুমহঁ সি।

যদ্ যদাচরতি শ্রেষ্ঠন্তত্ত্বদেবেতরো জনঃ ॥

স যৎ প্রমাণং কুরুতে লোক স্তদন্ত্বর্ততে।

ন মে পার্থান্তি কর্তব্যং ত্রিয়্ লোকেষ্ কিঞ্চন ॥

নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্মণি ॥ ৩২০-২।২২

"লোকসংগ্রহার্থেও কর্মের অন্তর্চান করা তোমার কর্ত্ব্য। শ্রেষ্ঠ ব্যক্তিগণ বেরূপ কর্মের অন্তর্চান করেন, অন্তান্ত সাধারণ ব্যক্তিও তাহাই করিয়া থাকে; শ্রেষ্ঠগণ কর্মের যে আদর্শ স্পষ্টি করেন, সাধারণে তাহার অন্তসরণ করে। হে পার্থ! ত্রিলোকে আমার কিঞ্চিন্মাত্রও কর্ত্ব্য নাই, এমন কোন পদার্থ নাই ধাহা আমি পাই নাই এবং বাহা আমাকে অতঃপর লাভ করিতে হইবে; কিন্তু তথাপি আমি কর্ম করিয়াই থাকে।" বর্ত্ত এব চ কর্মণি—এখানে "এব" শব্দের দারা বুঝা বায় যে ভগবান কর্ম করিয়া থাকেন এবং সন্মাসীরা যে মনে করেন তাহাদিগকে কর্ম পরিত্যাগ করিতে হইবে, তিনি সেরূপ করেন না। কারণ, যদি হংং ন বর্ত্তেরং জাতু কর্মণ্যতন্ত্রিত:।

মম বর্মাস্থবর্তত্তে মহুব্যাং পার্থ সর্ব্যাং ॥
উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্যাং কর্ম চেদংম্।

সঙ্করস্য চ কর্ত্তা স্যাম্পংস্থামিমাং প্রজাং॥

সক্তাং কর্মণ্যবিদ্বাংসো যথা কুর্বস্তি ভারত।

কুর্যাাদ্বিদ্বাংস্তথাশক্তকিকীয়ুলাকসংগ্রহম্॥

ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্মসঙ্গিনাম্।

যোজয়েৎ সর্বকর্মাণি বিদ্বান্যুক্তঃ সমাচরন্॥ ৩২৩

"যদি আমি আলস্যপরিশ্ন হইয়া কর্মে প্রবৃত্ত না থাকি,
মন্থ্যগণ সর্বতোভাবে আমার পত্না অন্ধ্যরণ করিবে, আমি
যদি কর্মা না করি, তাহা হইলে এই সকল লোক বিনষ্ট
হইবে এবং আমি উচ্ছ্ ছালতার স্পষ্ট করিব, এইরূপে আমি
প্রজাগণকে নষ্ট করিব। অজ্ঞ ব্যক্তিরা আসক্তির সহিত যেমন
কর্মা করে, জ্ঞানী ব্যক্তিদের লোকসংগ্রহার্থে, অনাসক্ত হইয়া
সেইরূপ কর্মা করা কর্ত্তবা। যে অজ্ঞ ব্যক্তিরা কর্ম্মে আসক্ত,
জ্ঞানী তাহাদের বৃদ্ধিভেদ জন্মাইবেন না। তিনি জ্ঞানের সহিত
এবং যোগস্থ হইয়া স্বয়ং সকল কর্মা করিয়া অজ্ঞাদিগকে কন্ম
করাইবেন।" এই সাতটি শ্লোকের ভার মূল্যবান শ্লোক
গীতাতে আর খুব কমই আছে।

কিন্তু আমাদের স্পষ্ট বুঝা দরকার যে এই স্লোকগুলিকে আধুনিক কর্মপ্রবণ নীতি অমুসারে ব্যাখ্যা করা চলিবে না; এই নীতি কোন উক্ত দূর আধ্যান্মিক সম্ভাবনা অপেকা বর্তুমান

জাগতিক কাৰ্য্যাবলী লইয়াই অত্যধিক ব্যস্ত। সমাজ সেবা. দেশ শেবা, মানবজাতির কল্যাণ সাধন প্রভৃতি যে শত শত আদর্শ ও খপ্প আধুনিক মনকে আরুষ্ট করিতেছে এই শ্লোক. গুলিকে কেবল মাত্র সেই সকল আদর্শের দার্শনিক ও আধ্যাত্মিক ভিত্তি বলিয়া বুঝিলে চলিবে না। এখানে পরোপকারের কোন যুক্তিযুক্ত নৈতিক নিয়ম কথিত হয়_ নাই; ভগবানের সহিত এবং যে জাগতিক জীব সমূহ ভগবানের मर्पा वाम कतिराउट्ह धवः छत्रवान याश्रीतत मर्पा वाम করিতেছেন তাহাদের সহিত আধ্যাগ্রিক একত্বের কথাই এথানে ক্থিত হইয়াছে। ব্যক্তিকে সমাজের এবং মানবজাতির অধীন করিবার, সমষ্টিগত মানবের বেদিতে ব্যক্তিগত স্বার্থ বলি দিবার উপদেশ এখানে দেওয়া নাই: ভগবানের মধ্যে ব্যক্তিত্বকে সার্থক করিয়া তুলিবার সর্বগত, ভগবানের সত্য বেদীতে "আমি" কে বলি দিবার উপদেশ দেওয়া হইয়াছে। বে **সকল ভাব ও** অভিজ্ঞতা লইয়া আধুনিক মানব ব্যন্ত গীতার শিক্ষা তাহা অপেক্ষা উচ্চন্তরের মানুষ এখন স্বার্থের শৃঙ্খল অতি-জ্ঞম করিবার চেষ্টা করিতেছে বটে, তথাপি তাহার দৃষ্টি ষতটা সাংসারিক বৃদ্ধি এবং নীতির দিকে, ততটা আগাত্মিকতার দিকে নহে। দেশপ্রেম, বিশ্বপ্রেম, সমাজসেবা, সমষ্টির সাধনা, মানবজাতির সেবারূপ ধর্ম-এই সকল আদর্শ যে আমাদের ব্যক্তিগত, সংসারগত, সমাজগত, জাতিগত আদিন স্বার্থপরতার ছন্ত হইতে পরিত্রাণ লাভ করিয়া অপরের জীবনের সহিত

নিজের জীবনের একস্ব উপলন্ধি করিবার প্রকৃষ্ট উপায় তাহাতে কোন সন্দেহ নাই। কিন্তু এই একস্ব উপলন্ধি সাধারণ বৃদ্ধি ও চিন্তাবেগের ন্তরে, নৈতিক ন্তরে—এখানে এই উপলন্ধি সর্বাঙ্গস্থনার, সম্পূর্ণ হইতে পারে না। আদিম স্বার্থপরতার পর ইহা দিতীয় অবস্থা। কিন্তু গীতা আরও এক উচ্চ তৃতীয় ক্রবস্থার কথা বলিরাছে—দিতীয় অবস্থাটি কেবল সেই উচ্চ অবস্থায় উঠিবার আংশিক উপায় মাত্র।

ভারতবর্ষে সমাজনীতি ব্যক্তিকে সমাজের অধীন করিতে চাহিয়াছে, কিছ সকল সময়েই ভারতের ধর্মচিন্তার উচ্চ আদর্শ ছিল ব্যক্তিকে বস্ত করা! ব্যক্তিকে আধ্যাত্মিক অর্থে দেখা এবং বাজা করিয়া মানবজাতিকে উন্নত করা প্রাচীন বৈদিক ঋযিগণের লক্ষ্য ও আদর্শ ছিল। ব্যক্তিকে তাহার নিজের উপরে লইয়া ষাওয়া তাঁহাদের আদর্শ ছিল, তবে সজ্ঞাবদ্ধ মানব-সমাজের মধ্যে ব্যক্তিত্বকে হারাইয়া নহে, নিজেকে বড় করিয়া, উচ্চ করিয়া, বিস্তুত করিয়া ভাগবত চৈত্রুলাভই তাঁহাদের আদর্শ ছিল। গীতা এথানে যে অতিমানব, শ্রেষ্ঠমানব, দিবা-ভাবাপন্ন মানবের কথা বলিয়াছে তাহা হইতে নীটলে কথিত অতিমানবের ধারণা বিভিন্ন। কোন এক বিশেষগুণের, বিশেষ শক্তির আত্যন্তিক বিকাশ, মামুষের আংশিক ভাবের অভিশয় লাভই নীটুশের অভিমানবন্ধ। গীতার অভিমানৰ অস্কুর ৰা দানৰ নহে। সেই এক সৰ্বাতীত সাৰ্বজনীন ভাগৰঙ সত্তা ও চৈতজ্ঞের মধ্যে মানবের সমগ্র ব্যক্তিমকে হারাইয়া

কুত্র আমিকে হারাইয়া বৃহত্তর আমিকে পাইয়া যে ভাগবত অবস্থা লাভ করা যায় গীতায় তাহারই নিয়ম বর্ণিত হইয়াছে।

ত্রৈগুণ্যমন্ত্রী অপরা প্রকৃতি হইতে নিজেকে তুলিয়াভগবানের সাযুজ্য, সালোক্য এবং সাদৃশ্য (বা সাধ্র্য্য) * লাভ করা, মন্তাবনাগতাঃ, ইহাই যোগের উদ্দেশ্য। কিন্তু, যথন এই উদ্দেশ্য সিদ্ধ হয়, যথন মানব ব্রাহ্মীন্থিতি লাভ করিয়া জগতকে আর নিথ্যা অহম্বারের চক্ততে দেখে না পরস্তু, সর্বভৃতকে আত্মার মধ্যে, ভগবানের মধ্যে দেখে এবং সর্ব্ভৃতির মধ্যে আত্মার দধ্যে, ভগবানের মধ্যে দেখে এবং সর্ব্ভৃতির মধ্যে আত্মাকে, ভগবানকে দেখে, তথনও যে কর্ম্ম হয়, সে কর্ম্মের স্কর্ম কি এবং সে কর্ম কি উদ্দেশ্য লইয়া করা হয় ? অর্জুন এই প্রশ্নই করিয়াছিলেন—

কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্। স্থিতপ্রজ্ঞব্যক্তি কিরূপ কহেন? কিরূপ থাকেন? কিরূপে চলেন?

ভগবান এই প্রশ্নের উত্তর দিলেন বটে, কিন্তু, আর্জুন যে ভাব লইয়া এই প্রশ্ন করিয়াছিলেন উত্তরটা ঠিক সেই ভাবে হইল না। মানসিক বৃদ্ধি, আবেগ ও নীতির স্তরে যে ব্যক্তিগত কামনা বা বাসনা তাহা কথনও এরপ কর্ম্মের প্রবর্ত্তক হইতে পারে না; কারণ সে বাসনা পরিত্যক্ত হইয়াছে —এমন কি পরোপকার প্রভৃতি নৈতিক কামনা বা বাসনা পরিত্যক্ত হইবে কারণ যিনি মৃক্ত ব্যক্তি তিনি পাপপুণ্যের ভেদ অতিক্রম করেন এবং পাপপুণ্যের উপরে দিব্য পবিত্ততার

^{ৣ 🌞} জীবনের ও কর্ম্মের নীতিতে ভগবানের সহিত এক হওরাই সাধর্মা।

মধ্যে বাস করেন। পূর্ণ আত্মবিকাশের জন্মনিস্বার্থভাবে কর্ম করিবার যে আধ্যাত্মিক ডাক তাহার বশেও এ অবস্থায় কর্ম হইবে না কারণ এ অবস্থায় আত্মবিকাশ সম্পূর্ণ ও সিদ্ধ হইয়াই গিয়াছে। শুধু লোকসংগ্রহের জক্ত এঅবস্থায় कर्म इटेंटि शाद्य, िकीवृ (ल) कमः श्रद्य। मानव मछली मृत ভাগবত আদর্শের দিকে যে যাত্রা করিয়াছে তাহা অক্ রাথিতে হইবে, বুদ্ধির সংশয় ও গোলমাল হইতে সকলকে রক্ষা করিতে হববে । অজ্ঞান আঁধারের ভিতর দিয়া মা**নুষকে** চলিতে হইতেছে. শ্রেষ্ঠ ব্যক্তিগণের আচরণের আদর্শ তাহাদের সমুথে না থাকিলে সহজেই তাহারা ধ্বংসমুথে পতিত হইতে পারে। যাহারা শ্রেষ্ঠ, যে সকল ব্যক্তি সাধারণ অপেক্ষা অগ্রগামী এবং সাধারণের স্তরের উপরে তাঁহারা স্বভাবত:ই শাহ্রবের নেতা কারণ তাহারাই মাহুষকে দেখাইতে পারেন যে কোন আদর্শ মানবজাতিকে অমুসরণ করিতে হইবে, কোন পথে তাহাদিগকে চলিতে হইবে। কিন্তু, ভাগবত-ভাবাপন্ন ব্যক্তি সাধারণভাবে শ্রেষ্ঠ নহেন. তাঁহার প্রভাবের তাঁহার দৃষ্টান্তের এমন শক্তি থাকিবেই বাহা সাধারণ শ্রেষ্ঠ মহব্যের থাকিতে পারে না। তাহা হইলে তিনি কি দৃষ্টাস্ত দেখাইবেন? তিনি কোন নীতি বা আদর্শ সকলের সম্মুখে ধরিবেন ?

তাঁহার বক্তব্য আরও সম্পূর্ণভাবে প্রকাশ করিবার নিমিন্ত ভগবান নিজের দৃষ্টান্ত, নিজের আদর্শ অর্জুনের সমূবে

ধরিলেন। তিনি যেন বলিলেন—"আমি কর্মপথে রহিয়াছি; এই পথ সকল মনুষ্ট অনুসরণ করে; তোমাকেও কর্ম করিতেই হইবে। আমি বেরূপে কর্ম করি, তোমাকেও সেইরূপে কর্ম করিতেই হইবে। আমি কর্মের আবশ্রকতার উপরে. কারণ কর্মের দ্বারা আমার লাভ করিবার কিছুই নাই; আমি ভগবান, সংসারের সকল বস্তু, সকল জীবই আমার, আমি নিজে সংসারের অতীতও বটি, সংসারের মধ্যেও বটি, কোন কিছুর জন্ম ত্রিভ্বনে আমি কাহারও নিকট কোন ভর্মা করি না: তথাপি আনি কর্ম করি। এই ভাবেই, এই আদর্শেই তোমাকেও কর্ম করিতে হইবে। আমি ভগবান, আমিই বিধি, আমিই আদর্শ: মামুষ যে পথে চলে তাহা আমিই প্রস্তুত করি; আমিই পথ এবং লক্ষ্যস্থল। কিন্তু, আমি এই সকল বিশাল ভাবে, উদার ভাবে করি—-আংশিক ভাবে দৃশুতঃ করি, কিন্তু বেশীর ভাগ অনুষ্ঠ ভাবেই করি; এবং মানুষ আমার কর্মপরস্পরা বাত্তবিক্ই বুঝে না। তুমি বধন সব क्षानित्त, बुकित्त, जुमि यथन निवामानव इट्रेक-ज्यन जुमि ব্যক্তিগত ভাবে ভাগবতশক্তি হইবে, মামুষ হইলাও ভগবানের দ্রান্ত হইবে, বেমন অবতার রূপে আমি। বেশার ভাগ **লোক**ই অজ্ঞানের মধ্যে বাস করে, ভগ্রতভ্টা জ্ঞানের মধ্যে বাস করে:, কিন্তু তিনি বেন বিপজ্জনক দৃষ্টান্ত দেখাইয়া লোকের মধ্যে সংশয় আনয়ন না করেন, উপরে উঠিয়াছেন বলিয়া সংসারের কর্ম পরিভ্যাগ না করেন; ক্রমোন্নতির আমি যে-

সকল শুর ও ধাপ নির্দ্ধারণ করিয়াছি, তিনি যেন তাহা গোলমাল করিয়া না দেন। মাছুষ কেমন করিয়া অপরা প্রকৃতি হইতে পরা প্রকৃতিতে উঠিতে পারিবে, ভাগবত লাভ করিতে হইবে, তাহার হিদাব করিয়াই আমি দমন্ত মানবীর কর্মের ব্যবস্থা করিয়াছি। ভগবত-জ্ঞানীকে সমস্ত মানবীয় কর্মের মধ্যেই থাকিতে হইবে। সমস্ত ব্যক্তিগত কাৰ্য্য, সামাজিক কাৰ্য্য, চিত্ত, মন. দেহের সমস্ত কার্য্যই তাহার থাকিবে—ভবে, তাহা আর স্বতন্ত্র ভাবে তাঁহার নিজের জন্ম নহে, ভগবানের জন্ম, —তিনি যেমন নিজের মধ্যে ভগবানকে পাইয়াছেন, সেইমত সকলেই যাহাতে পায় সেই উদ্দেশ্যেই তাঁহাকে সকল কৰ্ম করিতে হইবে। বাহতঃ ওঁ(হার কার্য্যের সহিত অপরের কার্য্যের হয়ত বিশেষ কোন তফাৎই থাকিবে না: যেমন শিক্ষাদান এবং জ্ঞানচর্চ্চা তেমনই যুদ্ধ ও রাজশাসন, মামুষের সহিত মানুষ যত রকম কার্য্য করে জাঁহাকে সবই করিতে হইতে পারে: কিন্তু যে মনোভাবের সহিত তিনি **এই** সকল কর্ম করিবেন তাহা হইবে সম্পূর্ণ বিভিন্ন, এই মনোভাবেই এমন শক্তি যে সকল মহুষ্য তাহার ছারা আরুষ্ট হইয়া ক্রমশঃ উন্নতির পথে অগ্রসর হইবে।"

ভগবান এখানে যে নিজের দুষ্টান্ত দিলেন ইহার অর্থ অতি গভীর, কারণ, ইহার দারা গীতার দিবা কর্মের মূলভক্ষ প্রকাশিত হইয়াছে। যিনি নিজেকে উন্নত করিয়া দিব্য প্রকৃতি লাভ করিবাছেন তিনিই মুক্ত; এতাদৃশ মানবের কর্ম

मिता श्रक्कि अञ्चलादार स्टेंदि। किश्व, मिता श्रक्कि कि? ইহা কেবল অক্ষর, অচল, নিষ্ফ্রিয় অরূপ আত্মার প্রকৃতি নহে; কারণ তাহা হইলে মুক্ত মানবকে অচল নিজ্ঞিয় হইতে **ट्टेंड। अग्रिक यावात कत, वह, नामज्ञालत य्यीन** প্রকৃতির অধীন পুরুষের প্রকৃতিও দিব্য প্রকৃতির স্বরূপ নহে কারণ শুধু এইরূপ প্রকৃতি মান্তুষকে নাম রূপের অধীনে, অপর। প্রকৃতি এবং তাহার গুণত্রয়ের অধীনে ফিরাইয়া লইয়া যাইবে। পুরুষোত্তমের প্রকৃতিতে এই চুইই আছে এবং তাহাই দিব্য প্রকৃতি: সেই শ্রেষ্ঠ ভাগবত সম্ভায় উল্লিখিত ত্বই বিভিন্ন প্রকৃতিরই সমন্বয় হইয়াছে এবং তাহাই রহস্যম্ ঞ্চেতদ উত্তমম। প্রকৃতিতে বদ্ধ আমরা যেরূপ ব্যক্তিগত ভাবে কর্ম করি তিনি সেরপভাবে কর্ম করেন না; কারণ ভগবান তাঁহার শক্তি, মায়া, প্রকৃতির ভিতর দিয়া কার্য্য করেন, কিন্তু তথাপি তিনি ইহার উপরেই থাকেন, ইহার দ্বারা বদ্ধ নহেন, ইহার অধীন নহেন: এই প্রকৃতি কর্ম্মের যে নিয়ম এবং সংস্থারের স্বষ্ট করে তিনি নিজেকে তাহাদের উপরে তুলিতে অক্ষম নহেন, তাহাদের দারা বিচলিত বা বদ্ধ নহেন. আমরা বেরূপ প্রাণ, মন, দেহের কর্ম হইতে নিজেদিগকে পৃথক করিতে অক্ষম, তিনি সেরূপ অক্ষম নহেন। তিনি কর্তা হইয়াও কথ করেন না. কন্তারম অকন্তারম।

> তস্য কর্ত্তারমপি মাং বিদ্যুকর্ত্তারমব্যয়ম। ৪।১৩ ন মাং কর্মাণি লিম্পস্থি ন মে কর্মফলে স্পৃহা। ৪।১৪

"আমি ইহার (চাতুর্বর্ণের) কর্ত্তা হইলেও আমাকে অব্যন্ত্র অকর্ত্তা বলিয়াই জানিও। কর্ম্ম সকল আমাকে আসক্ত করে না। কর্মফলে আমার স্পৃহা নাই।" কিন্তু আবার তিনি নিক্রিয় সাক্ষী মাত্রও নহেন: কারণ, তিনি তাঁহার শক্তির মধ্যে কর্ম করেন; ইহার প্রত্যেক গতি, এই শক্তি কর্তৃক স্থ জীব জগতের প্রত্যেক অমুপরমাণু তাহারই সন্ত্রায় পূর্ণ, তাঁহারই চৈত্রে পূর্ণ, তাঁহারই ইচ্ছায় পরিচালিত, ভাঁহারই জ্ঞানে নির্মিত।

তা ছাড়া তিনি সেই শ্ৰেষ্ঠ সন্ধা যিনি গুণশূক্তইয়াও সকল শুণের অধিকারী, নিগুণো শুণী। প্রকৃতির কোন গুণ বা কর্মের দারা তিনি বন্ধ নহেন, আমাদের ব্যক্তিত্বের মত তিনি গুণসমূহের সমষ্টি মাত্র নহেন, দেহ, প্রাণ, মন, চিত্তের স্বরূপান্ত্রায়ী ক্রিয়ায় নিবদ্ধ নহেন, কিন্তু তিনিই সকল গুণ কর্মের মৃল, যেটিকে যেমন ভাবে হউক তাঁহার ইচ্ছামত বিকাশ করিতে তিনি সক্ষম: তিনি অনম্ভ সন্তা, এই বিভিন্ন ভূত সকল তাহা হইতে উৎপন্ন, তিনি অপরিমিত, অনস্ত, অনিৰ্ব্বচনীয় বস্তু-এই সকলের দ্বারা বিখের সীমা ও শৃঙ্খলার মধ্যে প্রকাশিত হইয়াছেন বলিয়ামনে হইতেছে। তথাপি তিনি শ্রেষ্ঠ পুরুষ, একমাত্র আদি চৈত্তমায় সৎ,তিনি পূর্ণ ব্যক্তি— সকল সম্বন্ধ, মহুয়োচিত নিবিড় ব্যক্তিগত সম্বন্ধও তাহাতে मञ्जद ; जिनि तक्कु, मथा, প্রণয়ী, পেলার সাথী, পথদর্শক তেরু, প্রভানদাতা, আনন্দাতা, অথচ সকল সম্বন্ধের মধ্যেও মৃক্ত,

স্বাধীন। মাত্র্য ভাগবত প্রকৃতি লাভে যত্তথানি সক্ষম হয়. ততথানি সেও এইরূপ হয়—ব্যক্তি হইয়াও ব্যক্তিত্বের উপর উঠিতে পারে, মামুষের সহিত নিবিড় সম্বন্ধ রাথিয়াও গুণ ও ্কর্মের ছারা বন্ধ হয় না, এ ধর্ম বা ও ধর্ম অফুসরণ করিতেছে বলিয়া প্রতীয়মান হইলেও বাস্তবিক কোন ধর্মের ৰারা বদ্ধ থাকে না। কর্মপ্রবণ মহুবোর কর্মচাঞ্চলা অথবা শান্ত সাধুর কর্মহীনতা, কন্মীর প্রবল ব্যক্তিত্ব অথবা দার্শনিক পণ্ডিতের উদাসীন ব্যক্তিরহীন সন্থা- কোনটাই সম্পূর্ণ ভাগবভ আনর্শ নহে। সংসারী মানবের এবং সংসারত্যাগী সন্মাসীর এই চুইটি বিরোধী আদর্শ—একজন করের কর্মে মগ্ন, আর একজন অক্ষরের শান্তির মধ্যে সম্পূর্ণভাবে বাস করিবার জন্ম বত্ববান; কিন্তু পুরুষে। ত্তমের প্রকৃতি এই বিরোধের উপরে সমস্ত ভাগবত সম্ভাবনার সমন্বয় করিয়াছে এবং তাহা হইতেই পূৰ্বভাগবত আদৰ্শ।

সাংসারিক প্রকৃতির পরিণতি, সেই প্রকৃতির তিনগুণের থেলা এবং মন, চিন্ত দেহের মানবীর ক্রীড়া, সেই সকলের উপর বে আদর্শ প্রতিষ্ঠিত নহে সাধারণ কর্মশীল মানব সেরপ আদর্শে ছিন্ত পার না। সে বলে যে ঐ প্রকৃতির চরম পরিণতিতেই আমার মানবন্ধের পূর্ব কিলাশ; মারুষ শুধু সেই আদর্শেই সম্ভাই যে আদর্শ আমাদের বৃদ্ধিকে, আমাদের চিন্তকে, আমাদের নৈতিকবোধকে ভ্রু করিতে পারে, আমাদের মানবীর প্রকৃতিকে কর্মে ব্রতী করিতে পারে; দেহ, মন, প্রাণের

কর্মের মধ্যে যাহা সে খুঁজিয়া পায় মাতৃষ তাহাই চায়। কারণ, তাহাই তাহার প্রকৃতি, তাহার ধর্ম,—তাহার প্রকৃতির বাহিরের কিছুতে কেমন করিয়া সে সার্থকতা লাভ করিবে ! কারণ প্রত্যেক মতুষ্য তাহার প্রকৃতির সহিত বন্ধ এবং তাহারই মধ্যে তাহাকে পূর্ণতা খুঁজিতে হইবে। যেমন আমাদের মানবীয় প্রকৃতি, আমাদের মানবীয় পূর্ণতাও তদমুরূপই হইবে; প্রত্যেক মন্বয় নিজের ব্যক্তির অনুসারে, স্বর্ণানুসারেই ইহার গীতা বলে হাঁ, ইহাতে কিছু সত্য আছে বটে; মামুষের মধ্যে ভগবানের স্কুরণ, জীবনের মধ্যে ভাগবতলীলা, ইহা আদর্শ পূর্ণভারই অংশ। কিন্তু, যদি তুমি শুধুই বাহিরে জীবনের মধ্যে, কর্মের নীতির মধ্যে সন্ধান কর তাহা হইলে ইহাকে কথনই পাইবে না; কারণ, তথন তুমি যে নিজের প্রকৃতি অহুসারে কর্ম করিবে (এটা পূর্ণতারই নীতি) শুধু তাহাই নহে, কিন্তু তুমি চিরকাল প্রকৃতির গুণের অধীন, রাগদেষের দদ্ধের অধীন, মুথ ছঃথের অধীন বিশেষতঃ কামনাময় ক্রোধ শোকসঙ্কুল রজোগুণের অধীন হইবে (ইহা অপূর্ণতার নীতি) – সর্বগ্রাসী কাম তোমার সাংসারিক কর্মকে ঘিরিয়া ধরিবে---

কাম এব ক্রোধ এব রজোগুণো সমৃদ্ভব:।
মহাশলো মহাপাপা বিজ্যেনমিছ বৈরিণম্,
ধ্মেনা বিশ্বতে বহুর্যথা দর্শো মলেন চ।
মথোশ্বেনারতো গর্ভথা তেনেদমার্ভম্॥

আবৃত্য জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা। কামরূপেণ কৌস্তেয় তৃষ্পুরেণানলেন চাঃএ৩৭-৩৯

এই দুপুরনীর অত্যুগ্র কাম রজোগুণজাত, ক্রোধ ইহারই পরিণতি। জ্ঞানের চিরশক্র এই কামরূপ অপূরণীর অগ্নিতে জ্ঞান আচ্ছন্ন হয়। ধুন যেমন অগ্নিকে এবং মল যেমন দর্পণকে আচ্চাদিত করে, আর জরায়ু যেমন গর্ভকে আবৃত করিয়া রাখে, তেমনি কাম জ্ঞানকে, বিবেককে আচ্ছন্ন করে। যদি তুমি আত্মার শান্ত, নির্মাল, উজ্জল সত্যের মধ্যে বাস করিতে চাও তাহা হইলে এই কামকে বধ করিতেই হইবে। ইন্দ্রিয়. মন ও বুদ্ধি র্সিদ্ধির এই চির শত্রু কামের অধিষ্ঠান ভূমি, আশ্রয়, অথচ শুধু এই ইন্দ্রিয়, মন ও বৃদ্ধির মধ্যে, অপরা প্রকৃতির থেলার মধ্যেই সিদ্ধির সন্ধান করিবে ? এ চেষ্টা বুথা। তোমার কর্মপ্রবণ প্রকৃতিকে প্রথমে শান্তির সন্ধান করিতে হইবে; এই নীচের প্রকৃতি হইতে উঠিয়া ত্রিগুণের উপরে যে পরা প্রকৃতি, তাহাতে প্রতিষ্ঠিত হইতে হইবে। যথন তুমি আত্মার শান্তি লাভ করিবে কেবল তথনই স্বাধীন ভাগবত কর্মের অধিকারী इहेर्द ।

অন্তদিকে শান্তিকামী স্মানীগণ সিদ্ধাবস্থায় সংসার ও কর্ম্মের কোন স্থান দেখিতে পাননা। এইগুলিই কি বন্ধন এবং অসিদ্ধির মূল নহে? ধুমাবৃত অগ্নির ক্যায় সকল কর্মাই কি দোষযুক্ত নহে? কর্মের নীতিই কি রাজসিক নহে? এই রজোগুণ হইতেই কামের উদ্ভব, কাম জ্ঞানকে সমাচ্চন্ন করিয়া

রাখে, জয় পরাজয়, সুথ ছঃখ, পাপ পূল্যের ছ**ল্ছে মাছ্যকে অন্তির** করিরা তুলে। সংসারের মধ্যে ভগবান থাকিতে পারেন, কিন্তু, তিনি সংসারের নহেন, তিনি ত্যাগের তথবান, আমাদের কর্মের প্রভু বা কারণ নহেন; বাসনা বা কামই আমাদের কর্মের প্রভূ এবং অজ্ঞানই আমাদের কর্মের কারণ। ক্ষরকে, জগতকে যদিও একভাবে ভগবানের প্রকাশ বা লীলা বলা যায়, ইহা প্রকৃতির অজ্ঞানের মহিত অসম্পূর্ণ লীলা, ইহা ভগবানকে প্রকাশ করা অপেক্ষা তাঁহাকে চাকিয়াই রাখে। জগতের রূপের দিকে একবার মাত্র দষ্টিপাছ করিলেই ইহা নি:সন্দেহে ব্যা যায় এবং জগতের সহিত সম্পূর্ণভাবে পরিচিত হইনেও আমরা কি এই শিক্ষাই পাই না ? ষতদিন কামনা ও কর্মের প্রবৃত্তি ভোগের দ্বারা ক্ষীণ ও পরিত্যক্ত না হয় ততদিন এই অজ্ঞাসচক্র সংসার কি আত্মাকে পুনঃ পুনঃ জন গ্রহণ করার না ? শুণু কাম নহে, কর্ম পর্যান্ত বর্জন করিতেই হইবে: তখন জীব নীরব আত্মায় প্রতিষ্ঠিত হইরা গতিহীন, कमाठीन, चाठल, मसकटीन बस्तात मर्या চलिया यहित। শান্তিকানী সন্ন্যাসীর এই আপত্তির উত্তর গীতা বেরূপ বড়ের সহিত দিয়াছে, সংসারী কর্মপ্রবণ ব্যক্তির আপত্তির উত্তর দিতে গীতা তত যত্ন করে নাই। কারণ ক্ল্যাসীর যে **আপতি** তাহাতে, আরও উচ্চ এবং শক্তিশালী সত্য দিহিত রহিয়াছে অথচ ইহা সম্পূর্ণ বা শ্রেষ্ঠ স্তা নহে স্ট্রার প্রচারে মানব জাতিরা ক্রমবিকাশের বে গোলমাল এবং ক্রমনিষ্টন হইটে পরির

একজন ভ্রান্ত সংসারীর আদর্শ প্রচারে ডত ক্ষতির সম্ভাবনা নাই। কোন তীত্র আংশিক সত্যকে বধন সম্পূর্ণ সত্য বলিয়া প্রচার করা বাস—তথন যেমন তীব্র জালোকের স্বষ্ট হয় তেমনি গভীর অন্ধকারেরও সৃষ্টি হয়; কারণ ইহার ভিতর বে সতাটুকু রহিয়াছে—তাহার শক্তি ইহার মিথাাবা ভূলের ক্ষশটুকু খুব তীত্র করিয়া তুলে। সাংসারিক কর্মপ্রবণ মহুব্যের **শাদর্শে যে ভুল তাহাতে ও**ধু অঞ্চান বাড়িতে পারে, এবং ষেধানে সিদ্ধি পাওয়া যায় ন। সেথানে সিদ্ধির সন্ধান করায় শানবের উন্নতিতে বাধা পড়িতে পারে: কিন্তু সন্ন্যাসীর নিষ্ণ্যতার আদর্শের যে ভুল তাহাতে সংসার-ধ্বংশের বীজ নিহিত রহিয়াছে। এক্রিঞ্চ বলিলেন, আনি যদি এই আদর্শ অন্ত্রদারে কর্ম ত্যাগ করি তাহা হইলে আমি লোক সকলকে নষ্ট করিব এবং বিষম বিশৃঙ্খলা আনয়ন করিব; এবং যদি কোন বিশেষ মানব (বদিও তিনি প্রায় ভাগবত জীবন লাভ করিয়া থাকেন) তাহার ভূলের দারা সমগ্র জাতিকে ধ্বংস করিতে না পারেন তথাপি তাঁহার ভূলের ফলে বিস্তৃত ভাবে বিশুখলা উপস্থিত হইতে পারে এবং তাহা মানবজীবনের মূলনীতির अश्हातक रूटेरा भारत **এवः टेहात क्र**मिवकार्यत निर्मिष्ठे শ্বদ্ধাকে বিপর্যান্ত করিতে পারে।

শতএব, শাস্তবের মধ্যে কর্মণ্য শান্তির নিকে যে ঝোঁক ক্রিছিরাছে তাহার শাসপূর্ণতা বুঝিতে হইবে এবং ইহার মধ্যে ধ্যান সভা রবিবাছে শভানিকে কর্মপ্রবণ্তার মধ্যেও যে

হৈষ্টেমনই সমান সত্য রহিয়াছে তাহা স্বীকার করিতে হইবে,─ শ্রীকার করিতে হইবে যে, মামুষের মধ্যেই ভগবান সার্থক হইয়া উঠেন, এবং মানবজাতির সকল কর্মের মধ্যেই ভগবান ব্রহিয়াছেন। ভগবান ওধু নীরবতার মধ্যেই নাই, তিনি কর্মের মধ্যেও রহিয়াছেন: প্রকৃতির প্রভাব হইতে মুক্ত নিজিয় জীবের যে শান্তিপ্রবণতা এবং প্রকৃতির দারা পরিচালত জীবের যে কর্মপ্রবণতায় জগৎ যজ্ঞ, পুরুষ-যজ্ঞ সম্পন্ন হইতেছে এই ছুইটা পরস্পরের বিরোধী সত্য নহে, একটি সত্য অপরট মিখ্যা এরপ ভাবেও তাহাদের মধ্যে চিরবিরোধ নাই. একট উচ্চ, অপরটি নীচ, তাহাও নহে, একটির দারা অপরটির নাশ হইতে পারে সেরপ সম্ভাবনাও নাই। এই হুইটি ভাগবত লীলার ছুইটি দিক (double term)। তথু অক্ষরই তাহাদের পরিণতি আনিয়া দেশ না, অক্ষরই একেবারে খেষ্ঠ রহসা নহে। এখানে রুফ্রপে উপস্থিত পুরুষোত্তমের মধ্যে ছয়েরই বিকাশ হইয়াছে, ছইটির পরস্পারের সমন্বয় সাধিত হইয়াছে। 🕬 একই সময়ে শ্রেষ্ঠ, জগৎ সমূহের অধীশ্বর এবং অবতার। ্ৰ ভাগবত-ভাবাপন্ন মানৰ তাঁহার ভাগবত প্ৰকৃতিতে প্ৰৰেশ লাভ করিয়াছেন, তাঁহার মতই তিনিও কর্ম করিরেন: তিনি নিজেকে নৈষ্ঠের মধ্যে ছাড়িয়া দিবেন না। মাছুকের অজ্ঞানের মধ্যে ভগবান কার্য্য করিতেছেন জ্ঞানের মধ্যেও কার্য্য করিতেছেন। তাঁহাকে জানাই আমাদের আত্মার শ্রেষ্ঠ কল্যাণ এবং সিদ্ধিলাভের উপার, কিন্তু তাঁহাকে তুরু প্রকৃতির

জতীত নীরব ও শান্তিময় বলিয়া জানিলে ও ব্ঝিলে কিছুই ছইবে না। জনন্ত জজ ভগবানের রহস্য ধেমন ব্ঝিতে হইবে, তেমনই তাঁহার দিব্য জ্ব্য ও কর্মের রহস্যও ব্রিতে হইবে, জন্ম কর্ম চ মে দিব্যম্। এই জ্ঞান হইতে যে কর্মের উৎপত্তি তাহা সকল বন্ধন হইতে মৃক্ত। ভগবান বলিয়াছেন "এইরূপে বে আমাকে জানে সে কর্মের দারা বন্ধ হর না।" যদি কর্মের বন্ধন, বাসনা ও জ্ব্পচক্রান্তর ছইতে মৃক্তিলাভ আমাদের লক্ষ্য ও আদর্শ হয় তাহা হইলে এই জ্ঞানকেই মৃক্তির প্রকৃত প্রাশন্ত উপার বলিয়া ধরিতে হইবে, কারণ, গীতায় বলা হইয়াছে—

জন্ম কর্ম চ মে দিব্যমেবং ধো বেত্তি তত্ত্তঃ। ত্যক্ত্বা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোহর্জ্বন ॥ ৪।৯

হৈ অর্জুন, যিনি আমার এইরূপ জন্ম ও কর্ম ষথার্থরূপে জানেন, তিনি দেহ ত্যাগান্তে পুনর্জন্ম প্রাথ্য হন না; কিন্তু জামাকেই প্রাথ্য হন।" অজ, অব্যয় ভগবান সর্বভৃত্তের জাত্মা, দিব্য জন্মের জ্ঞানের ভিতর দিয়া তাঁহাকে লাভ করা ষায়; দিব্য কর্মের জ্ঞান ও সাধনের ভিতর দিয়া সর্বভৃতের জাবীশ্বরকে লাভ করা ষায়। তিনি সেই অজ ভগবানের মধ্যে বাস করেন; সর্কেশ্বরের কর্ম তাঁহার কর্ম্ম হয়।

পঞ্চন অধ্যায়

অবতারের সম্ভাবনা ও প্রয়োজন

ষে যোগে কর্ম এবং জ্ঞান এক হয়, জ্ঞানের সহিত কর্মকে বজ্জরপে অর্পণ করা হয়, যে যোগে সকল কর্মের পরিসমাপ্তি হয় জ্ঞানে, জ্ঞান কর্মকে সমর্থন করে, পরিবর্জিত করে, আলোকিত করে এবং জ্ঞান ও কর্ম উভয়ই সেই সর্বভৃতের হদিন্থিত, মানবর্রপে অবতীর্ণ সর্বজীব, সর্বকর্মের অধীশ্বর পুরুষোত্তমের উদ্দেশ্যে অর্পিত হয়—সেই যোগের কথা বলিছে বলিতে শ্রীকৃষ্ণ কথাছলে বলিলেন—

ইমং বিবস্থতে যোগং প্রোক্তবানজহমব্যমন্।
বিবস্থান্ মনবে প্রাহ্ মন্থরিক্বাকবেংব্রবীৎ ॥ ৪।১
আমি স্থ্যকে এই আদি প্রাচীন যোগ বলিয়াছিলাম,
স্থ্য মানবগিত। মন্থকে এবং মন্থ স্থ্যবংশের আদিরাজ্ঞ ইক্ষাকুকে এই যোগ কহিয়াছিলেন।

এবং পরম্পরাপ্রাপ্তিমিমং রাজর্বরো বিহু:।

স কালেনের মহতা যোগো নষ্ট: পরস্তপ ॥

স এবারং ময়া তে২ছ যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোহসি মে স্থা চেতি রহস্যং ছেতত্ত্তমম ॥ ৪।২৭৩

"রাজর্ষিগণ এইরপে পরস্পরাপ্রাপ্ত এই যোগ জানিয়া-ছিলেন। হে পরস্তপ, ইহলোকে তাহা কালবশে নষ্ট হইয়াছে। তুমি ভক্ত ও স্থা, এজন্ত আমি সেই পুরাতন জ্ঞান-যোগ জন্ম তোমাকে কহিলান; কারণ ইহাই উত্তম রহস্য।"

ইহাকে উত্তমরহস্য বলা হইল, অতএব বলা হইল ফে ইহা অন্তান্ত প্রকারের যোগ অপেকা শ্রেষ্ঠ। কারণ মহাস্থ প্রকারের যোগ নিরাকার ব্রহ্মে বা কোন সাকার দেবতার নিকট লইয়া যায়, হয় কঁৰ্মণৃত্ত জ্ঞানে যে মুক্তি নতুবা 🛫 জিতে মগ্ন থাকার যে মুক্তি তাহা লাভ হয়। কিন্তু, এথানে দে কোগের কথা বলা হইল তাহাতে শ্রেষ্ঠ রহস্য, এবং সমগ্র রইস্য লাভ হয়। ইহার দারা আমরা ভাগবত শান্তি এবং ভাগবত কর্মলাভ করি, পূর্ণ স্বাধীনতার মধ্যে ভাগবত জ্ঞান, ভাগৰত কৰ্ম, ভাগৰত আনন্দের অধিকারী হই: ধেমন ভগবানের শ্রেষ্ঠ সন্তার মধ্যে তাঁহার বিভিন্ন বিরোধী প্রকাশের সমন্তর হইরাছে, তেমনি ইহার মধ্যে অন্যান্য সমস্ত যোগেন পথই সন্মিলিত হইয়াছে। অতএক, গীতার এই যোগ কেব**ল** কর্মবোগ,--তিনটি পথের একটি পথ এবং নিরুষ্ট পথ একথা কেহ কেহ ধনিলেও বাস্তবিক পক্ষে ইহা শ্রেষ্ঠ যোগ, ইহা সমগ্র ও পূর্ণ, ইহাতে সকল পছার সমন্বর হইরাছে, ইহার দারা আমাদের সমস্ত শক্তিকে ভগবদ্ মুধী করা যায়।

ভগবান যে পরের পর যোগ শিক্ষা দানের কথা বলিলেন

অর্জুন ইহার লাধারণ বাহ্নিক অর্থই ধরিলেন (ইহার অঞ্চরকর। অর্থও করা বহেতে পারে) এবং জিঞানা করিলেন,—

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিৰম্বতঃ।
কথনেতদ্বিজানীয়াং অমাদো প্রোক্তবানিতি॥ ৪।৪৮

"তোনার জন্ম পরবর্তী এবং স্থোর জন্ম পরর্বী। অতথ্য তুমি যে প্রথমে স্থাকে এই যোগ বলিয়াছ, ইহা আমি কিরুপে বৃঝিব।"

শীরুষ্ণ এই বলিরা জবাব দিতে পারিতেন যে তিনি ভগবান, সমস্ত জ্ঞানের তিনিই উৎস,—ভগুবানই তাঁহার জ্ঞানের মূর্বি স্থ্যদেবকে তাঁহার বাক্য দিয়াছেন—ভর্গ সবিতার দেবস্য যোনঃ ধীয়ঃ প্রচোদয়াং। কিছু তাহা না করিয়া এই স্ক্রেবাগে অর্জুনকে তাঁহার শুপ্ত ইব্রুয়ের কণা বলিলেন; ইহার জন্য তিনি ইতিপূর্বে অর্জুনকে তথন প্রস্তুত করিয়া রাথিয়াছিলেন যথন তিনি নিজকে সকল বর্ষন-মূক কর্মীর ভাগবত আদর্শ বলিয়া উল্লেখ করেন—কিছু তথন কথাটা বেশ পরিকার করিয়া বলা হয় নাই। এথন তিনি ক্লাষ্ট বলিলেন যে, তিনি স্বয়ং অবতীর্ণ ভগবান, য়বতার।

গীতার শুক্রর কথা বলিবার সমর আমরা সংক্ষেপে অবতার-বাদের কথা বলিয়াছি; বেদান্তশিক্ষার আলোকে অবতারবাদ বেরপ ব্যা যার গীতা সেইভাবে উহা আমাদের নিকট উপস্থিত করিরান্তে, আমরা সংক্ষেপে ভাহাই বলিয়াছি। এখন এই অবভার-বাদ আমাদিগক্ষে আর একটু গভীর ভাবে দেখিতে হইবে এবং, বে দিবা জন্মের ইহা বাজিক নিদর্শন তাহার প্রকৃত অর্থ হৃদরক্ষ করিতে হইবে; কারণ, গীতার মূল শিক্ষার সহিত ইহা অঞ্চাপী ভাবে জড়িত। প্রথমে, গীতার গুরু নিজে বে ভাষার অবতারের করপ ও প্রয়োজনের কথা বলিয়াছেন আমরা তাহার উল্লেখ করিব এবং এই বিষয়ে অক্যাক্সন্থানেও যাহা বলা হইয়াছে বা সক্ষেত করা হইয়াছে তাহাও শ্রবণ করিব। ভগবান বলিলেন—

বহুনি মে ব্যতীতানি জন্মানি তৃব চাৰ্জ্ন।
তান্তহং বেদ স্কাণি ন অং বেখ পরস্তপ ॥
অজোহপি সন্নব্যরাক্মা,ভ্তানামীখরোপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠার সম্ভাবান্যাত্মনারা ॥
বদা বদাহি ধর্মক প্লানিভ্বতি ভারত।
অভ্যথানমধর্মক তদাঝানং ক্লাম্যহম্॥
পরিত্রাণার সাধ্নাং বিনাশার চ চ্ছুতান্।
ধর্ম সংস্থাপনার্থার সম্ভবানি যুগে বুগে ॥
জন্ম কর্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্তঃ।
ত্যক্ত্যা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোহর্জ্ক্র॥
বীতরাগভরক্রোধা মন্মরা মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপ্রা পূতা মন্ভাবমাগতাঃ॥
যে বথা মাং প্রপক্তত্তে তাংস্তবৈধ ভক্কাম্যহম।
মম বর্ম ক্রেভ্ডে মন্স্রাঃ পার্থ সর্বর্জনে । ৪০০১১

হৈ পরস্তপ অর্জুন, আমার ও তোমার বহুজন অতীভ স্ইরাছে। আমি সে সমুদার জানি কিন্তু, তুমি তাহা জান না।

আমি জন্মরহিত, অবিনশ্বর স্বভাব এবং প্রাণিগণের ঈশ্বর তাহা হইলেও আমি খীর প্রকৃতিতে অধিষ্ঠান করিয়া খীর মায়াবশত: আবিভূত হইরা থাকি। হে ভারত, ব্যন্ত ধর্মের প্লানি হয়, অংশের প্রাত্মভাব হয়, তথনই আমি সাপনাকে शृष्टि कति । नाधुनिरगत तकात खना, वृष्ट्यकातीनिरगत विनारमत জন্য এবং ধর্মস্থাপনের জন্য আমি বৃগে যুগে অবতীর্ণ হই। হে অর্জুন বিনি আমার এইরপ জন্ম এবং কর্ম বথার্থরপে জালেন তিনি দেহত্যাগান্তে পুনর্জনা প্রাপ্ত হন না; কি 🖥 আমাকেই প্রাপ্ত হন। আসক্তি, ভয় ও ক্রোধ শৃক্ত, মদেকচিত্ত হইয়া⁴আমাকে মাশ্রয় করিয়া, আত্মজ্ঞানে পবিত্র অনেক মহাত্মাই আমার ভাব. পুরুষোত্তমের ভাব পাইয়াছেন। বাহারা আমাকে বে ভাবে ভদ্দনা করে, তাহাদিগকে আমি আমার প্রেমে সেই ভাবেই গ্রহণ করি; হে পার্থ, মহুষ্যগণ সর্বতোভাবে আমার পথের অমুবর্ত্তন করিরা থাকে।"

কিন্তু, বেশীর ভাগ লোকই কর্মের সিদ্ধি প্রার্থনা করিরা ইক্রাদি দেবগণকে ভজনা করে, কারণ কর্মজ সিদ্ধি জ্ঞানবিরহিত কর্মের ফল খুব শীঘ্রই মন্থ্যলোকে ফলিয়া থাকে; বাছবিক ইহা শুধু এই জগতেরই। কিন্তু, পরনেশ্বরের উদ্দেশ্তে জ্ঞানের সহিত যক্ত করিয়া নাম্বরের মধ্যে যে ভাগ্বত জীবনের শৃষ্ঠি তাহা ইহা অপেক্ষা অনেক কঠিন; ইহার ফল উচ্চন্তরের এবং তাহা সহজে হৃদয়লম করা যায় না। অভএব, মন্থ্যকে গুণ কর্মের বিভাগ অম্বায়ী চাতুর্বর্ণ্য নীতির অম্বন্ধ করিতে হয় এবং এই নাংশারিক কর্মের ন্তরেই তাহার বিভিন্ন শুণের ভিতর দিয়া, ভগবানের সন্ধান করিতে হয়। কিন্তু শ্রীক্লফ বলিলেন যে, বদিও-শামি চাতুর্বর্ণ্য নীতি অনুসারে কর্ম করি এবং আমি এই নীতির স্ষ্টিকর্ত্তা তথাপি আমাকে অব্যয়, অক্লর, অক্তা বলিহা স্থানিও, কর্ম সকল আমাকে আসক্ত করে না, কর্মকলে আমার স্পৃহা, নাই।

ন মাং কর্মাণি লিম্পস্তি ন মে কর্মফলে স্পৃহা।

কারণ, ভগবান অক্ষররূপে এই অহঙ্কার ও প্রকৃতিজ্ঞাত। তথের এই ঘন্দের অতীত এবং পুরুষোত্তমরূপে তিনি কর্মের মধ্যেও সম্পূর্ণভাবে স্বাধীন। অতএব, ভাগবত কর্মের কর্মি-গণকে চাতুর্বপর্য নীতি অস্তৃদারে কর্ম করিবার সময়েও—উপরে বাহা রহিয়াছে তাহা জানিতে হইবে এবং অহঙ্কারের গণ্ডীর উপরে প্রমেশ্বরের সন্তার বাস করিতে হইবে।

ইতি মাং যোহভিজানাতি কৰ্মভিন্স বধ্যতে॥ ৪১১৪ ্ৰতাৰা কৃতং কৰ্ম পূঠেব্যুপি মুমৃক্ষ্ভিঃ।

কুরু কর্মের তন্মাৎ তং পূর্বৈরঃ পূর্ববতরং কুতম্।। ৪।১৫

"এইরপে যিনি আমাকে জানেন, তিনি তাঁহার কর্মের দারা বদ্ধ হন না। এইরপ জানিয়া পূর্কতন (জনকাদি) মুম্ক্রাও কর্ম করিরাছেন, অতএব তুমিও পূর্কতন সাধ্গণের কৃত পুরাকাল প্রবৃত্ত কর্মই কর।"

শীতার এই যে কথাগুলি এখানে উখিত হইল এগুলি দিবা
ক্ষিত্ব ভাগবত কর্মের স্বরূপের পরিচায়ক—পূর্ব প্রবন্ধে ইহার

নীতি সম্বন্ধে আমরা আলোচনা করিয়াছি। এই কথাগুলির পূর্বেই গীতা হইতে যে ক্লোকগুলি তুলিয়া আমরা অন্থবাদ করিয়াছি—ভাহাতে দিব্য জন্মের, অবতারের স্কর্প বর্ণনা করা হইয়াছে। কিন্তু আমরা ভাল করিয়া বলিয়া দিতে চাই ৰে শুধু জগতে ধর্ম রক্ষা, ধর্ম সংস্থাপনই অবতারের একমাত্র উদ্দেশ্য নহে; কারণ শুধু ধর্ম সংস্থাপন যথেষ্ট উদ্দেশ্য নহে, একজন্ औहे. कृष्ण बा वृद्धत व्यवजातित উচ্চতম मञ्जव नका नरह, किन्ह উচ্চতর প্রয়োজন ও লক্ষ্য সিদ্ধির জক্ত সাধারণ প্রয়োজনীয়, অবস্থা মাত্র। কারণ ভগবানের জন্মের চুইটি দিক আছে, একটি হইতেছে, অবতরণ, মানবরূপে ভগবানের জন্ম, মানব শরীর ও স্বভাবের মধ্যে ভাগবতের প্রকাশ, চিরস্তন অবতার; অপরটি হইতেছে আরোহণ, ভাগবত ভাবে মানবের জন্ম, ভাগবত প্রকৃতি ও চৈতক্তে মানবের উত্থান, মদ্ভাবমাগতা; ইহা **আত্মার** নৃতন জন্মে পুনজন্ম লাভ। এই ন<জন্ম সাধনের জন্তই অবতার এবং ধর্মসংস্থাপন। গীতার অবতারবাদের এই যে তুইটি দিক। রহিয়াছে তাহা অসতর্ক পাঠকের চক্ষতে পড়ে না, কারণ সাধারণ পাঠকেরা গীতার অর্থ তলাইয়া দেখিবার চেষ্টা করে না. দেখিবা-নাত্র সহজে যে অর্থ মনে আসে তাহাতেই সম্ভুষ্ট হয়: গীতার গোড়া টীকাকারেরাও ইহা ধরিতে পারে না, কারণ কোন বিশেষ মতবাদের সঙ্কীর্ণতাতে তাহার৷ প্রকৃত অর্থকে বিকৃত করিয়া দেখে। অথচ, অবতারবাদের সন্যক সার্থকতার জন্ত এই ছইটি দিকই প্রয়োজন। নতুবা, এই অবতারবাদ শুধু

একটা গোঁড়া মত, একটা সাধারণ কুসংস্থার বা কোন ঐতিহাসিক বা পৌরাণিক মহাপুরুষকে কল্পনার বলে ভগবান বলিয়া বর্ণনা করা ভিন্ন আর কিছুই হয় না; কিন্তু, গীতার শিক্ষা এইরূপ নহে, গীতার সমস্ত শিক্ষার ক্লায় এই অবতারবাদও গভীর আধ্যান্মিক ও দার্শনিক তল্পের উপর প্রতিষ্ঠিত এবং উত্তমম্ রহস্যম্, শ্রেষ্ঠ রহস্যেরই অন্তর্গত।

এইরপে মাহ্রবকে তুলিরা ভাগবত জীবনের মধ্যে লইরা বাইতে সাহায্য করিবার জন্মই মানবশরীরে ভগবানের অবতরণ। বিদি তাহা না হর, তাহা হইলে শুধু ধর্মসংস্থাপনের জন্ম ভগবানের অবতারের কোন প্রয়োজন নাই; কারণ ধর্ম, জারু, পাপপুণাের বিধান—এসকলের প্রতিষ্ঠা সর্ব্ধাকিমান পরমেশ্বর সকল নময়েই সাধারণ উপায়ের জারা সংসাধন করিতে পারেন—মহাপুক্ষ বা মহৎ আন্দোলনের ভিতর দিয়া, সাধু, রাজা এবং ধর্মো পদেষ্টাদের জীবন ও কর্মোর ভিতর দিয়া, এই সকল সংসাধিত হইতে পারে, বস্ততঃ শ্বরং ভগবানকে অবতীর্ণ হইতে হয় না।

মানবীর প্রকৃতির মধ্যে ভাগবত প্রকৃতির প্রকাশই অবতার, এইরপেই প্রীষ্ট, কৃষ্ণ, বৃদ্ধের অবতার—ইহার উদ্দেশ্ত এই যে থীষ্টছ, কৃষ্ণভ, বৃদ্ধের অন্থসরণ করিয়া মানবের নীতি, চিস্তা, ভাব, কর্মের অন্থনীলন হইবে এবং এইরপে মানব প্রকৃতি ভাগবত প্রকৃতিতে পরিবর্তিত হইবে। অবতার যে নীতি, যে ধর্ম সংস্থাপন করেন ইহাই ভাহার মূব্য উদ্দেশ্ত; থীষ্ট, বা কৃষ্ণ বা বৃদ্ধ কেন্দ্রভানে মারের মত দাড়াইয়া থাকেন—তাঁহার নিজের

ভিতর দিয়াই মাছুবের অপ্রসর হইবার পথ করিয়া দেন। এইজ্প্রই প্রত্যেক অবতার মহুবোর সমুখে নিজের জীবনের আদর্শই ধরিয়া থাকেন এবং প্রচার করেন বে তিনিই পথ, তিনিই প্রবেশের দার; তিনি আরও প্রচার করেন যে মানবরূপে তিনি ও ভগবান একই—বীশু বলিয়াছেন, মানবপুত্র তিনি এবং বে মুগীর পিতা হইতে তিনি অবতীর্ণ উভরেই এক; শ্রীকৃষ্ণ বলিয়াছেন মানবশরীরে তিনি, মায়ুধীন্ তমুনাপ্রিতম্ এবং দর্বভৃতের সূহদ, মহেশ্বর উভরেই এক ভগবান পুরুষোত্তমেরই প্রকাশ, দেখানে নিজ স্বরূপে প্রকাশ, এখানে মানবমূর্জিতে প্রকাশ।

অবতারের এই দ্বিতীয় এবং প্রকৃত উদ্দেশ্যই যে গীতাশিক্ষার সার তাহা গীতার কেবল এই অংশর ষথার্থ আলোচনা করিলেই ব্যা যায়; কিন্তু, শুণু এই অংশটি না ধরিয়া অক্সান্ত অংশও যদি বিবেচনা করা যায় তাহা হইলে ইহা আরও স্পষ্ট হয়। বান্তবিক গীতার প্রকৃত অর্থ বৃথিতে হইলে—কোন বিশেষ শ্লোক বা অংশকে স্বতন্ত্র ভাবে ধরা ঠিক নহে—অক্সান্ত শ্লোক বা অংশের সহিত মিলাইয়া, এবং সমগ্র শিক্ষার সহিত মিলাইয়া তাহার অর্থ করা সমীচীন। গীতা যে বলিয়াছে একই আত্মা সর্ব্বভূতে বিরাজমান, ঈশ্বর সর্বভূতের হদদেশে অবস্থিত—আমাদিগকে গীতার সেই শিক্ষা এখানে শ্ররণ করিতে হইবে; ঈশ্বর ও তাঁহার স্বাহির পরস্পরের সম্বদ্ধের কথা মনে করিতে হইবে, বিভূতির কথা গীতায় ষেরূপ ক্লোরের সহিত বলা হইয়াছে তাহাও মনে করিতে হইবে। গীতার শুকু যে ভাষায় নিজের নিঃস্বার্থ কর্ণের্মের

দৃষ্টান্ত দেথাইয়াছেন তাহাও লক্ষ্য করিতে হইবে—এই বর্ণনা মানবরূপী শ্রীরুক্ষ এবং জগতের ঈশ্বর উভরের পক্ষেই সমানভাবে শাটে; নবম অধ্যারের নিম্ন লোকটীর মত লোকগুলির মর্শ্বও গ্রহণ করিতে হইবেঃ—

অবজানন্তি মাং মৃঢ়া মাছ্ষীং তছুমান্ত্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্॥ ২০১১

"ভ্রাপ্ত ব্যক্তিগণ মাত্মবদেহধারী আমাকে অবজ্ঞা করে কারণ ভাহারা সর্বভূতের মহান ঈশ্বররূপ আমার পরম তত্ত্ব জ্ঞানে না।" অবতারের মর্ম্ম ব্ঝিতে হইলে এই সকল তথ্যের আলোকে আমাদিগকে গীতার নিম্নলিখিত ঘোষণাটী বুঝিতে হইবে,—

জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেক্তি তত্ত্বতঃ।

ত্যক্তবা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোহর্জ্মন ।

বীতরাগভর ক্রোধামন্মরা মামুপাঞ্রিতাঃ।
বহবো জ্ঞানতপদা পূতা মদ্ভাবমাগতাঃ।। ৪।১০।১১

"হে অর্জুন বিনি আমার এইরূপ জন্ম ও কর্ম বথার্বরূপে জানেন, তিনি দেহ ত্যাগান্তে পুনর্জন প্রাপ্ত হন না, কিছু আমাকেই প্রাপ্ত হন। আসক্তি, তন্ন ও ক্রোধশৃষ্ঠ মদেক চিত্ত হইয়া আমাকে আপ্রন্ন করিয়া, ভাষ-তপ্যার ঘারা পবিত্র অনেক মহাত্মাই আমার তাব পাইয়াছেন।"

এইরপ আলোচনা করিলে আমরা ভগবানের জন্মের প্রকৃত স্বন্ধপ ও উদ্দেশ্য ব্ঝিতে পারিব; ব্ঝিব যে এই অবভার বা দিব্য জন্ম একটা বিদ্ধির অনোকিক ফটনা নহে—অগং- বিকাশরণ সমগ্র ব্যাপারের মধ্যে ইহারও নির্দিষ্ট স্থান স্মাছে;
নতুবা আমরা ইহার দিব্য রহস্য ব্ঝিতে পারিব না, হরত
সামরা একেবারেই এই অবতার তত্তকে উড়াইয়া দির স্থাবা,
অস্কভাবে কিছু না ব্ঝিরাই ইহাকে মানিয়া লইব এবং বর্ত্তমান
মুগে মাছ্য গভীর চিস্তা না করিয়া মোটাম্টি অবতার তত্তকে
ব্ঝিতে হাইয়া যে সব ভুল করে আমরাও সেই ভুলে পতিত হইব।

প্রাচ্য হইতে যে সকল ভাব পাশ্চাত্য দেশে বাইতেচে তাহাদের মধ্যে এই অবতারতত্ত্ব পাশ্চাত্য বৈজ্ঞানিক বৃদ্ধিতে বুঝা বড়ই কঠিন। বৈজ্ঞানিকগণ হয় অবতারবাদকে অন্ধ কুসংস্কার বলিয়া উড়াইয়া দেয় নতুবা ইহাকে রূপক মাত্র বলিয়া গ্রহণ করে—তাহাদের মতে যে সকল মহুষ্য বিশেষ শক্তি, প্রতিভা বা কর্ম্ম দেখায় তেমন লোককেই সাধারণে অবতার বলিয়া থাকে। জড়বাদিগণ অবতার তত্ত্বকে আমল্ট দিতে পারে না; কারণ, তাহারা ভগবানের অন্তিত্বই স্বীকার करत ना । यहाता क्रेश्वतक जगर इहेट मण्णूर्न भूषक जात দেখেন (Deists Dualists) তাঁহারা ভগবান যে মাতুষ হন একথা অনিরা উড়াইয়া দেন। তাঁহাদের মতে ভগবান যদি থাকেন তাহা হইলে তিনি বিশের উপরে অথবা বাহিরে আছেন এবং তিনি সংসারের ব্যাপারে কোনক্রপ হস্তক্ষেপ করেন না, বাঁধা নিয়ম কাছনের বলে জগতের কার্য্যাবলী পরিচালিত হয়,—বস্তুত তিনি একজন দূরবর্তী রাজার নত. বড় জোর তিনি প্রকৃতির ক্রিয়াশীলতার পশ্চাতে উন্নাসীন

নিচ্ছির, আত্মা মাত্র, সাংখ্যের সাক্ষীর মত; তিনি পবিত্র আছা, ভাহার পক্ষে শরীর ধারণ সম্ভব নহে, তিনি অনস্ত, মামুধ যেমন সাম্ভ, তিনি তেমন সাম্ভ হইতে পারেন না. তিনি চির অজ, স্ষ্টেকর্তা—তিনি কখনও স্ট্জীবরূপে জগতে জন্ম গ্রহণ করিতে পারে না ;—ভিনি সর্বশক্তিমান হইলেও—এ সকল তাঁহার পক্ষেও সম্ভব নহে। বৈতবাদীরা আরও আপত্তি ভুলেন যে ভগবানের স্বরূপ ও ব্যবহার মনুষ্য হইতে সম্পূর্ণ ভাবে ভিন্ন ও স্বতম্ব; যিনি পূর্ণ, মন্থব্যের অপূর্ণতা তাহাতে সম্ভব নহে; অজ পুরুষ ঈশ্বর কথনও মাহুষের আকারে জন্ম গ্রহণ করিতে পারেন না, যিনি সমগ্র জগতের নিয়ামক তিনি কথনও প্রকৃতির অধীন মানবীয় কর্মের মধ্যে বন্ধ হইতে পারেন ना, धरमगील मानवगतीरतत मर्या वक रहेरा शास्त्रन ना। এই সকল আপত্তি শুনিবামাত্রই খুক বড় বলিয়া মনে হয়। গীতার গুরুর মনেও যে এই আপত্তিগুলি উঠিয়াছিল তাঁহার নিম্নলিখিত কথাগুলি হইতেই তাহা বেশ বুঝা যায় —

অজোহপি সন্নব্যরাত্মা ভূতানানীশ্বরোহপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠার সম্ভবাম্যাত্মমার্রা ॥ ৪।৬
অবজানন্তি মাং মূঢ়া মান্ত্রীং তন্ত্রমান্ত্রিতন্।
পরং ভাবমজানুতা মম ভূতমহেশ্বরম্ ॥ ৯।১১
চাতুর্বর্নিং মরা স্টং গুণ কর্ম বিভাগশং।
তস্য কর্বাব্যবিশ্ব মাং বিদ্ধাক্র্বাব্যব্যা ॥ ৪।১৩

"অনি জন্ম রহিত, অবিনশ্বর এবং প্রাণিগণের ঈশব : তাহা

ইলেও আমি বীর অফুভিতে অধিষ্ঠান করিয়া বীর নাম। বশতা আবিভূতি হইয়া থাকি।"

"মূছগণ সর্বভ্তের মহান্ ঈশ্বরপ আমার প্রম তত্ত্ব না জানার মাছ্যদেহ্ধারী আমাকে অবক্তা করে।"

"আমি গুণ ও কর্মের বিভাগে, চাতুর্বর্ণ্য স্কট করিয়াছি; আমাকে ভাহার কর্তা বলিয়া জানিও, অব্যয় অকর্তা বলিয়াও জানিও"—ভাগৰত চৈভক্তের কর্মের মধ্যে তিনি চাতুর্বর্ণ্যের স্কট-কর্তা এবং সংসারের সকল কর্মের কর্তা, আবার ভাগকত চৈভক্তের নীরবতার মধ্যে তিনি ভাহার প্রকৃতির কর্মের নিরপেক জ্ঞা—কারণ তিনি সকল সমরে নীরবতা ও কর্ম উভরেরই উপরে, তিনি প্রেচ প্রক্ষোভ্যা। গীতা এই সমস্ত আপত্তিরই ওওন করিতে এবং এই সকল বিরোধের মীমাংসা করিতে গারিয়াছে, কারণ গীতা জগৎ ও ঈশ্বর সম্বন্ধে বেদান্তের মভ

কারণ, বেদান্তের মতে এই সকল আপত্তি ও বিরোধের কোন ভিত্তি নাই। বেদান্তের মতের কল অবতারবাদ অবজ্ঞ প্রান্ধেনীয় নহে বটে তথাপি ইহা বেদান্তের সম্পূর্ণ যুক্তিযুক্ত মতবাদের মধ্যে সহল ও স্বাভাবিক ভাবেই আসিরা পড়ে। কারণ এই মতাজ্সারে সমন্তই ভগবাম, আত্মা স্বয়ন্ত, কল, একমেবাদিতীয়ন—ইহা ছাড়া আর কিছুই নাই, থাকিতে পাবে না, প্রকৃতি ভাগবত চৈতক্তেরই শক্তি এবং ইহা ভর আর কিছুই ইইতে পারে না; সকল জীবই ভগবানের বাহিক ও জাজ্যকরীন

আত্মমূর্ত্তি ও শারীরিক মূর্ত্তি ভাগবত চৈতক্সের শক্তি হইতেই উৎপন্ন অথবা তাহার মধ্যে অবস্থিত। অনস্কের পক্ষে সান্তভাব গ্রহণ করা অসম্ভব ভানহেই, সমন্ত বিশ্বই ইহা, ভিন্ন আৰু, কিছু নহে: আমরা যে ভাবেই দেখি না কেন. বে জগতে আমরা বাস করি তাহার কোণাও ইহা ভিন্ন আর কিছুই নাই। আত্মার পক্ষে আকার গ্রহণ করা, অথবা দেহ ও মনের সহিত সম্বন্ধযুক্ত হওরা অসম্ভব ত নহেই, পরস্ক এইরূপ সম্বন্ধের দ্বারাই জ্গৎ টিকিয়া আছে। এই জগৎ শুধু চৈতক্তহীন অন্ধ নিয়মের থেলা নহে, জগতের বাহিরে কোন চৈতক্স বা আত্মা 🖦 😜 উদাসীন সাক্ষীভাবে বসিয়া নাই. সমগ্র জগৎ এবং জগতের প্রতি অণু পরমাণু ভাগবত শক্তির ক্রিয়া ভিন্ন আর কিছুই নহে, এবং সেই শক্তি জগতের প্রত্যেক গতি ও ক্রিয়া পরিচালন করে, জগতের প্রত্যেক শরীরের মধ্যে বাস করে. প্রত্যেক শরীর ও মনকে अधिकात करत: मकलाई छगवात्मत मर्गा आहि. मकलाई ठांतरे मर्पा ह्यारकता करत. ठांशांतरे मर्पा खीवन वाशन करत: তিনি সকলের মধ্যে আছেন সকলের ভিতর দিয়া কর্ম করেন এবং নিজের স্বরূপ প্রকাশ করেন; প্রত্যেক জীবই ছদ্মবেশী নারারণ।

অজ ভগবানের পক্ষে জন্মগ্রহণ অসম্ভব হওয়া দূরের কথা, সমস্ত জীব ব্যক্তিগত ভাবেই অজ আঝা, সকলেই আদিঅস্তহীন সনাতন, তাঁহাদের গৃঢ় সন্ধায় সকলেই সেই এক আঝা বাঁহার পক্ষে জন্ম ও মৃত্যু বাহিক আকার পরিগ্রহ এবং পরিবর্ত্তনের লক্ষণ মান। বিনি পূর্ম (Perfect) তিনি কেমন করিয়।

অপূর্ণতা (imperfection) পরিগ্রহ করিতে পারেন ইহাই বিশ্বপ্রপঞ্চের পরম রহস্যমর ব্যাপার; কিন্তু, যে মুন ও শরীর পরিগৃহীত হয় তাহার আকার ও কর্মেই অপূর্ণতা দোষ বিরাজমান—ঘিনি এইসব পরিগ্রহ করেন তাঁহাতে কোন অপূৰ্ণতা নাই, যেমন সূৰ্য্য যে আলো দেয় তাহাতে কোন লোষ নাই, যাহার যেমন চক্ষু সে তেমনই আলো দেখিয়া থাকে, বিভিন্ন ব্যক্তির চক্ষতে অপূর্ণত। বা দোষ থাকে। ভগবান কোনও দূর স্বর্গ হইতে যে এই বিশ্ব জগৎ পরিচালন করেন তাহাও নহে, সর্মত্র নিবিড় ভাবে বিরাজিত থাকিয়াই জগৎ পরিচালন করেন; শক্তির যে সব সদীম ক্রিয়া সে সবই এক অনম্ভ শক্তিরই ক্রিয়া, দে দব কোন সীমাবদ্ধ, স্বতম্ভ শক্তির ক্রিরা নহে, সুবই সেই এক অনন্ত শক্তি হইতে উদ্ভত; ইচ্ছা ও জ্ঞানের প্রত্যেক সদী। ক্রিয়াতেই অনম্ভ সর্ব-ইচ্ছা এবং সর্ব-জ্ঞানের ক্রিরা দেখিতে পাওরা যায়। ভগবান কোন দূরদেশে জন্মতের বাহিরে থাকিয়া জগৎ পরিচালন করেন না: তিনি সকলের অতীত বলিয়াই সকলকেই পরিচালনা করেন. কিন্তু. আবার তিনি সকল ক্রিয়ার মধ্যেই পরমান্মারূপে আছেন বলিয়াও সকলকে পরিচালনা করেন। অতএব, আমাদের বৃদ্ধি অবতারের সম্ভাবনার বিরুদ্ধে যে সকল আপত্তি তুলিয়া থাকে সে সকল ভিত্তিহীন। কারণ আমাদের বৃদ্ধি যে. (অনম্ভ ও সান্তের, পূর্ণ ও অপূর্ণের) মিথ্যা বিভাগ করিয়া থাকে তাহু ব্দগতের প্রতি ঘটনার, প্রতি সত্যের বিরোধী।

কিন্তু, সম্ভাবনার কথা ছাড়িয়া দিলেও এই এর উঠে যে বাত্তবিকই কি এইরূপ ঘটিয়া থাকে ? বাত্তবিকই কি ভাগবভ চৈত্র আবরণের অস্তরাল হইডে বাহির হইয়া সাকাৎভাবে বাছজগতে, মানসিক ও জড় জগতে, সদীমের মধ্যে, অসম্পূর্ণের মধ্যে কার্য্য করিয়া থাকে ? প্রকৃত পক্ষে সসীম আর কিছুই নছে. নিজের বিভিন্ন চৈতন্যের সন্মুখে অনন্তের আত্মপ্রকাশই দসীম; কাৰ্য্যতঃ সদীম ৰে ভাবেই প্ৰতীয়মান হউক বস্ততঃ প্ৰত্যেক সসীমই নিজ সন্তার অসীম অনস্ত। মাসুযকে আমরা ভাল করিয়া দেখিলেই ব্ঝিতে পারি যে মামুষ একেবারে স্বতন্ত্র সম্পূর্ণ ভাবে বিচ্ছিন্ন ব্যক্তি নছে, কিন্তু, বিশেষ শরীর ও মনের ভিতর মানব-লাভিরই প্রকাশ; তেমনই মানব জাতিও কোন সম্পূর্ণ ছতন্ত্র कां जिल्हा है है। विचेत्र होते. विरचच दिल्ल मानवकां जिल्ला है। আত্মপ্রকাশ। দেখানে এই বিশ্বসভা নিজেকেই বিকাশ করে এবং ভাহাই আত্মা (Spirit)

কারণ আত্মা, (spirit) বলিতে আমরা বাহা ব্রি তাহা এই,—নিজের অন্তিম্বের জন্ত আত্মা (spirit) আর কাহারও উপর নির্ভর করে না, ইহার সন্তার অনস্ত চৈতন্ত শব্দি রহিরাছে এবং ইহা নিজের আনিন্দেই ভরপ্র; হয় ইহা এরূপ নত্বা ইহা কিছুই নর, অন্ততঃ মামুষ ও জগতের সহিত ইহার কোন সম্পর্কই নাই। চেতনসন্তার শক্তি প্রিভৃতঃ হইরাই শরীর, জড় উৎপর হইরাছে—চৈতন্ত যে ইক্রিয়ের ভিতর দিয়া বিভিন্ন দিকে, বিভিন্ন ভাবে কার্য্য করিবে ভাহার

জন্তই শরীর: জড়ও প্রকৃত পক্ষে কোথাও চেতুলাহীন নহে. কারণ, বর্ত্তমান বিজ্ঞানই স্পষ্টভাবে স্বীকার করিতে বাধ্য হইগাছে বে প্রত্যেক অণুতে (atom), প্রস্তোক কোবে (cell) একটা ইচ্ছাশক্তি, একটা বৃদ্ধি ক্রিয়া করিতেছে। কিছ সেই শক্তি, সম্বনিহিত আত্মার, ভাগবতেরই ইচ্ছাশক্তি ও বৃদ্ধি; কোৰে ও অণুতে যে চেতনা শক্তি, ইচ্ছাশক্তি, তাহা তাহাৰ निषय, चठव मंकि नरह। এই यে विश्ववानी देव्हामंकि. বোধশক্তি সর্বত্র নিহিত রহিয়াছে ইহা বিভিন্ন আধারে বিভিন্ন ভাবে বিকাশ লাভ করিয়াছে এবং অন্ততঃ পৃথিবীতে ইহা মাম্ববের মধ্যেই শ্রেষ্ঠ বিকাশ লাভ করিয়াছে – মাম্ববের ভিতরে বে বিকাশ তাহাই পূর্ণ ভাগবতের সর্বাপেকা অধিক সাযুক্তা লাভ করিয়াছে এবং প্রথমে মামুষই অস্পইভাবে নিজের ভাগবত সত্তা উপলব্ধি করিয়াছে। কিন্তু এথানেও বাধা আছে, এগানেও বিকাশের সেই অসম্পূর্ণতা আছে ধাহার জন্ম বিষ্ণ স্তরের আধারে ভগবানের দহিত একায়তা উপলব্ধি হয় না। কারণ, প্রত্যেক স্থীম স্ত্রাতেই তাহার বাহিরের কর্মে বেমন অসম্পূর্ণ আছে তেমনই তাহার বাহিরের চৈতন্তেও অসম্পূর্ণতা আছে এবং ইহা হইতেই জীবের স্বরূপ নিরূপিত হয় ও এইরূপেই জীবের সহিত জীবের বিভিন্নতা হয়। সত্য বটে যে ভাগবত শক্তি পশ্চাৎ হইতে কৰ্ম করে এবং এই বাহ্যিক অদম্পূর্ণ চেতনা ও ইচ্ছার ভিতর দিয়া ইহার বিশেষ বিকাশ সম্পন্ন করে কিন্তু ইহা নিজে গৃহায়াম্ (বেদ)

শুহার ভিতর নৃক্ষায়িত ; অথবা গীতায় বেমন বলা হইয়াছে— জীবনঃ সর্বভ্তানাং হদ্দেশেহর্জুন তিষ্ঠতি।
ভাময়ণ্ সর্বভ্তানি যন্ত্রাক্যানি মার্যা॥ ১৮/৬১

"ঈষর সর্বভ্তের হদরে অবস্থিত থাকিয়া স্বীয় মায়া প্রভাবে সর্বভ্তেকে যদ্রারুঢ়ের স্থায় পরিভ্রমণ করাইতেছেন।" ভগবান এই যে জীবের হদরে গুপ্ত থাকিয়া অলক্ষ্যে তাহার প্রাক্ত চৈতক্তের ভিতর দিয়া কর্ম্ম করেন অথচ এই অহন্ধারাচ্ছন্ন প্রাক্ত চৈতক্ত কিছু ব্ঝিতে পারে না—জীবের সহিত ভগবানের সর্বঅই এইরপ ব্যবহার। তবে কেন আমরা ধরিতে যাইব যে কোন বিশেষ আধারে তিনি অন্তর্নাল হইতে সম্মুখে আসেন, বাহ্য চৈতক্তের মধ্যে আসন এবং তথন আরও সাক্ষাৎভাবে ও সম্ভানে ভাগবত কর্ম্ম সম্পাদিত হয় ? ভগবান ও মান্তবের মধ্যে যে অন্তর্নাল (veil) বহিয়াছে এবং সীমাবদ্ধ আমুশ্ব মাহ্য নিজে সরাইতে পারে না, তাহা উত্তোশন করাই যে ইহার প্রকৃত উদ্দেশ্য তাহা স্পষ্টই ব্রাষাইতেছে।

গীতা বলে, জীব সাধারণতঃ যে অসম্পূর্ণ ভাবে কর্ম করে, ভাহার কারণ জীব প্রকৃতির প্রফ্রিয়ার বশ এবং মায়া তাহার জ্ঞানকে স্বায়ত করিয়া রাথে। প্রকৃতি ও মায়া, ভাগবত চৈতন্তের একই কার্য্যকরী শক্তির গুইটি ভাব ভিন্ন আর কিছুই নহে। মূলতঃ মায়া ভ্রম (illusion) নতে (ত্রিগুণময়ী অপরা প্রকৃতির স্ম্জ্ঞান হইতেই মায়ার ভ্রম উৎপন্ন), ভাগবত চৈতক্ত

বিভিন্নভাবে নিজেকে নিজের সমূথে ধরিতেছে, আত্মপ্রকাশ করিতেছে—ইহাই মানা; এই সকল বিভিন্ন আত্মপ্রকাশকে হভাব ও স্বধর্মত কার্য্যে পরিণত করা যাহার কাজ, ভাগবত চৈতত্তের সেই কার্য্যকরী শক্তিই প্রকৃতি।

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিস্জামি পুনঃ পুনঃ।

ভূতগ্রামমিমং ক্লংস্কমবশং প্রকৃতের্ব শাং র ১৮

"আমি আমার নিজের প্রকৃতির উপর চাপিয়া প্রকৃতিশপরবশ এই সকল ভূতগণকে বারংবার সৃষ্টি করি।" মানকশরীরে অবস্থিত ভগবানকে বাহারা জানে না তাহাদের এই সজ্ঞানের কারণ এই যে তাহারা প্রকৃতির এই প্রক্রিয়ার সম্পূর্ণ কশ এবং তাহারা আমুরিক স্বভাবের মণ্যে বাস করে; এই সামুরিক স্বভাব বাসনা ও অহঙ্কারের দারা তাহাদের বৃদ্ধিকে বিভান্ত করিয়া ভূলে, মোহিনীং প্রকৃতিং আশ্রিতাং। কারণ, দাহিত পুরুষোভ্তমকে সকলেই সহক্রে দেখিতে পার না তিনি নিজেকে গভীর অন্ধকার মেঘের অন্তর্রালে অথবা উজ্জ্ঞান নাকেকে সম্পূর্ণভাবে আবৃত করিয়া রাথেন, বোগমারার দারা নিজেকে সম্পূর্ণভাবে আবৃত করিয়া রাথেন। * গীতার বলা হুইয়াছে—

ত্রিভিপ্ত শমরৈভাবৈরেভিঃ স্ক্রিদং জ্বপং। মোহিতং নাভিজানাতি মানেভাঃ প্রশ্বর্ম ॥ ৭।১১

बाहर श्रकामः मक्त्य यागमात्रा ममावृष्टः ।

নৈবী হোৰা গুণমন্ত্ৰী সম মারা হুরত্যরা : মাসের বে প্রণগুল্কে মারামেতাং তরন্ধি তে॥ ৭১৪ ম মাং হুম্বতিনো মূচাং প্রণগুল্কে নরাধ্যাং। মার্যাপহ্তজ্ঞানা আহুরং ভাবমান্ত্রিতাং॥ ৭১১৫

এই তিবিধ গুণমন্ব তাৰ সকলে মোহিত হওরার, জগতীস্থ জনগণ আনাকে, জানিতে পারে না। কারণ, এই তিগুণমনী আনার মারা বড়ই ছন্তরা; বাঁহারা আমার শরণাপর হন. জাঁহারা এই মারা অতিক্রম করেন। পাপ-পরারণ বিবেক শৃল্প নরাধমগণ আমার ভজন করে না; তাহাদের জ্ঞান সান্ধা কর্ত্ব অপহত হয়।" অর্থাৎ ভাগবতের জ্ঞান সকলের মণ্যেই গুলুহেপ্রাত ভাবে রহিয়াছে, কারণ, সকলের মধ্যেই ভগনান বাস করিতেছেন; কিন্তু তিনি সেখানে মারার ঘারা আর্ত হইলা রহিরাছেন এবং প্রকৃতির ক্রিয়ার হারা, মারার ক্রিয়ার হারা এই মূল আত্মজান অপহত হয়, অহলারের ভ্রমে পরিণত কয়। জ্ঞাপি মাহ্য প্রকৃতির ক্রিয়া হইতে নিজেকে প্রত্যাহার করিয়া, প্রকৃতির অন্তর্নিহিত গুপু প্রভুর দিকে ফিরিলে ভগবানকে

এথানে ইহা লুক্ষ্য করিবার বিষয় যে গীতা সাধারণ জীবের জন্ম যে ভাষায় বর্গনা করিয়াছে তাহারই বিশেষ প্রয়োজনীয় স্বল্প একটু পরিবর্ত্তন করিয়া ভগবানের অবতারের কথাও বর্ণনা করিয়াছে। ভগবান কেমন করিয়া সাধারণ জীবের জন্ম দেন সে সম্বন্ধে পরে বলা হইবে—

প্রকৃতিং স্বামবন্টভা বিক্সামি পূনঃ পূনঃ। ভূত গ্রামমিনং কুংলমবশৃং প্রকৃতেব শাৎ ॥ ॥৮

এখানে বলা হইতেছে—

প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়ন্তা।

"বীর প্রকৃতিতে অধিষ্ঠান করিয়া স্বীয় মারার বারা স্বামি আছি ত হইয়া থাকি।" আহানম স্জামি, (I loose forth myself) আমি আপনাকে সৃষ্টি করি। পূর্ব স্লোকে ব্যবস্থত ''অবষ্টভ্য" কথার দারা এই বোঝায় যে উপর হইতে নীচের দিকে এমন সজোৱে চাপ দেওয়া বাহাতে অধিকৃত বস্তুটি তাহার সমন্ত গতি ক্রিয়ায় সম্পূর্ণভাবে নির্জ্জিত, নিপীড়িত, সীমাবদ্ধ হয়, সম্পূর্ণভাবে উপরের বস্তুর বশ হইয়া পড়ে, অবশম বশাৎ ; প্রকৃতি এই প্রক্রিয়ায় কলের (mechanism) মত কাজ করে এবং জীব সকলের নিজেদের কোন প্রভূত্ব থাকে না, এই কলের বলে অবশ হইরা কার্য্য করে। অক্তদিকে, "অধিষ্ঠায় শব্দের অর্থ সম্পূর্ণ বিভিন্ন, ইহার অর্থ প্রকৃতিতে বাস করা কিন্তু, প্রকৃতির উপর দাঁড়াইয়া থাকিয়া সজ্ঞানে অধিষ্ঠাত্রী দেবতারূপে প্রকৃতির কার্য্য প্রবিচালনা করা-ইহাতে পুরুষ অজ্ঞানের বশে অবশ্ ভাবে প্রকৃতি কর্ত্তক চালিত হয় না, বরং প্রকৃতিই পুরুষের জ্ঞান ও ইচ্ছায় পূর্ণ হয়। অতএব, সাধারণ জন্মে যাহা স্ট হয় তাহা ভূতগ্রামম্, ভূত সকল; দিবাজমে যাহ। আবিভূত হয় তাহা, আতানিষ্।

কারণ, বেদান্ত আত্মা ও ভূতানি এই হয়ের যে প্রভেদ করিয়াছে পাশ্চাত্য দর্শনও সেই প্রভেদ করিয়াছে Being এবং তাহার becomings। উভয় কেত্রে মায়াই জন্মের বা আত্ম-প্রকাশের উপায় (means), কিন্তু, দিব্য জন্মে ইহা হইতেছে আত্মমার্যা, স্বীয় মারার দ্বারা, অজ্ঞানের বে নীচ মারা তাহার দারা বাধ্য হইয়া নহে, ইহা হইতেছে স্বয়ম্ভ ভগবাদের সজ্ঞানে জাগতিক ব্যাপারের মধ্যে আত্মপ্রকাশ, এই মানার ক্রিয়া ও উদ্দেশ্য সম্পূর্ণভাবে তাঁহার বিদিত। গীতা অন্সত্র ইহাকেই যোগু-ষায়া বলিয়াছে। সাধারণ জন্মে ভগবান এই যোগনায়ার দারা নিজেকে নিম্ন চৈতন্ত্র (Lower consciousness) হইতে লকাইয়া রাথেন এবং এইরূপে ইহা আমাদের পক্ষে অজ্ঞানের ষম্ভস্করপ হয়, অবিভামায়া; কিন্তু, এই একই যোগমায়া আবার আমাদিগকে আত্মজ্ঞান লাভ করায়: আমরা ভগবতজ্ঞানে कितिया चानि, हेश छात्नत यञ्चयक्रण रुप्त, विणा-माया ; निवा कत्म हेश এইরূপেই কার্য্য করে--- সাধারণতঃ যে সব কার্য্য অজ্ঞানের বশে করা হয় ইহ। সেই সকল কার্য্যকে জ্ঞানের দার। আলোকিত ও পরিচালিত করে।

গীতার ভাষা কুইতে ব্ঝা যায় যে দিব্য জন্ম হইতেছে ভগবানের সজ্ঞানে মানব্রপে জন্মগ্রহণ করা এবং মৃলতঃ সাধারণ জন্মের বিপরীত, (মদিও একই উপায়ের ঘারা ত্ইটিই সংঘটিত হইরা থাকে,) কারণ ইহা অজ্ঞানের মধ্যে জন্মগ্রহণ নহে, পরস্ক জ্ঞানেরই জন্মগ্রহণ, ইফা শারীরিক ব্যাপার নহে পরস্ক আত্মার

জন্ম। এইরূপে স্বপ্রতিষ্ঠ আত্মা ভূতরূপে নিজের পরিণতি সঞ্জানে নিগমিত করিয়া, অজ্ঞাননেবে আগ্রজ্ঞান না হারাইয়া জন্মগ্রহণ করেন। এথানে আত্মা প্রকৃতির অধীশ্বর রূপেই শরীরে দম্মগ্রহণ করেন, প্রকৃতির উপর দাড়াইয়া তাহার ভিতর সাধীনভাবে নিজের ইচ্ছার ঘারা কর্ম করেন, প্রকৃতির ঘারা সম্পূর্ণভাবে, বদ্ধ হইয়া ঘূর্ণীয়মান হন না; কারণ এথানে তিনি জ্ঞানের সহিত কর্ম করেন, অক্তান্ত কেত্রের ক্রায় সজানের বশে কর্ম করেন না। সকলের মধ্যে যে আত্মা ্ওপভাবে রহিয়াছে এবং গোপন স্থান হইতে সমস্ত পরিচালনা করিতেছে, দিবাজম্মে তাহা সম্মুখে আসিয়া মানব্যুর্তিকে ভগবদ্তাবেই অধিকার করে; সাধারণ জন্মে ইহা অন্তরালের তিত্রে ঈশ্বরূপে থাকে এবং সেথানে অন্তরালের বাহিরে ষে চৈতনা তাহা প্রকৃতি কুর্তৃক অধিকৃত, আত্মজ্ঞানহীন, কর্ম্মে বন্ধ জীব। অতএব, প্রমাত্মা শ্রীকৃষ্ণ কর্ত্তক মানবত্বের ভিতর ভাগ্রতভাবের সাক্ষাৎ প্রকাশই অবতার *: মান্বত্বের শ্রেষ্ঠ নিদর্শন, বিভৃতি অর্জ্ঞনকে গুরু এই ভাগবত অথস্থায় উঠিবার কণাই বলিয়াছেন: তাঁহার সাধারণ মানবোচিত ক্ষুদ্রও অজ্ঞান ষ্মতিক্রম করিতে না পারিলে এ অবস্থায় উঠা সম্ভব নছে। শানাদিগকে নীচে হইতে যাহার বিকাশ করিতে হইবে উপর

অবতার শব্দের অর্থ নামিয়া আসা, যে রেথা ভাগবতকে মানবী" কর কৃইতে পৃথক করিতেছে সেই রেথার নীচে নামিয়া আসাই অবতার ।

হইতে তাহার প্রকাশই, অবভার; মানবের বে দিব্য ক্ষমে আমাদের মত মরজগতের জীবগণকে উঠিতে হইবে, তাহাতে ভগবানের অবভরণই, অবভার; সর্বাজস্কর মানবত্বের ভিতর প্রকটিত এই মনোহর দিব্য আদর্শ ভগবান মাছবের সন্মুখে ধরিয়াছেন।

বোড়শ অধ্যায়

चरछत्रप्त द्यनानी

মান্নবের জন্ম গৃঢ় রহস্কময় 🕴 আমরা দেখিলাম গীতার মতে ভগবানের মানবরূপে অবতরণ এই রহস্তেরই আর একটা দিক.— অবতারে ভগবান মানবরূপ গ্রহণ করেন, মহুষ্যজন্মও মূলত: ভগবানের মানবরূপ গ্রহণ ভিন্ন আর কিছু নহে। প্রত্যেক মানবেরই দনাতন, সর্ব্যগত আত্মা ভগবান, এমন কি মান্নবের ব্যষ্টিগত আত্মা, জীবাত্মাও ভগবানের সংশ, মমৈবাংশ,—অবস্ত এই অংশ ভগবানের থণ্ড বা ভগ্নাংশ নহে, কারণ ভগবানকে খণ্ড থণ্ড করিয়া ভগ্ন বা বিভক্ত করা যায় না ইহা দেই এক পূর্ণ চৈতক্সের আংশিক চৈতক্স, দেই এক শক্তির আংশিক শক্তি, এক বিরাট আনন্দের বিশ্বলীলায় আংশিক আনন্দ, অত্এব বিশ্বলীলার জন্ত সেই অনন্ত অসীম সত্তার সীমার ভিতর, গঁণীর ভিতর আত্মপ্রকাশই জীবাত্মা। এই জ্সীমতার চিহ্ন হইতেছে জ্ঞান, অবিদ্যা, এই অফ্লানের বশে মান্ত্র ভূলিয়া ৰায় যে সে ভগবান হইতেই আসিয়াছে, এমন কি ভাহার হৃদয়ের মধ্যে অপ্রভাবে যে ভগবান রহিয়াছেন, ভাহারই

মানবচৈতক্তের মন্দিরে আচ্ছাদিত বহ্নির ক্তায় জলিতেছেন তাহাও সে ভূলিয়া যায়।

মাত্রৰ অজ্ঞান কারণ যে প্রকৃতি বা মান্তার দ্বারা ভগবানের অনস্ত সন্ত্রা হইতে সে বহির্গত হইয়াছে, সেই মায়ার ছাপ তাহার অস্তরাত্মার দৃষ্টিতে, তাহার ইন্দ্রিয় সর্কলের উপরে রহিয়াছে: মারা তাহাকে ভাগবত সন্থার মূল্যবান ধাতু হইতে মুদ্রার সায় থোদিত করিয়াছে, কিন্তু বাহ্নগুণের খাদের দারা তাহার উপরে এক কঠিন আবরণ লাগাইয়া দিয়াছে. নিজের ছাপ মারিয়া দিয়াছে, পাশবিক মন্ত্রাত্বের চিহ্ন বদাইয়া দিয়াছে; যদিও সেখানে ভগবানের চিহ্ন গুপ্তভাবে রহিয়াছে, তথাপি তাহা প্রথমে বুঝা যায় না—অনেক কষ্ট করিয়া বুঝিতে হয়, আনাদের নিজেদের জীবনের গৃঢ় রহস্তে দীক্ষালাভ ন। করিলে উহা দেখিতে পাওয়া যায় না। অবতারে ভগ্যান ষেধানে মানবরূপে জন্মগ্রহণ করেন, সেধানে প্রকৃত ধাতু আবরণের ভিতর দিরা স্পষ্টভাবে প্রকাশিত হয়। সেখানে প্রকৃতির ছাপ নামমাত্র, দেখানে জ্ঞান অন্তর্মন্থিত ভগণানের, সেধানে শক্তি অন্তর্মিত ভগবানের এবং তাহা মানবীয় প্রকৃতির আবরণকে ভেদ করিয়া বাহির হয়। দেথানে ভগবানের চিহ্ন (শারীরিক, বাহিক চিহ্ন নহে, আধ্যান্ত্রিক চিহ্ন) থুবই স্পষ্ট—বে দেখিতে চায় বা **দেখিতে পারে সেই দেখিতে পার। আমুরিক প্রকৃতি**র লোকেরা এই সকল ব্যাপারে সর্বাদা অন্ধ, তাহারা শরীব্রকে দেখে, আত্মাকে দেখেনা, বাহিরের সন্তাকে দেখে, ভিতরের

সভাকে দেখে না, তাহারা শুধু মুখোসটিকে দেখে,ভিতরের পুরুষ-টিকে দেখে না। সাধারণ মন্ত্রাজন্ম ভগবানের প্রকৃতি-ভাবটাই প্রবল, অবতারের মনুষ্যজন্মে ভাগবতভারই প্রবল। একটিতে ভাগবানের অংশকে মানবীয় প্রকৃতি অনিকার করে. বশীভূত করে (অবশ্য ভগবান এইরূপ করিতে দেন বলিয়াই করে); অণরটিতে ভগবানই নিজের অংশকে অধিকার করেন, বশে রাথেন, ভাগবতভাবে পরিচালিত করেন। গীতার মতে সাধারণ মাত্রয়ক্রমোলতির ফলে.উর্দ্ধে উঠিয়া যে ভাগবতভাব লাভ করে তাহা অবতার নহে, ভগবান যথন মানবীয়তার মধ্যে নামিয়া আদেন, মানবীয় আকার গ্রহণ করেন, তাহাই অবতার। তবে, মাত্রবের এই ক্রমোরতিকে, উষ্কগতিকে সাহায্য করিবার নিমিত্তই ভগবান অবতারক্লপে নামিয়া আসেন; এইটি গীত। খুব স্পষ্ট করিয়াই ,বলিয়াছে। মান্নুষের মধ্যে ভাগব্ছ সত্তার প্রকাশ সম্ভব ইহা দেখাইবার জন্মই অবতার, যেন মানুষ দেখিতে পায় যে মানুত্রে এই ভাগবত সত্তা কিরূপ এবং দেখিরা ঐ সত্তা নিজেদের জীবনে লাভ করিরার ভরুদা করিতে পারে। অবতারের আরও উদ্দেশ্য হইতেছে, ভগবানের এইরূপ আবির্ভাবের প্রভাব পৃথিবীতে রাধিয়া যাওয়া এবং পার্থিব প্রকৃতিকে উদ্বেদ্ধ দিকে. তুলিতে সাহায্য করা। দেবপ্রকৃতি মানব কিরূপ তাহার একটা আধ্যাত্মিক ছাচ দেখান অবতারের উদ্দেশ্য, যেন দিব্যঞ্জীবনকামী মানব সেই ছাচে নিজেকে গড়িয়া তুলিতে পারে। অবভারের উদ্দেশ্য

একটি ধর্ম দেওয়া ওবু কোন এক মতবাদ নহে, কিন্তু অন্তর্জীবন ও বহিজীবন বাপনের প্রশালী দেওয়া, এমন এক ধর্ম নেওয়। যাহার হারা মাহুষ দেবত্বলাভের দিকে অগ্রসর হ**ই**তে পারে। আবার মান্তবের এই উর্কগতি, এই দেব**জন** লাভ একটা বিচ্ছিম ব্যষ্টিগত ব্যাপার নহে, কিছু জগতে ভগৰানের অক্তাক্ত কার্য্যের ক্তার ইহা সমষ্টিগত ব্যাপার, সমগ্র মানৰ জাতির উন্নতি ও কল্যাণ ইহার লক্ষ্য, অতএৰ দেখা ষাইতেছে যে অবতারের আরও উদেশ্য মানবজাতির অগ্রগমনে সাহায্য করা, জাতির সকল মহাসন্ধিক্ষণে মানবকে সাহায্য করা, यथम मानवजाि उटक नीटिव मिटक होनियांत्र मे कि छनि थूव अवन হইয়া উঠে, তথন তাহাদের ধ্বংস সাধন করা, মান্তুষের প্রকৃতিতে ভগবানের দিকে উঠিবার যে ধর্ম রহিয়াছে তাহা রকা করা বা পুনপ্রতিষ্ঠিত করা, দেশ কাল অনুসারে যতদুর সম্ভব জগতে স্বর্গরাজ্য (The Kingdom of God) স্থাপনের পথ পরিষ্কার করা, যাঁহারা আলোক ও সিদ্ধি চান (সাধুনাম) তাঁহাদিগকে জন্মযুক্ত করা, যাঁহার৷ অন্ধকারও পাপের রাজ্যকেই অটুট রাখিতে যুদ্ধ করিতেছে তাহাদিগকে পরাজিত করা। এই অবতারের আগমনের এই সকল উদ্দেশ্য লোকবিদিত। অবতারের কাথ্য দেখিয়াই সাধারণ লোকে তাঁহাকে চিনিয়া থাকে এবং পূজা করিয়া থাকে। কেবল বাঁহারা আধ্যাত্মিক প্রকৃতিসম্পন্ন তাঁহারাই দৌথতে পান যে এই বাহ্মিক অবতার, এই মানবরূপ, ভিতরের

অনস্ত ভগবানের চিহ্ন মাত্র—দেই অনস্ত ভগবান তাঁহাদেরই স্থার মানব মন ও দেহের ক্ষেত্রে আবিভূভি হইরাছেন, মেন তাঁহারা দেই ভগবানের সহিত ঐক্যলাভ করিতে পারেন এবং ভাগবত-ভাবের দারা অবিকৃত হইতে পারেন। বাহ্য মানবর্মপে থ্রাষ্ট, শ্রীকৃষ্ণ ও বৃদ্ধের আবিভাব এবং আমাদের নিজের মধ্যে ভগবানের চিরন্তন অবতারের আবিভাব মূলে একই গৃঢ় সত্য। পৃথিবীতে বাহ্য মানবজীবনে যাহা সংঘটিত হইরাছে সকল মহুযোর ভিতরের জীবনে তাহা পুনরার সংঘটিত হইতে পারে।

অবতারের উদ্দেশ্য ইহাই, কিন্তু অবতরণের প্রণালী কি ? কেবল সাধারণ বৃদ্ধির উপর নির্ভর করিয়া অবতার সম্বন্ধে বে ক্ষুদ্রধারণা করা হয়, প্রথমে আমরা তাহারই আলোচনা করিব। এই মতান্থসারে, কোন মন্থ্যে দেবোচিত চরিত্র, বৃদ্ধি ও শক্তির অসাধারণ প্রকাশ হুইলে তাহাঁকেই অবতার বলা হয়। এইরপ ধারণায় কতকটা সত্য আছে। যিনি অবতার তিনি বিভৃতিও বটেন। শ্রীকৃষ্ণ তাঁহার অস্তরতম ভাগবত সত্তায় মানবরপী ভগবান, আবার তাঁহার বাছ্থ মানবীয় সত্তায় তিনি সেই যুগের নেতা, বৃষ্ণিবংশের মহাপুক্ষ। ইহা প্রকৃতির দিক হইতে, কিন্তু আত্মার দিক হইতে নহে। ভগবান তাঁহার প্রকৃতির অনন্ত গুণের (qualities) ভিতর দিয়া নিজেকে প্রকাশ করেন, এবং এই সকল গুণের শক্তি ও কার্য্য দেখিয়া ভগবানের প্রকাশের তারতম্য বুঝা যায়। অতএব বিভৃতি বিলতে যথনকোন ব্যক্তি না বুঝাইয়া, শুধু শক্তি বুঝায়—তথনক

উহা তাহার কোন গুণের প্রকাশ, উহা জ্ঞান, তেজ, প্রেম, বল ইত্যাদি যে কোন রূপে ভগবানের বহিঃপ্রকাশ; বিভৃতি বলিতে যথন কোন ব্যক্তি বুঝার, তথন যে প্রাণমনোময় আধারের ভিতর দিয়া ভগবানের শক্তি প্রকাশিত হয় এবং মহৎ কার্য্য সম্পাদন করে তাহাকেই বিভৃতি বলা হয়।

ভিতরে এইরূপ অসাধারণ ভাগবত শক্তি এবং বাহিরে তাহার মহান্ কার্য্য—ইহাই বিভৃতির চিহ্ন। ভাগবত কার্য্য সম্পাদনে মানবঙ্গাতির বিনি নেতা তিনিই মানব-বিভৃতি, পাশ্চাত্য পণ্ডিত কালা'ইলের মতে তিনি বীর (hero), তিনি মানবরূপে ভগবানের একটা শক্তি। শ্রীকৃষ্ণ বলিলেন,

বৃঞ্চীনাং বাস্থদেবোহন্মি পাওবানাং ধনঞ্জয়:।
ম্নীনামপ্যহং ব্যাসঃ কবীনাম্শনাঃ কবিঃ।। ১ • । ৩৭

"আমি বৃঞ্চিবংশীর্ষদিগের মধ্যে বাস্থদেব, পাওবগণের মধ্যে ধনঞ্জর (অর্জুন), আমি মৃনিগণের মধ্যে ব্যাস এবং ঋষি-কবিগণের মধ্যে উশনা কবি"—প্রত্যেক শ্রেণীতে প্রথম, প্রত্যেক দলের সর্বশ্রেষ্ঠ, প্রত্যেকশেণীর বিশিষ্ট গুণ ও কর্মের সর্বশ্রেষ্ঠ প্রতিনিবি। এইরূপে শক্তির উৎকর্ষ সাধন ভাগবত প্রকাশের পথে একান্ত প্রয়োজনীয়। যে কোন মহাপুরুষ শক্তিবলে সাধারণ মানবের উপরে উঠেন, তিনি তাহার দ্বারাই মানব-সাধারণকে উন্নত করেন; আমাদের ভিতরে যে ভাগবতের স্থানা রহিয়াছে, আমাদের যে ভাগবতভাব লাভের আশা

রহিয়াছে সে বিষয়ে তিনি জীবস্ত দৃষ্টান্ত, তিনি ভাগবত জ্যোতিরই একটা কিরণ, ভাগবত শক্তিরই একটী কণা।

এইজক্সই মহৎ ও বীর পুরুষগণকে দেবতা বলিয়া ভাবিবার একটা স্বাভাবিক ঝোঁক মান্থধের মধ্যে আছে; ভারতবাসীর মনে এরপ ধারণা সংস্কারগত ও স্বাভাবিক : তাহারা সকল মহৎ সাধু, গুরু ও ধর্ম প্রচারককে সহজেই ভগবানের অংশ অবতার বলিয়া মনে করে: দক্ষিণ দেশীয় বৈষ্ণবগণের মধ্যে এই ভাবটি আরও পরিফুট, তাঁহারা বিশ্বাস করেন যে তাঁহাদের কোন কোন সাধু মহাপুরুষ বিষ্ণুর বিশেষ বিশেষ অস্ত্রশস্ত্রের অবতার.—ইহার গভীর মর্মার্থ রহিয়াছে, কারণ সকল মহা-পুরুষই মানবজাতিকে ভগবানের দিকে লইয়া যাইবার জীবস্ত যন্ত্র ও শক্তি। যে সকদ আধ্যাত্মিক মতামুদারে ভাগবত সত্তা ও প্রকৃতি এবং মানবীয় সত্তা ও প্রকৃতি এই হুইএর মধ্যে কোন অলজ্যা ব্যবধান নাই.সেই সকল মতে উল্লিখিত ভাব স্বাভাবিক: ইহা মানবীয়তার মধ্যে ভাগবতের উপলব্ধি। তথাপি কিছ বিভৃতি ও অবতার এক নহে; নতুবা অর্জ্জুন, ব্যাস, উশনা সকলেই শ্রীক্লফের মত অবতার হইতেন, কেবল হয়ত তাহাদের অবতারের ক্ষমতাই কিছু কম হইত। কেবল ভাগবত গুণ বা শক্তি থাকিলেই হয় না; ভগবান স্বয়ং বর্ত্তমান থাকিয়া মানবীয় প্রকৃতিকে পরিচালনা করিতেছেন ভিতরে এই জ্ঞান থাকা চাই। স্বভাবের বশে সর্বভৃতেই গুণ সকলের শক্তির

উৎকর্ষ সাধন, গুণের বিকাশ ও উৎকর্ষ হইতেছে, "ভূতগ্রানে"রই অংশ সাধারণ মানবজীবনেও এই উর্দ্ধন্থী শক্তিবিকাশ দেখা যায়। কিন্তু অবতারে ভাঁগবানের বিশেষ আবির্তাব হয়, উপর হইতে দিব্য জন্ম হয়, সনাতন সর্বগত ভগবান কোন বিশেষ মানবীয় রূপের মধ্যে নামিয়া আসেন, আত্মানম্ স্ফামি, এবং তথন কেবল যবনিকার অন্তর্রালেই যে ভগবান বলিয়া জ্ঞান পাকে তাহা নহে, বহিঃ প্রকৃতিও সেই জ্ঞানে পূর্ণ থাকে।

অবতার দম্বন্ধে মাঝামাঝি একটা মতবাদ আছে, ইহা
সাধারণ বৃদ্ধির কিছু উপরে একটা আধ্যাত্মিক নত; এই
মতাস্থসারে কোন মানবীয় আত্মা নিজের মধ্যে ভগবানকে
অবতীর্ণ করান এবং হয় ভাগবত চৈত্ত্য কর্ত্বক অধিকৃত হ'ন
অথবা ভাগবত চৈত্ত্যের স্থযোগ্য আধার বা প্রতিচ্ছান্না হন।
কতকগুলি আধ্যাত্মিক অমুভূতিলদ্ধ সত্যের উপর এই মত
প্রতিষ্ঠিত।

মানব চৈতক্স বিকশিত ও রূপাস্তরিত হইতে হইতে যথন ভাগবত চৈতক্তে পরিণত হয়, তথনই হয় নাম্বায় দিব্য জন্ম, ইহাই মাম্বায়ে উর্জগতি ইহার চরমাবস্থায় ভাগবত চৈতক্তের মধ্যে স্বতম্ব "আমিত্বে"র লয় হয়। আত্মা নিজের ব্যক্তিত্বকে এক অনস্ত বিশ্বব্যাপী সন্ধায় ডুবাইয়া দেয়, অথবা আরও উপরে উঠিয়া এক প্রপঞ্চাতীত সন্ধার উচ্চতার মধ্যে নিজেকে হারাইয়া কেলে; পরমাত্মার দহিত, ব্রন্ধের সহিত, ভগবানের সহিত আত্মা এক হয়, অথবা বেমন কেহ কেহ আরও চূড়ান্ত করিয়া

বলেন যে আত্মা ব্রশ্বই হইরা যার, ভগবান হইরা যার। গীত! বলিরাছে বটে যে, আত্মা ব্রশ্ব হয়, ব্রশ্বভূতঃ, এবং এইরপে পরমেশ্বরের মধ্যে, শ্রীক্রফের মধ্যে বাস করে। কিন্তু গীতা কোথাও বলে নাই যে, আত্মা ভগবান বা পুরুষোত্তম হয়, যদিও গীতা বলিরাছে যে, জীব ত্বরং নিত্যই ঈশ্বর, ভগবানের ত্বংশ, মনৈবাংশ। কারণ, এই শ্রেষ্ঠ মিলন, এই পরম পরিণতি উর্দ্ধগতিরই অঙ্গ ভিন্ন কিছুই নহে; সত্য বটে যে প্রত্যেক জীব দিব্য জন্মলাভ করিতে পারে কিন্তু ইহা ভগবানের অবতরণ নহে, অবতার নহে—ইহা বড় জোর বৌক্রমতামুষায়ী বৃদ্ধর লাভ, আত্মার বর্ত্তমান জাগতিক ব্যক্তির হইতে উঠিয়া, এক অনন্ত পরাচৈত্তে জাগ্রত হওরা। ইহাতে অবতারের স্থার আভ্যন্তরীন জ্ঞান এবং অবতারোতিত বাহ্য কর্ম্ম যে থাকিবেই এমন কোন কথা নাই।

তবে এইরপে ভাগনত চৈততের মধ্যে প্রবেশ করার সঙ্গে সদে প্রতিক্রিয়ারপে ভগবানও আমাদের সন্তার মানবীয় অংশে প্রবিষ্ট বা আবিভূতি হইতে পারেন, নিজেকে মানুষের প্রকৃতি, কন্ম, মন, এমন কি দেহের মধ্যেও ঢালিয়া দিতে পারেন; এবং ইহাকে অন্ততঃ আংশিক অবতার বেশই বলা যাইতে পারে। গীতা বলিয়াছে বে. ঈশ্বর হুদ্দেশে * বাস করেন, কিন্তু তথায় তিনি থাকেন যবনিকার অন্তর্গালে, যোগমায়সমারত।

[#] এই হৃদ্দেশ বলিতে অবগ্র স্কুদেহের হন্যই বুঝায়, তাহ। সমস্ত চিত্তাবেগ অনুভূতি ও মান্দিক হৈতভের প্রস্থিল (nodus), সেইখানে জীবপুক্ষও অবস্থিত।

কিন্তু ইহার উপরে আরও এক স্থান আছে,তাহা আমাদের মধ্যেই অবস্থিত কিন্তু তাহা আমাদের সাধারণ চেতনার অতীত— প্রাচীনেরা ইহাকে স্বর্গ বলিতেন, সেথানে ঈশ্বর ও জীব উভয়ে মূলতঃ একই স্ত্রারূপে প্রকাশিত, কোথাও কোথাও রূপকচ্ছলে তাহাদিগকে পিতা ও পুত্র বলা হইয়াছে—ঈশ্বর পিতা এবং তাহা হইতে দিব্য মানব জন্ম গ্রহণ করিয়াছেন, ভগবানের উচ্চ ভাগবত প্রকৃতি (The Virgin Mother), পরা প্রকৃতি, পরা মারা হইতে নীচের বা মানবীয় প্রকৃতিতে জন্মগ্রহণ করিয়াছেন। ইহাই খুষ্টান অবতারবাদের ভিতরের তত্ত বলিয়া হয়; খুষ্টানদের ত্রিসত্তাবাদে (Triuity) পিতা এই আভ্যস্তরীন স্বর্গবাসী; পুত্র অথবা পরা প্রকৃতি গীতার মতামু-যায়ী জীব হইয়া ভতলে দিব্য মানবন্ধপে অবতীর্ণ; The Holy spirit হইতেছে শুদ্ধ আত্মা, এন চৈত্রস—এই আত্মা বা চৈতন্তের দারা পিতা ও পুত্র, ঈশ্বর ও জীব এক হন ; এবং এই চৈতন্তের ভিতর দিয়া উভয়ের মধ্যে যোগ হয়: কারণ আমরা শুনি যে স্বর্গদূত যীশুর মধ্যে নামিয়া আসিলেন এবং এইরূপই অবতরণের ফলে যীশুর শিষ্যগণের মধ্যেও উদ্ধের চৈতন্তের ক্ষমতা সকল নামিয়া আসিল।

কিন্তু আরও উর্দ্ধে পুরুষোত্তনের যে দিব্য চৈতক্য তাহাও
মানবের মধ্যে নামিয়া আসিতে পারে এবং জীব তাহাতে লয়
হইতে পারে। চৈতক্তের সমসাময়িক ব্যক্তিরা বলিয়াছেন যে,
মাঝে মাঝে চৈতক্তের এইরূপ রূপান্তর হইত। তাঁহার সাধারণ

জীবনে তিনি ঈশ্বরের কেবলমাত্র প্রেমিক ও ভক্ত ছিল্লেন এবং তাঁহাকে দেবতা বলিয়া মান্ত করিতে দিতেন না: কিন্তু মাঝে মাঝে তাঁহার দিব্য ভাবাস্তর হইত. তিনি স্বয়ং ভগবান হইতেন এবং ভগবানের মত কথা কহিতেন, কর্ম ক্রিতেন, তখন তাঁহার মধ্যে ভাগবত জ্যোতি, ভাগবত প্রেম, ভাগবত শক্তি উছলিয়া পড়িত। এইরূপ অবস্থা যদি কাহারও সাধারণ অবস্থা হর, মানবীয় আধারটি যদি কেবল সর্বদা ভগবানের আবির্ভাব ও চৈতক্তের আধার মাত্র হয়, তাহা হইলে এই মাঝামাঝি মতামুদারে এই অবস্থাকেই অবতার বলা যাইতে পারে। এরপ অবতার সম্ভব বলিয়া সহজেই নাতুষের ধারণা হইতে পারে, কারণ মানুষ যদি তাহার প্রকৃতিকে এমনভাবে উন্নত করিতে পারে যে, ভগবানের সন্তার সহিত নিজের সন্তা এক বলিয়া অমুভূত হয়, নিজেকে ভগবানের চৈতন্ত্র, জ্যোতি, শক্তি, প্রেমের আধার বলিয়া অমূভব হয়, নিজের ইচ্ছাও ব্যক্তিসকে ভগবানের ইচ্ছাও সতার মধ্যে হারাইয়। ফেলিতে পারে (এরূপ আধ্যাত্মিক অবস্থা সম্ভব বলিয়াই স্বীকৃত হইয়া থাকে)—তাহা হইলে ইহার প্রতিক্রিয়া স্বরূপ সেই ভাগবত ফুছা, সত্ত্বা, শক্তি, প্রেম, জ্যোতি, চৈতক্ত যে মানব জীবের সমগ্র ব্যক্তিত্বকে অধিকার করিবে, ইহা একান্ত অসম্ভব কিছুই নহে। এবং ইহা শুধু মানুষের দিবা জন্মে ও िमता প্রকৃতিতে উঠা হইবে না, ইহা সাহ্রের মধ্যে দিবা পুরুষের নাসিয়া আসা হইবে, অবতার হইবে।

যাহা হউক কিন্তু গীতা আরও অনেক দ্র গিয়াছে!
গীতা স্পষ্টই বলিয়াছে যে ভগবান স্বরং জন্মগ্রহণ করেন;
শীরুঞ্চ নিজের বহু অতীত জন্মের কথা বলিয়াছেন এবং তাঁহার
ভাষা হইতে বুঝা যায় যে, ভগবানকে শুধু ধারণ করিবার
উপযুক্ত আধারসম্পন্ন মানবের জন্মের কথাই তিনি বলেন
নাই, কিন্তু, ভগবানেরই বহু জন্মের কথা বলিয়াছেন। কারণ
তিনি এখানে ঠিক স্প্টেকর্তার ভাষাই প্ররোগ করিয়াছেন,
পরে যথন জগৎস্টির কথা বলিবেন তথন তিনি এই ভাষারই
প্রয়োগ করিবেন।

অজোহপি সন্নব্যগ্রাত্মা ভূত:নামীখরোহপি সন্। প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমাগ্রা॥ ৪।৬

"আমি জন্মরহিত, অবিনশ্বরস্থভাব এবং সর্বভৃতের দশ্বর হইরাও, স্বীয় প্রক্লতির কার্য্য অধ্যক্ষরণে পরিচালনা করিয়া স্বীয় মাসার দ্বারা আমি নিজেকে স্পুট করি।" এখানে ঈশ্বরও মানবজীবের কোন কথা নাই, স্বর্গীয় পিতা ও তাঁহার পুত্রের, দিব্য মানবের কোন কথা নাই, কিন্তু কেবল ঈশ্বর এবং তাঁহার প্রকৃতির কথা আছে। ভগবান তাহার প্রকৃতির দ্বারা মানবর্রপে জন্মগ্রহণ করেন, মানব দেহ মন ধারণ করিয়া নামিয়া আইসেন, এবং এই দেহ মনের মধ্যে ভাগবত চৈত্রভ ও ভাগবত শক্তি লইয়া আইসেন, তবে তিনি মানবর্রপ, মানবদেহ প্রাণ মনের ভিতর দিয়াই কার্য্য করিতে স্বীকৃত হন; তিনি অন্তরাত্মার্যারপে অধিষ্ঠিত থাকিয়া এই দেহমনের

সমন্ত কার্য্য পরিচালনা করেন। অবশ্য সকল সময়ই তিনি উপর হইতে পরিচালনা করিয়া থাকেন, এইরূপে উপর হইতে সমগ্র প্রকৃতিকে এবং তাহার মধ্যে মামুষকেও পরিচালনা করিয়া থাকেন: ভিতর হইতেও তিনি সর্বলা গুপ্ত থাকিয়া সমগ্র প্রকৃতিকে ও মাল্লুষকে পরিচালনা করিয়াথাকেন: এথানে (অর্থাৎ, অবতারে) প্রভেদ হইতেছে এই যে তিনি গুপ্ত নহেন, প্রকাশ, প্রকৃতি এথানে সচেতন যে তাহার প্রভু স্বয়ং উপস্থিত এবং এখানে ভগবান স্বৰ্গ হইতে তাঁহার গোপন ইচ্ছাশক্তির ছারা প্রকৃতিকে পরিচালনা করেন না কিন্তু সাক্ষাৎ ও প্রকাশ. ভাবে তাঁহার ইচ্ছার দারা প্রকৃতিকে পরিচালনা করেন। এবং এথানে মধ্যস্তরূপে একজন মান্তুষ থাকিবার কোন স্থান-আছে বলিয়া মনে হয় না; কারণ এখানে জীবের প্রকৃতি বিশেষকে অবলম্বন কম্মিরা নহে পরস্ত নিজের প্রকৃতিকে, স্বাম্ প্রক্রতিম, অবলম্বন করিয়াই সর্বভৃতেশ প্রমেশ্বর মানব জন্ম-গ্রহণ করিয়া থাকেন।

মান্থবের সাধারণ বৃদ্ধির পক্ষে এরপ মতে বিশ্বাস করা বড়ই কঠিন ব্যাপার; এবং ইহার কারণও অতি স্পষ্ট, কারণ অবতারের মানবীয়তা, অবতার যে মান্ত্রষ তাহা খুব স্পষ্ট ভাবেই লোকের চক্ষুতে প্রতীয়মান হুইয়া থাকে। অবতার সকল সময়েই ভাগবতভাব ও মান্ত্রহভাব, এই তুইভাব সমন্ত্রি; ভগবান যথন মানবরূপে অবতীর্ণ হয়েন তথন তিনি মানবীয় প্রকৃতির সমন্ত বাহ্নিক অপূর্ণতা এবং অক্ষমতাও গ্রহণ করেনি

এবং ইহাদিগকেই ভাগবত চৈতন্ত এবং ভাগবত শক্তির উপলক্ষ্য, যন্ত্র, সহায় করিয়া তোলেন, দিব্য জন্ম ও দিব্য কর্ম্মের আধার করিয়া তোলেন। কিন্তু, এইরূপ হওয়াই অবশুস্তাবী, নতুবা অবতারের আগমনের যে উদ্দেশ্য তাহা সম্পন্ন হয় না; কারণ ঐ উদ্দেশ্য ঠিক ইহাই দেখান যে মানবজন্ম ইহার সকল অপূর্ণতা সত্ত্বেও দিব্য জন্ম ও দিব্য কর্ম্মের সহায় ও যন্ত্র হইতে পারে, মানব চতন্ত্র ভাগবত চৈতন্ত্রের প্রকাশের মূলতঃ বিরোধী নহে, মানব চৈত্যুকে ভাগবত চৈত্যু প্রকাশের আধার করা যাইতে পারে। মানব চৈতন্তের ছাঁচের রূপান্তর সাধন করিয়া এবং ইহার জ্ঞান, প্রেম ও শক্তির উন্নতি সাধন করিয়া ইহাকে ভাগবত চৈতন্তের সদৃশ করিয়া তোলা যাইতে পারে; কেমন করিয়া ইহা সম্পাদন করা যইতে পারে তাহাও দেথান অবতারের উদ্দেশ্য। অবতার যদি কেবল অসাধারণ ভাবেই কার্য্য করেন, তাহা হইলে অবতারের উদ্দেশ্যই সিদ্ধ হয় না। কেবল অসাধারণ বা অপ্রাকৃত অবতার একটা অর্থহীন কিন্তুত্তিমাকার ব্যাপার। একেবারেই যে কোনরূপ অসাধারণ ক্রিয়া থাকিতে পাইবে না, এমন কোন কথা নাই (যীশু খ্রীষ্টের রোগ আরোগ্য করিবার এইরূপ অন্তুত ক্ষমতা ছিল বলিয়া শুনা যায়,), কারণ এরপে অসাধারণ ক্ষতা মান্নুষেরই পক্ষে অসম্ভব কিছুই নহে, ইহা অবতারের মূল ব্যাপার নহে; আবার, অবতারের জীবন কেবল অসাধারণ শক্তির প্রদর্শন হইলেও চলিবে না। অবতার একজন আশ্চর্য্য-

কর্মা বাজীকরের মত আসেন না. তিনি আসেন মানবজাতির দিব্য নেতা স্বরূপ, তিনি আসেন দিব্যমানবের আদর্শ স্বরূপ। এমন কি তাহাকে মানুবোচিত চঃখ এবং শারীরিক যন্ত্রণাও গ্রহণ করিতে হইবে এবং দেখাইতে হইবে প্রথমত: কেমন এই ত্রংথ যন্ত্রণাকে মুক্তির সহার করা যাইতে পারে (যীশু খ্রীষ্ট এইরূপ করিয়াছিলেন) দ্বিতীয়তঃ দেখাইতে হইবে যে কেমন করিয়া ভাগবতসত্তা মানবীয় প্রকৃতিতে এই দুঃখ যন্ত্রণা স্বীকার করিয়াও মানবীয় প্রকৃতিতেই তাহা জয় করিতে পারে. বৃদ্ধ এইরূপ করিয়াছিলেন। যে সকল ভার্কিক খ্রীষ্টকে বলিয়াছিল—"যদি তুমি ঈশ্বরের পুত্র হও, তাহা হইলে ক্রশ হইতে নামিয়া আইম." অথবা, যাহারা বিজ্ঞভাবে মাথা নাড়িয়া দেখাইয়া দেন যে অবতারেরা কখনও ভগবান হইতে পারে না কারণ তাহারা মৃত্যুমুখে পতিত হইয়াছে এক সে মরণ আবার রোগের দারা হইয়াছে, যেমন কুকুর বিড়াল মরে—তাহারা অবতারের মূল উদ্দেশ্য কিছুই বুঝে নাই। দিব্য আনন্দের অবতার হইবার পূর্ব্বে, তুঃগও ষন্ত্রণারও অবতার হইতেই হইবে। মাতুষের অপূর্ণতা গ্রহণ করিয়াই দেখাইতে হইবে যে কেন্দ করিয়া তাহা অতিক্রম করা যায়; এবং এই অতিক্রম কতথানি হইবে এবং কি উপায়ে হইবে. কেবল আন্তরিক হইবে, না, বাহ্যিকও হইবে তাহা মানব-জাতির ক্রমোন্নতির অবস্থার উপরে নির্ভর করে; ইহা কোনও অমাত্রবিক অম্ভূত ঘটনার দ্বারা সম্পাদন করা চলিতে পারে না।

এখন প্রশ্ন উঠিতেছে যে ভগবান কিরূপে মানব দেহ ও মন গ্রহণ করেন? এই প্রশ্নটিই বাস্তবিক কঠিন, মামুষের সীমাবদ্ধ বুদ্ধি ইহার কোন কিনার। করিতে পারে না। কারণ, এই দেহ ও মন সহসা পূর্ণ ভাবে স্প্টহয় নাই, এগুলি কোন প্রকার শারীরিক, মানসিক বা উভয়বিধ বিবর্ত্তনের দারা স্ট ইইয়াছে। অবশ্য এটা সত্য যে অবতারের আবিতাব মূলতঃ একটা আধ্যাত্মিক ব্যাপার—গীতার ভাষা হইতেই ব্ঝা যার যে ইহা আত্মার জন্ম, আত্মানম স্কামি; তথাপি ইহার-সঙ্গে এথানে শারীরিক জন্মও রহিয়াছে। তাহা হইলে অবতারের এই মানবীয় দেহ ও মন কেমন করিয়া স্প্ট হয়? যদি আমরা ধরিয়া লই যে অচেতন প্রকৃতি এবং তাহাতে অমুস্মাত প্রাণশক্তির দ্বারা বংশাতুক্রম বিবর্ত্তনের ফলেই শরীর স্ষ্ট হয়, জীবাত্মা ইহাতে কিছু করে না, তাহা হইলে ব্যাপারটা খুব সহজ হইয়া পড়ে। ভগ্বানের অবতারের যোগ্য শারীরিক ও মানসিক দেহ কোন উচ্চ বা পবিত্র বংশে উদ্ভূত হয়; অবতরণকালৈ ভগবান সেই দেহ অধিকার করেন। কিন্তু, গীতা যেণানে অবতারের কথা বলিয়াছে (চতুর্থ অব্যায়, ৫-৮ শ্লোক) দেখানে অকুষ্ঠিত ভাবে অবতারের ও জন্মান্তরের কথা বলিয়াছে (৪।৫) ৷ সাধারণ জন্মান্তরবাদ অভুনারে আব্মা জন্মান্তর গ্রহণ কালে তাহার অতীত আধ্যাগ্রিক ও নানসিক বিবর্ত্তনের দারা নিজেই নিজের শরীর ও মন ঠিক করিয়া লয়, একরকম প্রস্তুত করিয়াই লয়। আত্মাই নিজের দেহ তৈয়ারী করিয়া লয়: আত্মার সহিত কোন সম্পর্ক না রাথিয়া তাহার দেহ তৈরারী করিয়া দেওয়া হয় না। তাহা হইলে কি আমাদিগকে বুঝিতে হইবে বে এক অনন্ত অবতার নিজেই ক্রম বিবর্তনের দারা পূনঃ পুনঃ নিজের উপযুক্ত মানসিক ও শারীরিক দেহের বিকাশ করিয়া লয়েন. এই দেহ কোন যুগে কিরূপ হইবে তাহা সেই যুগের মানব-জাতির প্রয়োজন ও ক্রমোশ্বতির অবস্থা অন্তুসারে নির্ণয় করেন এবং এইরূপেই কি তিনি যুগে যুগে অবতীর্ণ হন ? এইরূপ কোন এক ভাবেই কেহ কেহ বিষ্ণুর দশাবতারের ব্যাখ্যা করিয়া থাকেন-প্রথমে নানা পশু মূর্ত্তি, তাহার পর নরসিংহ মূর্ত্তি, তাহার পর বামন মূর্ত্তি, তাহার পর হর্দ্ধর্ব আসুরিক মানব পরভরাম, তাহার পর দেব প্রকৃতি মানব মহতুর রাম, তাহার পর জ্ঞানসম্পন্ন আধ্যাত্মিক মানব বৃদ্ধ, কাল হিসাবে বুদ্ধের পূর্বেক কিন্তু স্থান হিসাবে সূর্ব্বোচ্চ হইতেছেন পূর্ণ দেবভাবাপন্ন মানব শ্রীকৃষ্ণ। কল্পি শ্রীকৃষ্ণের পরে হইলেও, তিনি ভগু শ্রীকৃষ্ণ কর্ত্ত্ব আরন্ধ কর্মাই সম্পন্ন করেন,—পূর্ব্ব পূর্ব্ব অবতারেরা যে মহৎ কর্ম্মের সম্ভাবনা প্রস্তুত করিয়া গিয়াছিলেন কৰি তাহাই কাৰ্য্যতঃ সম্পন্ন করেন। বর্ত্তমান যুগের যেরূপ মনোভাব তাহাতে এই দকল বিশ্বাদ করা বড়ই কঠিন, কিন্তু গীতার ভাষা এইরূপই বুঝায় বলিয়া মনে হয়। তবে, গীতা যথন স্পষ্টভাবে এই সমস্তার সমাধান করে নাই, তথন আমরা আমাদের মনের মত ষেমন হয় সমাধান করিতে

পারি; যথা, আমরা বলিতে পারি যে জীবই (জীবাআই) শরীর প্রস্তুত করে কিন্তু জন্ম হইতেই ভগবান ঐ শরীর গ্রহণ করেন, অথবা গীতার যে চারি মন্থর (চজারঃ মনবঃ) কথা বলা হইরাছে (ইহারা প্রত্যেক মানব মন ও শরীরের আধ্যাত্মিক পিতা) তাহাদের এক জনই অবতারের যোগ্য শরীর প্রস্তুত করিয়া দেন। কিন্তু এ সকল অধ্যাত্ম রহস্তের (mystic) কথা। বর্ত্তমান বৈজ্ঞানিক যুগের লোক শুনিতে চার না; কিন্তু, যথনই আমরা অবতারবাদ স্বীকার করিয়াছি তথনই আমরা অধ্যাত্ম জগতের কথাই তুলিয়াছি এবং একবার যথন এই কথা তোলা হইয়াছে তথন দৃঢ়তার সহিত ইহার আলোচনা করাই বাজ্বনীয়।

অবতারে সম্বন্ধে গীতার মত কি তাহা বলা হইল। আমর অবতারের সন্তাবনা যেরপ বিস্তৃতভাবে আলোচনা করিয়াছি * অবতরণের প্রণালীও সেইরপ ভাবে আলোচনা করিলাই কারণ মাহুষের বৃদ্ধি এ সম্বন্ধে যে সকল আপত্তি তুলিতে পারে তাহার হিসাব লওয়া এবং তাহার জবাব দেওয়া প্রয়োজন। সত্য বটে যে গীতাতে বাহিক অবতারের (physical avatarhood) স্থান বেশী নহে, বাহ্নিক অবতার না ধরিলেও গীতাশিক্ষার অর্থ বৃঝিতে বিশেষ হানি হয় না। তথাপি গীতাশিক্ষার ক্রমপরস্পরায় বাহ্নিক অবতার বাদের এক বিশিষ্ট স্থান আছে, গীতাশিক্ষার কাঠামোই এই—অবতার একজন শ্রেষ্ঠ

^{*} পঞ্চৰ অধ্যায়

মুমুষ্যকে, বিভৃতিকে, দিব্য জন্ম ও দিব্য কর্ম্মের অভিমুখে লইয়া ষাইতেছেন। তবে, ইহাও সত্য যে মানবাত্মাকে নিজের মধ্যে তুলিয়া লইবার নিমিত্ত ভগবানের আভ্যন্তরীন অবতরণ. মানব অন্তঃকরণের মধ্যে অবতরণই প্রধান ব্যাপার—অন্তরের. ভিতরের এটি, শ্রীকৃষ্ণ বা বৃদ্ধ লইরাই কথা। কিন্তু, যেমন আভ্যন্তরীন জীবন বিকাশের নিমিত্ত বাহ্যিক জীবনের সহায়তা সমধিক প্রয়োজনীয়, তেমনিই ভিতরে ভগবানের মহান প্রকাশের নিমিত্ত বাহ্যিক অবতারও কম প্রয়োজনীয় নহে। মানসিক ও শারীরিক রূপের পূর্ণ স্ফুর্ত্তি বা অফুশীলনের দারা আভ্যন্তরীন সত্য বস্তুর বিকাশে সহায়তা হয়; পরে এই আভ্যন্তরীন বস্তু, আরও শক্তির সহিত, নিজের আরও উৎকৃষ্ট রূপে বাহজীবনের ভিতর দিয়া আত্মপ্রকাশ করে। এইরূপে বাহ মন ও শরীর আধ্যাত্মিক সন্তার উপর ক্রিয়া করে, আবার আধ্যাত্মিক সতা বাহু শরীর মনের উপর ক্রিয়া করে—এই ছইরের পরস্পরের উপর সতত ক্রিয়া প্রতিক্রিয়ার ভিতর দিয়া মান্থধের নধ্যে যুগে যুগে ভগবানের প্রকাশের লীলা চলিতেছে।

সপ্তদশ অধ্যায়

দিব্য জন্ম ও দিব্য কর্ম

অবতারের জন্মের কার অবতারের কর্মেরও চুই অর্থ এবং ছুই রূপ আছে। ক্রমান্বয়ে উন্নতি অবনতির, উত্থান পতনের ভিতর দিয়া অগ্রসর হওরাই প্রকৃতির নিয়ন, এই নিয়মের বশে মানবজাতি কখনও উন্নতির দিকে, কখনও অবনতির দিকে পরিচালিত হইতেছে। প্রকৃতির এই নিয়ম সত্ত্বে ধর্ম মানবজাতির অবনতি প্রতিরোধ করিয়া মাতুষকে ক্রমশঃ **८म्दर्भेद मिर्क लहे**श योग ८महे धर्म्पद भ्रांनि मृद ७ मःद्रक्रणहे **অবতারের কর্ম্ম** এবং ভাগবত শক্তি বাহ্য জগতের উপর ক্রিয়া করিয়া এই কর্ম সম্পাদন করে.—ইহাই অবতারের কর্ম্মের ৰাহিরের দিক। অবতারের কর্মের একটা ভিতরের দিকও আছে; ভাগবতমুথী চৈতক্সের দিব্যশক্তি ব্যক্তির আত্মার 'উপর ও জাতির আত্মার উপর ক্রিয়া করে এবং এইরূপে মানুষের মধ্যে ভাগবড়ের নব নব প্রকাশ হর এবং মানুষের উদ্ধ্রমুখী আত্ম-বিকাশের বিশেষ স্থবিধা ও সহায়তা হয়। সাধারণ কর্মপ্রবণ মা**মুষ স্বস্তাব**তঃই মনে করে যে কেবল বাহুজগতে একটা মহৎ কম সম্পাদনের নিমিত্তই অবতারের আবিভাব হয়, কিন্তু

বাস্তবিক পক্ষে এরপ ধারণা ঠিক নহে। বাহ্নিক কর্ম এবং ঘটনার নিজম কোন মূল্য নাই, তাহাদের পশ্চান্তে যে শক্তি ও ভাব থাকে তাহা হইতেই তাহাদের মূল্য।

বে সন্ধিক্ষণে অবতারের আবিতাব হয়, তাহা বাফ ঘটনার এবং জড় জগতে মহাপরিবর্ত্তনের সন্ধিক্ষণ ব্রলিয়াই বাহাদৃষ্টিতে মনে হয় বটে, কিন্ধু বাস্তবিক পক্ষে যখন মানবজাতির চৈতন্তের কোন মহাপরিবর্ত্তন সংসাধন করিতে হয় এবং কোন নৃতন বিকাশ সম্পন্ন করিতে হর, চৈতন্তজগতের সেই সদ্ধিকণেই অবতারের আবির্ভাব হয়। এই পরিবর্ত্তন সাধণের নিমিশ্ব একটা দিব্যশক্তির প্রয়োজন ; কিন্তু এই শক্তিতে চৈতন্মের প্রকাশ বত বড় থাকে ইহার কাজও তত বড় হয়। এই জন্মই মানবীয় মন ও আত্মার মধ্যে ভাগবত চৈতক্তের আবির্ভাব আবশ্যক। তবে, যথন প্রধানতঃ কেবল মানসিক ও ব্যবহারিক জগতের পরিবর্ত্তন সংসাধন করিতে হয়, তথন অবতারের হন্ত-ক্ষেপের কোন প্রয়োজন হয় না ; তথন চৈতন্তের খুব উন্নতি হয়, শক্তির মহাপ্রকাশে মামুষ তৎকালের নিমিত্ত তাহাদের সাধারণ ন্তর হইতে উদ্ধে উঠে; এবং চৈতক্ত শক্তির এই অভ্যুদায় করেকজন বিশিষ্ট ব্যক্তিতে উচ্চদীমার উঠে; ইহারাই বিভৃতি এবং কেবল ইহাদের নেতৃত্বের দারাই উল্লিখিত পরিবর্ত্তন সংসাধিত হয়। ইউরোপে রিফমেশন (Reformation) এক ফরাসী বিপ্লব (French Revolution) এইরূপ পরিবর্তন: এগুলি মহানু আধ্যাত্মিক ঘটনা নহে, এগুলি কেবল বুদ্ধি 💝 কর্মজগতের পরিবর্ত্তন—একটী ধর্ম সম্বনীয় চলিত ভাব ও ধারণা প্রভৃতির পরিবর্ত্তন, অপরটি সামাজিক ও অর্থনৈতিক ভাব ও আদর্শের পরিবর্ত্তন; ইহাদের ফলে চৈতন্মজগতে যে পরিবর্ত্তন হইয়াছিল তাহা মানসিক ও ব্যবহারিক পরিবর্ত্তন কিন্দ্র আধ্যাত্মিক পরিবর্ত্তন নহে। কিন্তু, যথন আধ্যাত্মিক পরিবর্ত্তন সাধন করিয়া যুগান্তর আনম্বন করা উদ্দেশ্য হয় তথন ইহার উদ্ভাবক বা নেতারূপে মানবীয় মন ও আত্মার মধ্যে ঐশ্বরিক চৈতন্মের পূর্ণ বা আংশিক আবিভাব হয়। তাহাই অবতার।

গীতার অবতারের বাহিক উদ্দেশ্য বলা হইয়াছে, ধশ্ব সংস্থাপনার্থার; মূগে মূগে মথন ধর্ম মলিন হয়, অবসয় হয়, হীনবল হয়, অধর্ম সবল ও অত্যাচারী হইয়া মাথা তুলিয়া উঠে তথন অবতার আবিভূতি হন এবং ধর্মকে পুনরায় প্রবল ও স্প্রতিষ্ঠিত করেন: এবং ষেহেতু তথল ধর্মাধর্ম মাছ্যের ভিতর দিয়াই মূর্ত্তি গ্রহণ করে, তজ্জ্জ অবতারের লৌকিক ও বাহিক উদ্দেশ্য হয় অধর্মের পীড়নে অভিভূত সাধুগণকে পরিত্রাণ করা এবং অধর্মের অভূয়খানের সহায়ক তৃষ্ম্মকারীদিগকে বিনাশ করা

যদা যদা হি ধর্মস্ত শ্লানির্ভবতি ভারত।
অভ্যুথানমধর্মস্ত তদাত্মানং স্কাম্যহম্ ॥৪।
পরিত্রাণায় সাধ্নাং বিনাশায় চ চ্ছ্নতান্।
ধর্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥৪।৮
কিন্তু এখানে গীতা যে ভাষার ব্যবহার করিয়াছে সহুইজ

তাহার এমন দন্ধীর্ণ ব্যাখ্যা করা ঘাইতে পারে যাহাতে অবতারত্বের গভীর আধ্যাত্মিক অর্থ সম্পূর্ণভাবে নষ্ট হইয়া যাইবে। ধর্ম শন্দটির একটি নৈতিক অর্থ আছে, একটি দার্শনিক অর্থ আছে এবং একটি আধ্যাত্মিক অর্থ আছে-এই সকল অর্থের যে কোন একটি লইয়া এবং অপরগুলি অগ্রাহ্য করিয়া ধর্ম শব্দটি ব্যবহৃত হইতে পারে, ধর্ম কেবল নৈতিক (ethical) অর্থে অথবা কেবল দার্শনিক (philosophical) অর্থে অথবা কেবল আধ্যাত্মিক (religious) অর্থে ব্যবহৃত হইতে পারে। ধর্ম শব্দের নৈতিক অর্থ হইতেছে সৎকর্ষের নীতি, স্থায্য আচরণের বিধান অথবা আরও বাঞ্ছিক ও ব্যবহারিক অর্থে ধর্মের নৈতিক অর্থ হইতেছে সামাজিক এবং রাজনৈতিক স্থায়ের বিধান: অথবা আরও সংক্ষেপে এই অর্থে ধর্ম হইতেছে কেবল সমাজের অনুশাসন পালন। ধর্মের এই অর্থ গ্রহণ করিলে আমাদিগকে বৃথিতে হইবে যে যথন অক্সায়, অবিচার, অত্যাতারের প্রাত্তাব হয় তথন সজ্জনগণকে রক্ষা করিতে এবং অসজ্জনগণকে বিনাশ করিতে. অক্তায় অত্যাচার ধ্বংস করিয়া মানবসমাজে ক্রায় ও স্থবিচারের প্রতিষ্ঠা করিতে অবতার আবিভূতি হন।

এইরপে পুরাণে রুষ্ণাবতারের প্রয়োজন বর্ণনা করা হইরাছে—কুরুদের অসৎকর্মের ভার পৃথিবীর পক্ষে এত ছর্মিষহ হইয়া পড়িয়াছিল যে পৃথিবী তাহার ভারের লাঘব করিতে ভগবানের অবতার প্রার্থনা করিয়াছিল, তাই বিষ্ণু

কৃষ্ণরূপে অবতীর্ণ হন, অত্যাচারিত পাণ্ডবগণকে উদ্ধার করেন এবং তৃষ্ণলী কৌরবগণের বিনাশ সাধন করেন। বিষ্ণুর পূর্ব পূর্ব্ব অবতারের প্রয়োজনও এইভাবেই বর্ণিত হইয়াছে— রাবণের অক্সায় অত্যাচার নিবারণ করিতে রাম অবতীর্ণ হইয়াছিলেন, ক্ষত্রিয়গণের অক্সায় উচ্চুঙ্খলতা নিবারণ করিতে পরভারাম অবতীর্ণ হইয়াছিলেন, দৈত্য বলীর প্রভাব ধ্বংস করিতে বামন অবতীর্ণ হইয়াছিলেন। কিন্তু, এইরূপে কেবল নৈতিক, সামাজিক বা রাজনৈতিক প্রয়োজন সিদ্ধিই অবতারের উদ্দেশ্য বলিয়া পুরাণাদিতে যে বর্ণনা করা হইয়াছে তাহাতে অবতার ব্যাপারের প্রকৃত পরিচয় দেওয়া হয় নাই. ইহা সহজেই বুঝা বায়। এরূপ বর্ণনায় অবতারের আধ্যাত্মিক প্রয়োজনের কথা ধরা হয় নাই, এবং এইরূপ বাহু প্রয়োজনই যদি সব হইত তাহা হইলে খুষ্ট ও বুদ্ধকে অবতারের পর্য্যায় হইতে বাদ দিতে হইত, কারণ সাধুগণের পরিত্রাণ ও অসাধু-গণের বিনাশ মোটেই তাহাদের লক্ষ্য ছিল না, তাঁহারা আনিয়াছিলেন সকল মানবের জন্ত এক নৃতন আধ্যাত্মিক বাণী. দিব্য জীবন লাভের এক অভিনব .ধর্ম। আবার অস্ত পক্ষে বদি আমরা ধর্ম শব্দের শুধু আধ্যাত্মিক অর্থ গ্রহণ করি, ধর্ম বলিতে কেবল আধ্যাত্মিক ও ধর্মজীবনের নীতি মাত্র বৃঝি, তাহা হইলে আমরা অবতার ব্যাপারের মূল সত্যটি ধরি বটে, কিন্তু অবতারের কর্মের একটা বিশেষ আবশ্যকীয় ্দিক বাদ পড়িয়া ধাইতে পারে। তগবানের অবতারের

ইতিহাসে দকল দমরেই আমরা ছই প্রকারের কর্ম দেবিতে পাই এবং এইরূপই হইবার কথা কারণ অবতার জগতের মধ্যে ভগবানের কার্য্যেরই ভার গ্রহণ করেন, জগতে ভগবানের ইচ্ছা ও জ্ঞান বে ভাবে কার্য্য করে অবতারও দেই ভাবে কর্ম করেন এবং এই কার্য্যের সর্ম্বদাই ছুইটা দিক, একটি হইতেছে অন্তর্জগতে আত্মার উন্নতি দাধন, অপরটি হইতেছে মানবসমাজের, মানবজীবনের বাহু পরিবর্ত্তন সংসাধন।

কোন মহানু আধ্যাত্মিক গুরু ও ত্রাণকর্তারূপে, খুষ্ট বা বুদ্ধরূপে অবতার আবিভূতি হইতে পারেন, কিন্তু তাঁহার সাংসারিক প্রকাশ কাল শেষ হইবার পরে তাঁহার কর্মের ফলে মানবজাতির কেবল নৈতিক জীবনে নহে, কিন্তু সামাজিক ও রাজনৈতিক জীবনও আদর্শের গভীর পরিবর্ত্তন সংসাধিত ্হয়। আবার অন্ত পক্ষে তিনি দিব্য জীবন, দিব্য ব্যক্তিম, দিব্য শক্তি লইয়া রাম বা শ্রীক্লকের ফায় বাহতঃ সামাজিক, বা রাজনৈতিক ক্ষেত্রে গভীর পরিবর্ত্তন সংসাধন করিতে অবতীর্ণ হইতে পারেন: কিন্তু এরূপ অবতারের ফল সকল সময়েই মানবজাতির আভ্যন্তরীন জীবন গঠন ও দিব্য জন্মলাভে চিরস্থায়ী ভাবে সহায়ত। করিয়া থাকে। বডই রহস্তের কথা যে বৌদ্ধ ও এটি ধর্মের স্থায়ী, একান্তিক, ব্যাপক ফল হইয়াছে সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে, এমন কি যে সকল যুগ ও দেশ এই চুই ধর্মের তত্ত্বকথা, সাধনা ও অনুষ্ঠান বর্জন করিয়াছে তাহারাও ইহাদের দামাজিক ও নৈতিক আদর্শের

প্রভাব অতিক্রম করিতে পারে নাই। বৃদ্ধ, বৃদ্ধের সঙ্গ এবং বুদ্ধের ধর্ম পরবর্ত্তী হিন্দুধর্ম কর্তৃক প্রত্যাখ্যাত হইয়াছে বটে কিন্তু হিন্দুর জাবনে, হিন্দুর ধ্যানধারণায় বৌদ্ধ ধর্মের সামাজিক ও নৈতিক আদর্শের প্রভাব যে ছাপ মারিয়া দিয়াছে তাহা কখনও মুছিবার নহে; বর্ত্তমান ইউরোপ নামে এটান হইলেও বাস্তবিক পক্ষে এটি ধর্মকে বর্জন করিয়াছে. কিন্তু বর্ত্তমান ইউরোপের নৈতিক, সামাজিক ও রাজনৈতিক আদর্শ সমূহ এটি ধর্মের আধ্যাত্মিক তত্ত্ব সকল হইতে উড়ত, তাঁহাদের সাম্যা, মৈত্রী, স্বাধীনতার আদর্শ খ্রীষ্ট প্রচারিত আধ্যাত্মিক সত্যেরই সামাজিক ও রাজনৈতিক রূপ মাত্র। অক্তদিকে রাম ও শ্রীক্লফের যুগের কোন ইতিহাস নাই, কেবল কাব্য পুরাণের ভিতর দিয়া আমরা তাঁহাদের কার্য্যাবলীর পরিচয় পাই এবং এই সকলকে আমরা কাল্লণিক বলিয়াও ধরিতে পারি: কিন্তু তাঁহাদের জীবনকে আমরা কাল্লণিক বলিয়াই ধরি অথবা ঐতিহাসিক সতা বলিয়াই গ্রহণ করি তাহাতে কিছই আসিয়া যায় না, কারণ ব্যক্তির ও জাতির আভান্তরীণ আধাত্মিক জীবনে তাঁহাদের দিব্য আদর্শের প্রভাব চিরস্থায়ী হইয়াই রহিয়াছে ৷ অবতার দিবা জীবন ও চৈতক্তের ব্যাপার. কোন বাহ্য কর্ম সম্পাদনেই ইহার উদ্দেশ্য সিদ্ধ হইতে পারে, কিন্তু এই কর্ম্ম শেষ হইবার পরও, আধ্যাত্মিক জীবনে ইহার প্রভাব বরাবর থাকিবেই; আবার, ইহার উদ্দেশ্য সম্পন্ন হইতে পারে, কোন নতন ধর্ম শিক্ষা দিয়া, আধ্যাত্মিক সাধনা

প্রচার করিয়া। কিন্তু এই নৃতন শিক্ষা বা সাধনার উপযোগিতা বগন শেষ হইয়া ধাইবে তথনও নানবজাতির চিস্তা, স্বভাব ও বাহজীবনে ইহার চিরস্থায়ী প্রভাব থাকিবেই।

অতএব অবতারের কর্ম সম্বন্ধে গীতার মত বুঝিতে হইলে ধর্ম শব্দের সর্কাপেক্ষা পূর্ণ, গভীর এবং ব্যাপক অর্থ গ্রহণ করিতে হইবে, যে বাহ্ন এবং আভ্যন্তরীণ নিয়মের দারা ভগবান নানবজাতির আধ্যাত্মিক বিকাশ সাধন করেন তাহাকেই ধর্ম বলিয়া বুঝিতে হইবে। ভারতে ধর্ম বলিতে কেবল সদসৎ কর্মের নাতি, স্থায় অস্থায়ের বিধান বা নৈতিক অন্থাসন ব্যায় না: বাহাও অন্তর্গতে নানা রূপ, নানা কর্ম, নানা সম্বন্ধের ভিতর দিয়া ভগবানের ইচ্ছা সাধিত 'ও বিকশিত হইতেছে—ইহার জন্ম নাকুষের সহিত ভগবানের, জগতের ও অক্তাক্ত জীবের সকল প্রকার সম্বন্ধ বে নিয়মের ঘারা পরিচালিত হর সেই সমগ্র অনুশাসনই ধর্ম। আমরা বাহাকে ধরিয়া। পাকি এবং বাহা আমাদের বাহা ও আভান্তরীণ কার্য্যাবলীকে ধরিয়া রাথে—এই তুইট ধর্ম *। ধর্ম শব্দের প্রাথমিক **অর্থ** আমাদের প্রকৃতির মূল নীতিকে বুঝার, ইহা অলক্ষ্যে আমাদের সমস্ত কর্ম নিয়ন্ত্রিত করে এবং এই অর্থে প্রতেক বস্তু, শ্রেণী, জাতি, ব্যক্তি বা সজ্যের স্ব স্ব ধর্ম আছে। আবার, আমানের মধ্যে ভাগৰত প্রকৃতির বিকাশ করিতে হইবে: যে সকল মাভান্তরীন ক্রিয়ার দারা সেই ভাগবত প্রকৃতি মামাদের

[🗚] वृ थाजू श्हेर्ट "थयं" भरकत छेरभिक्त वदः हैहात व्यर्थ "वता"।

সন্ধায় বিক্ষিত হইয়া উঠে সেই সকল ক্রিয়ার নীতিকেও ধর্ম বলা যায় এবং ইহাই ধর্ম শব্দের দ্বিতীয়ু অর্থ। আবার নিজেন্দিগরেক এবং সমগ্র মানবজাতিকে স্মন্ত্রভাবে ভাগবত আদর্শের দিকে অগ্রসর করাইবার জন্ম আমাদের বহিম্থী চিন্তা ও কর্ম এবং আমাদের পরস্পরের সহিত সম্বন্ধ যে নিয়মের দ্বালা নিয়ন্ত্রিত করি, তাহাকেও ধর্ম বলা যার, ইহাই ধর্ম শব্দের তৃতীয় অর্থ।

ধর্মকে সাধারণতঃ স্নাত্ন ও অপরিবর্ত্তনশীল বলা হয়: ধর্মের মূল নীতি, আদর্শ এইরূপই বটে, কিন্তু ইহার আকারের পরিবর্ত্তন ও বিকাশ সকল সময়েই চলিতেছে, কারণ মাত্র্য এখনও সেই স্নাত্ন অক্ষর আদর্শে পৌছিতে পারে নাই ুবা এখনও তাহার মধ্যে বাদ করে নাই, কিন্তু দেই আদর্শকে লক্ষ্য করিয়াই চলিয়াছে, তাহাকে জানিবার জন্ম এবং জীবনে তাহা সাধন করিবার জন্ম ক্রমশঃ তৈরারী হইরা উঠিতেছে। এই পথে যাহা কিছু আনাদিগকে দিব্য পবিত্রতা, উদারতা, জ্ঞান, স্বাধীনতা, তেজ, শক্তি, আনন্দ, প্রেম, শুভ, ঐক্য ও সৌন্দর্য্যে বাড়িয়া উঠিতে সাহায্য করে সেই সবই ধর্ম, এবং যাহা কিছু ইহার বিরুদ্ধ, ইহার প্রতিবন্ধক তাহাই অবশ্ব, তাহা আমাদের মধ্যে অপবিত্রতা, সঙ্কীর্ণতা, বন্ধন, অজ্ঞান, ছুর্বলতা, নীচতা, দ্বন্ধু, খু:খ, অনৈক্যের বৃদ্ধি করে; উন্নতির পথে মামুষকে এই সবই ছাড়িয়া যাইতে হইবে। এই অধর্ম ধর্শের প্রতিদ্বদী হয়, ধর্মকে পরাভূত করিতে চায়, আমাদিশকে

পিছনের দিকে, নীচের দিকে টানে,—অশুভ, অজ্ঞান ও অন্ধলারের দিকে লইয়া যাইতে চায়। এই চ্ইয়ের মধ্যে, ধর্ম ও অধর্মের মধ্যে অনবরত হন্দ্র ও সংগ্রাম চলিতেছে, কথনও ধর্মের শক্তির জয় হইতেছে কথনও অধর্মের শক্তির জয় হইতেছে। বেদে ইহা দেবাস্থরসংগ্রামের রূপক্তের ভিতর দিয়া বর্ণিত হইয়াছে, ইহাই জোরোয়াষ্ট্রীয়ান (Zoro strianism) ধর্মে আহরমাজ্লা ও অর্হিমানের সংগ্রামরূপে বর্ণিত হইয়াছে, ইহাই পরবর্ত্তী ধর্ম্মস্থে মানবজীবন ও মানবাত্মাকে অধিকার করিবার নিমিত্ত ঈশ্বর ও সয়তান বা ইব্লিসের সংগ্রামরূপে বর্ণিত হইয়াছে।

এই সবের দারাই অবতারের কর্ম নির্ণীত হর। বৌদ্ধর্মের বিধান মত সাধক তাহার মৃক্তিপথের বিরোধী ব্যাপার সমূহ হইতে রক্ষা পাইবার নিমিত্ত ধর্মা, সজ্ম ও বৃদ্ধ এই তিন শক্তির আশ্রয় গ্রহণ করে। সেইরূপ প্রীষ্টধর্মের বিধানেও আমরা প্রীষ্টাম্যায়ী জীবন যাপনের ধর্মা, চার্চ্চ (church) এবং প্রীষ্ট এই তিনটি দেখিতে পাই। এই তিন প্রকরণ সকল অবতারেরই কর্মের প্রয়োজনীয় অঙ্গ। তিনি একটি ধর্মা দেখাইয়া দেন, সাধনার এক ধারা দেখাইয়া দেন—তাহার সাহাব্যে নীচের জীবন হইতে উচ্চজীবন লাভ করা যায়; কর্মা সম্বন্ধে বিধি এবং অস্থান্ত মনুষ্য ও জীবের সহিত্ত আমাদের সম্বন্ধ নিয়ন্ত্রণ এই ধর্মেরই অক্ষ; অষ্টাঙ্গমার্গে সাধনা অথবা বিশ্বাস, প্রেম ও পবিত্রতার নীতি অথবা এইরূপ অক্ষ্

কোন ভাবে জীবনে ভাগবত ভাবের প্রকাশ এই ধর্মের অঙ্গ। তাহার পর তিনি (অবতার) সজ্বের স্থাপনা করেন, তাঁহাকে কেন্দ্ৰরূপে আশ্রয় করিয়া ও তাঁহার শিক্ষায় উদ্ধাহইয়া যাহারা একত্রিত হয় তাহাদের মধ্যে স্থ্য ও একতা স্থাপন করেন, কারণ মাষ্ট্রবের সকল চেষ্টারই যেমন একটা ব্যষ্টির দিক আছে তেমনই একটা সমষ্টির দিকও আছে এবং যাহারা একই পথের অন্নুসরণ করে তাহারা স্বভাবতঃই পরস্পরের সহিত আধ্যাত্মিক সাহচর্য্য ও একতায় বদ্ধ হইয়া পড়ে। বৈষ্ণব ধর্মেও এই তিন আছে, ভাগবত, ভক্ত, ভগবান,— বৈষ্ণৰ মতাস্কুষায়ী ভক্তি ও প্রেমের ধর্মই ভাগৰত, যাহাদের মধ্যে এই ধর্ম প্রকাশিত হইয়াছে তাহাদের সঙ্গই ভক্ত, যাহাতে এই ভাগবৎ প্রেমের প্রতিষ্ঠা ও পূর্ণ পরিণতি সেই পরম প্রেমাষ্পদই, ভগবান। অবতার এই তৃতীয়টির প্রতিনিধি, অবতারই সেই দিব্যপুরুষ ও সত্তা যিনি সঙ্ঘ ও ধর্মের প্রাণ, ইনি নিজের আলোকে সঙ্ঘ ও ধর্মকে আলোকিত করেন, জীবিত রাথেন এবং মন্ত্য্যগণকে আনন্দ ও মুক্তির দিকে লুইয়া যান।

গীতা এই তিনটিরই আরও উদার ও ব্যাপক * অর্থ গ্রহণ করিয়াছে। কার্নণ গীতার যে ঐক্যের কথা বলা হইয়াছে তাহা বেদাস্তমতামুখারী সর্ব্বগত ঐক্য—তাহার দ্বারা আত্মা * বাস্তবিক পক্ষে গীতার শিল্প অস্তাস্ত ধর্মের শিক্ষা অপেকা উদার

च वाशिक।

নিজেকে সর্বভূতে এবং নিজের মধ্যেই সর্বভূতকে দেখে এবং সকলের সহিত নিজেকে এক করিয়া লয়।

অতএব, মাহুষের সকল প্রকার সম্বন্ধকে লইরা উচ্চ ভাগবতভাবের মধ্যে উত্তোলন করাই এখানে ধর্ম বলিরা বুঝার;
প্রচলিত সমাজ, নাতি ও ধর্মমতকে ইহা ব্রহ্মজ্ঞানের দ্বারা আলোকিত করিরা উর্দ্ধে উত্তোলন করে; এই ধর্মের নীতি হইতেছে ঐক্য, সাম্য, ঈশ্বর প্রণোদিত মুক্ত নিদ্ধাম কর্ম,
দিব্য আগ্রজ্ঞান, ভাগবতজ্ঞান এবং সকল জ্ঞান ও কর্মের চরম পরিণতি ভাগবত প্রেম। প্রেম ও ভক্তির দ্বারা ভগবান লাভের সাধনার কথা গীতা যেখানে বলিরাছে, সেইথানেই ভাগবত ভক্তদের স্থাতা ও পরম্পরকে ভগবান লাভে সহায়তার কথাও উঠিয়াছে এবং ইহাই সজ্বের ভিত্তি:
কিন্তু, গীতার শিক্ষা অনুসারে প্রকৃত সক্ত্ম হইতেছে সম্প্র মানবজাতি। সম্প্র জ্গত এই ধর্মের দিকে অগ্রন্থর হইতেছে, যাহার যেমন ক্ষমতা সে সেই ভাবেই চলিতেছে—

"মম বল্লান্ত্বভূতে মনুষ্যাঃ পার্থ সর্কাশঃ";

সাধক সকলের সহিত নিজের একত্ব উপলব্ধি করিতে, তাহাদের স্থুও তৃঃথ, তাহাদের সমগ্র জীবন নিজের করিয়া ক্লাইতে সাধনা করেন: বে মৃক্ত পুরুষ সর্বভৃতের সহিত নিজের একত্ব উপলব্ধি করিয়াছেন, তিনি সকল মানবজাতির কল্যাণের জ্মুই কর্ম্ম করেন, সর্ববভৃতে যে ঈশ্বর রহিয়াছেন তাঁহার সেবা করেন, লোকসংগ্রহের নিমিত্ত, সকলকে স্থবর্মে উ

ভাগবত ধর্মে প্রতিষ্ঠিত করিবার নিমিত্ত, সকলকে ক্রমশঃ
ভগবানের অভিমুখে লইয়া যাইবার নিমিত্ত কর্ম করেন।
গীতায় শ্রীফ্রফই অবতার কিন্তু তিনি এই অবতারের উপরেই
সব বেঁাক দেন নাই, কিন্তু এই অবতার বাঁহার প্রতিনিধি
সেই পুরুষোত্তমের উপরেই ঝেঁাক দিয়াছেন, সকল অবতার
এই পুরুষোত্তমেরই নরজন্ম, মায়ুষ যে সকল নাম ও রূপের
পূজা করিয়া থাকে সে সব এই পুরুষোত্তমেরই প্রতিমা।
গীতায় শ্রীফ্রফ যে পন্থার কথা বর্ণনা করিয়াছেন তাহার ঘারাই
মায়ুষ প্রকৃত জ্ঞান ও প্রকৃত মৃক্তি লাভ করিতে পারে, এই
কথা বলা হইয়াছে বটে কিন্তু এই পন্থা অন্যান্ত পন্থা হইতে
স্বতম্ব নহে, অন্তান্ত সকল পন্থাই ইহার অন্তর্গত। ভগবান
ভাঁহার অনন্ত সতার মধ্যে সকল অবতার, সকল শিক্ষা,
সকল ধর্ম ধারণ করিয়াছেন।

এই জগতু এক বিরাট যুদ্ধকেতা। এই যুদ্ধ ছই প্রকারের, ভিতরের যুদ্ধ ও বাহিরের যুদ্ধ; গীতা এই হুই প্রকার যুদ্ধের উপরেই ঝোঁক দিয়াছে। ভিতরের যুদ্ধ দায়্যকে, ব্যক্তিকে, তাহার ভিতরের শক্রর সহিত যুদ্ধ করিতে হয় এবং বাসনা, অজ্ঞাম, অহকারকে বধ করিতে পারিলেই এই যুদ্ধে জয় হয়। কিন্তু, মানব সমাজে একটা বাহিরের যুদ্ধও আছে, এখানে, ধর্মপক্ষও অধর্মপক্ষ এই তুইয়ের মধ্যে সংগ্রাম চলে। মায়্যের মধ্যে যে ভাগবত ভাব, ভাগবত প্রকৃতি আছে এবং যে সকল মধ্যে এই ভাব ও প্রকৃতির অধিকারী বা সাধক, এই সব

ধর্মপক্ষের সহায় হয় এবং তৃর্ধ্ব অহন্বারপূর্ণ আসুরিক ও রাক্ষদিক প্রকৃতি ও এইরূপ প্রকৃতির মনুষ্য দকল অধর্ম পক্ষের সহায় হয়। এই সংগ্রামের রূপক স্বরূপ দেবাস্থরের যুদ্ধের কথার ভারতের প্রাচীন সাহিত্য পরিপূর্ণ; মহাভারতের যে যুদ্ধে শ্রীকৃষ্ণ কেন্দ্র স্বরূপ তাহাও এই ধর্ম ও অধর্মের যুদ্ধেরই ছবি বলিয়া প্রায়ই বর্ণিত হইয়া থাকে; পাওবেরা দেবতার সস্তান, নররূপে দেবশক্তি, তাহারা ধর্মরাজ্য স্থাপনের জন্ম যুদ্ধ করিতেছে এবং তাহাদের প্রতিদ্বনীরা দানবীয় শক্তির ব্দবতার অস্তর। এই বাহিরের যুদ্ধেও সাক্ষাৎ বা পরোক্ষ ভাবে সাহায্য করিতে, তুষ্কৃত অসুরগণের প্রভুত্ব ধ্বংস করিয়া এবং অধর্মের শক্তিকে থর্ক করিয়া চুদ্দশাগ্রস্ত ধর্মকে পুনঃ প্রতিষ্ঠিত করিতে অবতার আবিভূতি হন। যেমন ব্যক্তিগত মানবাত্মার মধ্যে স্বর্গরাজ্যের প্রতিষ্ঠা করিতে, তেমনিই বাঞ্চ জগতে ধর্মরাজ্যের প্রতিষ্ঠা করিতে, সমগ্র মানবজাতিকে স্বর্গ-রাজ্যের দিকে অগ্রসর করাইয়া দিতে অবতার আগমন করেন।

অবতারের আগমনের নিগৃ ফল তাহারা লাভ করে যাহারা ইহা হইতে দিব্য জন্ম ও দিব্য কর্ম্মের প্রকৃত মর্ম্ম বুঝিতে পারে, বাহাদের চিত্ত তাঁহার চিন্তাতেই পূর্ণ হয়, মাহারা সর্বতোভাবে তাঁহার আশ্রয় গ্রহণ করে, মন্ময়া মামুপাশ্রিতা:, ৰাহারা জ্ঞানের হারা ভদ্ধ হইয়া প্রবং নিম প্রকৃতি হইতে মুক্ত হইয়া দিব্য সত্তা ও দিব্য প্রকৃতি লাভ করে, মদভাবমাগতাঃ।

অবতার আসিয়া দেথাইয়া দেন যে মামুষের এই নীচের প্রকৃতির উপর দিব্য প্রকৃতি মামুষের মধ্যেই রহিয়াছে, অবতার আসিয়া দেখাইয়া দেন যে দিব্য কর্মের হরপ কি ⊸এরপ কর্ম মুক্ত, নিরহঙ্কার, নিংস্বার্থ—ভাগবত জ্ঞান, শক্তি ও প্রেমে পরিপূর্ণ। তিনি দিব্য পুরুষরূপে অবতীর্ণ হন যেন তাঁহার দিব্য চরিত্রে মাতুষের চিত্ত মন ভরিয়া উঠে এবং তাঁহার সঙ্কীর্ণ অহমিকা দূর হইয়া যায়, বেন এইরূপে সে ক্ষুদ্র অহং হইতে মৃক্ত হইয়া অনস্ত ও বিরাট সত্তায় উঠিতে পারে, মৃত্যুসংসার হইতে মৃক্তি পাইয়া অমৃতত্ত্ব পৌছিতে পারে। তিনি ভাগবত শক্তি ও প্রেমরূপে অবতীর্ণ হন, এই মূর্ত্তিমন্ত শক্তি ও প্রেম মাতুষকে নিজের দিকে আকর্ষণ করে বেন তাহারা সেই দিব্যশক্তি ও প্রেমেরই আশ্রয় গ্রহণ করে, যেন মামুষের কুদ্র मिक्कि लहेबा, रामना लहेबा, कामराज्ञाधानित रूप लहेबाहे পড़िबा না থাকে, এই সব দুঃখ ও অশান্তি হুইতে মুক্ত হুইয়া মাষ্ট্ৰ বেন দিব্য শাস্তি ও দিব্য আনন্দের মধ্যে বাস করিতে পারে *। ভগবান কি নাম বা রূপ লইয়া, ভাগবতের কোন ভাবে ভর করিয়া অবতীর্ণ হন তাহাতেও বিশেষ কিছু আসিয়া যায় না; কারণ মাছ্য আপন, আপন স্বভাবামুসারে ভগবান কর্তৃক

নির্দিষ্ট পথই অমুসরণ করিতেছে, সেই পথই শেষকালে তাহাদিগকে ভগবানের সমীপে লইয়া যাইবে; তিনি যথন
তাহাদিগকে পথ দেখাইতে অবতীর্ণ হন তথন জাঁহার যে
ভাব তাহাদের স্থভাবের অমুষামী সেই ভাবের অমুসরণই
তাহাদের পক্ষে প্রকৃষ্ট; মামুষ যে ভাবে ভগবানকে গ্রহণ করে,
ভালবাসে, উপভোগ করে, ভগবানও সেই ভাবে মামুষকে
গ্রহণ করেন, ভালবাসেন, উপভোগ করেন—যে যথা মাং
প্রপদ্যন্তে তাং স্তথৈব ভজান্যহম্।

অফ্টাদশ অধ্যায়

দিব্য কম্মী

তাহা হইলে দিবা জন্ম (এক বৃহত্তর চেতনার অভিনব দৈবজন্ম লাভ) লাভ করা এবং দিবা জন্মলাভের পূর্বেইহার উপায়স্থরপ ও পরে ইহার অভিব্যক্তি স্বরূপ দিবা কর্ম করা—ইহাই গীতা কথিত কর্মযোগের সব। গীতা কর্মের এমন কোন বাহ্ন লক্ষণ নির্দেশ করে নাই, যাহা বাহাদৃষ্টিতেই চিনিতে পারা যায়, সংসারের প্রচলিত সমালোচনার যাহার বিচার করিতে পারা যায়; এমন কি মাহ্ময সাধারণ জ্ঞানবৃদ্ধির স্মালোকে যে পাপপুণ্যের প্রভিদ করিয়া কর্ত্তব্য নির্দারণ করিতে চার্ম গীতা বৃষিয়া স্মজিয়াই সে সব প্রভেদ্ধ পরিত্যাগ করিয়াছে। গীতা দিব্যকর্মের যে সব লক্ষণ দিয়াছে সে সব অতিশ্ব গৃঢ় ও জীভ্যন্তরীণ; যে চিহ্নের ঘারা দিব্য কর্ম চেনা যায় তাহা স্মদৃষ্ঠা, আধ্যান্মিক—সাধারণ ভার্মন্দ, পাপপুণ্য বিচারের ক্ষতীত।

আত্মা হইতেই দিবাকর্ম সকল উভূত হয় এবং কেবল সেই আত্মার আলোকেই তাহাদিগকে চেনা বাইতে পারে। গীতার বলা হইয়াছে, "কিং কর্ম কিমকর্মেতি ক্রয়োহপাত্র মোহিতাঃ," "কোনটি কর্ম, কোনটিই বা অকর্ম, এ বিষয়ে জ্ঞানিগণও মোহিত ও ভান্ত হন," কারণ তাঁহারা সাধারণ ধর্মাধর্ম, ভান্ন অভান্ন, জ্ঞানবৃদ্ধির মানদণ্ড লইয়া বিচার করেন বলিয়া, বাহাদিকটা লইয়াই ভেদাভেদ করেন কিন্তু এ বিষয়ের ধাহা মূলতত্ত্ব তাহার কোনও সন্ধান পান না।

তৎ তে কর্ম প্রবক্ষ্যামি ষজ্জ্ঞাত্বা মোক্ষ্যসেংগুভাৎ। কর্মণোহ্যপি বোদ্ধবাং বোদ্ধব্যঞ্চ বিকর্মণঃ। জুকর্মণশ্চ বোদ্ধব্যং গৃহনা কর্ম্মণোগতিঃ।।৪।১৬।১ ৭

— "আমি তোমাকে সেই কর্মের কথা বলিব, যাহা জানিকে তুনি সমন্ত অশুভ হইতে মৃক্ত হইবে। কর্ম কি তাহা ব্রিতে হইবে, অকর্ম বা নিজিয়তা কি তাহাও ব্রিতে হইবে। এ সংসারে কর্ম গভীর অরণ্যের মত, গহন। প্রচলিত ভাব, নীতি ও আদর্শের আলোকে মাছ্ম হোঁচট থাইতে থাইতে কোন রকমে এই গহন অরণ্যের ভিতর দিয়া চলিতে থাকে; এই সকল নীতি ও আদর্শের মিশ্রণের ফল, এই সবকে লোকে অক্ষর ও সনাতন বলে বটে, কিন্তু বাস্তবিক পক্ষ ইহারা দেশকালাম্ব্যতিক এবং অনিত্য; এই সকল নীতি ও আদর্শের ভিত্তি ক্যান-বিজ্ঞানসমূত বলিয়া দেখাইবার নানাম্ব্য ছেটা করা হয় বটে কিন্তু, বাস্তবিক পক্ষে ইহারা ব্যবহারিক ও অজ্ঞানপ্রস্ত। জ্ঞানীব্যক্তি এই সকল ভার ও আদর্শের ভিত্তি স্কর্মণ কোন

সনাতন সত্য ও নীতির সন্ধান করিতে করিতে শেষে চরম প্রশ্ন তুলিতে বাব্য হন—সমন্ত কর্ম ও সংসারই কি মিথ্যা, মারার ফাঁদ নহে? সমন্ত কর্ম হইতে নিবৃত্ত হওয়া, অকর্ম; ইহাই কি ক্লান্ত, জ্ঞানপ্রাপ্ত মানবান্থার শেষ আশ্রম্ভল নহে? কিন্তু, শ্রীকৃষ্ণ বলিলেন, যে এ বিষয়ে জ্ঞানীদেরও বৃদ্ধিবিভাট ঘটিয়া থাকে। কারণ, নিজ্ঞিয়তার দারা নহে, কিন্তু কর্মের দারাই জ্ঞানলাভ করা যায়, মুক্তিলাভ করা যায়।

তাহা হইলে এ সমস্তার মীনাংসা কি? কোন প্রকারের কর্ম করিলে আমরা এই জীবনের অভত সমূহ হইতে মৃক্তি পাইব, এই সংশর, এই ভ্রম, এই শেকি হইতে মৃক্তি পাইব, আমাদের খাটি মহতদেশোপ্রণোদিত কার্য্যেরও কুফল হইতে, বার্থতা হইতে মুক্তি পাইব, এইরূপ অসংখ্য প্রকারের অশুভ ও হুঃথ হইতে মুক্তি পাইব? ইহার উক্তর এই যে, কোঁনরূপ বাহিক ভেদ করিবার আবশ্যক নাই, সংসারের প্রয়োজনীয় কেংন কর্মই বর্জন করিবার আবশ্যক নাই; বঁরং দকল কর্মাই করা কর্ত্তব্য, তবে ভগবানের দহিত আবাকে যুক্ত রাথিয়াই সকল কর্ম করা কর্তব্য, যুক্তঃ ক্রুব্রকর্মকরে। অকর্ম, অ্থাৎ কর্ম পরিত্যাগ করা পন্থা নহে; ষে ব্যক্তি উচ্চতম বৃদ্ধির অন্তর্ষ্টি লাভ করিয়াছেন, তিনি ৰুঝেন যে এরপ অকর্মের অবস্থায় বাস্তবিক পক্ষে অনবরত কার্য্য চলিতে থাকে, এই অবস্থা প্রকৃতি এবং প্রকৃতির গুণাবলীর ক্রিরার অধীন। যে ব্যক্তি মুক্তিলাভের জন্ম

শারীরিক কর্ম হইতে থিরত হইতে চায়, তাহার এখনও ভ্রম আছে যে সেই বৃঝি কর্ম করে, প্রকৃতি নহে; সে জড়তাকে মুক্তি বলিয়া ভূল করে; সে জানে না যে, যে অবস্থা সম্পূর্ণ নিক্রিয় বলিয়া মনে হয়, যেখানে ইট পাথর অপেক্ষাও অধিক জড়তা, সেখানেও প্রকৃতির ক্রিয়া অবাধে চলিতেছে। আবার অক্সদিকে পূর্ণ কর্মপ্রোতের মধ্যেও আত্মা সকল প্রকার কর্ম হইতে মুক্ত, কর্তা নহে, কোন রতকর্মের দ্বারা বদ্ধ নহে। যে ব্যক্তি আত্মার স্বাতন্ত্রে বাস করে, প্রকৃতির গুণের অধীনতার বাস করে না, কেবল মাত্র সেই ব্যক্তিই কর্ম হইতে মুক্তি পাইরাছে। ইহাই গীতার নিম্নলিখিত বাক্যে সম্প্রস্থভাবে ব্যক্ত হইরাছে—

"কৰ্মাণ্যকৰ্ম যঃ পশ্যেদকৰ্মণি চ কৰ্ম যঃ।

সর্দ্ধিনান মহন্দেষ্"— যিনি কর্ম্মের মধ্যে দেখেন কর্ম নাই এবং নিজ্ঞিকতার মধ্যেও দেখেন কর্ম চলিতেছে তিনিই মহুষ্যের মধ্যে প্রকৃত বৃদ্ধিনান। গীভার এই বাক্য সাংখ্যকৃত পুরুষ প্রকৃতির প্রভেদের উপর প্রতিষ্ঠিত—পুরুষ মৃক্ত, নিজ্ঞিম আত্মা, কর্ম্মের মধ্যেও চিরশাস্ত, শুদ্ধ, অবিচলিত, আর প্রকৃতি চিরক্রিয়াশীলা। প্রকৃতি তাহার দৃশ্য কর্ম্মেতের মধ্যে যেমন কর্ম করিতেছে, জড়তা ও নিজ্ঞিয়তা বলিয়া যাহা দেখায় তাহার মধ্যেও তেমনিই কর্ম করিতেছে,। বৃদ্ধির চরম চেষ্টার ফলে শামরা এই জ্ঞানই লাভ করি, অতএব যে ব্যক্তি এই জ্ঞান লাভ করিয়াছেন তিনিই প্রকৃত বৃদ্ধিমান, স বৃদ্ধিমান

মহব্যেষ্,—বে ভ্রান্ত ব্যক্তি নীচের বৃদ্ধির বাহ্নিক, অনিশ্চিত, অস্থায়ী প্রভেদ সমূহের দ্বারা জীবন ও কর্ম্মের বিচার করিতে চাহে, দে প্রকৃত বৃদ্ধিমান নহে। অতএব মৃক্ত ব্যক্তি কর্মকে ভর পান না, তিনি সর্বাকর্মকারী মহাকর্মী, রুৎস্ন-কর্ম-রুৎ; অপরের স্থায় তিনি প্রকৃতির অধীনে কর্ম করেন না. পরস্ক আত্মার নিথর শান্তিতে প্রতিষ্ঠিত থাকিয়া ভগণানের সহিত যোগে শান্ত ভাবে কর্ম করেন। ভগবানই তাঁহার সকল কর্মের ঈশর, কেবল তাঁহার ভিতর দিয়া ঐ সকল কর্ম হইয়া থাকে, তাঁহার প্রকৃতি সজ্ঞান ঈশ্বরের অধীনে যন্ত্রের ক্সায় ঐ সকল কর্ম সম্পাদন করে। এই জ্ঞানের তীত্র, পুণ্য অগ্নিশিথার তাঁহার সমস্ত কর্ম 'যেন পুড়িয়া ভন্ম হইয়া বার. ভাঁহার মনে ঐ সকল কর্মের কোন দাগ পড়ে না সকল কর্ম্মের মধ্যেও তাঁহার মন শাস্ত, নীরব, অবিচলিত, শুভ্র, নির্মল ও পবিত্র থাকে। কর্ভৃত্বের অভিমানশৃক্ত ইইয়া, এই মোক্ষদায়ক জ্ঞানের আলোকে সমস্ত কর্ম করা দিব্য কর্মীর প্রথম লক্ষণ।

বাসনা হইতে মৃক্তি, দ্বিতীয় লক্ষণ; কারণ যেখানে কর্তার ব্যক্তিগত অহম্বার নাই সেখানে বাসনা অসম্ভব; সেখানে বাসনা কোন আহার্য্য পায় না, অবলম্বন না পাইয়া অবসম হইয়া পড়ে, ক্ষীণ হইন্যা লোপ পায়। মৃক্ত ব্যক্তি অক্তাক্ত লোকের মতই সকল প্রকার কর্ম করিতেছেন, দেখিতে পাওয়া বায়; বরং তিনি অক্তাক্ত লোক অপেক্ষা বৃহত্তর

কর্ম অধিকতর শক্তি ও দৃঢ়তার সহিতই সম্পাদন করিয়া থাকেন, কারণ ভগবদিচ্ছার মহতী শক্তি তাঁহার ভিতর দিয়া ক্রিরা করে; কিন্তু তাঁহার সমূদর কর্ম ও আরম্ভ নীচের বাসনা ও সন্ধল্ল হইতে সম্পূর্ণভাবে মুক্ত, সর্বের সমারম্ভাঃ কামদক্ষরজিভা:। তিনি তাঁহার কর্মের ফলে সফল আসক্তি পরিত্যাগ করিরাছেন; আর বখন কেহ ফলের জন্ম কর্ম করে না, কিন্তু ভগবানের হত্তে কেবল অহন্ধারশৃষ্ঠ যন্ত্র মাত্র, এইভাবে কর্ম করে, সেখানে বাসনা কোন স্থান পাইতে পারে না,-এনন কি ভগবানের কার্য্য সফল করিবার বাসনা বা ক্রতিয়ের সহিত কার্য্য করিয়া ভগবানকে সম্ভষ্ট করিবার বাসনাও থাকিতে পারে না, কারণ দল ভগবানের, ভগবান কর্ত্তক নিদ্দিট এবং ভগবান নিজেই কর্ম্মের কর্ত্তা-এবং ভগবান নিজের যে শক্তিকে কর্ম্মের ভার দিয়াছেন সেই শক্তিরই সকল কৃতিত্ব, কৃত্র মহুষ্যের তাহাতে কোন কৃতিও নাই। মূক্ত নানবের মন ও আত্মা কিছুই করে না, ন কিঞিৎ করোতি; যদিও তিনি তাঁহার স্বভাবের ভিতর দিয়াই কর্মে নিযুক্ত হন, কিন্তু প্রকৃতি, শক্তি, চৈতন্তময়ী দেবীই হদেশে অবস্থিত ভগবান কর্তৃক পরিচালিত হইয়া ঐ কর্ম করেন।

তাই বলিয়া যে স্মচারুভাবে, সফলতার সহিত কর্ম করিতে হইবে না, কি উপারে কোন কার্য্য সিদ্ধ হইবে তাহা বিচার করিতে হইবে না, তাহা নহে; বরং বোগস্থ হইয়া শাস্তভাবে কর্দ্ম করিলে তাহা বেরূপ সুচারুভাবে সম্পন্ন হইতে পারে, আশা নিরাশায় কম্পিত হৃদয়ে, ক্ষ্ম অক্ষম বৃদ্ধির নানা বাধায়, অন্থির ইচ্ছার চাঞ্চল্যে কর্মা করিলে তাহা সেরূপ স্থচারুভাবে সম্পন্ন হয় না; গীতা আর এক স্থানে বলিয়াছে যে কর্মা করিবার প্রকৃত কৌশলই যোগ, যোগঃ কর্মাম কৌশলম্। কিন্তু, এই সকল কর্মা ব্যক্তিগত স্থভাবের ভিতর দিয়া এক বিরাট, বিশ্বরাপী, নামরূপের অতীত জ্যোতি ও শক্তির দারা সম্পাদিত হয়। কর্মযোগী জানেন যে তাঁহাকে যে শক্তি দেওয়া হইয়াছে উহা ভগবৎনির্দিষ্ট ফললাভের উপযোগী হইয়া উঠিবে এবং তাঁহার ইচ্ছা, ভাগবতজ্ঞানের দ্বারাই স্ক্ষ্মভাবে নিয়মিত হইবে।

এই ইচ্ছা কর্মীর ব্যক্তিগত বাসনা বু কামনা নহে, কোনরপ ব্যক্তিগত জয় বা লাভ ইহার লক্ষ্য নহে, ইহা ভগবানের উদ্দেশ্য সাধনের নিমিত্ত এক দিব্য বিজ্ঞানময়ী শক্তির প্রেরণা। এরপ. কর্ম সাধারণের চক্ষে সাফল্যমণ্ডিতও হইতে পারে, বিফলও হইতে পারে; কিন্তু, কর্ম্মযোগী জানেন যে বাহতঃ যাহাই মনে হউক সমস্ত জয় পরাজয়, লাভ লোকসানে সকল কর্ম ও কর্মফলের নিয়ন্তা, সর্বজ্ঞঃ ভগবানের অভিপ্রায়ই সিদ্ধ হয়, ভগবান কথন বাহ্য জয়ের ভিতর দিয়া নিজের ইচ্ছা সম্পাদন করেন, আবার কথনও বাহ্য পরাজয়ের ভিতর দিয়াই তাঁহার ইচ্ছা অধিকতর জোরের সহিত সম্পাদ্ধ করেন। অর্জ্ঞ্নকে যে যুদ্ধ করিতে আদেশ দেওয়া ইইয়াছে,

তাহাতে জয় স্থনিশ্চিত; কিন্তু, যদি নিশ্চিত পরাজয়ই তাহার
সন্মুথে থাকে তথাপি তাহাকে যুদ্ধ করিতেই হইবে কারণ,
যে বিরাট আরোজনের দ্বারা ভগবানের ইচ্ছা নিশ্চিতভাবে
সম্পন্ন হইতেছে তাহাতে এই যুদ্ধ করার ভারই উপস্থিত
অর্জ্যনের উপর দেওয়া হইয়াছে।

মুক্ত মানবের ব্যক্তিগত কোন আশা, আকাজ্জা নাই; তিনি কোন দ্রব্যই নিজম্ব বলিয়া গ্রহণ করেন না: ভগবানের ইচ্ছা যাহা আনিয়া দেয় তিনি তাহাই গ্রহণ করেন. কোনও দ্রব্যে লোভ করেন না, কাহাকেও ঈর্বা করেন না; তিনি যাহা পান রাগদেষশূভা হইয়াই তাহা গ্রহণ ক্রেন; কোন কিছু হারাইলে তিনি ছু:খ বা শোক করেন না। তাঁহার চিত্ত ও আত্মা সম্পূর্ণভাবে তাঁহার অধীন; সকল প্রকার প্রতিক্রিয়া ও বিক্ষোভ হইতে তাহারা মুক্ত, বাহ্য বিষয়ের সংস্পর্শে তাহারা বিচলিত হইয়া ভিতরে গোলযোগের সৃষ্টি করে না। তাঁহার কর্ম বাস্তবিকই কেবল শারীরিক, শারীরং কেবলং কর্ম্ম; কারণ, বাকী আর যাহা কিছু তাহা উর্দ্ধ হইতেই আইদে, মানবীয় স্তরে উৎপন্ন হয় না, তাহা ভগবান পুরুষোত্তমের ইচ্ছা, জ্ঞান ও আনন্দের প্রতিরূপ মাত্র। অতএব তিনি কর্ম্মে ও কর্ম্মের ফলে ঝেঁকি দিয়া তাঁহার চিত্ত, মনে সেই সকল প্রতিক্রিয়ার সৃষ্টি করেন ना, याशानिशत्क आमता अस्टत्तत तिशू वा शांश विद्या थाकि। কারণ, বাহিরের কর্ম আদৌ পাপ নহে, কিন্তু কর্মীর ব্যক্তি-

গত ইচ্ছা, মন ও চিত্তের যে অশুদ্ধ প্রতিক্রিয়া এই কর্ম্বের আমুসদিক বা কারণ, বাস্তবিক পক্ষে তাহাই পাপ; বাহা ব্যক্তিগত নহে, বাহা নামর্রপের অতীত আধ্যাত্মিক সন্তা তাহা সকল সমরেই শুদ্ধ, অপাপবিদ্ধন্ এবং সেই সন্তার দ্বারা অম্প্রতিত সকল কর্মাই তাহারই মত শুদ্ধ, পবিত্র। এই আধ্যাত্মিক অব্যক্তিত্বই * (Spiritual impersonality) দিবা কর্মীর তৃতীর লক্ষণ। অবশ্রু যে সকল মানব কতকটা মহত্ত্ব এবং উদারতা লাভ করিয়াছেন তাহারা সকলেই অমুভব করেন যে তাঁহাদের ব্যক্তিগত সন্তার অতীত এক শক্তি বা প্রেম বা ইচ্ছা এবং জ্ঞান তাঁহাদের মধ্য দিরা ক্রিয়া করিতেছে কিন্তু তাঁহারা ব্যক্তিগত অহন্ধারের ভাব হইতে মুক্ত নহেন এবং মাঝে মাঝে এই অহন্ধার খুবই প্রবল হইরা

^{*} আমরা এগানে ইংগাজী imp) rsonality র বাংলা প্রতিশক্ষরণে "আবাজিত্ব" শব্দ বাবহার করিয়াছি, কিন্তু, কথটো বেশ প্রাপ্তল নর।
Impersonality বলিতে কি বুরায় সংক্ষেপে বিবৃত করিতেছি। আমার শরীর ও অন্তক্রণকে যন্ত্র করিয়া যে শক্তি কারা করিতেছে সে শক্তি আরার মধ্যে, আমার নামরূপে সীমাবদ্ধ নহে, সে শক্তি অসীম বিখব্যাপী; এই শক্তি বে ফলের জন্ম আমার ভিতর দিয়া কর্ম করিতেছে তাহারও লক্ষ্য আমার এই ক্ষ্মে "আমি" নহে পরস্তু, শক্তি বাহার দাসী সেই পরমেখরই সকল কর্ম্মের, সকল ফলের ভোজা—এইরপ ভাব যথন আমর। উপলব্ধি করি, তথনই আমাদের হর impersonal ভাব; ভবিষাতে এই অথেই আমরা "অব্যক্তিত্ব" শক্ষ বাবহার করিব এই অর্থ গ্রন্থের মধ্যেই আরও পাইন্দ্র ট করা হইয়াছে— অনুবাদক।

উঠে। কিন্তু মৃক্ত পুক্ষের এই স্বাধীনতা লাভ হইয়াছে; কারণ তিনি তাঁহার ব্যক্তিগত সন্তাকে নামরপের স্বতীত সন্তায় মিশাইয়া দিয়াছেন,—দেখানে ইহা আর তাঁহার নিজের নহে, তগবান পুক্ষোত্তম ইহাকে গ্রহণ করিয়াছেন,—তিনি সকল সান্ত গুণকে অনন্তভাবে, অবাধে ব্যবহার করিতেছেন এবং কিছুর দারাই বন্ধ হইতেছেন না। গাঁহার এরপ মৃক্তিলাভ হইয়াছে, তিনি আত্মা হইয়াছেন, তিনি আর শুধ্ প্রকৃতির গুণ সম্ফের সমষ্টিমাত্র নহেন; প্রকৃতির কার্য্যের জন্ম ব্যক্তিত্বের যে আভাসটুকু অবশিষ্ট থাকে তাহা কিছুর দারা বন্ধ নহে, তাহা একটা উদার, নমনীয়, বিশ্ববাদী বস্তু. তাহা অনন্তের মৃক্ত আধার, পুক্ষোভ্যের জীবন্ত প্রতিরূপ।

এই জান, এই বাসনাশৃন্ততা এবং এই বিন্যুক্তিবের ফল আত্মাও প্রকৃতিতে পূর্ব সমতা। সমতা দিব্যক্ষীর চতুর্ব লক্ষণ। গীতা বলেন, দিব্যক্ষী সর্কাবিধ হন্দ অতিক্রম করিয়াছেন; তিনি হন্দাতীতঃ। আমরা দেখিয়াছি যে তিনি জয় পরাজয়, রুতকার্যতা, অরুতকার্যতা সবই সমান চক্ষে দেখেন এবং তাঁহার চিত্ত কিছুতেই বিচলিত হয় না; কিয়্ক শুরু ইহাই নহে, তিনি সকল ঘদ্মের উপরে উঠিয়া তাহাদের সামজস্তু সাধন করেন। সংসারের ঘটনানিচয়ের সম্বন্ধে সাধারণ মহুব্যের মনোভাব যে সকল বাহ্ ভেদাভেদের ঘারা নির্ণীত হইয়া থাকে, দিব্যক্ষী সে সকল ভেদাভেদকেতত বড় করিয়া দেখেন না। তিনি এই সকল ভেদাভেদ

অস্বীকার করেন না বটে, কিন্তু তিনি এই সকলের উপরে। শুভ ও অশুভ ঘটনার প্রভেদ সকাম মহুষ্যের পক্ষে গুরুতর ব্যাপার, কিন্তু দিব্যপ্রকৃতিসম্পন্ন নিন্ধাম পুরুষের নিকট শুভ ও অশুভ উভয়েই সমান আদরের কারণ ইহাদের সংমিশ্রণের দারাই সনাতন শুভের ক্রমবিকাশশীল রূপ গড়িয়া উঠিতেছে। তাঁহার পরাজয় নাই কারণ তাঁহার পক্ষে সমস্ত ঘটনাই প্রক্লতির কুরুক্ষেত্রে দিব্যজ্ঞরের দিকেই চলিয়াছে— এই যে কর্মক্ষেত্রের ভিতর দিয়া ধর্মের বিকাশু হইতেছে, ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে, এথানকার প্রত্যেক ঘটনাই এই যুদ্ধের পরম প্রভু, কর্মসকলের ঈশ্বর, ধর্মের নেতা ভগবানের দারা পূর্ব্ব হইতেই ঠিক করা আছে। মাতুষের সন্মান বা অপমান দিব্যকর্মীকে বিচলিত করিতে পারে না, মামুষের প্রশংসা বা মাহুষের নিন্দা তাহাকে বিচলিত করিতে পারে না; কারণ তাঁহার কার্য্যের একজন মহত্তর দিব্যদৃষ্টিসম্পন্ন বিচারকর্ত্তা আছেন, এক স্বতন্ত্র মানদণ্ড আছে; এবং তাঁহার কর্মের প্রেরণা সাংসারিক পুরস্কারের উপর এতটুকুও নির্ভর করে না। ক্ষত্রিয় অর্জ্জুন স্বভাবতঃই যশঃ ও মানের আদর করিবেন, অপমান ও কাপুরুষ অপবাদকে মৃত্যুর স্থায় পরিত্যাগ করাই তাঁহার পক্ষে ঠিক; কারণ সম্মান রক্ষা করা, জগতে সাহসিকতার আদর্শ অটুট রাথা তাঁহার ধর্মের অঙ্গ; কিন্তু মুক্ত পুরুষ অর্জ্ঞানর পক্ষে এ সব গ্রাহ্ম করিবার কোন প্রয়োজন নাই, তাঁহাকে ওগু জানিতে হইবে যে কর্ত্তব্যম্

কর্ম কি, ভগবান তাঁহার নিকট কোন কর্ম দাবি করিতেছেন, ভগবানে ফলাফল সমর্পণ করিয়া তাঁহাকে সেই কর্ম করিতে হইবে। এমন কি তিনি সাধারণ মহুয়ের পক্ষে একান্ত প্রয়োজনীয় পাপপুণ্যের প্রভেদেরও উপরে উঠিয়াছেন; যাহারা অহন্ধারের প্রভাব থর্ক করিবার চেষ্টা করিতেছে, প্রবল রিপুগণের বশুতা হইতে মুক্তি পাইবার চেষ্টা করিতেছে, তাহাদের পক্ষে পাপপুণ্যের প্রভেদ একান্ত আবশ্যক,—কিন্তু যিনি মুক্ত তিনি এই সকল চেষ্টার উপরে উঠিয়াছেন এবং দাক্ষী, প্রবৃদ্ধ আত্মার পবিত্রতায় স্কপ্রতিষ্ঠিত হইয়াছেন। পাপ তাহা হইতে খদিয়া পড়িয়াছে, এবং তিনি যে চূড়ায় উঠিয়াছেন, যে আসনে প্রতিষ্ঠিত হইয়াছেন, অসৎকর্মে তাহার ক্ষয় নাই বা সৎকর্মে তাহার বৃদ্ধি নাই, তাহা দিবা নিঃস্বার্থ প্রকৃতির অটুট অক্ষয় পবিত্রতা। সেথানে পাপপুণ্যবোধের কোন স্থান নাই, কোন উপযোগিতা, প্রয়োজনীয়তা নাই।

অজ্ঞানের অধীন অর্জুন হাদরের মাঝে ভার ও ধর্মের প্রেরণা উপলব্ধি করিতে পারেন এবং মনে মনে বিচার করিতে পারেন যে যুদ্ধ হইতে বিরত হওয়া তাহার পক্ষে পাপ হ ইবে কারণ অত্যাচারী শক্তিকে বাড়িতে দিলে দেশের উপর, জাতির উপর যে অভ্যায়, অত্যাচার, অবিচার হইবে সে সবের দায়িও তাঁহারই উপর পড়িংব; অথবা তিনি হিংসা ও নরহত্যার প্রতি বিভ্ঞা অন্থভব করিতে পারেন এবং মনে মনে বিচার করিতে পারেন বে সকল অবস্থাতেই রক্তপাত

পাপ এবং কিছুতেই ইহার সমর্থন করা বায় না। এই চুই প্রকার মনোভাবই সমান ভাঁবে ফ্রায় ও যুক্তি সম্বত, ইহাদের ৰংগ কোনটির জয় হইবে বা লোকে কোনটিকে গ্রাহ্ করিবে তাহা অবঁহা, কাল ও পাত্রের উপর নির্ভর করে। অথবা, শক্রর বৈর্গদ্ধে বন্ধুদিগকে সাহায্য করিতে, অন্তায় ও অত্যাচারের বিরুদ্ধে জাগ ও শুভকে সমর্থন করিতে অর্জুন কেবল আত্মসম্মান বোধ ও জ্নয়বৃত্তির প্রেরণাতেই নিজেকে বাধ্য মনে করিতে পারেন। কিন্তু, মুক্ত পুরুষের দৃষ্টি এই সব বিরোধী আদর্শ ও নীতিকে অতিক্রম করে: তিনি শুধু দেখেন যে ধর্মের রক্ষা অথবা বিকাশের নিমিত্ত প্রয়োজন বলিয়া ভগবান তাঁহার নিকট কি চাহেন। তাঁহার নিজের ব্যক্তিগত কোন উদ্দেশ্য সংগন করিবার নাই. নিজের ব্যক্তিগত কোন রাঁগ বা দ্বেষ তৃপ্ত করিবার নাই. তাঁহার কর্ম্মের এমন কোন চিরনির্দিষ্ট নীতি বা আদর্শ নাই বাহা বিকাশনীল নব জাতির ক্রমোল্লতির গৃহিত পরিবৃত্তিত হয় না অথবা ষাহা অনত্তের ডাককেও তুচ্ছ কৃবিয়া বিক্লমে দণ্ডায়মান হয়। তাঁহার নিজের কোন শত্রু জয় করিবার বা বধ করিবার নাই। তিনি দেখেন যে যাহারা তাঁহার বিরোধী তাহারা বাধা প্রদানের ছারাই নিয়তির গতিকে সাহায্য করিবার ন মিত্ত ঘটনাচক্রে নিযুক্ত হইরাছে। তাহাদের বিরুদ্ধে তাঁহার কোন ক্রোধ বা বিদ্বেষ থাকিতে পারে না; কারণ দিব্য প্রকৃতিতে ক্রোধ বা বিদ্ধেষর কোন স্থান নাই। বাধা-

মাত্রকেই ভালিয়া ফেলিবার, ধ্বংস করিবার যে আকাজ্জা অম্বরের মধ্যে আছে, যে ভীষণ রক্ত-পিপাসা রাক্ষসের আছে, তাঁহার দিব্য প্রকৃতির ধীরতা, শান্তি এবং সর্বতোমুখী সহামুভতি ও জ্ঞানের মধ্যে সে সব অসম্ভব। তিনি কাহারও অনিষ্ট করিতে চান না, বরং সকলের প্রতিই তাহার বন্ধভাব ও ক্রণা, অদ্বেষ্টা সর্বভিতানাং মিত্র কর্মণ এবচ। কিন্ধ, হাদয়, স্নায় ও রক্তমাংসের শিহরণজনিত যে অমুকম্পা সাধারণতঃ নমুষ্যের মধ্যে দেখিতে পাওয়া যায় এই দেবোচিত করুণা তাহা হইতে বিভিন্ন; দেবতা বে করুণাদৃষ্টিতে মামুবের প্রতি দৃষ্টপাত করেন, সকল আত্মাকেই নিজের মধ্যে আলিক্সন করেন, এই করুণা সেই দেবোচিত করুণা। আবার মুক্ত পুরুষ যে শরীরের জীবনটাকে খুব বড় করিয়া দেখেন তাহাও নহে, ইছার উপরে যে আত্মার জীবন আছে তাহার উপরেই: তিনি লক্ষ্য রাখেন এবং এই শরীরের জীবনকে সেই আত্মার' জীবনের বন্ধমাত্র বলিয়াই জানেন। তিনি সহসা হত্যাকাঞ বা যুদ্ধ করিতে অগ্রসর হন না, কিন্তু যদি ধর্মের স্রোতে যুদ্ধ আসিয়া পড়ে. তাহা হইলে তিনি পশ্চাৎপদ হন না. এক উদার সমতা ও পূর্ণ জ্ঞানের সহিত সেই ধর্মযুদ্ধে প্রবৃত্ত হন, এবং তাঁহাকে যাহাদের প্রভূত্বের শক্তি ও উল্লাস নই করিতে হয় তাহাদের প্রতি তাঁহার দহাঁসুভৃতির কোন অভাব হয় না

কারণ তিনি সর্বত্র ছুইটি জিনিষ দেখেন, তিনি দেখেন

ষে ভগবান সর্বভৃতে সমানভাবে বাস করিতেছেন, কেবল সাময়িক ঘটনাক্রনে সর্ব্বর ভগবানের প্রকাশ সমান নছে। পশু ও মানবে, কুরুরে, অস্পৃষ্ঠ চণ্ডালে, বিভাবিনয়সম্পন্ন বাদ্ধণে, সাধুতে ও পাপীতে, উনাসীনে, শক্রতে এবং বন্ধতে, শুভকারীতে এবং অনিষ্টকারীতে—সর্ব্বর তিনি নিজকে দেখেন, ভগবানকে দেখেন এবং সকলের প্রতিই তাঁহার অস্তরে সমান দয়া, দিব্য ভালবাসা। ঘটনাচক্রে তিনি হয় ত কাহাকেও বাহতঃ আলিমনে বদ্ধ করেন, আবার কাহাকেও বাহতঃ যুদ্ধে আক্রমণ করেন—কিন্তু, তাঁহার সমদৃষ্টি, উন্মুক্ত হদয় এবং সকলের প্রতি তাঁহার আন্তরিক ভালবাসার কথনও প্রত্যাবার হয় না। তাঁহার সকল কর্মের মূলে এই নীতি থাকে যে মানবজাতিকে ক্রমশঃ দেবত্বের দিকে লইয়া যাইবার উদ্দেশ্যে ভগবদিছা তাঁহার ভিতর দিয়া কার্য্য করিতেছে।

দিব্য ক্ষীর আর এক লক্ষণ হইতেছে, পূর্ণ আন্তরিক আনন্দ ও শান্তি (ইহা দিব্য চৈত্যন্তেরেও মূলতত্ত্ব), ইহার উৎপত্তি ও হারিছ জগতের কোন কিছুর উপরই নির্ভর করে না; এই পূর্ণ আনন্দ ও শান্তি আত্মার চৈতক্তের মূল উপাদান, দিব্য সন্তার ইহাই প্রকৃত স্বরূপ। সাধারণ মান্ব তাহার অধ্যের জন্ম বস্তুর উপর নির্ভর করে; অতএব তাহার বাসনা আছে; সেই জুন্নই তাহার আছে কোধ, উত্তেজনা, ত্রুথ ও হংধ, হর্ষ ও শোক; সেই জুন্নই সমন্ত জিনিষকেই সে সোভাগ্য ও হুর্ভাগ্যের মান্দণ্ডে ওজন করে। ইহাদের কোনটিই দিব্য

আত্মাকে বিচলিত করিতে পারে না; ইহা কোন কিছুর উপর নির্ভর না করিয়া সদাই পরিতৃপ্ত, নিতাতৃপ্তো নিরাশ্রয়: কারণ ইহার রতি, ইহার দিব্য আরাম, ইহার স্থুখ, ইহার রমণীয় জ্যোতি—সবই সর্বাদা ইহার অন্তরস্থিত, ইহার অঙ্গীভূত, আত্মরতিঃ, অন্ত সুথোহন্তরারামন্তথাহন্তর্জ্যোতিরের যঃ। দিব্য পুরুষ বাহ্ন বস্তু হইতে যে আনন্দ পান তাহা এ বস্তুর জন্ম নহে, ঐ বস্তু যে তাঁহার কোন অভাব বা আকাজ্জা পূরণ করে সে জন্ম নহে—এ সকল বস্তুতে যে সনাতন আত্মা রহিয়াছে, ভগবানের প্রকাশ রহিয়াছে, ঐ সকল জিনিষের মধ্যে যাহা নিত্য এবং কথনও তাঁহার অগোচর হইতে পারে না তাহার জন্মই তিনি ঐ দকল বস্তুতে আনন্দ পান। বাহা বস্তুতেই যাহার আনন্দ তাহার আনন্দের অস্ত আছে, অভাব আছে-কিন্তু, সকল বাহ্ন বস্তুই যে সনাতন সভ্য বস্তুর বাহ্ন নিদর্শন দেই সত্য বস্তুতেই দিব্য পুরুষের আনন্দ এবং তাঁহার সে আনন্দের কথনও অভাব হইতে পারে না। বাহ্য বস্তুর স্পর্শে তাঁহার কোনরূপ আসক্তি নাই, কিন্তু তিনি নিজের আত্মাতে যে আনন্দ পান সকল বস্তুতেই সেই আনন্দ পাইয়া থাকেন কারণ এই সব বস্তুর আত্মা এবং তাঁহার নিজের আত্মা এক, তিনি সর্বভূতের আত্মার সহিত একাত্মা হইয়াছেন, তাহাদের দকল ভেদের মধ্যেও যে এক দমঞ্জন রহিয়াছে **শেই ব্র**ন্ধের সহিত তিনি মিলিভ হইয়াছেন, ব্রশ্ববোগ-যুক্তাত্মা (৫।২১), সর্কভূতাত্ম ভূতাত্মা (৫।৭)। তিনি সুখনর

জিনিষের স্পর্শে উল্লাসিত হন না বা তৃংখমর জিনিষের স্পর্শে বন্ত্রণা বোধ করেন না; কোন জিনিষের বাথা, কোন বন্ধুর দেওয়া বেদনা, কোন শত্রুর আঘাত—কিছুই তাঁহার হৃদর বা মনের স্থৈয় নষ্ট করিতে পারে না; তাঁহার আত্মা স্বভাবতঃ (উপনিষদের ভাষায়) অব্রণম্ ক্ষতশূল বা ব্যথাশূল। সকল জিনিষেই তাঁহার একই অফ্রন্থ আনল—

বাহ্য স্পর্শেষসক্তাত্ম বিন্দত্যাত্মনি ষৎ স্থম্। দি ব্রহ্মবোগযুক্তাত্মা স্থমঅক্ষরনগুতে॥ ৫।২১

এই সমতা, অন্যক্তিষ, শান্তি, আনন্দ, মৃক্তি প্রভৃতি ষে
সব গুণ দিব্যকশীর লক্ষণ, কর্ম করা বা না করার ন্তায় ৰাফ
ব্যাপারের 'উপর সে সব গুণ নির্ভর করে না। বাফ ও
আভ্যন্তরীন ত্যাগের প্রভেদে, "সন্ন্যাস" ও "ত্যাগের" প্রভেদে
গীতার পুন: পুন: জোর দেওয়া হইয়াছে। 'গীতার মতে
আভ্যন্তরীন ত্যাগ ভিন্ন বাহ্য ত্যাগের কোন মূল্যই নাই,
প্রথমটি ভিন্ন দিতীয়টি প্রায় অসম্ভব; আবার যেথানে আভ্যন্তরীন মৃক্তি আছে সেথানে বাহ্য সন্ন্যানের কোন প্রশ্নোজন
নাই। বান্তবিক পক্ষে "ত্যাগ"ই (আভ্যন্তরীন ত্যুগ্গ) প্রকৃত
এবং ষ্টেষ্ট সন্ন্যাস।

জ্ঞোর: দ নিত্যসন্মাসী যো ন খেষ্টি ন কাজ্জাতি।
নির্দ্ধ হি মহাকাহো, স্থাং বন্ধাৎ প্রমৃচ্যতে। ৫।৩
"বিনি বের করেন না, আকাজ্জাত করেন না তাঁহাকে
নিত্যসন্মাসী বলিয়া জানিতে হইবে; দ্বন্দ হইতে মুক্ত এই

রূপ ব্যক্তি ত্নায়াসে সকল প্রকার বন্ধন ইইতে মুক্তি লাভ করেন।" তুংখদায়ক (তুংখমাপ্তমুন্) বাহ্য সন্থাসের কোন প্রয়োজনই নাই। সমস্ত কর্ম এবং কর্মফল যে সন্থাস করিতে হইবে তাহাতে কোন সন্দেহই নাই, কিন্তু, এই সন্থাস বাহ্য নহে, আভ্যন্তরীন, প্রকৃতির তামসিকতার সমস্ত সমর্পণ করিতে হইবে না, কিন্তু সমস্ত কর্ম ও কর্মফল যজ্জ-রূপে ঈশ্বরে অর্পণ করিতে হইবে, নামরূপের অর্তীত বিরাট সন্তার শান্তি ও আনন্দের মধ্যে সমর্পণ করিতে হইবে,—এই সন্থা হইতে সমস্ত কর্ম উৎপন্ন হইলেও উহার শান্তি কিছুমাত্র বিচলিত হয় না। সমস্ত কর্ম ব্রন্ধে সমর্পণ করাই প্রকৃত কর্মন্যাস।

ত্রহ্মণ্যাধার কর্মাণি সঙ্গং খ্যক্ত্বা করোতি যঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাস্তসা॥ ৬।১০

— 'যিনি আসজি পরিত্যাগ করিয়া, সমস্ত কর্ম ব্রহ্মে সমর্পণ করিয়া (অথবা ব্রমকে কর্মের আধার বা ভিত্তি করিয়া) কর্ম করেন, জলে কমলপত্রের স্থায় তিনি পাপে লিপ্ত হন না।"

কারেন মনসা বৃদ্ধা কৈবলৈরিন্দ্রিরেরি ।
বোগিনঃ কর্ম কুর্বস্তি সঙ্গং ত্যক্তাত্মগুলুরে । ৫।১১
যুক্তঃ কর্মকলং ত্যক্ত্বা শান্তিমাপ্রোতি নৈষ্টিকীম্।
অযুক্তঃ কামকারেণ ফলে সক্তেচ নিবধ্যক্তে ॥ ৫।১২

— অতএব বোগিগণ প্রথমে "শরীর, মন ও বৃদ্ধির দ্বারা, এমন কি কেবল কর্মেক্সিরের দ্বারাই অনাসক্ত হইয়া আজু- ভিদির জন্ত কর্ম করিয়া থাকেন। বন্ধের সহিত যুক্ত ব্যক্তি কর্মের ফলে আসক্তি পরিত্যাগ করিয়া বন্ধনিষ্ঠার ঐকান্তিক শান্তি লাভ করেন, কিন্তু যে ব্যক্তি এরপ ব্রন্ধে যুক্ত নহেন তিনি কর্মফলে আসক্ত হন এবং বাসনার বশু কর্ম করিয়া বদ্ধ হন।"

এই প্রতিষ্ঠা, পবিত্রতা ও শুদ্ধি একবার লাভ করিতে পারিলে দেহী আত্মা তাহার প্রকৃতিকে সম্পূর্ণভাবে বশীভূত করিয়া এবং সমস্ত কর্ম মনের দারা (বাহ্যভাবে নহে, আভান্তরীন ভাবে) সন্মাস করিয়া "নবদার বিশিষ্ট পুরবং দেহে কর্ম না করিয়া এবং না করাইয়া অবস্থান করেন"।

সর্বকর্মাণি মনসা সংস্তস্তান্তে স্বধংবনী। নবছারে পুরে দেহী নৈব কুর্বন্ ন কারমন্॥ ৫।১৩

কারণ এই আত্মাই সকলের শ্বন্তরস্থিত, সকল ভেদের শতীত, সর্বব্যাপী আত্মা, "প্রভূ", "বিভূ", ইনি কোন বিশেষ নামরূপের মধ্যে সীমাবদ্ধ নহেন, সংসারের কোন কর্ম্ম স্থাষ্টি করেন না, মনের কর্ত্ত্ব ভাবও ইনি স্থাষ্টি করেন না, কর্ম্মের সহিত কর্ম্মফলের সংযোগ অর্থাৎ কার্য্যকারণশৃঞ্জালাও তিনি স্থাষ্টি করেন না। মামুবের মধ্যে যে প্রকৃতি রহিয়াছে. "স্বভাব", সেই স্বভাবই এই সকল সৃষ্টি করিয়া থাকে—

ন কর্ত্তং ন কর্মাণি লোকস্য স্বজতি প্রভু: । ন কর্মফলসংযোগং স্বভাবস্ত প্রবর্ততে ॥ ৫।১৪ ঐ সর্বব্যাপ্ম নামরপাতীত সভা কাহারও পাপ বা পুণ্য গ্রহণ করেন না; জীবের অজ্ঞান হইতে, কর্ত্ত্বের অহন্ধার হইতে, নিজের পরম সন্থা সম্বন্ধে অজ্ঞান হইতে প্রকৃতির ক্রিয়ার সহিত জড়িতভাব হইতে সকল পাপ পুণ্যের উৎপত্তি; তাহার মধ্যে আত্মজ্ঞান যথন এই অন্ধকারময় আবরণ হইতে মুক্ত হয়, সেই জ্ঞান স্থেয়ের ছায় ভিতরের সত্য আত্মাকে প্রকাশিত করে, তথন সে নিজেকে প্রকৃতির বন্ধসমূহের উপরিস্থিত পরম আত্মা বলিয়া জানিতে পারে। নিজেকে শুন্ধ, অক্রর জানিয়া সে আর তথন বিচলিত হয় না; প্রকৃতির ক্রিয়ার ঘারা যে তাহার কোনয়প পরিবর্ত্তন হার না; প্রকৃতির ক্রিয়ার ঘারা যে তাহার কোনয়প পরিবর্ত্তন হইতে পারে, তথন আর তাহার এ ধারণা থাকে না। নিজেকে সেই নাময়পের অতীত বিরাট সন্থার সহিত সম্পূর্ণ-ভাবে এক করিয়া, সেও প্রকৃতির বন্ধনে পুনরার্ত্তি হইতে নিজেকে মুক্ত করিতে পারে।

নাদত্তে কন্সচিৎ পাপং ন চৈব স্কৃতং বিভূ:।

ক্ষজানেনাবৃতং জ্ঞানং তেন মৃহন্তি জন্তব: ॥ ৫।১৫

জানেন তু তদজ্জানং যেষাং নাশিতমাত্মন: ।

তেষামাদিত্যবজ্জানং প্রকাশয়তি তৎ পরম্॥ ৫।১৬
তদ্বৃদ্ধয়ন্তদাত্মানন্তমিষ্ঠান্তৎ পরায়ণাঃ ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননিধূত কল্মষাঃ ॥ ৫।১৭

অথচ এইরূপ মুক্তিতে তাহার কর্ম করিবার কোন বাধাই হয় না। কেবল তাহার এই জ্ঞান থাকে যে সে নিজে ি ক্রিয়াপর নহে, বাস্তবিক পক্ষে প্রকৃতির গুণত্রয়ই সমৃদয় কর্মা করে।

> নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্থেত তত্ত্বিৎ। পশ্যন্ শৃষন স্পৃশন জিল্লয়শ্মন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্॥ ৫।৮ প্রলপন্ধ বিস্জন্ গৃহন্ উন্মিষন্ নিনিষম্পি। ইন্দ্রিমানীন্দ্রিয়ার্থেষ্ বর্তত্তে ইতি ধারয়ন্॥ ৫।৯

"তত্ত্ববিৎ ব্যক্তি অন্তরে নিষ্ক্রিয় নামরূপাতীত সন্ত্রায় যুক্ত থাকিয়া মনে করেন—'আমি কিছুই করিতেছি না'; তিনি যথন দর্শন, শ্রবণ, স্পর্শ, ভ্রাণ, আহার, গমন, নিদ্রা, শ্রাস, কথন, ত্যাগ, গ্রহণ, চক্ষু উন্মোচন ও চক্ষু নিমীলন করেন তথন তিনি এই ধারণা করেন যে শুধু ইন্দ্রিয়গণই বিষয়ের উপর ক্রিয়া করিতেছে।" তিনি অক্ষর, অপরিণামী আত্মায় স্থ্রপ্রতিষ্ঠিত হওয়ায় গুণত্রয়ের কবল হইতে নিরাপদ হন. ত্রিগুণাতীত হন: তিনি সাত্ত্বিকও নহেন, রাজসিকও নহেন, তামসিকও নহেন; তাঁহার কর্মে প্রাকৃতিক গুণসমূহের যে ক্রমান্তর পরিবর্ত্তন চলে, আলো ও স্থথের, কর্ম ও শক্তির, বিশ্রাম ও জড়িমার যে ছন্দোবদ্ধ লীলা চলে, সে সব ছিনি নির্ম্মল শাস্তভাবে নিরীক্ষণ করেন। শাস্ত আত্মার এই **উ**র্ম্ধ-স্থিতি, দ্রষ্টাভাবে নিজের কর্মকে নিরীক্ষণ করা অথচ তাহাতে জড়িত বা বদ্ধ না হওমা. এই ত্রৈগুণাতীত্য, দিব্যকর্মীর আর একটি মহৎ চিহ্ন। শুধু এই ভাব হইতে প্রকৃতির অন্ধনিয়ম-বাদের উৎপত্তি হইতে পারে, আত্মা সম্পূর্ণভাবে স্বতন্ত্রও

ারিবহীন, জড়প্রকৃতি আপনা হইতেই সমন্ত জাগতিক ক্রিয়া সম্পাদন করিতেছে এইরূপ মতবাদের উদ্ভব হইতে পারে; কিন্তু, এরূপ মত অসম্পূর্ণ চিন্তার ফল, এই মত গীতা পুরুষোত্তমবাদের দারা পূর্ণভাবে নিরসন করিয়াছে এবং সকল সমস্তার উপযুক্ত মীমাংসা করিয়াছে। গীতাক এই মত হইতে স্পষ্ট বুঝা যায় যে শেষ পর্য্যন্ত প্রকৃতি নিজের কার্য্য নিজে অন্ধভাবে নির্ণয় করে না; পরম পুরুষের ইচ্ছাই প্রকৃতিকে পরিচালিত করে; যিনি পূর্কেই গার্ত্তরাষ্ট্রগণকে নিধন করিয়া রাথিয়াছেন, অর্জুন যাঁহার কর্মের মানবীয় যন্ত্র মাত্র, সেই বিশ্বব্যাপী আত্মা সেই প্রপঞ্চাতীত দেবতাই প্রকৃতির কর্ম্মের প্রভু। আমাদের ব্যক্তিগত অহঃার হইতে মুক্তি লাভ করিবার উপায়স্বরূপ আমাদিগকে ধারণা করিতে হয় বটে যে নামরূপ-হীন বিরাট ব্লাই সকল কর্মের আধার, আমাদের "আমি" প্রকৃতপক্ষে কর্ম্মের মূল নহে ; কিন্তু, শেষ পর্য্যন্ত আমাদের লক্ষ্য হইতেছে সকল কর্ম সর্বভৃতমহেশ্বরে, সকলেরই যিনি পরমেশ্বর তাঁহাকে সমর্পণ করা।

> মির সর্বাণি কর্মাণি সংস্কৃত্যাধ্যাত্মচেতসা। নিরাশীর্নির্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজরঃ।৩৩•

আত্মজ্ঞানে প্রতিষ্ঠিত হইরা, আমাতে তোমার সমস্ত কর্ম সদ্যাস করিরা, ব্যক্তিগত আশা আকাজ্মী হইতে মুক্ত হইরা, "আমি" এবং "আমার" চিস্তা বর্জন করিরা 'বিগতজ্বরঃ' হইরা যুদ্ধ কর, কর্ম কর, জগতে সামার ইক্তা সম্পাদন কর। ভগবানই

সমন্ত কর্মের উদ্ভাবন করেন, নির্দেশ করেন, নির্মন করেন; বে মানব নামর্রপের অতীত ব্রহ্মভাব লাভ করিয়াছেন, তিনি হন ভগবানের শক্তির শুদ্ধ, নীরব আধার (channel); প্রকৃতিতে অব্যাহত ঐ ভগবং শক্তি ভগবানের কার্য্য সম্পাদন করে। যিনি মৃষ্ট কেবল তাঁহারই কর্মা, মৃক্তুত্ত কর্মা, এই প্রকারের, কারণ কোথাও তিনি ব্যক্তিগত প্রবৃত্তির বশে কর্মা করেন না; এই প্রকারের কর্ম হয় সিদ্ধ কর্মধােগীর। সে সব কর্মা মৃক্ত আত্মা হইতে উত্থিত হয় এবং আত্মাকে কোনরূপ বিচলিত না করিয়াই চলিয়া যায়, ঠিক বেমন গভীর সমৃদ্ধে চেউ উঠিয়া আবার মিশাইয়া বায়, তাহাতে সমৃদ্ধের কোনরূপ পরিবর্ত্তনই হয় না।

গতসঙ্গস্ত মৃক্তস্ত জ্ঞানাবস্থিতচেতসঃ। বজ্ঞায়াচরতঃ কর্ম সমগ্রং প্রবিদীয়তে ॥৪।২৩

উনবিংশ অধ্যায়

সমতা

বেহেতু জ্ঞান, নিষামতা, অব্যক্তিত্ব, সমতা, আভ্যন্তরীন স্বপ্রতিষ্ঠ শান্তি ও আনন্দ এবং ত্রৈগুণাতীত্য মৃক্ত আত্মার লক্ষণ, সেই হেতু ইহার সকল কর্ম্মে ঐ সকল গুণ থাকিবেই। সংসারের সকল আঘাত, সকল হন্দ্র, সকল ঘটনার মধ্যে এরপ আত্মা যে অবিচলিত শান্তভাব রক্ষা করে, তাহার জন্ম উল্লিখিত গুণগুলি একান্ত প্রয়োজন। সমস্ত পরিবর্তনের মধ্যে ব্রহ্মের ষে সম অকরভাব, এই শাস্ত ভাব তাহারই প্রতিচ্ছারা: বিষের বছর মধ্যে যে অথও একত্ব চিরক্রাল অমুস্থাত রহিয়াছে. এই শাস্তভাব তাহারই। কারণ জগতের অসংখ্য ভেদ ও বৈষম্যের মধ্যে এই এক ব্রন্ধই সমতা রক্ষা করিতেছে; এবং বন্ধের সমতাই একমাত্র প্রকৃত সমতা। কারণ, জগতের অক্তান্ত বিষয়ে কেবলমাত্র সাদৃশ্য বা সামঞ্জন্ত থাকিতে পারে; কিন্তু জগতের সর্বাপেক্ষা অধিক সদৃশ বস্তু সমূহের মধ্যেও আমরা অসমতা ও ভেদ দেখিতে পাঁই এবং অসমান বস্তু সমূহকে পরস্পরের সহিত স্থসন্থদ্ধ করিয়াই জগতে সামঞ্জ ও শৃৰ্মলা স্থাপন করা যাইতে পারে।

এইজন্মই গীতা কর্মবোগের লক্ষণের মধ্যে সমতার উপর এত অধিক জোর দিয়াছে; মুক্ত আত্মা যে স্বাধীন ভাবে জগতের সহিত সম্বর্তুক হয়, এই সমতাই তাহার সন্ধিস্থল। মৃক্ত পুরুষ যতক্ষণ আত্মজ্ঞান, নিষ্কামতা, অব্যক্তির, আনন্দ, ত্রৈগুণাতীত্য শইয়া সংসার হইতে সরিয়া নিজের মধ্যে নিজেকে লইয়াই থাকে, নিষ্ক্রিয় অবস্থায় থাকে, ততক্ষণ সমতার কোন প্রয়োজন হয় না; কারণ, যে সকল বস্তুতে সমতা ও অসমতার षम আছে সে সকল বস্তু হইতে সে দূরে থাকে। কিন্তু যে মূহর্ত্তে আত্মা প্রকৃতির কার্য্যের বছত্ত, ব্যক্তিগত ভেদবৈষম্যের মধ্যে আদে তথনই তাহার মুক্ত অবস্থার অপর গুণগুলিকে সমতার ভিতর দিয়াই কার্য্যে পরিণত করিতে হয়। একমেবা-**বিতীয়দ্ ব্ৰহ্মের সহিত একত্বের উপলব্ধিই জ্ঞান** ; জগতের বহু বিভিন্ন বস্তুর সম্পর্কে থাকিয়া এই জ্ঞানকে সত্য করিয়া তুলিতে হইলে, সকলের সহিত সমান একত্ব অন্তভ্ব করিতে হইবে। এক অক্ষর আত্মার নামরূপ বহু ও বিভিন্ন, আত্মার সন্তা সকল নামন্নপের অতীত এবং ইহাই তাহার অব্যক্তিয়: জগতের বিভিন্ন নামরূপের সহিত ব্যবহারে আত্থার অব্যক্তির প্রকাশিত হয় সকলের প্রতি সম ও নিরপেক্ষ ব্যবহার করিয়া; অবশ্র সকলের সহিত যে একই প্রকার ব্যবহার করিতে হইবে তাহা নহে—যাহার সহিত ষেরপে সম্বন্ধ, তাহার সহিত সেইরূপ ব্যবহার করিতে হইবে, অবস্থা ও সম্বন্ধ ভেদে ব্যবহারেরও প্রকার ভেদ হইবে বটে কিন্তু সকলের প্রতি সকল ব্যবহারেই

ভিতরের ভাব সম ও নিরপেক রখিতে হইবে। বেমন রুঞ্ গীতায় বলিয়াছেন :—

> সমোহহং সর্বভৃতের্ ন মে দ্বেষ্যাহন্তি ন প্রিয়:। বে ভজন্তি তু মাং ভক্ত্যা মন্ত্রি তে তের্ চাপ্যহম্।৯।২৯

তাঁহার প্রিয় কেহ নাই, তাঁহার স্থণাভাজনও কেহ নহে. তাঁহার ভিতরে সকলের প্রতিই সমভাব: তথাপি যে ব্যক্তি তাহার ভক্ত তাহার প্রতি তাঁহার বিশেষ দয়া, কারণ এরূপ ব্যক্তি ভগবানের সহিত যে সম্বন্ধ স্থাপন করিয়াছে তাহা আলাদা এবং সকলেরই প্রভু সেই এক পক্ষপাতশৃত্য ভগবান তাঁহার সমীপে যে যে ভাবে আসে, তাহাকে সেই ভাবেই গ্রহণ করেন। সংসারের বিভিন্ন কাম্য বস্তু সমূহ আত্মাকে শীমার মধ্যে, বন্ধনের মধ্যে টানিতে চাহিতেছে—অদীম আত্মা এই টানের অতীত এবং ই্হাই তাহার নিষামতা; আত্মাকে যথন এই সকল বস্তুর সম্পর্কে আসিতে হয়, তথন তাহার নিষামতা প্রকাশ করিতে হইবে সকল বস্তুর প্রতি সমান উলা-সীন ভাবের দ্বারা অথবা সকল বস্তুতে সমান নিরপেক্ষ **অনাসক্ত** আনন্দবোধ ও প্রেমের ছার।; আত্মার আনন্দ স্বপ্রতিষ্ঠ, তাহা কোন বাহ্য বস্তুর লাভালাভের উপর নির্ভর করে না, তাহা স্বরূপতঃ অচল অক্ষয়। কারণ, আত্মার আন ন্দ নিজেরই মধ্যে ; আর বদি জীব জগতের সম্পর্কের মধ্যেও সে এই আনন্দ পাইতে চার তাহা হইলে এই সমতার পথ ধরিরাই আত্মা তাহার মুক্ত স্বরূপ প্রকাশ করিতে পারে।

আত্মা প্রকৃতির হঙাইতঃ নিত্যক্ষণ ও অসম গুণসম্থের ক্রিরার উর্দ্ধে এবং ইহাই আত্মার বৈগুণাতীত্য; এই আত্মাকে বদি প্রকৃতির অসম হন্দ্রপ্ ক্রিরার সম্পর্কে আসিতে হয়, মুক্ত আত্মা বদি নিজের স্বভাবকে কোনরূপ কর্ম করিতে দেয় তাহা ইইলে সকল কর্মা, সকল ফল, সকল ঘটনার প্রতি নিরপেক্ষ সমভাবের ঘারাই আত্মার বৈগুণাতীত্য প্রকাশ করিতে হইবে।

সমতা দিব্যকর্মীর লক্ষণও বটে আবার বাহারা এই পথে অগ্রসর হইতে চায় তাহাদের পরীক্ষাও বটে। আত্মার মধ্যে যদি অসমতার ভাব থাকে তাহা হইলে বাসনার খেলা, ব্যক্তিগত ইচ্ছা, অমৃভৃতি ও কর্মের খেলা, সাধারণ স্থথ হংথ বা চাঞ্চল্য ও অতৃপ্তি সংযুক্ত সাধারণ আনন্দের খেলা—এই সব প্রকৃতির অসম খেলা শকিছু না কিছু দেখিতে পাওয়া যায়। যেখানে আত্মার অসমতা আছে সেখানে জ্ঞান হইতে বিচ্যুতি আছে, সর্বব্যাপী সর্ব সমন্বয়কারী ব্রন্ধের সহিত একত্ব বোধে দৃঢ়তা ও পূর্ণতার অভাব আছে। এই সমতার হারাই কর্ম্যোপী তাহার কর্মের মধ্যেও উপলব্ধি করে যে সে মুক্ত।

গীতা যে সমতার বিধান দিয়াছে তাহার স্বরূপ খুব উচ্চ ও ব্যাপক; সমতার এই আধ্যাত্মিক স্বরূপই এ বিষয়ে গীতাশিক্ষার বিশেষত্ব। কারণ: শুদ্ধ, মন, চিত্তের সমতা যে খুবই বাস্থনীয়, তাহা সকলই স্বীকার করিয়া থাকেন, এই শিক্ষা কেবল যে গীতাতেই আছে তাহা নহে; এই সমতার অবহায় আমরা মান্থবের স্বাভাবিক তৃর্ব্বলতার উপরে উঠি। সমতা সকল সমরেই জ্ঞানীজনোচিত স্বভাব এবং স্থা জীবনের আদর্শ বিলিয়া প্রশংসিত ইইরাছে। গীতা এই আদর্শকে গ্রহণ করিরাছে বটে, কিন্তু ইহাকে আরও উপরে তৃলিয়াছে। ইন্দ্রিরাকর্বণের ঘূর্ণী হইতে, বাসনার বিক্ষতা হইতে উঠিয়া দিব্য শান্তি ও আনন্দ লাভ করিতে হইলে আআকে বে অবস্থার মধ্য দিয়া যাইতে হয় তাহার কেবল প্রথম ও দিতীর ধাপ হইতেছে কছতু বা স্থোয়িক * সমতা (Stoic poise) ও দার্শনিক বা বিচারলক্ষ সমতা (Philosophic poise)। কুছে সাধন ও কঠোর সহিষ্কৃতার

^{*} গ্রীক্ Stoic সম্প্রদারকে নির্দেশ করিতে আমরা "ন্তোরিক" শব্দই
ব্যবহার করিনাম। এই সম্প্রদারের মত হইতেছে, স্থব হুঃব বোধ হৃদরের
হ্ববলতা ভিন্ন আর কিছুই নহে, এই তুর্বলতাকে পদদলিত করিতে হইবে,
মনের জোরে স্থব হুঃবকে জয় করিতে হইবে। এই ভাব বলদৃপ্ত অস্বরেরা
তপতা, ইহার মহত্ব আছে, মানবির উন্নতিসাধনে প্রনাজনও আছে, কিন্তু
ইহা হুঃব জয়ের প্রকৃত উপায় নহে। এরূপ হুঃখনিগ্রহে মানবের হৃদয় গুছ,
কঠোর, প্রেমশৃত্ত হইরা যায়। এইরূপ কুছে সাধনে হায়ী উন্নতি নাই।
তপতায় শক্তি হয় বটে, কিন্তু এই জয়ে যাহা ছাপাইরা রাঝি, পরজরে তাহ
সর্ববাধ ভালিয়া দিগুণ বেগে উছলিয়া আসে। গীতা বিলিয়াছে, প্রফুতিং
যায়ি ভুতানি, নিগ্রহঃ কিং করিবাতি। গীতা যে সমতার শিক্ষা দিয়াছে, তাই
ব্যোরিক সমতার আনেক উপরের জিনিব। গীতার সমতার শক্ষা দিয়াছে, তাই
ভোরিক সমতার ভোগের হান আছে, গীতোক্ত সাধ্দায় সমতাবাদ ও শান্ত বা
ভদ্ধ ভোগ একই পথ। তুবে গীতোক্ত সমতালাভের সাধ্দায় প্রথমাবহায়
ভোরিক সমতার দারা হয়ত কিছু সাহায্য হইতে পারে, গ্রন্থের মধ্যেও এই
বিষয় বিশ্বদ করিরা বলা হইরাছে।

ঘারা যে আত্মজন্ম লাভ করা যায় তাহারই উপর স্তোমিক সম তার প্রতিষ্টা। দার্শনিক সমতা ইহা অপেক্ষা শান্তিময়, স্থথময়---জ্ঞানলব্ধ আত্মজন্মের উপরেই এই দার্শনিক সমতার প্রতিষ্ঠা; মানসিক বিচারের দারা আমাদের প্রকৃতির বিপর্য্যয় সমূহের প্রতি উদাসীন ভাব অবলম্বন করিয়া (উদাসীন বদাসীনঃ) এই সমতা লাভ করা যায়। সর্বানা ভগবানের ইচ্ছার সমুথে মাথা নত করিয়া থাকার ভাব, তাঁহার বিধান সর্বনা নাথা পাতিয়া লওয়ার ভাব আর এক প্রকারের সমতা, ইহাকে ভাবের সমতা বা খ্রীষ্টান সমতা বলা যায়। দিব্য শান্তি লাভের এই তিন**টি** ধাপ ও উপায়-বীরোচিত ভাবে সকল কট সহ করা, জ্ঞানের ঘারা উদাসীন ভাব অবলম্বন করা, ভক্তির বশে ভগবানের নিকট আত্ম সমর্পণ করা--"তিতিক্ষা", "উদাসীনতা", "নমঃ" বা "নতি"। গীতা তাহার উদার সমন্বয়ের রীতি অনুসারে এই তিন অবস্থাকেই গ্রহণ করিয়াছে এবং আত্মার উন্নতির উপান্ধ স্বরূপ ইহাদের মিশ্রণ ও সময়য়ে সাধন করিয়াছে, কিন্তু প্রত্যেকটিকেই গীতা গভীরতর ভিত্তি, বুহত্তর লক্ষ্য, উচ্চতর ও আরও ব্যাপক সার্থকতা দান করিয়াছে। কারণ গীতা এই তিন অবস্থারই ভিত্তি আত্মার শক্তির উপর প্রতিষ্ঠিত করিয়াছে এবং এই আধাাত্মিক সন্তার শক্তি কেবল চরিত্রবল অপেক্ষা মহত্তর, মানসিক বৃদ্ধি বিচার অপেক্ষা মহত্তর, হৃদরের আবেগ অপেকা মহন্তর।

সাধারণ মানবাত্মা তাহার প্রাক্বত জীবনের অভ্যন্ত

কোলাহলেই একটা সুথ পায়; যেহেতু সে এই সুথ পায় এবং বেহেতু এই স্থুখ পায় বলিয়া সে নীচের প্রকৃতির এই অশান্ত থেলাতে সায় দেয়, সেইজগুই এই থেলা চিরকাল চলিতে থাকে: কারণ প্রকৃতি তাহার প্রণয়ী ও ভোক্তা পুরুষের জন্ম না হইলে এবং তাঁহার অমুমতি না পাইলে কোন কর্মই করে না। আমরা এই সত্য ধরিতে পারি না कात्र वाखिरिक यथन विश्रम आमारमत चार्फ आमित्रा शर्फ. তথন শোক, যন্ত্রণা, অদোয়ান্তি, তুর্ভাগ্য, অকুতকার্য্যতা, পরাজয়, নিন্দা, অপমান প্রভৃতির ঘারা আক্রান্ত হইয়া মন সেই আঘাতে পিছাইয়া পড়ে, আবার ইহাদের বিপরীত ও স্থমর সম্পদ উপস্থিত হইলে তৃপ্তি, সৌভাগ্য, আনন্দ, ক্লতকার্য্যতা. জয়. গৌরব প্রশংসাকে আলিঙ্গন করিয়া লইতে মন আগ্রহের সহিত লাফাইয়া উঠে; কিন্তু আত্মার সংসার-লীলায় যে আনন্দ ইহাতে তাহার কোন ব্যতিক্রম হয় না। মনের সকল হর্ষ, বিষাদ, ঘদের পশ্চাতে আত্মার সে আনন্দ অক্ষম থাকে। যোদ্ধা তাহার ক্ষতের বেদনায় কোন শারীরিক সুখ অহুভব করে না, পরাজয়েও মানসিক তৃপ্তি লাভ করে না; কিন্তু, যুদ্ধে তাহার পূর্ণ আনন্দ, যুদ্ধে যে জয়ের আশা আছে তাহার জন্ম সে পরাজয়ের সম্ভাবনাকেও বরণ করিয়া লয়, এবং এই আশা আশহার মিশ্রণ যুদ্ধের জক্ত তাহার প্রাণ আনন্দে নাচিয়া উঠে! এমন কি তাহার ক্ষতের বেদনা শ্মরণ করিয়াও সে স্থুখ ও গৌরব অস্কুভক

করে—ক্ষত যথন সারিয়া যায় তথন এই স্থেপর অয়ড়ৃতি
পূর্ণ, কিন্ধ ক্ষতের যন্ত্রণাভোগের কালেও অনেক সময় স্থের
অয়ড়ৃতি থাকে এবং যন্ত্রণাবোধের দ্বারাই সেই স্থ পূই হয়।
পরাজয়ের মধ্যেও তাহার এই স্থ ও গৌরব বোধ থাকে
যে একজন অধিকতর বলশালী প্রতিদ্বার বিরুদ্ধে দাঁড়াইতে
সে পশ্চাৎপদ হয় নাই; অথবা, যদি সে নীচ প্রকৃতির লোক
হয় তবে এই পরাজয়ের ফলে তাহার ভিতর যে দ্বণা ও প্রতিহিংসা জাগিয়া উঠে তাহার মধ্যেও সে এক প্রকার নিষ্ঠুর
আনন্দ উপভোগ করে। এইরুপেই আত্মা সংসারের সাধারণ
থেলায় আনন্দ গ্রহণ করে।

ব্যথা ও যন্ত্রণার ভয়ে মাহ্নয বিপদ ও উৎপাত হইতে সরিয়।
থাকিতে চায়, আত্মরকার নীতিকে (জ্পুন্সা) কার্য্যে পরিণত
করিবার নিমিত্ত ইহাই প্রকৃতির কোশন—বাথা ও
যন্ত্রণার প্রতি মনের এই বিরাগের জক্ত মাহ্নয় এই রক্তমাংসের
ভন্নপ্রবন দেহটাকে অযথা ধ্বংসের মধ্যে লইয়া যায় না এবং
এইরপেই আত্মহত্যা হইতে রক্ষা পায়; জীবনের পক্ষে
উপকারী স্পর্শ সমূহে মাহ্নয় স্থপ পায় এবং এই রাজসিক
স্থথের লোভ দেথাইয়াই প্রকৃতি মাহ্নয়কে জড়তা হইতে,
তামসিকতা হইতে টানিয়া কর্ম্মে প্রবৃত্ত করে এবং মাহ্মবের জয়,
পরাজয়, ছম্ব, বাসনা, কামনার ভিতর দিয়া নিজের উদ্দেশ্ত
সিদ্ধ করিয়া লয়। আমাদের অন্তরাত্মা এই ছম্ব ও চেষ্টার
মধ্যেই একটা স্থপ পায়, এমন কি বিপদ, যয়ণাতেও এক প্রকার

স্থ্য পার-জ্তাতের স্থৃতিতে দে স্থ্যুবই পূর্ণ হইতে পারে, किन्द्र, वर्जमान विभन्न ७ वन्ननात्र मरवाछ रम स्वरदाव थारक এবং অনেক সময় ইহা খুব পরিফুট হইরা বিপদগ্রন্ত মনুষ্যের তুঃথ যন্ত্রণার মধ্যে ধৈর্য্য আনিয়া দেয়; কিন্তু সংসারের যে স্থপ-তঃখনর মিশ্রিত খেলাকে আমরা জীবন বলি তাহার সমগ্রটের ছারাই বাস্তবিক পক্ষে আত্মা আরু ইহর, জীবনের সমস্ত চেষ্টা বাসনা, রাগ, দ্বেষ, আশা, আকাজ্ঞা, জীবনের দকল প্রকার বৈচিত্র্যাই প্রকৃতপক্ষে আত্মাকে আকর্ষণ করে। আমাদের রাজসিক বাসনাময় আত্মার কাছে একবেয়ে সুখ ভাল লাগে ना ; विनायुद्ध (य अव्राणांक, (य अद्ध विष्कृत नाहे, वृः (थव ছায়া নাই, এই সবে রাজসিক আত্মা বেশী দিন তৃপ্তি অফুভব করে না, শীঘ্রই এ সব অক্চি, ক্লান্তিও অবসাদ আনয়ন করে; পশ্চাতে অন্ধকারের ছায়া না থাকিলে কোন আলোককে পূর্ণভাবে উপভোগ করা এরপ আত্মার পক্ষে সম্ভব হয় না: কারণ এরপ আত্মা যে স্থুখ চায় ও-উপভোগ করে তাহার স্বরূপই এই, তাহা আপেক্ষিক—তাহার বিপরীত হুঃথভোগের উপরেই সেই স্রথভোগ নির্ভর করে—বিপরীত ত্রুপের আস্বাদ-গ্রহণ না করিলে সে স্থের আস্বাদ পাওয়া যায় না। আমাদের मन त्य कीरननीनात्र स्थ भात्र जाहात शृष् तहन्त्र वह त्य আমাদের অন্তরাত্মা এই দদের খেলায় এক প্রকার আনন অফুভব করে।

मनत्क यनि रना यात्र त्य এই गर वन्द्र ছाড़िया एक .ज्याननम्ब

আত্মার অমিশ্র স্থের মধ্যে উঠিতে হইবে, তাহার সকল ঘদে এই শুদ্ধ আত্মাই তাহাকে শক্তি দিয়াছে, ধরিয়া রাথিয়াছে, তাহার অন্তিত্ব সম্ভব করিয়াছে—তাহা হইলে মন তৎক্ষণাৎ সে ডাক হইতে পিছাইয়া পড়িবে। সে এরূপ শুদ্ধ আত্মার অন্তিত্বে বিশ্বাস করে না: আর যদিই বা বিশ্বাস করে. তথাপি মনে করে যে সেরূপ উচ্চ অবস্থার জীবন নাই, সংসারে বে বৈচিত্রময় খেলার সে রস পাইয়াছে ঐ উচ্চের অবস্থায় সেই রস নাই; সে অবহা আস্বাদহীন, অক্রচিকর। অথবা সে অমুভব করে যে ঐ উচ্চ অবস্থায় উঠিতে যে কঠিন চেষ্টার প্রয়োজন, তাহা তাহার সামর্থ্যে কুলাইবে না; উপরে উঠিবার চেষ্টা হইতে সে পশ্চাৎপদ হয়, যদিও বাস্তবিক পক্ষে বাসনাময় আত্রা যে সকল আশার স্বপ্ন দেখে সে সব সফল করা অপেকা এই আধ্যাত্মিক উন্নতিসাধন মোটেই কঠিন নহে. অথবা এরপ আত্মা তাহার বাসনার তৃপ্তির জন্ম অস্থায়ী জিনিষের পশ্চাতে উন্মত্তাবে ধাবমান হইলা যে বিপুল উত্তম ও চেষ্টা করে, বাস্তবিক পক্ষে আধ্যাত্মিক উন্নতি সাধনে তাহা অপেকা বেশী চেটা বা কট স্বীকার করিতে হয় না । তাহার অনিচ্ছার প্রকৃত কারণ এই যে. সে যে অবস্থায় রহিয়াছে সে অবস্থা ছাড়াইরা তাহাকে এমন এক উচ্চতর, শুরতর অবস্থার উঠিতে বলা হইতেছে যেখানকার আনন্দের স্বরূপ সে বুঝে না. এমন কি তাহা যে সত্যই আছে তাহাও বেশ বিশ্বাস করিতে পারে না, কিন্তু তাহার নীচের অশুদ্ধ প্রকৃতির যে আনন্দ সেইটির

নহিতই দে পরিছিত, কেবল দেইটিকেই বেশ বুঝিতে পারে, ধরিতে পারে। এই নীচের অবস্থাতে যে আনন্দ তাহাও যে একোরে নাবের বা অলাভের তাহা নহে; আনাদের প্রাক্ত সন্থা (material being) তামদিক অজ্ঞান ও জড়তার একান্ত অরীম, এই অবস্থার উপরে আনাদের মানবীয় প্রকৃতির বিকাশ করিতে হইলে রাজদিক দলময় জীবনের ভিতর দিয়া, বাসমামর জীবনের ভিতর দিয়াই যাইতে হয়; মাম্বকে যে জরে স্তরে ক্রমান্বরে উঠিয়া পরম জ্ঞান, শক্তি ও আনন্দ লাভ করিতে হয়, সেই উর্জাসনেরই পথে ইহা রাজদিক শুর। গীতাতে এই স্তরকেই "মধ্যমা গতিং" বলা হইয়াছে; ক্রিয়, আমরা বদি চিরকাল এই স্তরেই পড়িয়া থাকি তাহা হইলে আমাদের উর্জামন, আত্মার পূর্ণ বিকাশ অসম্পূর্ণ থাকিয়া থার। সান্ধিক সন্থা ও স্বভাবের ভিতর দিয়া ত্রিগুণের অতীত অবস্থায় যাওয়াই আত্মার পূর্ণ পরিণতি লাভের পন্থা।

নীচের প্রকৃতির ঘল্ময় থেলা হইতে উপরে উঠিতে হইলে আমাদিগকে সমতার দিক দিয়াই যাইতে হইবে—নঁনের সমতা, চিত্তের সমতা, আত্মার সমতা—ইহা ভিন্ন অন্ত প্রথ নাই। তবে মনে রাখা উচিত যে যদিও শেষ পর্যন্ত আমাদিগকে নীচের প্রকৃতির তিন গুণের উপরে উঠিতে হইবে তথাপি প্রথম প্রথম আমাদিগকে এই তিন গুণের একটি না একটিকে আপ্রদ্ধ করিয়াই অগ্রসর হইতে হয়। সমতার আরম্ভ সাধিক হইতে পারে, রাজসিক হইতে পারে অথবা তামসিকও হইতে

পারে; কার্ণ, মানবচরিত্রে তামদিক সমতারও সম্ভাবনা আছে। এই সমতা খাঁটি তামসিক হইতে পারে, প্রকৃতিগত জড়তার বশে জীবনের আনন্দ উপভোগে অনিচ্ছা, সংসারের সুখ তুঃখের আঘাতে অসাড়তা ইহা থাঁটি তামসিক সমতার লক্ষণ। আবার, কামনা উপভোগের সঞ্চিত ক্লান্তি হইতে সমতা আসিতে পারে, অথবা সংসারযুদ্ধে নিরাশ ও পরাভূত হুঁইয়া সংসারের জ্ঞালা ষন্ত্রণার প্রতি বিরাপ আসিতে পারে. সাংগাঁরিক ব্যাপারে অবসাদ, ভয় বা আতঙ্ক আসিতে পারে; এরপ ভাব মিশ্রিত ভাব, রজোতামদিক, তবে ইহার মধ্যে নিম্নতর গুণ তামদিকতাই প্রবল। আবার, তামদিক প্রকৃতির মধ্যে কিছু সান্ত্ৰিক ভাবের দিকে ঝেঁাক থাকিতে পারে, বুদ্ধি বিচারের দ্বারা উপলব্ধি হইতে পারে যে জীবনের বাসনা সমূহের তৃপ্তি কথনই হইতে পারে না, আত্মার এমন শক্তি নাই বে সংসারকে জয় করিতে পারে, সমস্ত জীবনটাই তুঃখময় ও অনিত্য, এখানে কোন সত্য নাই, আলোক নাই, স্থ নাই; এইরূপ ভাবকে সম্বতামসিক সমতা বলা বাইতে পারে, ইহা প্রকৃত পক্ষে দমতা নয়, ইহা এক প্রকার উদাদীনতা, সবই সমান ভাবে পরিত্যাগ করা—তবে এইরূপ ভাব হইতে প্রকৃত সমতা আসিতে পারে। বস্তুতঃ তামসিক সমতা প্রকৃতির আত্মরক্ষণ নীতি, জুণ্ডপানীতি হইতে উদ্ভত; সাধারণতঃ এই নীতির বশে বিশেষ বিশেষ যন্ত্রণাদায়ক ব্যাপার হইতে লোক স্বভা-বতঃ সরিয়া থাকিতে চায়; কিন্তু, এই প্রবৃত্তির বশে ষথন লোকে

সমস্ত প্রাকৃতিক জীবনকেই তৃঃথময় ভাবিয়া তাহা হইতে সরিয়া থাকিতে চায়—আত্মা যে আনন্দ চায় সংসারে সে আনন্দ নাই, তাহার পরিবর্ত্তে শুধু যন্ত্রণা ও লাম্থনা আছে এইরপ মনোভাবে যে সমতা তাহাই তামসিক সমতা।

কেবল মাত্র তামদিক সমতাতেই প্রকৃত মুক্তি নাই; কিন্তু প্রকৃতির উপরে অবস্থিত অক্ষর আত্মার মহত্তর সন্তা সত্যতর শক্তি, উচ্চতর আনন্দের উপলব্ধি করিয়া এই তামসিক সমতাকে যদি সাত্ত্বিক সমতাতে পরিণত করিতে পারা যায়, তাহা হইলে আরম্ভ হিসাবে এইরূপ সমতার শক্তি খব: ভারতের বৈরাগ্য ধর্ম (Indian asceticism) এই মার্গিট অবশ্বন করে। তবে এই ভাবের স্বাভাবিক ঝেঁকি হইতেছে मन्नारमत मिरक, मःमात ও कर्म পরিত্যাগ করিবার मिरक. কিন্তু গীতা যে ভিতরে বাসনা পরিত্যাগ করিয়া সংসারে थांकिशारे निश्वाम कर्य करितवांत डेशरमम निशांट्स स्म निरक ইহার ঝোঁক নহে। গীতা, কিন্তু, এর'প তামসিক সমতাকেও शान निवारह; मःनारवत माय, जन्म, मृजूा, अवा, वाावि, घःश প্রভৃতির আলোচনা করিয়া উপরের দিকে অগ্রসর হইবার অন্তমতি গীতায় আছে, জন্ম-মৃত্যু-জরা-ব্যাধি-ছঃখ-দোষামূদর্শনম (১০৮); এই পথে বৃদ্ধের সাধনা ইতিহাস-প্রসিদ্ধ; জরাও মরণ হইতে মোকপ্রাপ্তির উদ্দেশ্রেই বাহারা আজু-সংব্দ অভ্যাস করিতে চাম গীতাম তাহাদের পন্থা পরিত্যক্ত হয় নাই, জরামরণমোক্ষায় মামাপ্রিত্য যতস্কি বে। (१।২৯) তবে

ইহা হইতে প্রকৃত কোন ফল লাভ করিতে হইলে এই সজ্প এক উচ্চতর অবস্থার সাত্ত্বিক উপলব্ধি চাই, এবং ভগবানে আনন্দ ও আশ্রয় গ্রহণ করা চাই, মাম্ আশ্রিত্য। তথন এই বৈরাগ্যের দ্বারা আত্মা এক উচ্চতর অবস্থার উপনীত হয়।

> গুণানেকানতীত্য ত্রীন্ দেহী দেহসমূত্তবান্। জন্মসূত্যজরাতঃথৈবিমুক্তোহমৃতমশ্বতে॥ ১৪।২০

আত্মা গুণত্রয়কে অতিক্রম করিয়া এবং জন্ম, মৃত্যু, জরা ও ত্ব:খ হইতে মুক্ত হইয়া নিজের অমৃত সন্ধা উপভোগ করে। সংসারের ত্রুখ যন্ত্রণাকে বরণ করিতে যে তামসিক অনিচ্ছা ডাঁহা মাতুষকে অংধাগামী ও ছর্বলই করিয়া দেয়, এবং নির্কিশেষে সকলকে সন্ন্যাস ও সংসার-বৈরাগ্য শিক্ষা দেওয়া বিপজ্জনক, কারণ এরপ শিক্ষার ফলে অমুপযুক্ত আত্মায় ভাষসিক তুর্বলতা ও তামসিক বৈরাগ্যের উদয় হয়, বুদ্ধিভেদ উপস্থিত হয়, "বুদ্ধিভেদম্ জনয়েৎ", উচ্চভর অবস্থা উপলন্ধি করিবার সামর্থ্য যথন আত্মার হর নাই, তখন পারিপারিক অবস্থাকে জয় করিবার নিমিত্ত, আত্মার কল্যাণেরই নিমিত্ত যে রাজসিক চেষ্টা ও দম্ব প্রয়োজন তাহা দমাইয়া দেওয়া হয়. জীবনের প্রতি ভালবাসা, ধৃতি ও উৎসাহ কমাইয়া দিয়া আত্মার अमिष्ठेरे कता रत। किन्छ, या मकन आञ्चा উপযুক্ত रहेन्नाहर, ভাছাদের পক্ষে এরপ ভাষদিক বৈরাগ্য উপকারী হইতে পারে; ভাহাদের যে রাজসিক বাসনা ও নিমন্তরের জীবনের প্রতি তীব্র আগ্রন্থ তাহাদের শান্তিক উচ্চজীবন লাভের অন্তরায়, এই ভামসিক বৈরাগ্য দারা তাহা বিনষ্ট হয়। এইরূপ বৈরাগ্যের দারা তাহারা নিজেদের জীবনে যে শৃন্তভার স্পষ্ট করে, সেই অবস্থার তাহারা ভগবানের ডাক শুনিতে পায়—"অনিত্যমন্ত্র্যং লোকমিম্ম প্রাপ্য ভজস্ব মান্"—"এই অনিত্য ও ছঃখমর্, সংসারে কে রহিরাছ, এস, আমাতে আনন্দ গ্রহণ কর।"

তথাপি এই সমতা সংসারের সকল জিনিষেরই প্রতি সমান বৈরাগ্য ভিন্ন আর কিছুই নহে; এইরূপে দংদার হইতে সরিয়া আসিয়া উদাসীন হইয়া থাকা যায় কিন্তু ইহার মধ্যে সে শক্তি নাই বাহার দ্বারা সংসারের সকল প্রকার স্থুও তু:থের স্পর্শ সমান ভাবে অনাসন্তি ও নির্মিকারতার সহিত গ্রহণ করা যাইতে পারে: এইরূপ অনাসক্ত ও নির্মিকার চিত্তে সংসারের সকল সুথ তঃখ গ্রহণ করা গীতোক্ত সাধনার আবশুকীয় অন। অতএব যদি আমরা তাম্সিক বৈরাগ্য লইয়াই আরম্ভ করি, **দেটা শুধু উচ্চতর সাধনায় আমাদিগকে প্রথমে প্রবৃত্ত করিবার** জন্ম, কিন্তু চিরকাল বিষাদে নিমগ্ন হইয়া থাকিবার জন্ম নহে। আর. এই উচ্চ সাধনা আরম্ভ করিতে হইলে প্রথমে আমা-দিগকে যে তামদিক বৈরাগ্য অবলম্বন করিতেই হইবে এমনও কোনও কথা নাই। আমরা প্রথমে বে সকল জিনিষ হইতে পলাইয়া যাইতে চাই, যথন সে দকল জিনিষকে জন্ন করিয়া তাহাদের উপর প্রভূত্ব করিতে চেষ্টা করিব তথনই প্রকৃত माधनात चात्रस इटेरव। এইখানেই এক প্রকার রাজসিক সমতা সম্ভব হয়; চিত্তবিক্ষোভ ও তুর্বলতার উপরে উঠিতে.

আত্মগ্ৰম, আত্মজয় করিতে শক্তিশালী লোক যে গর্ক অন্নভব করে তাহা এই রাজসিক সমতার নিম্নতম অবস্থা; এই মনো-ভাব হইতে আরম্ভ করিয়া এবং ইহাকে মূলস্ত্র ধরিয়া নীচের প্রকৃতির সকল হর্ম্বলতার বখতা হইতে আত্মাকে সম্পূর্ণভাবে মৃক্ত করিবার যে সাধনা তাহাই স্তোয়িক আদর্শ (Stoic ideal)। তামসিক বৈরাগ্য যেমন প্রকৃতির আত্মরক্ষণ নীতির, জুগুপা-নীতির পরিণাম, রাজসিক উর্দ্ধমুখী সাধনাও তেমনি প্রকৃতিয় যুদ্ধ ও চেষ্টার প্রবৃত্তির, প্রভুত্ব ও জয়ের দিকে মাহুষের স্বাভাবিক ঝোঁকের পরিণাম; তবে কেবলমাত্র যে ক্ষেত্রে সম্পূর্ণ জয় সম্ভব সেই ক্ষেত্রেই এই যুদ্ধ আরম্ভ করা হয়। আমরা সাধারণ চেষ্টায় তুই এক বিষয়ে সাময়িক ভাবে জয়লাভ করিতে পারি, কিন্তু যতক্ষণ না আমরা আমাদের অন্তর্প্রকৃতিকে জয় করিতে পারিতেছি ততক্ষণ পর্যান্ত আমাদের কোন জয়ই সম্পূৰ্ণ বা নিশ্চিত নহে। তাই সাধক নানা বিক্ষিপ্ত বাহ্যিক উদ্দেশ্য সিদ্ধি করিতে এবং সামন্ত্রিক সাফল্য ও জয় লাভ করিতে চেষ্টা না করিয়া আধ্যাত্মিক সাধনা ও অন্তর্জ য়ের দারা একেবারে প্রকৃতিকে এবং জগৎকে জন্ন করিতে চান্ন। তামসিক বৈরাগ্য সংসারের সুস্ব ও হুংধ উভয় হইতেই সরিয়া পলাইতে চায়; त्राक्तिक गांधना **ठा**शांपन मञ्जूषीन हरेन्रा ठाशांपिगतक मश् করিতে, জয় করিতে, তাহাদের উপরে উঠিতে চায়। মহা-ভারতে বৃদ্ধ ধুত্ররাষ্ট্র বৈমন লোহ ভীমকে আলিকনের মধ্যে টানিয়া লইয়া চুৰ বিচুৰ করিয়া দিয়াছিলেন, ঠিক তেমনিই ভোমিক সাধনা কুন্ডিগিরের স্থায় বাসনা ও রিপুগণকে আলিকনের ভিতর লইয়া তাহাদিগকে চূর্ণ বিচ্প করিয়া ফেলে।
বে সকল প্রথের বা তৃঃথের জিনিষ শরীর ও মনের চাঞ্চল্যের
কারণ, ভোয়িক সাধক তাহাদের আঘাত সমান ভাবে সুহ
করে; এই সাধনা তথনই সম্পূর্ণ হয় যথন আত্মা কিছুতে ক্লিষ্ট
বা আক্লষ্ট না হইয়া, কোনরূপ উত্তেজিত বা ব্যথিত না হইয়া
সকল প্রকার বাহস্পর্শ সহ্থ করিতে পারে। এই সাধনা চার
বে মায়ুষ তাহার প্রকৃতিকে জয় করুক, প্রকৃতির প্রভু হউক।

গীতা অর্জুনের ক্ষাত্র স্বভাবকে লক্ষ্য করিয়া এই বীরোচিত সাধনার কথাই প্রথমে বলিয়াছে। পরম শক্রু বাসনাকে আক্রমণ করিয়া বধ করিতে বলা হইয়াছে। গীতা সমতার বে প্রথম বর্ণনা দিয়াছে তাহা স্তোয়িক আদর্শের সমতা।

হৃ:থেষমুদ্বিগ্নমনাঃ সুথেষ্ বিগতস্পৃহ:।
বীতরাগভয়ক্রোগঃ স্তিতধীম্ নিরুচ্যতে॥ ২।৫৬
যঃ সর্বাত্রানভিন্নেহন্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দেষ্টি তস্ত প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ২।৫৭

"যাহার মন ছঃথের মাঝে অবিচলিত এবং স্থেরে মাঝে স্পৃহাশৃন্ত, যাহা হইতে আসক্তিও ক্রোধ ও তুর দূর হইরাছে, সেইরূপ মূনিকেই স্থিতধী বলা হয়। যিনি স্ক্ বিষয়ে সেই-শৃন্ত, ইহা শুভ উহা অশুভ বলিয়া ব্লিনি আনন্দিত হন না বা শ্বেষ করেন না তাঁহার বুদ্ধি জ্ঞানে স্থাতিষ্ঠিত।" গীতা একটি স্থুল দৃষ্টান্ত দিয়া বলিয়াছে যদি কেহ আহার করিতে নিবৃত্ত

হয়, তাহা হইলে বস্তুর সহিত ইন্দ্রিয়ের সংস্পর্শ হয় না বটে; কিছ বস্তুতে ইন্দ্রিয়ের যে লালসা, "রস", তাহা থাকিয়াই বায় : কেবল যথন বস্তুর সংস্পর্শে আসিয়াও ইন্দ্রিয় বাহ্ন ভোগের জন্ত লালানিত হয় না, আস্বাদ-স্থথের আকাজ্জা পরিত্যাগ করে, শুধু তথনই হয় আস্বার উচ্চতম অবস্থা। রাগ, বের হইতে মৃক্ত, আস্ববশীভূত ইন্দ্রিয় সকলের ছারা বিষয়ের উপর বিচরণ করিয়াই আস্বার ও প্রকৃতির উদার ও মধ্র সচ্ছতা লাভ হয়, সেথানে শোক বা তৃংথের কোন স্থান নাই।

রাগদ্বেবিযুক্তিন্ত বিষয়ানিন্দ্রিহৈন্দরন্। আত্মবশ্রৈবিনেয়াত্মা প্রসাদমবিগচ্ছতি॥ ২।৬৪ প্রসাদে সর্বাহঃখানাং হানিরস্তোপজারতে। ২।৬৫

रयमन निर्मेत कल मम्दान मर्या প্রবেশ করিলেও সম্দ্র বিক্ষ্ম হয় না, সেইরপে বাদনা সমূহ আত্মায় প্রবেশ করিবে অথচ আত্মা তাহাতে বিক্ষ্ম হইবে না; এইরপে অবশেষে সমস্ত বাদনা বর্জন করা যায়। ক্রোধ ও বিক্ষোভ হইতে মূক্ত হওরা, রাগ, দেয়, ভয় হইতে মৃক্ত হওরা যে মৃক্ত অবস্থার জন্ম একান্ত প্রয়োজনীয় তাহা পুনঃ পুনঃ বিশেষ জোর দিয়া বলা হইরাছে, এবং ইহার জন্ম আমানিগকে এই সকলের বেগ সন্থ করিতে শিথিতেই হইবে, কিন্ত ইহানের কারণের সন্থ্রীন না হইলে, বিষয় হইতে পলায়ন করিলে তাহা কথনই সম্ভব হয় না। শক্ষোতীহৈব য: সোঢ়ুং প্রাক্শরীরবিমোক্ষণাৎ।
কাম ক্রোধোন্তবং বেগং স যুক্ত: স স্থা নর:॥ ৫।২৩
"এই সংসারে, এই দেহেই বিনি কাম ও ক্রোধের বেগ
সহু করিতে পারেন তিনিই যোগী, তিনিই স্থা।" ইহার
উপার হইতেছে "তিতিক্ষা"—সহু করিবার সন্ধর ও
শক্তি।

মাত্রাম্পর্শাস্ত কোন্তের শীতোঞ্চ স্থগত্থবদাঃ।
আগমাপারিনোহনিত্যাস্তাং ন্তিতিক্ষম্ব ভারত॥ ২।১৪
যং হি ন ব্যথরস্ত্যেতে পুরুষং পুরুষর্শভ।
সমত্থেস্থং ধীরং সোহমৃত্ত্বার কল্পতে॥ ২।১৫

'বাহু বস্তুর সহিত ইন্দ্রিয়ের সংস্পর্শই শীতোঞ্চ, স্থুখ তৃঃধের কারণ, এই সকল স্পর্শ আসে যায়, অনিতা, ইহাদিগকে সহ্য করিতে শিক্ষা কর। কারণ যে ব্যক্তি এই সকল বাহু বস্তুর সংস্পর্শে ব্যথিত বা বিচলিত হন না, যে ধীর ও জ্ঞানী ব্যক্তি স্থে তৃঃথে সমান, তিনিই অমৃতত্ব লাভের অধিকারী হন।" যাহার আত্মা সমভাবাপন (equal souled) তিনি তৃঃথ সহ্য করেন কিন্তু দ্বেষ করেন না, তিনি স্থথ গ্রহণ করেন কিন্তু উন্ধ-সিত হন না। এমন কি সহিষ্ণুতার দ্বারা শারীরিক যন্ত্রণাকেও জয় করিতে হইবে এবং ইহাও স্থোয়িক (stoic) সাধনার অক্ষ। জয়, মৃত্যু, তৃঃথ, যন্ত্রণা হইতে পলায়ন করা হইবে না, তাহাদিগকে স্বীকার করিতে হইবে এবং তাহাদিগকে নিতান্ত

তুচ্ছ জ্ঞান করিয়া জয় করিতে ইইবে *। প্রকৃতির নীচের ধেলা মায়ার রূপ সকল ইইতে ভয়ে পলায়ন করা নহে, কিছ সে সবের সম্থীন ইইয়া তাহাদিগকে জয় করাই তেজন্বী পুরুষ দিংহের (পুরুষর্যভ) প্রকৃত স্থভাব। এইরূপে বাধ্য ইইয়া প্রকৃতি *তাহার মায়ার আবরণ খুলিয়া ফেলে, পুরুষ যে মৃত্ত আজা, তাহার সেই প্রকৃত স্বরূপ পুরুষকে দেখাইয়া দেয়—পুরুষ তথন ব্বিতে পারে যে সে প্রকৃতির দাস নহে, সে প্রকৃতির অধীধর, স্বরাট, স্ব্রাট।

কিন্তু, গীতা এই স্তোরিক (Stoic) সাধনা, এই বীরোচিত আদর্শ শুধু সেই সর্ত্তে স্বীকার করিয়াছে, যে সর্ত্তে গীতা তামসিক বৈরাগ্যও স্বীকার করিয়াছে,—ইহার উপরে থাকা চাই জ্ঞানের সাদ্ধিক দৃষ্টি, ইহার মূলে থাকা চাই আত্মস্বরূপ-লাভের লক্ষ্য, এবং ইহার গতি হওয়া চাই উর্দ্ধে দিব্যজীবন লাভের দিকে অগ্রসর হওয়া। যে স্তোয়িক সাধনা কেবল মানব হৃদয়ের স্বাভাবিক কোমলর্ভিগুলিকে ধ্বংস করিয়া দেয়, তাহা তামসিক ক্লান্ডি, নিম্ফল বিষাদ এবং বন্ধ্যা জড়তা হইতে কম বিপজ্জনক বটে কিন্তু তাহা একেবারে অমিশ্র মন্থল নহে কারণ তাহা হইতে প্রকৃত আধ্যাত্মিক মৃক্তি না আসিয়া কেবল হৃদয়হীনতা এবং নিষ্ঠুর উদাসীনতা আদিতে পারে।

শাতা বলিয়াছে, ধীরতত্ত ন মুহ্ছত; তেজুলী ও জ্ঞানী পুরুষ তাহা-ছারা ক্ষতি হর না, বিচলিত হর না, কিংকর্ত্ব্যবিমৃত হর না। কিন্ত তাহা-দগকে শীকার করা হয়, জয় করিবার জয়ই, জয়াময়ণগোলায় বউলি।

গীতার সাধনায় ভোয়িক সমতা সমর্থিত হইয়াছে শুধু এইজস্থ থে এইরূপ সমতার সহিত আত্মার অক্ষরাবস্থার একটা সম্বন্ধ পাওয়া যাইতে পারে এবং এইরূপ সমতার সাহায্যে সেই মুক্ত অক্ষর আত্মার স্বরূপ ব্ঝিবার (পরং দ্রষ্ট্রা) এবং সেই নৃতন আত্মজ্ঞানে স্থিতি লাভ করিবার (এবা ব্রাহ্মী স্থিতিঃ) সহায়তা হইতে পারে।

> এবং বৃদ্ধেঃ পরং বৃদ্ধা সংস্কৃত্যাত্মানমাত্মনা। জহি শক্রং মহাবাহো কামরূপং তুরাসদম্। ৩।৪৩

"বৃদ্ধির সাহায্যে বৃদ্ধিরও উপরে অবস্থিত পরমান্ত্রা সম্বন্ধে সচেতন হইয়া, আত্মাকে আত্মশক্তির প্রয়োগেই ধীর ও নিশ্চল কর এবং ছনিবার শক্র কামকে বিনাশ কর।" সাত্ত্বিকতার ভিতর দিয়া আত্মজ্ঞানলাভই যথন লক্ষ্য শুধু তথনই তাহার সহায় স্বন্ধপ তামসিক বৈরাগ্য বা রাজ্বসিক জয়ের সার্থকতা আছে, নতুবা তাহাদের সমর্থন করা যায় না।

দার্শনিক, মণীবী, জ্ঞানী ব্যক্তি কেবল পরিণামেই সম্বগুণের উপর নির্ভর করেন না কিন্তু প্রথম হইতেই তাঁহার প্রকৃতির সাল্লিকতার সাহায্যে আত্মজ্জরের সাধনা করেন। সাল্লিক সমতা হইতেই তাঁহার সাধনা আরম্ভ। তিনিও লক্ষ্য করেন যে বাহ্য প্রকৃত ক্লগৎ অনিত্য, তাহা হইতে বাসনার তৃথি হয় না, বা প্রহৃত আনন্দর্শ্ধাত করা বায় না, কিন্তু ইহা লক্ষ্য করিয়া তাঁহার মনে শোক, ভয় কা নিরাশার উদর হয় না। তিনি শান্ত দিচার-

वृक्षित्र मृष्टिएक मन ८ मर्थन এবং एवर ना स्पार्टिश निम्ह ना स्टेश निष्कत व्यक्षीष्टे निर्भन्न करतन ।

> যে হি সংস্পর্শজা ভোগা তৃঃথযোনয় এব তে। আক্তন্তব্যঃ কৌতেয়ন তেম্ রমতে বুধঃ॥ ৫।২২

"বস্তুর সংস্পর্শ হইতে যে সকল ভোগসুথ উৎপন্ন হয় সে
সকল পরিণামে তৃঃথের কারণ, তাহাদের আদি আছে, অন্ত
আছে; অতএব যিনি জ্ঞানী, যাঁহার বৃদ্ধি জাগ্রত হইয়াছে
(বৃধঃ) তিনি সে সকল ভোগে আনন্দ লাভ করেন না।"
"তাঁহার আত্মা বাছ বস্তুর স্পর্শে আসক্ত হয় না; তিনি
আপনাতেই আপনার আনন্দের সন্ধান পান"।

বাহস্পর্শেষসক্তাত্রা বিন্দত্যাত্মনি যৎ সুথম্। ৫।২১

তিনি ব্ঝিতে পারেন যে তিনি নিজেই নিজের শক্র এবং
নিজেই নিজের বন্ধু, আ্রৈর হাত্মনো বন্ধুরাত্মৈর রিপুরাত্মনঃ
(৬০৫), অতএব তিনি নিজের প্রভুত্ব বর্জন করিয়া নিজেকে
কাম, ক্রোধাদির হত্তে ছাড়িয়া দেন না, নাআনমবসাদয়েৎ,
কিন্তু, নিজের আভ্যন্তরীন শক্তির সাহায্যে কামক্রোধাদির
বখতা হইতে নিজেকে উদ্ধার করেন, উদ্ধরেদাত্মনাত্মনং;
কারণ যিনি নিজের মধ্যে অবিভার খেলাকে, নীচের অভ্যন্ধ
আত্মাকে জয় করিয়াছেন তিনিই দেখিতে পান যে তাঁহার
ভদ্ধ আত্মার মত তাঁহার পরম বন্ধু ও সহায় আর কেহ নাই,
বন্ধুরাআ্মনভ্যক্ত যেনাত্মৈরাজ্মনা জিতঃ (৬০৬)। তিনি হন

জ্ঞানেই পরিতৃপ্ত, জিতেজির, সান্ধিক সমতার দারা যোগী *, তিমি মৃত্তিকা, প্রস্তর ও স্থবর্ণে সমদৃতি সম্পন্ধ, তিনি শীত উচ্ছে, স্থা তঃথে, মান অপমানে সমভাবাপর ও প্রশাস্ত।

> জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কৃটকো বিজিতেক্সিয়া। যুক্ত ইত্যুচ্যতে বোগী সমলোষ্টাশ্মকাঞ্চনঃ॥ ৬৮৮

শক্ত, মিত্র, উদাসীন মধ্যস্থ সকলের প্রতিই তাঁহার সমভাব, কারণ তিনি দেখেন যে এই সকল সম্বন্ধ অনিত্য, জীবনের চিরপরিবর্ত্তনশীল অবস্থা হইতে এই সকল সম্বন্ধের উৎপত্তি। এমন কি বিভার, শুদ্ধতার, ধর্মের দোহাই দিরা মামুম যে ছোট বড়, উচ্চ নীচ বিচার করে, জ্ঞানী ব্যক্তি তাহাতে বিভ্রাস্ত হন না। সাধু ও অসাধুর প্রতি, পুণ্যবান, বিঘান, উৎকৃষ্ট ব্রাহ্মণ এবং পতিত চণ্ডালের প্রতি—সকলের প্রতিই তিনি সমব্দি সম্পন্ন। গীতা এইরূপে সান্ধিক সমতার বর্ণনা করিয়াছে; বিজ্ঞ ব্যক্তির যে শান্ত জানুসম্মত সমতার সহিত জগৎ পরিচিত, গীতার এই সাত্ত্বিক সমতার বর্ণনায় তাহার সারটুকু স্থন্দরভাবে বিবৃত হইরাছে।

তাহা হইলে এই সমতা এবং গীতা যে বৃহত্তর সমতার
শিক্ষা দিয়াছে এই ছইয়ের মধ্যে প্রভেদ কোথায়? বিচার
বিতর্কের মারা যে বৃদ্ধিগ্রাহ্য জ্ঞান পাওয়া যায় তাহার সহিত
মাধ্যান্মিক বৈদান্তিক জ্ঞানের যে প্রভেদ, এই ছই সমতার
মধ্যেও সেই প্রভেদ; এই উচ্চত্রর মাধ্যান্মিক জ্ঞানের উপরে,

^{*} কারণ সমতাই যোগ, সমত্বন্ যোগ উচাতে (২¹৪৮)।

বৈদান্তিক ঐক্যজ্ঞানের উপরেই গীতাশিক্ষার ভিত্তি। দার্শনিক পণ্ডিতগণ সাধারণ মনবুদ্ধির দারা বিচার বিতর্ক করিয়া ভিতরে সমভাব রক্ষা করেন; কিন্তু, সমতার শুধু এইরূপ ভিত্তি মোটেই দ্চ নহে। কারণ, যদিও দার্শনিক বিজ্ঞব্যক্তি সতত সঙ্গাগ দৃষ্টি রাখিয়া অথবা নিজের মনের অভ্যাসের দারা নিজেকে দিজের বশে রাথেন, তথাপি বাস্তবিক পক্ষে তিনি তাঁহার নীচের প্রকৃতি হইতে মৃক্ত নহেন, নানাদিক দিয়া নানাভাবে এই নীচের প্রকৃতি তাঁহার উপর প্রভাব বিস্তার করে এবং তাহাকে প্রত্যাখ্যান ও দমন করা হইয়াছে বলিয়া প্রকৃতি যে কোন মৃহুর্ত্তে সুযোগ পাইয়া হঠাৎ ভীষণ প্রতিশোধ লইতে পারে। কারণ, নীচের প্রকৃতির খেলা সকল সময়েই ত্রিধা খেলা, সন্ধু, রজ্ঞ; তমের খেলা, এবং সান্ধিক মনুষ্যকে কবলিত করিবার জন্ত রক্ষঃ ও তমঃ সতত ওৎ পাতিয়া থাকে।

যততো হুপি কৌন্তেয় পুরুষস্থ বিপশ্চিত:। ইন্দ্রিয়াণি প্রমাণীনি হরম্ভি প্রসভং মন:॥ २।७०

"সিদ্ধিলাভে বছুশীল জ্ঞানী ব্যক্তির মনকেও প্রবল বিক্ষোভকারী ইন্দ্রিয়গণ বলপূর্বক হরণ করে।" সম্পূর্ণভাবে নিরাপদ হইতে হইলে সম্বগুণের উপরে, বৃদ্ধির উপরে (বৃদ্ধেঃ পরং) যে আত্মপুক্ষ রহিয়াছে তাহার আশ্রমগ্রহণ ভিন্ন আর অক্স উপার কিছু নাই—এ আত্মপুক্ষ দার্শনিকের মনোময় পুক্ষ নহে কিন্তু দিব্য ঋষির বিজ্ঞানময় পুক্ষ; উহা গুণত্রয়ের অতীত। সক্স সাধনার উন্যাপন করিতে হইবে উর্দ্ধের আধ্যায়িক প্রকৃতিতে দিয়া জন্মগাভ করিয়া।

দার্শনিক জ্ঞানীর যে সমতা তাহা স্তোমিক সাধকের সমতার জার, বা সংসারত্যাগী সন্মাসীর সমতার জারই মাত্র रहेरक खठड ७ मृत्त निर्वत मत्यारे निर्व थाकात निर्वन সমতা; কিন্তু যে ব্যক্তি দিব্য জন্মলাভ করিয়াছেন তিনি শুৰু निष्कत मर्वारे नरह. किन्ह नकरनत मर्वारे जनवीनरक रमिर्ड পাইর্যাছেন। তিনি সকলের সহিত নিজের একত্ব উপলব্ধি করিরাছেন, অতএব তাঁহার সমতা সহাত্ত্তি ও ঐক্যে পরিপূর্ণ। তিনি সকলকে নিজের সহিত অভিন্ন দেখেন এবং নিজের একক মৃক্তির জন্ম মোটেই ব্যগ্ন নহেন; বরং তিনি অপরের স্থপত্থের বোঝা নিজের স্বন্ধে তুলিয়া লন, যদিও তিনি নিজে সে স্থুখ ছঃখের দারা বিচলিত বা বশীভত হন না। গীতা একাধিকবার বলিয়াছে যে সিদ্ধ ঋষিগণ সর্বনা উলার সমতার সহিত সকলের হিতদাখনে নিযুক্ত থাকেন, এইরূপ হিত্যাধনেই তিনি কাজ পান, আনন্দ পান, সর্বভূত-হিতে রতাঃ। পরম সিদ্ধ যোগী কেবল উচ্চ আধ্যাত্মিক ভূমিতে বাস করিয়া নির্জ্জনে আত্মগ্রানে নিমগ্ন থাকেন না, পরস্ক তিনি যুক্তঃ কুৎস্বকর্মকৃৎ, জগতের মঙ্গলের জন্ম, জগতের মধ্যেই যে ভগবান রহিয়াছেন তাঁহার জন্ম, তিনি সর্বকর্মকারী, সর্বতো-মুখী কন্মী। কারণ তিনি ঘেমন একজন ঋষি, একজন যোগী তেমনই আবার তিনি একজন ভক্ত, একজন ভাগবতপ্রেমিক ও

নত নেৰ্থ - তিনি ভগৰানকৈ বেশানে নেথেন সেইখানেই ভালনালেন এবং তিনি সর্বান্ত ভগৰানকৈ সেখিতে পান ; শাৰার, তিনি বাহাকে ভালবাসেন তাহাকে নেবা করিছে তিনি বিষ্ণু হনশা ; তাহার কর্ম তাহাকে নিলনপুর হইতেও বিশিক করে না, কারণ তাহার নকল কর্ম তাহার হাদিছিত ভগবান হুইভেই উথিত হয় এবং সর্বাভ্তে বে এক ভগবান বিল্লীজিত রহিরাছেন তাহারই উদ্দেশ্তে সম্পাদিত হয় ৮ গুড়ার ব্যক্তা উচ্চ, উপার সমতা, এই সমতায় সকলকেই ভাগবত গড়া শুছাগবত প্রকৃতির একদেব মধ্যে উদ্যোলিত করা হয়।

বিংশ অধাায়

স্মতাও জ্ঞান

গীতাশিসার এই গোড়ার দিকে বোগ ও জ্ঞান আত্মার উর্দ্ধাননের দুই পদ বরপ। বাসনাশৃত হইয়া, সকল বস্তু ও সকল লোলের এতি সমবুদ্ধিসম্পন্ন হইরা, প্রমেশ্বরের উদ্দেশ্তে যজ্ঞসঞ্জ দে দিন্ত কর্ম করা যায় সেই কর্মের ভিতর দিয়া দিশনট বেতি, জার বাহা এই বাসনাশূন্যতা, এই সমতা, এই যজ্ঞপঞ্জি িভি তাহাই জ্ঞান। বস্তুতঃ এই তুই পক্ষই পরস্পাতক উচ্চিত্রত সাহায্য করে; মান্তবের তুইটি চকু বেমন একের পর একটি দেখে বলিয়াই একই সঙ্গে দেখিতে পারে, তেমনিই যোগ ও জ্ঞান স্ক্ষেভাবে ক্রমান্বয়ে প্রস্পর্কে সাহায্য-পূর্ব্বক একই সঙ্গে কার্য্য করিয়া পরশারকে বর্দ্ধিত ও পুষ্ট करत। कर्म रायन क्रममः दिशी दिशी निकाम इम्र, ममपृष्टि-সম্পন্ন হয়, যজ্ঞভাবাপন্ন হয়, তেমনিই জ্ঞানও বর্দ্ধিত হইতে থাকে; আবার জ্ঞান যেমন বর্দ্ধিত হয় সেই সঙ্গে আত্মাও বাসনাশুক্তবায়, যজ্ঞার্থে কর্ম্মের সমতায় দৃঢ়তরক্রপে প্রতিষ্ঠিত হর। এই জন্মই গীতা বলিয়াছে যে সকল প্রকার **দ্রব্যযক্ত** অপেক্ষা জ্ঞানয়জ্ঞ বড় (৪।৩৪)।

"অপি চেদসি পাপেভ্যঃ সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ। সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সম্ভরিষ্যসি। ৪।৩৭

নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিশ্বতে। **৪।৩**৯

"যদি তুমি সমৃদ্য পাপী অপেকাও অবিকতর পাপকারী হও, তথাপি জ্ঞানরপ নৌকার দারা সমৃদ্য পাপসমৃদ উত্তীর্ণ হইবে। ইহলোকে জ্ঞানের তুল্য পবিত্র আর কিছুই নাই।" জ্ঞানের দ্বারা কাম এবং কামের জ্যেষ্ঠ সন্তান পাপ ধ্বংস হয়। মৃক্ত মানব যজ্ঞরূপে কর্ম করিতে পারেন কারণ তাঁহার মন, চিত্ত ও আয়া আত্মজ্ঞানে স্প্রতিষ্ঠিত হওয়ায় তিনি আসক্তি হইতে মৃক্ত হইয়াছেন, গতসঙ্গস্ত জ্ঞানাবস্থিতচেতসঃ (৪।২৩)। তাঁহার সমস্ত কর্ম সম্পন্ন হইবামাত্র ফ্রাইয়া বায়, ব্রক্ষে লয় প্রাপ্তির হয়, প্রবিলীয়তে: সে কর্ম তাঁহার আত্মার উপর কোন প্রতিক্রিয়ার ফল রাথিয়া বায় না, কোন দাগ বা সংস্কার রাথয়া যায় না। তাঁহার স্বভাবের ভিতর দিয়া ভগবানই সেই কর্ম্ম সম্পাদন করেন, সেই কর্ম্ম মানুবের নিজের নহে, মায়ুষ কেবল বক্সাত্র। কর্মটিও তথন হয় বক্ষসন্তারই শক্তি (৪।২৪)।

এই অর্থেই গীতা বলিরাছে যে, সমন্ত কর্ম সমাপ্ত হয়, সম্পূর্ণ হয় জ্ঞানে, সর্বং কর্মাখিলম্ জ্ঞানে পরিসমাপ্যতে।

ষথৈধাংসি সমিজোংগ্লিজস্মনাৎ কুরুতেংক্স্ন।
জানাগ্লিঃ সর্বকর্মাণি ভস্মনাৎ কুরুতে তথা॥ ৪৮৩৮

"প্রজ্ঞালিত অগ্নি যেমন কাষ্ঠরাশিকে ভন্মীভূত করে, সেইরূপ জ্ঞানাগ্নি সমৃদয় কর্মরাশিকে ভন্মসাৎ করিয়া থাকে।"
ইহার ঘারা মোটেই বোঝায় না যে যথন জ্ঞান সম্পূর্ণ হয়,
তথন কর্ম বন্ধ হইয়া যায়। ইহার প্রকৃত অর্থ গীতা খ্ব স্পষ্ট
করিয়াই বলিয়াছে—

বোগ সংস্তত্ত কর্মাণং জ্ঞানসংচ্ছিন্নসংশন্নম্। আত্মবস্তং ন কর্মাণি নিবধস্তি ধনঞ্জন ॥ ৪।৪২

যিনি জ্ঞানের ছারা সমস্ত সংশয় নষ্ট করিয়াছেন এবং যোগের ছারা সমস্ত কর্ম সমর্পণ করিয়াছেন এবং আত্মাকে পাইয়াছেন, সেরপ ব্যক্তি নিজের কর্মরাশির দ্বারা বদ্ধ হয় না। আর এক স্থানে গীত। বলিয়াছে, সর্বভৃতাত্মভূতাত্মা কুর্বায়পি ন লিপ্যতে (৫।৭)— থাহার আত্মা সর্বভৃতের আত্মা হইরাছে, তিনি কর্ম করেন কিন্তু সে কর্ম তাহাকে স্পর্ণ করে না, তিনি সেই কর্মের জালে বদ্ধ হন না, তাঁহার আত্মাকে মৃগ্ধ করিতে পারে এমন কোন প্রতিক্রিয়া ঐ কর্ম হইতে স্বষ্ট হয় না. কুর্বাহপি ন লিপ্যতে। অতএব, গীতার মতে বাহ্য কর্মত্যাগ অপেক্ষা কর্মযোগ ভাল, কর্মসংস্থাসাৎ কর্মযোগো বিশিষ্যতে (৫)২), কারণ দেহবান লোককে শরীর্যাত্রা নির্মাহের জস্ত কর্ম করিতেই হয় এবং সেই জন্ম তাহাদের পক্ষে বাহ্যকর্ম সন্মাস কঠিন ব্যাপার, তুঃখনাপ্তম কিন্তু, অন্তদিকে কর্মযোগই ৰখেষ্ট, কৰ্মযোগ সহজে এবং ক্ৰতগতিতে জীবকে ব্ৰন্ধে লইয়া আদিতে পারে। আমরা ইতিপূর্কে দেখিয়াছি যে এই কর্ম-

বোগ হইতেছে সমস্ত কর্ম ঈশ্বরে সমর্পণ করা; ইহাতে বাহিরে কর্ম ত্যাগ করিতে হর না, কেবল ভিতরে ত্যাগ করিতে হর, শারীরিক কর্মত্যাগ নহে, আধ্যাত্মিক ভাবে সমস্ত কর্ম ব্রহ্মে, পরমেশ্বরে সমর্পণ করিতে হয়, ব্রহ্মণ্যাধ্যায় কর্মাণি (৫।১০), ম য়ি সংক্তম্য (৩.৩০)। এইরপে কর্মরাশি যথন ব্রহ্মে সংক্তম্ভ হয়, তথন যদ্রের মতন্ত্র কর্ত্ম বা ব্যক্তিম্ম কিছু থাকে না; সেকর্ম করিয়াও কিছু করে না; কারণ সে শুধু কর্মফল ত্যাগ করে নাই কিন্তু সমস্ত কর্ম্ম ঈশ্বরে সমর্পণ করিয়াছে। তথন ভগবান স্বরং তাহার নিকট হইতে তাহার কর্ম্মের বোঝা তুলিয়া লইয়াছেন; পরমেশ্বরই তথন কর্ত্যা, কর্ম্ম এবং ফল সবই ইইয়াছেন।

গীতা এই শে জ্ঞানের কথা বলিয়াছে ইহা মানসিক বৃদ্ধি বিচারের ক্রিয়া নহে; সত্যের * দিব্য স্থ্যালোকে বৃদ্ধিত আত্মার উচ্চতম অবস্থা প্রাপ্তিকেই গীতাতে জ্ঞান নাম দেওয়া হইয়াছে। ছঃখছল্মর অশাস্ত নীচের প্রকৃতি হইতে বহু উর্দ্ধে, নির্মান অধ্যাত্ম আকাশে অক্ষর ব্রহ্ম বিরাজিত, এখানকার পাপও তাঁহাকে স্পর্শ করে না, পুণ্যও তাঁহাকে স্পর্শ করে না, আমাদের পাপের বোধও তিনি গ্রহণ করেন না, পুণ্যের বোধও গ্রহণ করেন না; নীচের প্রকৃতির স্থ্য ছঃখ তাঁহাকে স্পর্শ করে না, জামাদের জয়েতে বে স্থ্য তাহাতেও তিনি উদাসীন, আমাদের পরাজয় বে ছঃগ তাহাতেও তিনি উদাসীন,

এই সত্য সম্বন্ধেই ক্ষেষ্ট বিনিয়াছে :— "তৎ সত্যয় পূর্বান্ তমসি ক্ষীয়ন্তন্ত্র",
 জামণ নঃ অক্কানরূপ অক্ষকারের আবরবে প্রকায়িত প্র্বাই সেই সত্য।

শ্রেষ্ঠ, সর্বব্যাপী, প্রভূ বিভূ, শাস্ত, তেজন্বী, ওন্ধ, সর্ববন্ততে সমান, প্রকৃতির মূল; তিনি সাক্ষাৎভাবে আমাদের কর্ম্বের কর্তা নহেন, কিন্তু প্রকৃতি ও প্রকৃতির কর্মের সাক্ষী; কর্ত্ত विनया जामारमत रा जम अहे जम ७ छाहात्र रम ७ मा नरह, नीरहत প্রকৃতির অজ্ঞান হইতে এই ভ্রমের উৎপত্তি। কিন্তু এই মূক্তা অবস্থা, এই ঈশ্বরত্ব, এই শুক্ষতা আমরা দেখিতে পাই না ; প্রকৃতি-গত অজ্ঞানের ধারা আমরা মোহগ্রন্ত, তাই আমাদের অস্তরের মধ্যে ব্রন্ধের যে স্নাত্ন আত্মজ্ঞান লুকায়িত রহিয়াছে তাহা আমরা দেখিতে পাই না, অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহুন্তি জন্তবং॥ কিন্তু, বাঁহারা অক্লান্ত অগাবসায়ের সহিত জ্ঞানের। অমুসন্ধান করেন, তাঁহাদের নিকট জ্ঞান আসিয়া তাঁহাদের প্রকৃতিগত অজ্ঞান দূর করিয়া দেয়; বহুকাল লুক্কাগ্নিত স্থর্য্যের স্থায় এই জ্ঞান প্রকাশিত হর এবং এই নীচের প্রকৃতির উপরে অবস্থিত পরম বঁন্ধ স্থাকে আমাদের নিকট উত্তাসিত করে.--

> জ্ঞানেন তু তদজ্ঞানং বেষাং নাশিতমাত্মনঃ। তেষামাদিত্যবজ্ঞানং প্রকাশয়তি তৎ পরম্॥ ৫।১৬

বহুকাল একাগ্রভাবে সাধনা করিয়া, আমাদের সম্দয় চেতন সন্তাকে তদভিম্থী করিয়া, তাহাকেই আমাদের সমগ্র লক্ষ্য করিয়া, আমাদের বৃদ্ধির একমাত্র বিষয় করিয়া এবং এইরূপে শুধু আমাদের মধ্যেই নহে কিন্তু সর্বত্তই তাহাকে দেখিয়া

আমরা তদ্ব্দরন্তদান্তনঃ হই, জ্ঞানরপ দলিলের * দারা আমাদের নীচের প্রকৃতির সমন্ত হৃঃধ, পাপ ও অজ্ঞান ধৌত করিয়া লই।

> তদ্ব্দ্যন্তদাত্মানভনিষ্ঠা তৎ পরায়ণাঃ। গচ্ছস্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননিধৃত কল্মধাঃ॥ ৫।১৭

ইহার ফল হয় এই যে সকল বস্তু ও সকল ব্যক্তির প্রতি পূর্ণ সমভাব হয়, গীতা বলিয়াছে; কেবল তথনই আমরা আমাদের কর্ম সম্পূর্ণভাবে ব্রহ্মে সমর্পণ করিতে পারি। কারণ, ব্রহ্ম সমস্বরূপ, সমম্ ব্রহ্ম, -- যখন আমাদের এইরূপ পূর্ণ সমভাব হয়, সাম্যে স্থিতং মন: যখন আমরা বিভা বিনয় সম্পন্ন ব্রাক্ষণে. চণ্ডালে, গাভীতে, হন্ডীতে, কুকুরে সমদর্শী হই, এবং সকলকে এক ব্রহ্ম বলিয়া জানি, কেবল তখনই সেই একত্বের মধ্যে বাস করিয়া আমরা এক্ষের মতই দেখিতে পারি যে আমাদের কর্ম সমূহ প্রকৃতি হইতেই উদ্ভৱ হইতেছে, তথন আর আসজি, পাপ বা বন্ধনের ভয় থাকে না। তথন আর দোষ বা পাপ হইতে পারে না: কারণ তথন আমরা ক।মনা ও কামনাজাত কর্ম ও সংস্কারপূর্ণ সংসারকে জয় করিয়াছি, জ্ঞানলাভ করায় এই সকল অজ্ঞানের খেলা জয় করিয়াছি, তৈর্জিত দর্গঃ, এবং পরম দিব্য প্রকৃতির মধ্যে বাস করায় তথন আর আমাদের

শ্রু খার্থক এই ক্লপে সত্যেও প্রোভধারার কথা বলিয়াছে, এই জলে পূর্ণ জ্ঞান বিশ্বমান, এই জল দিবা ক্র্যালোকে পরিপূর্ণ, ঋতস্থ ধারাং, আবেং বিচেত্রনং, সর্বতীর আপিঃ। এখানে বাহা উপমা মাত্র, বেদে তাহং খ্লুলরপক।

কৰ্মে কোন দোৰ বা জটি নাই: কারণ এই সমস্ত দোৰ জটি অজ্ঞানের অসমতা হইতেই উদ্ভৃত। সমান ব্রহ্ম দোষশৃষ্ক, নির্দোষং হি সমং ক্রম. পাপপুণ্যের গণ্ডগোলের উপরে; ব্রন্মের মধ্যে বাস করিয়া আমরাও পাপ পুণ্যের উপরে উঠি; আমরা সেই পবিত্র, নির্মাণভাবে, সমতার সহিত, সর্মভূতের হিত-কামনাকেই একমাত্র লক্ষ্য করিয়া কম্ম করি, ক্ষীণকল্মষাঃ সর্বভৃতহিতে রতা:। আমাদের অজ্ঞানের অবস্থাতেও আমাদের হৃদিস্থিত ঈর্থরই আমাদের কর্মের কারণ, তবে তিনি তাঁহার শায়ার ভিতর দিয়া, আমাদের নীচের প্রকৃতির অহঙ্কারের ভিতর দিয়া আমাদিগকে পরিচালিত করেন 🛊 ; এই অহঙ্কারই আমাদের কর্মবন্ধনের সৃষ্টি করে, আমাদের উপর কর্মের ফল টানিয়া আনে, অন্তরে পাপ পুণ্যের ভাব স্বষ্টি করে, বাহিরে স্থুথ হঃখ, সৌভাগ্য হুর্ভাগ্যের সৃষ্টি করে, ইহাই কর্ম্মের বিরাট শৃত্বল। যথন জ্ঞানের ছার। আমরা এই মায়ার হস্ত হইতে মুক্ত হই. তথন ঈশ্বর আর গুপ্তভাবে থাকেন না. আমাদের পর্ম আত্মারূপে দাক্ষাৎভাবে আমাদের সমুদর কর্ম গ্রহণ করেন, জগতের হিত সাধনের নিমিত্ত আমাদিগকে নির্দোষ ষম্ভাবে, নিষিত্তমাত্রম্, ব্যবহার করেন। জ্ঞান ও সমতার নিগৃঢ় মিলন এইরূপই; নীচের বৃদ্ধিতে জ্ঞান প্রকৃতির সমভাবরূপে প্রতি-

ঈখর সর্বভৃতানাং ছদেশে অর্জ্বুন তিঠাত।
 লাময়ণ, সর্বভৃতানি য়য়য়য়ঢ়ানি য়য়য়য়।। ১৮।৬১

ফলিত; উর্দ্ধে, চেতনার উচ্চভূমিতে, জ্ঞান সন্ধার আলোক এবং সমতা প্রকৃতির উপাদান।

এই "জ্ঞান" শকটি ভারতীয় দর্শন ও যোগশাল্তে সর্বত্ত পরম আত্মজানের অর্থেই ব্যবহৃত হইয়াছে; যে আলোকের **দারা সম্বর্দিত হই**য়া আমরা আমাদের স্বরূপ প্রাপ্ত হই তাহাই জ্ঞান: যে জ্ঞানের ছারা আমরা নানা বিষয় জানিতে পারি. নানাদিক হইতে নানা তথা সংগ্রহ করিয়া আমাদের মনের ভাণ্ডার পূর্ণ করি, ভারতীয় শাস্ত্রে তাহাকে জ্ঞান বলা হয় নাই; পাশ্চাত্যদেশে জড়বিজ্ঞান, মনোবিজ্ঞান, দর্শন, নীতিশাস্ত্র, সৌন্দর্যানীতি, রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি প্রভৃতিই জ্ঞান বিশিয়া পরিচিত, ভারতে জ্ঞান বলিতে এ স্ব ব্রায় না। এই সব জ্ঞানের দারাও যে আতার উন্নতির সাহায্য হয় তাহাতে मत्मर नार्ट ; তবে এ मर জीवनের नीनाতে সাহায্য করিতে পারে, কিন্ধ আত্মন্বরূপনাভে কোন সাহায্য করিতে পারে না। যৌগিক জ্ঞানের সংজ্ঞার মধ্যে এই সব জ্ঞান তথনই স্থান পায় যথন প্রমবস্তকে, আত্মাকে, ভগবানকে জানিবার জক্ত আমরা ইহাদের সাহায্য গ্রহণ করি; যথন জড় বিজ্ঞানের সাহায্যে আমরা জগতের বাহ্য দশ্য ও ঘটনাবলীর রহস্য ভেদ করি এবং তাহাদের পশ্চাতে তাহাদের কারণ স্বরূপ যে এক সত্য বস্তু রহিয়াছে তাহার সন্ধান পাই,—যথন মনোবিজ্ঞানের সাহায্যে আমাদের অস্তরকে বুঝিতে পারি, আমাদের ভিতর নীচের খেলা ও উপরের খেলার প্রভেদ, অপরা প্রকৃতি ও পরা

প্রকৃতির প্রভেদ বুঝিতে পারি এবং একটিকে বর্জন করিয়া অপরটিতে প্রতিষ্ঠিত হইতে পারি,—যথন দর্শন শাস্ত্রের আলোকে স্থামরা স্থাতের মূলতত্ত্তলি জানিতে পারি এবং যাহা সং. ষাহা নিত্য তাহার মধ্যে বাস করিতে পারি,—বখন নীতিশাস্ত্রের দাহায্যে আমরা পাপ পুণ্যের প্রভেদ বৃঝিতে পারি এবং পাপকে বর্জন করিয়া, পুণ্যেরও উপরে উঠিয়া দিখ্য প্রকৃতির শুদ্ধ পবিত্র-তার মধ্যে বাস করিতে পারি, যখন কুলাবিজ্ঞানের সাহায্যে আমরা দিব্য সৌন্দর্য্যের সন্ধান পাই.--যখন সাংসারিক জ্ঞানের শাহায্যে স্বামরা দেখিতে পাই যে ভগবান তাঁহার জীবগণকে লইয়া কি থেলা করিতেছেন এবং মান্তবের সেবার ভিতর দিয়া ভগবানেরই দেবা করিতে এই জ্ঞান লাগাইতে পারি,—কেবল তথনই এই সকল জ্ঞানকে যৌগিক জ্ঞানের অন্তর্গত বলিয়া ধরা যাইতে পারে। তথনও এই সব জ্ঞান কেবলমাত্র সহায়তাই করিতে পারে; প্রকৃত যে জ্ঞান তাহা মনের অগোচর, মন কেবল তাহার ছায়ামাত্র পাইতে পারে, সে জ্ঞানের স্থান হইতেছে আত্মার।

কিরপে এই জ্ঞান আমরা লাভ করিতে পারি সে সম্বন্ধে গীতা বলিরাছে যে এই জ্ঞানের প্রথম দীলা লাভ করিতে হয় তত্ত্বদর্শী জ্ঞানীগণের নিকট.—শাঁহারা শুধু বিচার বিতর্ক করিয়া নহে, কিন্তু প্রত্যান করিয়া তত্ত্ত্জান শাভ করিয়াছেন, জ্ঞানিন-শুন্ত্বদর্শিনঃ (৪।৩৫); কিন্তু, এই জ্ঞান প্রকৃত ভাবে লাভ করা যায় নিজেদের ভিতর হইতেই—"তৎ শ্বয়ং যোগসংসিদ্ধঃ কালে-

নাম্বানি বিন্দতি" (৪।৩৯)—যে ব্যক্তি যোগের দারা সিদ্ধ হইয়া-ছেন তিনি সেই জ্ঞান যথাসময়ে স্বীয় অন্তঃকরণে স্বয়ংই লাভ করেন, অর্থাৎ এই জ্ঞান ভিতর হইতে গড়িয়া উঠে, এবং তিনি বাসনাশৃক্তায়, সমতায়, ভগবদ্ধক্তিতে যত বাড়িয়া উঠেন, জ্ঞানেও তেমনিই বাডিয়া উঠেন। কেবল প্রমজ্ঞান সম্বন্ধেই এই কথা বলা যাইতে পারে; মানুষের বৃদ্ধি যে জ্ঞান সঞ্চয় করে তাহা ইন্দ্রিয়ের ও বিচারশক্তির সাহায্যে কট্টে স্টে বাহির হইতে সংগ্রহ করিতে হয়। পরম জ্ঞান স্বতঃসিদ্ধ, প্রত্যক্ষামুভত, স্বপ্রকাশ—ইহা লাভ করিতে হইলে মন ও ইব্রিয়গণকে বশীভূত ও সংযত করিতেই হইবে. সংযতেন্দ্রিয়, যেন আর আমরা তাহাদের ছলনায় ভ্রাস্ত না হই, কিন্তু মন ও ইন্দ্রিয়গণ যেন সেই পরম জানের নির্মাণ দর্পণ স্বরূপ হয়: যে পরম বস্তার ভিতর সর্ব্ব-ভূত রহিয়াছে, আমাদের সমগ্র চেতনাকে তাহার সহিত যুক্ত করিতে হইবে. তৎপর:.--এইরূপে তাহার আলোকময় সত্তা আমাদের মধ্যে উদ্রাসিত হইরা উঠিবে।

আর চাই আমাদের এমন শ্রনা, এমন বিশ্বাস, কোনরূপ সংশয়েই যাহাকে বিচলিত হইতে দেওয়া চলিবে না, শ্রনাবান্ লভতে জ্ঞানং।

অজ্ঞকাশ্রদ্ধানক সংশয়াত্মা বিনশ্যতি।

নারং লোকোহন্ডি ন পরো ন স্থং সংশয়াত্মনঃ॥ ৪।৪১ "ষে অজ্ঞান ব্যক্তির বিশাস নাই, যাহার আত্মা সংশয়য়ুক্ত সে বিনষ্ট হয়; সন্দেহাকুলচিত্ত মানবের ইহলোকও নাই, পর-

त्नांक भारे, त्कांन यथ भारे।" वखा हेश में प्राप्त वियोग ভিন্ন ইহজগতে স্থায়ী কিছু সম্পাদন করা যায় না, কিম্বা উর্জ-লোক লাভের নিমিত্তও কিছু করা যায় না.—কোন নিশ্চিত ভিত্তি ও দৃঢ় অবলম্বনকে ধরিতে না পারিলে ইহকালের বা পরকালের কাজ কিছুই সফল করা যায় না, কোন তৃপ্তি বা স্থুপ লাভ করা যায় না; যে মন কেবল সংশয়পূর্ণ তাহা শৃন্ততার মধ্যে নিজেকে হারাইয়া দেলে। তবু কিন্তু নিমন্তরের জ্ঞানে সংশয় ও অবিশ্বাসের সাময়িক প্রয়োজনীয়তা আছে; উপরের জ্ঞানে এ সব বিষম বাধা,—কারণ এথানকার গৃঢ়তত্ত্ব এই যে এখানে বৃদ্ধির দ্বারা সত্য অসত্যের বিচার করিতে করিতে অগ্রসর হইতে হয় না. পরস্ত স্বতঃপ্রকাশমান সত্যকে ক্রমশঃ প্রত্যক্ষ ও উপলদ্ধি করিতে করিতে অগ্রসর হইতে হয়। বৃদ্ধির ন্তরে যে জ্ঞান তাহার সহিত সকল সময়েই অসম্পূর্ণতা বা মিথ্যা মিশিয়া রহিয়াছে, অতএব সংশয় দৃষ্টিতে এই জ্ঞানকে পরীক্ষা করিয়া মিথাার ভাগ বর্জন করিতে হয়: কিন্তু উচ্চন্তরের জ্ঞানে মিথ্যা স্থান পাইতে পারে না এবং নানামতের সংস্পর্শে আসিয়া বৃদ্ধি যে সংশয় উৎপাদন করে তাহা কেবল বিচারের দ্বারা দূর করা যায় না, ক্রমশঃ অহভৃতি ও উপলব্বির ঘারা সে সংশয় আপনা হইতেই দূর হইয়া যায়। এইরূপে লব্ধ জ্ঞানে যে কোন অসম্পূর্ণতা থাকুক না কেন ভাহা দূর শ্বরিতে হইলে যতটুকু উপলব্ধি হইয়াছে তাহাতে সংশন করিলে চলিবে না, কিন্তু আত্মার মধ্যে গভীরতর, উচ্চতরভাবে বাস করিয়া, পূর্ণতর

অফুভৃতি উপলব্ধির দারা সেই অসম্পূর্ণতা দূর করিতে হইবে। বেটুকু এথনও অমুভূত হয় নাই, বিশাসের হারাই তাহার জন্ম প্রস্তুত হইতে হইবে, সন্দেহপূর্ণ বিচারের দারা নহে, কারণ এই জান দান করা বিচার বিতর্কের সাধ্যাতীত, বাস্তবিক বিচার বিতর্কের দ্বারা মন যে সকল গারণার মধ্যে জড়াইয়া পড়ে. অনেক সময়েই সে সব উচ্চন্তরের জ্ঞানের সম্পূর্ণ বিপরীত, – এই শত্য বিচারের দারা প্রমাণের বিষয় নহে, জীবনের মধ্যে ইহাকে ফুটাইয়া তুলিতে হয়, ক্রমবিকাশের দ্বারা আমাদিগকে বে উচ্চ আত্মস্তরপ লাভ করিতে হইবে, ইহা সেই সত্য। এই সত্য শবংসিদ্ধ. আমরা যে অজ্ঞানের ছলনার মধ্যে বাস করি তাহা না থাকিলে ইহা আগনিই প্রকাশ হইত: বে সংশয়, মোহ আমাদিগকে এই সত্য দেখিতে ও অনুসরণ করিতে দেয় না তাহা অজ্ঞানসমূত, অজ্ঞানসমূতং রংস্ম্ সংশ্রম্,—আমাদের ইক্সিয়বিক্ক, নানামতে ভ্ৰান্ত হৃদয় ও মন নীচের ব্যবহারিক সত্যে ডুবিয়া আছে বলিয়াই তাহারা উপরের সত্য বস্তু সম্বন্ধে সন্দিহান হয়। গীতা বলিয়াছে জ্ঞানরূপ অসির দ্বারা এই সংশয় **८ इ.** क्रिक इरेरन, अञ्चि उपनिष्ठत होता धरे मन्मर দূর করিতে হইবে, সতত যোগের অমুসরণ করিয়া, অর্থাৎ যশ্মিন বিজ্ঞাতে সর্বাং বিজ্ঞাতং, সেই পরম বস্তুর সহিত যোগে জীবন যাপন করিয়া দকল দলেহ ভ্রান্তি নিরদন করিতে হইবে।

> তত্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ। ছিজ্কৈং সংশয়ং যোগমাতিষ্ঠোতিষ্ঠ ভারত॥ ৪।৪৩

সর্বাদা ব্রক্ষে অবস্থিত ব্রশ্ববিৎব্যক্তি সকল সময়েই সেই
উচ্চতর জ্ঞানের আলোকে সমস্ত জিনিব অবলোকন করেন।
তাহা অস্থ্য জিনিবকে ছাড়িয়া কেবলমাত্র ব্রহ্মকে দেখা
নহে, পরস্ত সমস্ত জিনিবকেই ব্রহ্মে দেখা, আত্মবৎ
দেখা। কারণ, গীতা বলিয়াছে, যে জ্ঞানলাভ করিলে
আর আমাদিগকে আমাদের মানসিক প্রকৃতির মোহজালের
মধ্যে পুনরায় গড়িতে হয় না "সেই জ্ঞানের ছারা তোমরা
সর্বভ্তকেই (কাছাকেও বাদ না দিয়া) আত্মাতে দেখিবে,
পরে আমাতে দেখিবে।"

ষজজ্ঞান পুনর্যোহমেবং যাশ্রসি পাণ্ডব।
বেন ভ্তান্তলেবেণ ক্রক্ষস্যাত্মশুবেণ মন্ত্রি ॥৪।৩৬
এই কথাই গতা অক্সত্র আরও বিস্তারিত ভাবে বলিয়াছে—
সর্বভূতত্থনাত্মানং সর্বজ্তানি চাত্মনি।
দক্ষতে যোগযুক্তীত্মা সর্বত্র সমৃদর্শনঃ ॥৬।২৯
যো মাং পশ্যতি সর্বত্র সর্বক্ষ মন্ত্রি পশ্যতি।
তক্ষাহং ন প্রণশ্রমি স চ মে ন প্রণশ্যতি ॥৬।৩০
সর্বভূতত্বিতং যো মাং ভল্পত্যেকত্মমান্তিত্য।
সর্বথা বর্ত্তমানোহিপি স যোগী মন্ত্রি বর্ত্ততে ॥৬।৩১
আক্মোপম্যেন সর্বত্র সমং পশ্যতি যোহর্জ্ক্ন।
স্থাং বা যদি বা তৃঃখং স যোগী পরমো মতঃ ॥৬।৩২
"সর্বত্র সমদর্শী যোগী সর্বজ্তে আত্মা এবং আত্মাতে
সর্বজ্ত দর্শন করেন। যিনি আমাকে সর্বত্র দেখেন,

আমি তাঁহাকে কথনও হারাই না, তিনিও আমাকে কথনও হারান না। যিনি একদ্বে প্রতিষ্ঠিত হইয়াছেন এবং দর্বভূতে অবস্থিত আমাকে ভজনা করেন, তিনি যেখানেই থাকুন আর যাহাই করুন না কেন, তিনি আমার মধ্যেই বাস করেন, কর্ম করেন। হে অর্জ্জন, যিনি স্থথে তৃঃথে সর্ব্বত্ত সকলকে সমানভাবে নিজের মত দেখেন, আমার মতে তিনিই শ্রেষ্ঠ যোগী।" ইহাই উপনিষদের প্রাচীন বৈদান্তিক জ্ঞান, এই জ্ঞানকে গীতা সর্বাদা আমাদের সম্মুখে ধরিয়াছে: তবে এই জ্ঞানের অক্যান্ত পরবর্ত্তী বিবৃতির তুলনার গীতার শ্রেষ্ঠত্ব এই ষে এই জ্ঞানের সাহায্যে কেমন করিয়া কার্য্যতঃ দিব্য জীবন গড়িয়া তুলিতে হয়, তাহারই উপর গীতা একান্ডভাবে ঝোঁক দিয়াছে। এই একড জ্ঞানের সহিত কর্মযোগের সম্বন্ধ গীতায় বাব বার বিশেষভাবে দেথান হইয়াছে,—-দেথান হইয়াছে যে সংসারে মুক্তভাবে কশ্ম করিবার ভিত্তিই হইতেছে এই একত্বের জ্ঞান। গীতা यथनरे छात्नत कथा विनियास, ज्थनरे रेशांत कल अज्ञाश সমতার কথাও বলিয়াছে; গীতা বথনই সমতার কথা বলিয়াছে তথনই ফিরিয়া এই সমতার ভিত্তি স্বরূপ জ্ঞানের কথাও বলিয়াছে। গীতা যে সমতার উপদেশ দিয়াছে তাহার আরম্ভ এবং শেষ কেবল আত্মমুক্তির উপযোগী নিশ্চল অবস্থায় নহে; তাহা সকল সময়েই কর্মের ভিত্তি। মৃক্ত পুরুষের ভিতরের দিকে প্রতিষ্ঠারূপে থাকে অক্ষর ব্রন্মের পরম শান্তি: তাহার বাহিরের কর্ম হয় ঈশ্বরের কর্মের ক্রায় বিরাট, মুক্ত, সম.

সর্বব্যাপী—এই কর্মের শক্তি আসে ভিতরে প্রতিষ্ঠিত শান্তি হইতে; এই তৃইকে এক করিয়াই দিব্যকর্ম ও দিব্যজ্ঞানের সমব্য হয়।

व्यक्तां क नर्मन, नीठि वा धर्मां गाँउ कीवतनत्र त्य जकन नीठि রহিয়াছে, গীতা তাহাদের কিরূপ মহান বিস্তার সাধন করিয়াছে তাহা এখন সহজেই বুঝা যায়। সহিষ্ণুতা, উদাসীনতা এবং আত্মসমর্পন যে তিনপ্রকার সমতার ভিত্তি তাহা আমরা বলিয়াছি; গাঁতা যে কেবল এই তিনটিরই সমম্বয় সাধন করিয়াছে শুধু তাহাই নহে, গীতা তাহাদিগকে বিরাট গভীর ভিত্তির উপর স্থাপন করিয়াছে, তাহাদিগকে মহানু অত্যুক্ত সার্থকতা প্রদান করিয়াছে। সহিষ্ণৃতার দ্বারা আত্মজন্ম করিবার যে শক্তি আত্মার আছে তাহার জ্ঞানই স্তোয়িক জ্ঞান (Stoic knowledge), নিজের প্রকৃতির সহিত যুদ্ধ করিয়াই এই সমতা লাভ করিতে হয়, সততে সজাগ দৃষ্টি, খাড়া পাহারার ছারা প্রকৃতির স্বাভাবিক বিজোহ সমূহকে দমন করিয়া এই সমতা বজার রাখিতে হয়; ইহা হইতে এক প্রকার উচ্চধরণের স্থ শান্তি পাওয়া যায় কিন্তু মুক্ত পুরুষের জীবনে যে পরম আনন্দ তাহা লাভ করা যায় না; এই মৃক্ত জীবন বিধিনিষেধ অমুসারে যাপিত হয় না, দিব্য প্রকৃতির ভদ্ধ সহজ সিদ্ধাবস্থা হইতে আপনা হইতেই জীবনের সমস্ত কর্ম সম্পাদিত হয়,—সর্বাথা বৰ্ত্তমানোহপি স যৌগী সন্থি বৰ্ত্ততে,—"তিনি যেখানেই থাকুন আর বাহাই করুন, তিনি ভগবানের মধ্যেই বাস করেন, কর্ম

করেন।"-এখানে সিদ্ধি আহরণ করিতে হয় না, চেষ্টা করিয়া রক্ষা করিতে হয় না কারণ উহা আত্মার প্রকৃতিগত হইরা পড়ে। আমাদের নীচের প্রকৃতিকে জয় করিতে সাধনার প্রথমাবস্থায় ধৈৰ্য্য, সহিষ্ণুতা ও অধ্যবসায়ের সার্থকতা গীতা স্বীকার করিয়াছে; কিন্তু নিজেদের ব্যক্তিগত চেষ্টাম্ম কতকটা জয়লাভ করিতে পারিলেও, পূর্ণজয়ের মৃক্তি লাভ করিতে হইলে ভগ্রানের সহিত যোগ সাধন ভিন্ন আর অন্ত কোন উপায় नारे,--त्मरे এक निराप्करवत मझात्र निरक्रतत कृत वाकिक्रक ডুব; ইয়া দিতে হইনে, ভগবদিচ্ছার মধ্যে ব্যক্তিগত <mark>ইচ্ছাকে লয়</mark> করিতে হইবে।. প্রকৃতির এবং তাহার কর্মের এক্জ্ন দিক প্রকৃ আছেন, তিনি প্রকৃতির মধ্যে বাস করিয়াও প্রকৃতির ্উপরে, তিনিই আমানের শ্রেষ্ঠ সত্তা, আমানের বিরাট আত্মা; তাঁহার সহিত এক হওয়াই আমাদের দিব্যাবস্থালাভ। ভগ-বানের সহিত যুক্ত হইয়া আমরা পূর্ণ-মুক্তি ও পরম জয় লাভ করি। স্তোমিকদের যে আদর্শ, যে তপস্বী আত্মজয়ের দারা বাহ্ন পারিপার্থিক অবস্থাকেও জয় করিয়া প্রভুত্ব লাভ করিয়াছেন তাঁহার সহিত বেদান্তের স্বরাট, সম্রাট আদর্শের বাহিক সাদৃশ্য আছে; কিন্তু সেই প্রভুত্ব নীচের ভরে। স্তোরিকের প্রভূত্ব সতত আত্মার উপর ও পারিপার্ষিক অবস্থার উপর বলপ্রয়োগ করিয়া বজায় রাখিতে হয়; যোগীর যে পূর্ণ মুক্ত প্রভুত্ব তাহা দিব্য প্রকৃতির চিরন্তন ঈশ্বরত হইতে স্বাভাবিক ভাবে উদ্ভূত,—নীচের প্রকৃতি বাহার বস্ত্রমাত্র, উর্কে

সেই দিব্যপ্রকৃতির মুক্ত বিশালতার বাস করিয়াই এই পূর্ণ জয়ে পূর্ণ সাধীনতার সহজ, স্বত:সিদ্ধভাবে প্রতিষ্ঠিত হওয়া যায়। তিনি সকল জিনিষের উপর প্রভূত লাভ করেন, তাঁহার কারণ এই যে তিনি সকল জিনিবের সহিত একাত্মা হন, সর্বভৃতাত্ম-ভূতাত্মা। প্রাচীন রোমক সমাজের একটি দৃষ্টান্ত লইরা ব্যোরিক মৃক্তি বুঝান বাইতে পারে,—বে ক্রীতদাসকে ভাহার যোগ্যতার জন্ম মৃক্তি দেওয়া হইত (libertus), সে रामन युक रहेबां अ रखा भूर्य প্রভূরই অধীন থাকিত, ভোদিক সাধনায় মৃক্ত ব্যক্তিকেও প্রকৃতি তেমনিই তাহার যোগ্যতার ব্দক্ত মুক্তি দেয়। কিন্তু গীতা যে মৃক্তির কথা বলিয়াছে তাহা স্বাধীন মহুব্যের (freeman) জন্মগত স্বাধীন মৃক্তি, দিব্য প্রকৃতিতে জন্মলাভ করিয়া এই মৃক্তি আপনা হইতেই লাভ করা বার। মুক্ত পুরুষ বাহাই করুন, যেথানেই থাকুন তিনি ভগবানের মধ্যেই বাস করেন; তিনি ঘ্রের ফুলাল বালবং, ভাঁহার ভুল হইতে পারে না, পতন হইতে পারে না কারণ তিনি বাহা এবং তিনি বাহা করেন সে সবই পরম আনন্দময় পরম প্রেম্মর, পরম স্থলর। তিনি যে সাম্রাজ্য ভোগ করেন. রাজ্যদ্ সমৃদ্ধন্, তাহা স্থ্ ও মধুরতার রাজ্য, তাহার সহস্কে গ্রীক পণ্ডিতের এই কথা বলা যায়—"শিশুরই রাজ্য"— "The Kingdom is of the child."

বিশ্বজগতের প্রকৃত ধারা, বাহ্যবস্তুর অনিত্যতা, সাংসারিক ভেদ বৈষম্যের নির্পক্তা এবং আভ্যস্তরীন ধীরতা, শাস্থি, আলোক ও আত্মনির্ভরতার সার্থকতা—এই সবের জ্ঞানই দার্শনিক * জ্ঞান। ইহা দার্শনিকজ্ঞানলর উদাসীনতার সমতা; ইহা হইতে উচ্চ শান্ত ভাব আইসে কিন্তু উচ্চতর আধ্যাত্মিক আনন্দ লাভ করা যায় না; এই মুক্তি সংসার হইতে বিচ্ছিয় অবস্থা-উত্তাল-তরঙ্গ-সঙ্গুল সমুদ্রের মধ্যে পড়িয়া কত লোক হাবুডুবু থাইতেছে, এই হুরবস্থা হইতে কেহ মুক্তিলাভ করিয়া উচ্চ শৈলশেথর হইতে বেরূপ অন্তান্ত সকলের হুরবন্থা দর্শন করে সেইরপ দার্শনিক জ্ঞানের আলোকে সংসারের তুঃখ ও অনিত্যতা হ্রদয়ক্ষম করিয়া, দংসার হইতে দূরে সরিয়া যাইয়া এই মুক্তিলাভ করা যায়—শেষ পর্যান্ত ইহা সংসার হইতে বিচ্ছিন্ন অবস্থা ভিন্ন আর কিছুই নহে এবং ইহা সংসারের কোন কাজেই লাগে না। সাধনার প্রথমাবস্থায় এরপ দার্শনিক উদাসীনতার যে উপযোগিতা আছে গীতা তাহা স্বীকার করিয়াছে: কিন্তু, যে উদাসীনতা গীতার চরমলক্ষ্য তাহাতে সংসার হইতে বিচ্ছিয়তার কোন ভাব নাই, সে অবস্থাকে ঠিক উদাসীনতা বলা চলে কিনা সন্দেহ! বেন উচ্চে বসিয়া আছে এরপ একটা ভাব সে অবস্থায় আছে বটে, উদাসীনবং, কিন্তু

^{*} ইংরাজী 'philosophy' শব্দের প্রতিশব্দ স্বরূপ বাংলার "দর্শন" শব্দ ব্যবহারই প্রচলিত রীতি এবং আমরাও সেই রীতি অনুসরণ করিয়াছি। তবে মনে রাখা উচিত যে philosophy তব্দশী খ্যির অপরোক্ষাস্তৃত তব্জজান নহে, মানসিক বৃদ্ধির দারা বিচার বিতর্ক করিয়া যে জ্ঞান লাভ করা যার তাহা লইয়াই philosophy.

বেমন ভগবান উচ্চে বসিয়া রহিয়াছেন—সংসারে তাঁহার কিছুমাত্র প্রয়োজন নাই, তথাপি তিনি সর্বাদা কর্ম করিতেছেন এবং সর্ব্বত্র বর্ত্তমান থাকিয়া জীবকে রক্ষা করিতেছেন। সর্বভৃতের সহিত একত্বের উপলব্ধির উপর এই সমতা প্রতিষ্ঠিত। দার্শনিক সমতাতে যে অভাব আছে. এথানে তাহা পূর্ণ হই-ষাছে; কারণ ইহার মূলে শান্তি আছে, উপরম্ভ প্রেম আছে। এই সমতার অবস্থায় সর্বভৃতকে নির্বিশেষে ভগবানের মধ্যে দেখা যায়, সর্বভতের সহিত একাত্মবোধ হয় অতএব সকলের প্রতিই পরম সহামুভূতি সম্পন্ন হওয়া যায়। কেহই বাদ থাকে না, "অশেষেণ", কেবল যে সব শুভ, সুন্দর ও আনন্দদায়ক শুধু সেই সবই নহে, যত নীচ, পতিত, পাপী, কুরূপ হউক না কেন এই সাৰ্বজনীন ঐকান্তিক সহামুভতি ও আধ্যাত্মিক একত্ব হইতে কোন বস্তু, কোন ব্যক্তিকেই বাদ দেওয়া যাইতে পারে না। এখানে যে কেবল মুণা. 'ক্রোধ বা হানুয়হীনতার স্থান নাই তথু তাহাই নহে, এখানে সরিয়া থাকা, তাচ্ছিল্য, গরিমা বা দান্তিকতারও স্থান নাই। মামুষের বাহিক অজ্ঞান, চু:খ. দুর্দশার জন্ম তাহার প্রতি দেবোচিত করণা থাকিবে, তাহাকে জ্ঞান দিবার, শক্তি দিবার, আনন্দ দিবার দেবোচিত প্রবৃত্তি থাকিবে: কিন্তু মামুষের মধ্যে যে দিব্য আত্মা রহিয়াছে তাহার প্রতি আরও অধিক কিছু থাকিবে, ভক্তি ও প্রেম থাকিবে। কারণ সকলের ভিতর হইতে,—যেমন সাধু ও জ্ঞানীর ভিতর হইতে, তেমনই চোর, চণ্ডাল, পতিতার ভিতর হইতেও সেই

প্রেমময় চাহিয়া আছেন এবং আমাদিগকে ডাকিয়া বলিতেছেন"এথানেও আমিই"। সর্বভৃতস্থিতং যো মাং ভজতি, "সর্বভূতের মধ্যে অবস্থিত আমাকে যে ভালবাসে"—দিব্য দার্বজনীন প্রেমের চরম পূর্ণতা ও গভীরতার এত বড় শক্তিমান কথা
জগতের আর কোন শাস্ত্রে, কোন ধর্মে বলা হইয়াছে ?

আত্মসমর্পণ এক প্রকার ভক্তস্থলভ সমতার ভিত্তি—এই সমতা ভগবানের ইচ্ছার সন্মুখে নতি, সংসারের সমস্ত তুঃথ কট মাথা পাতিয়া গ্রহণ করা। গীতার এই আত্মসমর্পণ আরও পূর্ণতর, সমগ্র সত্তাকে সম্পূর্ণভাবে ভগবানের নিকট সমর্পণ করা। ইহা কেবল মাত্র নিজিয় নতি (passive submission) নহে. পরস্ত ইহা সক্রিয় আবাদান (active self-giving)। গীতার সমর্পণের অর্থ কৈবল সমস্ত জিনিষেই ভগবানের ইচ্ছা দেখা এবং স্বীকার করিয়া লওয়া নহে, কিন্তু নিজের ইচ্ছাশক্তিকে সর্ব্ব কর্ম্মের প্রভু ভগবানের যন্ত্র করিয়া দেওয়া; এই যন্ত্রভাব কেবল দাসভাব মাত্র নহে, "আমি ভগবানের দাস", এই ভাবে কর্ম করারও উপরে হইতেছে গীতার যন্ত্রভাব,—প্রথমাবস্থায় যাহাই হউক অন্ততঃ শেষ পর্যান্ত আমাদের চৈত্ত ও কর্ম এমন পূর্ণভাবে ভগবানে সমর্পণ করিতে হইবে যেন আমাদের সন্ধা ভগবানের সন্ধার সহিত এক হইয়া যায় এবং আমাদের অহস্কার-শুরু আধার বেন সম্পূর্ণভাবে ভগবানের ইচ্ছার যন্ত্রমাত্র হয়। ভভ অভভ, সুথ হ:থ, সৌভাগ্য হুর্ভাগ্য—সকল প্রকার ফলই সর্ব্বকর্ম্মের প্রভু ভগবানের বলিয়াই গ্রহণ করা হয়, অতএব শেষ

্যন্ত শৌক গৃঃথ যে কেবল সহু করা হয় তাহা নহে, শৌক ছ:থ একেবারে লোপ পায়; -- হদয়ে পূর্ণ সমতা প্রতিষ্ঠিত হয়। যন্ত্রের ব্যক্তিগত ইচ্ছার কোন বোধ থাকে না; সর্ব্বক্ত সর্ব-শক্তিমান ভগবান পূর্বে হইতেই সব ঠিক করিয়া রাথিয়াছেন, মামুষের অহঙ্কার ভগবানের ইচ্ছার কোন ব্যতিক্রমই করিতে পারে না, এই জ্ঞান হয়। অতএব একাদশ অধ্যায়ে অর্জ্জনতক নির্দেশ করা হইয়াছে—"আমার দিব্য ইচ্ছা ও ভবিষ্যৎ দৃষ্টিতে यामि टेजिश्टर्सरे मव कतिया ताथियाहि, दर यर्ज्जून, जुमि এथन কেবল নিমিত্ত মাত্র হও"—নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ (১১।৩৩)! এইরূপ ভাব হইতেই শেষে ব্যক্তিগত ইচ্ছার সহিত ভাগবত ইচ্ছার সম্পূর্ণ যোগ হয় এবং ক্রমশঃ জ্ঞানবৃদ্ধির সহিত এমন অবস্থালাভ করা যায় যে তথন যন্ত্র নিখঁত ভাবে ভগবানের শক্তি ও জ্ঞানের দারা পরিচালিত হয়। বিরাটের সহিত ব্যক্তির এই চরম মিলনের ° অবস্থায় আত্মসমর্পণের পূর্ণ সমতা প্রতিষ্ঠিত হয়, মন দিব্য আলোক ও শক্তির আধার হয়, ইচ্ছা-শক্তি জগতে এই দিব্য আলোক ও শক্তির মহান জয়ণীল যন্ত্র হয়।

অপরে আমাদের প্রতি যে ব্যবহার করে সে সম্বন্ধেও
সমভাব হয়। সর্বত্ত এক আত্মাকে দর্শন করিয়া, সর্ব্বভৃতে
ভগবানকে দর্শন করিয়া অন্তরে যে একস্ববোধ, প্রেম, সহায়ভৃতির উদয় হয় তাহা কিছুতেই বিচ্গিত হয় না, অপরে
আমাদের প্রতি যেরূপ ব্যবহারই করুক না কেন। কিন্তু, তাই
বিলিয়া তাহারা যাহা করিবে নির্বিরোধে তাহা মানিয়া লইতে

হইবে.এমন কোন কথাই নাই; এরূপ হইতেই পারে না, কারণ সংসারে লোকে আপন আপন অহম্বারের তৃপ্তির জন্ম দৰ বিরোধের স্বষ্ট করিতেছে, ভগবদিচ্ছার সহিত ইহাদের বিরোধ অবশ্যস্তাবী অতএব, যাহারা সর্বদা ভগবদিচ্ছার যন্ত্রভাবে কার্য্য করিবে, তাহাদিগদকে সংসারে বাসনাচালিত অহঙ্কৃত নানা ব্যক্তির, নানা কর্মের বিরুদ্ধে দাঁড়াইতেই হইবে। সেইজন্মই অর্জুন বাধা দিতে, যুদ্ধ করিতে, জয় করিতে আদিষ্ট হইরাছেন; কিন্ত তাঁহাকে ঘুণা বা ব্যক্তিগত বাসনা বা ব্যক্তিগত শক্ৰভাব পরিহার করিয়াই যুদ্ধ করিতে বলা হইয়াছে, কারণ মুক্ত পুরুষে এই সকল ভাব সম্ভবে না। ব্যক্তিগত অভিমান বর্জন করিয়া ভগবানের ইচ্ছার নিমিত্ত মাত্র হইয়া, লোক সংগ্রহের জন্ম, ভাগবত আদর্শের দিকে লোক সকলকে পরিচালনার জন্ম কর্ম করা, এই নীতি ভগবানের সহিত, বিশ্বপুরুষের সহিত জীবের একাত্মবোধ হইতেই উত্থিত হয়, কারণ বিশ্বব্যাপী দিব্যকর্ম্মের উহাই সমগ্র লক্ষ্য ও অর্থ । আবার দর্বভূতের দহিত আমাদের যে একম্ব তাহারও সহিত এহ নীতির কোন বিরোধ নাই. হউক না কেন যে এখানে অনেকেই আমাদের সম্মুথে শক্র বা প্রতিঘন্দীরূপে উপস্থিত। কারণ ভাগবত আদর্শ তাহাদেরও আদর্শ, যাহাদের বাহ্য মন অজ্ঞান ও অহঙ্কারের দ্বারা বিপথে চালিত হয় এবং ভাগবত উদ্দেশ্যের বিরুদ্ধে দাড়ায় তাহাদেরও অন্তরের নিগৃঢ় লক্ষ্য হইতেছে ভাগবত আদর্শে পৌছান। তাহাদিগকে বাধা দিলে বা পরাস্ত করিলেই তাহাদের সর্কোৎ- ক্বান্ত বাহিক সেবা বা উপকার করা হয়। ইহা উপলব্ধি করিয়া গীতা বাহিক ব্যবহারবৈষম্যের অবশুস্তাবিতা অস্বীকার করে নাই, কিম্বা অজ্ঞানজনিত হর্ম্বল অম্বকম্পার উপদেশ দেয় নাই, কিন্তু আন্তরিক জ্ঞানসম্মত সমতা ও প্রেমের আদর্শ অম্ব্রুগ্ধ রাথিয়াছে। আত্মায় স্কলের সহিত একত্ব থাকিবে, হৃদরে সকলের প্রতি শাস্ত প্রেম থাকিবে কিন্তু হন্তু মৃক্ত থাকিবে জগতে ভগবানের উদ্দেশ্খ সম্পন্ন করিতে, মানবজাতিকে গুল্ভ ও মোক্ষের পথে আগাইয়া দিতে, স্ক্রভ্তের সমগ্র হিত সাধন করিতে।—এই ব্যক্তির ঐ ব্যক্তির বাহিক মঙ্গল করিতে যাইয়া কথনই তাহা ভাগবত কার্য্যের বিরুদ্ধাচরণ করিবে না।

ভগবানের সহিত একৰ, সর্বভূতের সহিত একৰ, সর্বত্ত সনাতন দিব্য একতার উপলব্ধি এবং সকল মহয়কে এই একৰের দিকে টানিয়া লওয়া—ইহাই জীবনের ধর্মরূপে গীতায় উপদিষ্ট হইয়াছে। ইহা অপেক্ষা গভীর, উদার, মহৎ ধর্ম আর কিছুই হইতে পারে না। নিজে মৃক্ত হইয়া এই একত্বের মধ্যে বাস করা, যে পথে ইহা লাভ করা যায় সমস্ত মানবজাতিকে সেই পথে টানিয়া লওয়া এবং ইতিমধ্যে সমস্ত কর্ম ভগবদর্থে সম্পাদন করা এবং অপরকেও এইরূপে আনন্দের সহিত কর্ত্তব্য সম্পাদনে প্রবৃত্ত করা, কংমকর্মকং, সর্বেক্মানি জোষয়ন্ —দিব্যকর্মের ইহা অপেক্ষা উদার বা মহৎ নীতি আর কিছু দিতে পারা যায় না। এই মৃক্তি এবং এই একত্বই আমাদের মানবীয় প্রকৃতির নিগৃত লক্ষ্য, এবং জাতির জীবনে ইহাই চরম ইচ্ছা। সমগ্র

শানবজাতি আজ যে অথবর জন্ত বৃথা খুঁজিয়া মরিতেছে তাহার জন্ত এই দিকে ফিরিতেই হইবে; মানুষ এই দিকে তথনই ফিরিবে যথন তাহারা একবার নিজের মধ্যে ও চারিদিকে সর্বেষ্, সর্বত্র, ভগবানকে দেখিবার জন্ত চক্ষ্ব ও হদয়কে উন্মুক্ত করিবে এবং শিখিবে যে তাহারা ভগবানের মধ্যেই বাস করিতেছে, প্রকৃতি কেবল কারাপ্রাচীর মাত্র, ইহাকে ভাঙ্গিয়া করিতেছে, বড় জোর শৈশবের পার্চশালা মাত্র, ইহাকে ছাড়িয়া উঠিতেই হইবে, তবেই আমরা দাবালক হইতে পারিব, মুক্ত স্বাধীন হইতে পারিব। ভগবান উর্জে রহিয়াছেন, মন্থব্যের মধ্যে রহিয়াছেন, জগতের মধ্যে রহিয়াছেন—দেই সর্বত্র বিরাজমান ভগবানের সহিত একাল্ম হইতে হইবে, ইহাই মৃক্তির অর্থ, ইহাই দিন্ধির পরম রহন্ত।

একবিংশ অধ্যায়

প্রকৃতির অন্ধনিয়ম

(The Determinism of Nature)

আত্মজান ও কর্মের মিলনের ছারা যথন আমরা উপরের আত্মাতে বাস করিতে সক্ষম হই, তথন আমরা নীচের প্রকৃতির ক্রিয়া প্রণালী অতিক্রম করি। তথন আর আমরা প্রকৃতি এবং গুণের অগ্রান থাকি না, কিন্তু আমাদের প্রকৃতির প্রভু, **ঈখ**রের সহিত এক হইরা প্রকৃতিকে ভগবদিকা সম্পাদনে নিয়োজিত করিতে পারি. তখন আর আমাদিগকে কর্মের পাশে বন্ধ হইতে হয় না; কারণ আমাদের যে উপরের আত্মা তিনিই ভগবান, তিনি প্রকৃতির কর্মের প্রভু এবং কর্মের ফলে বদ্ধ হন না। কিন্তু প্রকৃতিতে অবস্থিত অজ্ঞান আত্মা অজ্ঞানের ছারাই গুণে আবদ্ধ হয় কারণ এথানে সে তাহার দিব্য স্বরূপ না জানিয়া মোহবশে অহঙ্কারে আবদ্ধ হয়, মনের ক্ষুদ্র "আমি"কেই নিজের স্বরূপ মনে করে। এই মনের "আমি"কে খুব বড় দেখাইলেও ইহা প্রকৃতিরই একটি মাতৃ অব (factor) ভিন্ন আর কিছুই নহে; এই "আমি"রূপ গ্রন্থিকে অবলম্বন করিয়াই প্রকৃতির ধেলা চলে এবং এই গ্রন্থিতে অঙ্গান আয়া বাঁধা

পড়ে। এই গ্রন্থিকে ছিন্ন করিতে হইবে, এই "আমি"কে কেন্দ্র করিয়া ইহারই তৃপ্তির জন্ম করা চলিবে না, উর্ক্রে দিব্য বিজ্ঞানময় আত্মা রহিয়াছে তাহাকেই কেন্দ্র করিতে হইবে, তাহা হইতেই সব লইতে হইবে—এই রূপেই প্রকৃতির গুণত্ররের অশাস্ত তুঃথময় থেলার উপরে উঠিতে পারা বাইবে।

গীতা যে সকল শ্লোকে বলিয়াছে যে মাত্মৰ প্রকৃতির অধীন সেই সকলকে লক্ষ্য করিয়া কেহ কেহ বলিয়া থাকেন যে গীতার মতে এজগতে কাহারও কোনরূপ স্বাধীনতা নাই. প্রকৃতির অন্ধ নিয়মানুসারেই এখানে সমস্ত ব্যাপার সংঘটিত হইয়া থাকে। অবশ্য গীতা ষেক্নপ জোরের সহিত কথাটি বলিয়াছে, তাহাতে কোন সন্দেহের স্থান আছে বলিয়া মনে হয় না। কিন্তু, গীতার কোন বিশেষ অংশকে স্বতন্ত্র ভাবে বুঝিবার চেষ্টা করা ঠিক নহে. কোন শ্লোককে বিচ্ছিন্নভাবে না দেখিয়া গীতার সমগ্র শিক্ষার সহিত মিলাইয়া তাহার অর্থ করা উচিত, নতুবা ভ্রমপ্রমাদ অবশুস্তাবী। শুধু গীতার কথা নৃহে, দকল সত্য সম্বন্ধেই ইহা বলা যাইতে পারে যে, সমগ্রভাবে না ধরিয়া শুধু অংশবিশেষের উপর ঝোঁক দিলে প্রকৃত অর্থ বৃঝিতে পারা যার না। গীতার মধ্যে সমস্ত কথাই পরস্পারের সহিত সম্বন্ধ-যুক্ত, অতএব কোন বিশেষ অংশকে বুঝিতে হইলে, সমগ্র গ্রন্থের শিক্ষার সহিত মিলাইয়া তাহার অর্থ করিতে হইবে। যাহারা শুধু অংশমাত্রের দারাই পরিচালিত হয়, সমগ্রের জ্ঞানের দিকে দৃষ্টি রাখে না তাহারা যে বিপথগ্রস্ত হয়, গীতা তাহা নির্দেশ করিয়াছে, অক্তম্মবিৎ ও ক্রতম্মবিৎ এই ছই শব্দের মধ্যে প্রভেদ করিয়া। সাধারণ লোক অরুৎস্ববিৎ, জগৎকে খণ্ডভাবে দেখিয়া তাহারা পদে পদে তুল বোঝে, কিন্তু যোগী কুৎস্ববিৎ, তিনি সমগ্রভাবে জগতকে দেখিয়া সকল আপাত-বিরোধী তত্ত্বসূত্ত্র সমন্বয় করেন। ধোগীজন-বাঞ্ছিত শান্তি ও পূর্ণজ্ঞান লাভ করিতে হইলে সর্ব্বপ্রথম প্রয়োজন হইতেছে সমস্ত জগৎকে ধীরভাবে :দেখিতে হইবে, সমগ্রভাবে দেখিতে হইবে, আপাতবিরোবী তত্ত্বসমূহের দারা বিদ্রাস্ত হইলে চলিবে मा। आमार्तित এই किंग त्रश्चमत्र कीवरनत এक প्रास्ट আত্মার পূর্ণ স্বাধীনত। এক প্রকারের সত্য, আবার বিপরীত প্রান্তে প্রকৃতির একরকম পূর্ণ প্রভূত্ব, নিমন্তৃতই বিপরীত প্রকারের সতা; আবার, এই ছই বিপরীত সত্যের বিক্বত ছায়া ক্রমবিকাশশীল মনের উপর পড়িলে আত্মার এক প্রকার স্বাধীনতার আভাস হয়.—ইহা আংশিক ও আভাসমাত্র, অতএব ইহা প্রকৃতপক্ষে স্বাধীনতা নহে। এই শেষেরটিকেই সাধারণতঃ আমরা ভুল করিয়া স্বাধীন ইচ্ছা (free will) নাম দিয়া থাকি. কিন্তু গীতা পূর্ণ মৃক্তি ও প্রভূত্ব ভিন্ন আর কিছুকেই স্বাধীনতা বলিয়া স্বীকার করে নাই।

সকল সময়ে আমাদের মনে রাখিতে হইবে যে গীতার সমস্ত শিক্ষার পশ্চাতে আত্মা ও প্রকৃতি সম্বন্ধে তৃইটি মহান্ তন্ত্র রহিন্নাছে, (১) সাংখ্যের প্রকৃতিপুরুষতর্ত্ব এবং (২) এই তন্ত্র যাহার দ্বারা সংশোধিত ও সম্পূর্ণ হইরাছে বেদান্তের সেই ত্রিধাপুরুষ * ও বিধা প্রকৃতির তত্ত্ব,—প্রকৃতির নীচের রূপ হইতেছে ত্রিগুণমগ্নী মাগ্না, অপরা প্রকৃতি এবং ইহার উর্দ্ধের রূপ হইতেছে পরাপ্রকৃতি, দিব্যপ্রকৃতি, আত্মার প্রকৃত স্বরূপ। গীতার শিক্ষার নানাস্থানে যে অসামঞ্জস্ত ও বিরোধ আপাত-দৃষ্টিতে প্রতীয়মান হয় সে সম্পরের প্রকৃত সমন্বয় করিবার ইহাই মূল স্থত্ত। বস্তুতঃ আমাদের চেতনাময় জীবনের বিভিন্ন স্তর আছে এবং যাহা এক স্তরে কার্য্যতঃ সত্য উপরের আর এক ন্তরে উঠিলে তাহাই আর সত্য থাকে না কারণ যথনই আমরা উপরের শুরে উঠি তথনই উহা ভিল্নমূর্ত্তি ধারণ করে, উপরের স্তর হইতে আমরা সমস্ত জিনিষকে আরও সমগ্র ভাবে দেখিতে পারি। আধুনিক বৈজ্ঞানিক গবেষণা নির্দ্ধারণ করিয়াছে যে মহুষ্য, পশু, বুক্লতা এমন কি ধাতুদ্রব্য পর্য্যস্ত সকলের মধ্যেই বস্ততঃ একই প্রকারের জীবনের সাভা পাওয়া যায়, অতএব সকলের মধ্যে নিশ্চরই কোন না কোন রকমের স্নায়বিক চৈতক্ত আছেই। কিন্তু, প্রত্যেকেই যদি নিজের ভিতরের ব্যাপার বর্ণনা করিতে পারিত তাহা হইলে প্রকৃতির একই প্রকারের ক্রিয়া প্রতিক্রিয়ার চারি প্রকার বিভিন্ন এবং খুবই বিরোধী বর্ণনা পাওয়া যাইত কারণ আমরা বতই বিবর্ত্তনক্রমে উপরে উঠি. ততই সেই সব ক্রিয়া প্রতিক্রিয়া বিভিন্ন মূল্য, বিভিন্ন অর্থ ধারণ করে। মানবাত্মার বিভিন্ন শুর সম্বন্ধেও সেইরূপ। আমাদের সাধারণ মানসিক অবস্থায়

কর পুরুব, অকর পুরুষ ও পুরুবোত্তম।

যেটিকে আমরা স্বাধীন ইচ্ছা বলি, এরূপ বলা আমাদের পক্ষেকতকটা যুক্তিসঙ্গত হইলেও, উচ্চন্তরে আরু যোগী সেটিকে স্বাধীনতা বলিবেন না—আমাদের রাত্রি তাঁহার নিকট দিন, আমাদের দিন তাঁহার নিকট রাত্রি, আমরা যেটিকে স্বাধীন ইচ্ছা বলি, তিনি দেখেন সেটি প্রকৃতির গুণের বগুতা, তাহাতে কিছুমাত্র স্বাধীনতা নাই। তিনি একই জিনিষ দেখেন, কিছে উর্দ্ধ হইতে সর্বজ্ঞের দৃষ্টিতে দেখেন, কংম্বিৎ আর আমরা দেখি আমাদের আংশিক জ্ঞানের গণ্ডী হইতে, অরুৎম্বিৎ—ইহা অজ্ঞান ভিন্ন আর কিছুই নহে। আমরা যেটাকে আমাদের স্বাধীনতা বলিয়া গর্ব্ব করি, তিনি দেখেন যে সেটা দাসত্ব।

নিম্ন প্রকৃতির জালের মধ্যে আবদ্ধ থাকিয়াও আমরা যে আমাদিগকে স্বাধীন বলিয়া মনে করি, গীতা ইহাকে অজ্ঞান বলিয়া ব্ঝিয়াছে এবং এই অজ্ঞান ধারণার বিরুদ্ধেই গীতা বলিয়াছে যে, এই নীচের স্তরে আমাদের "আমি" সম্পূর্ণভাবে প্রকৃতির শুণের অধীন।

প্রক্তেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্মাণি সর্বশং।
আহঙ্কারবিম্টাত্মা কর্ত্তাংমিতি মন্ততে ॥ ৩২ ৭
তত্ত্ববিং তু মহাবাহো গুণ কর্ম বিভাগয়োঃ।
গুণা গুণেষ্ বর্ত্তন্ত ইতি মন্তা ন সক্ততে ॥ ৩২৮
প্রক্তেগুণসংম্টা সক্তন্তে গুণকর্মস্থ।
তান কংশ্ববিদো মন্দান কংশ্ববিদ্ন বিচালয়েং॥ ৩২>

ময়ি সর্কাণি কর্মাণি সংস্কৃতাধ্যাত্মচেতসা।
নিরাশী নির্মমো ভূত্বা যুধ্যস্থ বিগতজ্ঞরঃ॥ ৩।৩০

—"কর্ম্মকল প্রকৃতির গুণ দ্বারা সর্বতোভাবে নিম্পাদিত হইতেছে কিন্তু অহকারে বিমৃঢ় ব্যক্তি মনে করে যে তাহার "আমি"ই বৃঝি সব করিতেছে। কিন্তু গুণ ও কর্মের বিভাগের প্রকৃত তত্ত্ব যিনি অবগত আছেন, তিনি বুঝেন যে গুণসকলেরই পরস্পরের উপর ক্রিয়া প্রতিক্রিয়া চলিতেছে এবং ইহা বৃঝিয়া তিনি আস্ক্রি দ্বারা ভাহাদের মধ্যে আবদ্ধ হন না। সমগ্রের জ্ঞান যাহাদের আছে তাঁহারা যেন, সমগ্রের জ্ঞান যাহাদের নাই. যাহারা প্রকৃতির গুণে বিমোহিত তাহাদিগকে তাহাদের মানসিক ন্তিতি হইতে বিচলিত না করেন। তোমার সমস্ত কর্ম আমাতে সমর্পণ করিয়া, কামনা ও অহন্ধার হইতে মুক্ত হইয়া শোকত্যাগ পূর্ব্বক যুদ্ধ কর।" এথানে চেতনার ছই ন্তর স্পষ্ট প্রভেদ করা হইয়াছে—এক ন্তরে, আত্মা অহঙ্কারের জালে আবদ্ধ হইয়া প্রকৃতির তাড়নায় কর্ম করিতেছে কিন্তু তাহার ভ্রম হইতেছে ৰঝি সে স্বাধীন ভাবেই কর্ম করিতেছে, আর এক স্তরে আত্মা অহন্ধার হইতে মুক্ত হইয়াছে, নীচের প্রকৃতির "আমি"র সহিত আর নিজেকে এক বলিয়া ভাবে না. উপর হইতেই প্রকৃতির কার্য্য অবলোকন করিতেছে, পরিচালন করিতেছে, অমুমতি দিতেছে।

আমরা বলি যে আত্মা প্রকৃতির অধীন; কিন্তু অক্সদিকে আবার গীতা আত্মা ও প্রকৃতির ষরূপ প্রভেদ করিতে গিয়া বলিরাছে যে আত্মা দকল সময়েই ঈশ্বর, প্রকৃতি তাঁহার অগীনে কার্য্য সম্পাদন করিরা থাকে। এখানে গীতা বলিরাছে যে আত্মা অংক্ষারের দ্বারা বিমৃত হয় কিন্তু বেদান্তের মতে আত্মা চিরমৃক্ত ও আত্মজানসম্পন্ন।

তাহা হইলে এই যে আত্মা অহঙ্কারের দারা বিমূচ, প্রকৃতির অধীন, এই আত্মা কোন্ বস্তু ? উত্তর হইতেছে এই যে, যংন আমরা আত্মার অধীনতা বা বিষ্চৃতার কথা বলি তথন আমরা আমাদের নীচের স্তরের জীবনের ভাষা প্রয়োগ করি মাত্র: আমরা এথানে যাহাকে আত্মা বলি তাহা প্রকৃত আত্মা, প্রকৃত "পুরুষ" নহে, তাহা প্রকৃত আত্মার ছায়া মাত্র। বাস্তবিক পক্ষে নিমন্তরে যাহাকে আমরা সাধারণতঃ "আমি" বলি তাহাই প্রকৃতির অধীন; এইরূপ অধীনতা অবশুম্ভাবী কারণ এই "আমি" निष्डिर প্রকৃতির অংশ, প্রকৃতির যন্তেরই একটি প্রক্রিয়া: মানসিক চেতনার আক্সজ্ঞান যথন এই "আমি"কেই আত্মা বলিয়া গ্রহণ করে, তথন নিম্নন্তরে আত্মার মত একটা আভাদের স্ষ্টি হয়। এইরূপে সাধারণতঃ যাহাকে আমরা আত্মা বলি তাহা প্রকৃত পুরুষ নহে, তাহা প্রকৃতির 'আমি", বাসনাকামনা-ময় আত্মা, তাহা প্রকৃতির কার্য্যাবলীর উপরে পুরুষের চেতনার প্রতিছায়া; বাস্তবিক পক্ষে ইহা প্রকৃতির তিনগুণেরই একটি ক্রিয়া, অতএব প্রকৃতিরই অঙ্গ। তাহা হইলে বলিতে পারা यात्र (य आमारानत मरशा कृष्टेषि आजा तिहत्रारह, একটি इटेरलह আভাস-আত্মা বা বাসনাকামনাময় আত্মা--গুণত্রের রূপী-

ম্ভবের সহিত ইহারও রূপান্তর হয়, ইহা সম্পূর্ণভাবে গুণত্রয়ের দারাই গঠিত ও পরিচাণিত: অপর্টি হইতেছে প্রকৃতি ও তাহার গুণের অতীত, মুক্ত, শাখত পুরুষ। আমাদের তুইটা "আমি" রহিয়াছে, আভাস আত্মা কেবল আমাদের কাঁচা "আমি". ইহা আমাদের মানদিক কেন্দ্র, ইহা প্রকৃতির নিতা-পরিবর্ত্তনশীল ক্রিয়াকে. নিত্যপরিবর্ত্তনশীল নামরূপকে গ্রহণ করে, বলে— 'আমিই এই নামরূপ, এই যে প্রাকৃত ব্যক্তি সব কাজ কর্ম করিতেছে ইহাই আমি"—কিন্তু এই প্রাকৃত ব্যক্তি প্রকৃতি ভিন্ন আর কিছুই নহে, ইহা প্রকৃতির গুণেরই সমবায় মাত্র। আর আমাদের যে প্রকৃত আত্মা, আমাদের বড় বা পাকা "আমি" তাহা বান্তবিক পক্ষে প্রকৃতির ভর্তা, ভোক্তা, ঈশ্বর বটে কিন্তু তাহা নিজে নিত্যপরিবর্ত্তনশীল প্রাকৃত নাম-রূপের সহিত এক নহে। তাহা হইলে মুক্তির উপায় হইতেছে এই কাঁচা আমির বাসনা কামনা বুর্জন করা এবং আত্মা সম্বন্ধে মিথ্যাধারণা বর্জন করা। গুরু তাই বলিলেন—নিরাশীর্নির্মমো ভত্বা যুধ্যস্থ বিগত জবঃ, -- "বাসনা অহন্ধার হইতে মুক্ত হইয়া, আসার সমস্ত কাতরতা হইতে মুক্ত হইয়া যুদ্ধ কর।"

আমাদের স্বরূপ সম্বন্ধে এই মত, সাংখ্যকত প্রকৃতিপুরুষ-তত্ত্বরের বিশ্লেষণ হইতে উৎপন্ন। পুরুষ নিজির, অকর্তা; প্রকৃতি ক্রিয়াশীলা, কর্ত্রী। পুরুষ চেতনামর স্বতা; প্রকৃতি ক্রুড়, অচেতন, সে নিজের সমস্ত কার্য্যাবলী চেতনামর সাক্ষী পুরুষে প্রতিক্লিভ করে। প্রকৃতি তাহার গুণ্তরের অসমতার দারা কর্ম করে, এই তিন গুণ অনবরত পরস্পরের সহিত হন্দ্ব করিতেছে, নিশ্রিত হইতেছে, রূপান্তরিত হইতেছে; প্রকৃতির ক্ষহদ্বারের ক্রিয়ার দারা পুরুষ এই সকল গুণের কর্মকে নিজের বলিয়া গ্রহণ করে এবং এইরূপেই নিত্য শাস্ত পুরুষে কর্ড্র, পরিবর্তুনশীল নামরূপ ও অনিত্যলীলার ভাব স্পষ্ট হর। অশুদ্ধ প্রাকৃতিক চৈত্যু পুরুষের শুন্ধ আয়ুটেত্যুকে নেদান্তর করে; মন অহলার ও নামরূপে মগ্ন হইয়া প্রকৃত পুরুষকে ভূলিয়া যায় : আময়া মনের এই শ্রমের দারা এবং দেহপ্রাণের বাসনাকামনার দারা আমাদের বৃদ্ধিকে বিপর্যান্ত হইতে দিই। বতদিন পুরুষ এই কার্য্যে অন্ত্রুতি দিবে, তত্দিন আমাদের প্রাকৃত জীবন অহলার, বাসনা ও অজ্ঞানের দারা পরিচালিত হইবেই।

কিন্তু ইহাই বদি দব হইত তাহা হইলে মৃক্তির একমাত্র উপার হইত এই অনুমতি প্রত্যাহার করিরা লওরা এবং এইরপে প্রকৃতির গুণের সামাবস্থা আনরন করিরা তাহার সকল কর্মা বন্ধ করিরা দেওরা। ইহা এক প্রকারের প্রতিকার তাহাতে সন্দেহ নাই, কিন্তু ইহা সেইরপ রোগচিকিৎসার মত বাহাতে রোগের সঙ্গে রোগীরও শেষ হইরা যায়—গীতা এইরপ চিকিৎসা-কেই পুনং পুনং নিন্দা করিরাছে। বিশেষতঃ অজ্ঞানীদের উপর এই শিক্ষা চাপাইলে তাহারা তামসিক নিজ্ঞিরতাই অবলম্বন করিবে; তাহাদের বৃদ্ধিতে মিধ্যা ভেদজ্ঞান, মিধ্যাবিরোধ উপস্থিত হইবে, বৃদ্ধিভেদঃ; তাহাদের ক্ষেত্র প্রবৃদ্ধি এবং তাহা—

পারিয়া তাহারা গোলমালে পড়িবে, মিথ্যাচার, আত্মপ্রতারণার সৃষ্টি হইবে অথবা তামদিক নিশ্চেইতার উদ্ধব হইবে,—বলা বাহল্য যে সংসারে ও কর্মে প্রবৃত্তির এইরূপ অভাব মৃক্তি নহে, ইহা প্রকৃতির নিরুষ্ট গুণ তমোগুণের অধীনতা, অজ্ঞান ও অপ্রবৃত্তির অধীনতা। অথবা তাহারা ইহার কোন মর্মই গ্রহণ করিতে পারিবে না, এই উচ্চশিক্ষার দোষ ধরিবে, ইহার বিরুদ্ধে বলিবে যে তাহারা তাহাদের মনের ভিতর স্বাধীনতার উপলব্ধি পাইতেছে তাহা কথনও মিথ্যা হইতে পারে না এবং এইরূপে নিজেদের তর্কর্জিতে সন্তুষ্ট হইয়া মৃত্তা ও আত্মপ্রতারণায় দ্রুরূপে প্রতিষ্ঠিত হইবে, অজ্ঞান অন্ধকারে আরও বেশী ড্বিয়া মৃক্তির সন্তাবনা নষ্ট করিবে।

বাস্তবিক পক্ষে এই সকল উচ্চতর সত্য উচ্চ ক্ষেত্রেরই উপবাসী—চেতনার উচ্চতর, ন্তরেই তাহাদিগকে উপলন্ধি করা যায় এবং জীবনে পরিক্ট করিয়া তোলা যায়। নীচে হইতে এই সকল সত্যকে দেখিলে ভূল দেখা হইবে, ভূল বোঝা হইবে, সম্ভবতঃ তাহাদের অপব্যবহারই করা হইবে। পাপ-পুণ্যের প্রভেদ সাধারণ অহল্লারময় মানবজীবনেরই উপযোগী. পশুত্ব হইতে দেবত্বে পৌছিবার পথের মধ্যে অবহিত যে মানবীয় ন্তর সেইখানেই পাপপুণ্যের প্রভেদ সত্য ও প্রয়োজনীয়; ক্লিছ উচ্চতর ন্তরে উঠিলে আমরা পাপপুণ্যের উপরে উঠি, ভূমবান যেমন পাপপুণ্যের ছক্লের অতীত আমরাও সেইরূপ ক্লিই—এই বে সত্য, ইহা এইরূপ উচ্চতর সত্য। কিন্তু নীচের চেতনা

ভটতে না উঠিয়া অপরিপক মন লইরাই যদি আমরা নিম্নতবের অনুপ্রোগী এই সত্যকে ধরিতে যাই তাহা হইলে আমরা বিষম অনর্থ ঘটাইব, পাপ পুণোর প্রভেদ অমান্ত করিরা নিজেদের আমুরিক প্রবৃত্তি সমূহকে প্রশ্নয় দিব এবং এইরূপে ভোগের স্রোতে গা ভাসাইয়া দিয়া অধংপাতে ঘাইব সর্বজ্ঞান বিমুদান নষ্টান অচেতস:। প্রকৃতির নিমন্ত্রও সেইরূপ উচ্চন্তরের সত্য; এটিকে লোক ভূল বুঝিবে এবং ইহার অপব্যবহার করিবে। এই সতোর অপব্যবহার তাহারা করে যাহারা বলে যে মাতুষকে তাহার প্রকৃতি যেমন গড়িয়াছে সে সেইরূপই হইয়াছে এবং তাহার প্রকৃতি যাহা করাইবে মান্তব তাহাই করিতে বাধ্য। ইহা এক হিসাবে সত্য বটে কিন্তু লোকে ইহাকে যে অর্থে বুঝে তাহা সত্য নহে,—আমরা যদি মনে করি যে পাপ পুণ্য যাহাই করি না কেন তাহাতে আমাদের কোনই দায়িও নাই, আমাদিগকে আমানের কর্মের ফল •ভোগ করিতে, হইবে না. তাহা হইলে বিষম ভুল করা হইবে। কারণ আমাদের ইচ্ছা রহিয়াছে, বাসনা রহিয়াছে, ইচ্ছা ও বাসনা লইয়া কর্ম করা আমাদের যভাব হইলেও যতদিন আমরা ইচ্ছা ও বাসনার বশে কর্ম করিব ততদিন সেই কর্মের ফল আমাদিগকে ভোগ করিতেই হটবে। এই কর্মজাল মহা ভয়ন্কর, ইহা অক্সায়, যুক্তিবিগঠিত বা তুর্বোধ্য বলিয়া আমাদের ক্ষুদ্রবৃদ্ধির নিকট প্রতীয়মান হইতে পারে, কিন্তু এ জাল আমাদেরই নিজের তৈয়ারী, এই বন্ধনে আমরা সাধ করিয়া বদ্ধ হই।

গীতা বলিয়াছে বটে, প্রস্কৃতিং বান্তি ভূতানি নিগ্রহং কিং
করিয়তি, "সংসারে বাহা কিছু আছে সবই আপন
আপন প্রকৃতির অনুসরণ করিয়া থাকে, ইহাকে নিগ্রহ করিলে
কি হইবে?" যদি শুধু এই কথাটিই ধরা হয় তাহা হইলে মনে
হয় যে আত্মার উপর প্রকৃতির ক্ষমতা অসীম, অনতিক্রমা;
সদৃশং চেষ্টতে স্বস্তাঃ প্রকৃতেজ্ঞানবানপি,—জ্ঞানবান ব্যক্তিও
নিজ প্রকৃতির অনুসারে কাজ করিয়া থাকেন।" ইহার উপর
ভিত্তি করিয়াই গীতা আদেশ করিয়াছে, আমাদের কর্মে যেন
আমরা আমাদের প্রকৃতিকেই ঠিক ভাবে অনুসরণ করি।

শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ পরধর্মাৎ স্বস্কৃতি। স্বধর্মে নিধনং শ্রেয়ঃ পরধর্মো ভয়াবহঃ॥ ৩৩৫

"বংশ দোষযুক্ত হইলেও উহা উত্তমরূপে অন্তৃষ্টিত প্রধর্ম অপেকা শ্রেষ্টি, ব্ধর্মে থাকিয়া মৃত্যুও ভাল, কিন্তু পর্ধর্মের অন্ত্রুরণ বিপজ্জনক।" এই "বধুর্মা" বলিতে ঠিক কি বুমার ভাহা আমরা তথনই বুমিব বখন গীতার শেবের দিকে বেখানে পুরুষ, প্রকৃতি এবং গুণত্রর সম্বন্ধে বিস্তৃত ব্যাপ্যান আছে, সেধানে আমরা উপস্থিত হইব; স্বর্মের অন্ত্রুরণ বলিতে নিশ্চরই ইহা বুমার না বে আমরা যাহাকে আমাদের প্রকৃতি বলি সেই প্রকৃতি আমাদিগকে বেদিকে টানিবে, পাপপুণ্য নির্বিশেষে আমাদিগকে সেই দিকেই যাইতে হইবে। কারণ, উল্লিখিত শ্লোক তৃইটির (৩০০ এবং ৩০৫) মাঝধানে কারণ, উল্লিখিত শ্লোক তৃইটির (৩০০ এবং ৩০৫) মাঝধানে

ইন্দ্রিয়ন্তেন্দ্রিয়ন্তার্কে রাগদ্বেরী ব্যবস্থিতৌ। তয়োন বশমাগচ্ছেৎ তৌ হুল্ড পরিপস্থিনো॥ ৩৩৪

— "প্রত্যেক ইন্দ্রিয়ের, বিষয়েই রাগ ও দেষ ওত পাতিয়া
বিদিয়া আছে; তাহাদের কবলে পড়িও না, তাহারা আত্মার
শ্রেয়ামার্গে পরম শক্র।" ইহার অব্যবহিত পরে অর্জ্ঞন বধন
প্রশ্ন ভুলিলেন যে আমাদের প্রক্লতির অন্নসরণ করাতে বদি
কোন দোষ নাই তাহা হইলে আমাদের মধ্যে কে বেন আমাদিগকে আমাদের ইচ্ছার বিক্লছে বলপূর্বক পাপে প্রবৃত্ত করে,
সে সম্বন্ধে কি? তথন তাহার উত্তরে গুরু বলিলেন, কাম এব
কোণ এব রজোগুণ সমৃত্তর,—ইহা কাম এবং কামের সহচর
কোণ, ইহারা প্রকৃতির ছিতীয় গুণ রজোগুণের সন্তান, এই কাম
বা কাসনা আত্মার পরম শক্রে, ইহাকে বধ করিতেই ইইবে।
গীতা বলিয়াছে, মৃক্তির জন্ম প্রথমেই চাই পাপকর্ম্ম পরিত্যাগ
করা এবং গীতা পর্বদা আত্মজন্ম, আত্মনিয়ন্ত্রণ, "সংব্যের"
উপদেশ দিয়াছে, মনকে, ইন্সিয়কে, সমগ্র নিম্ন প্রকৃতিকে সংব্যত
করিতে বলিয়াছে।

অতএব এখানে একটা প্রভেদ করা আবশ্রক; প্রকৃতির বাহা মূল স্বরূপ, নিজস্ব অবশুস্তাবী থেলা তাহাকে দমন করিবার, চাপিরা দিবার, নিগ্রহ করিবার চেষ্টা রুথা; কিন্তু এই গভীরের থেলা ছাড়া প্রকৃতির একটা বাহিরের থেলা আছে, ইহা তাহার স্বরূপের বিকৃতি, তাহার ভ্রান্ত, অবাস্তর, লক্ষ্যপৃষ্ধ থেলা—এই থেলাকে সংযত করিতেই হইবে। "নিগ্রহ" ও "সংযক" এই

ছইরের মধ্যেও প্রভেদ রহিরাছে,—জোর করিয়া দমন করা, চাপিরা দেওরা "নিগ্রহ", আর নিয়মিত সন্থাবহারের নার: আরভাষীন করাই "সংযন"। ইচ্ছাশক্তির নারা প্রকৃতির উপর জোর করাই নিগ্রহ, ইহাতে পরিণামে জীবের স্বাভাবিক শক্তি-গুলিকে অবসর করা হয়, আত্মানম্ অবসাদয়েও: আমাদের উপরের আত্মার নারা আমাদের নীচের আত্মাকে নিয়ন্তিত করাই সংযন—ইহাতে আমাদের ঐ স্বাভাবিক শক্তি সকল আপন আপন নির্দিষ্ট কাজ করিবার স্থবোগ পায় এবং চুড়ান্ত দক্ষতার সহিত আপন আপন কাজ করিতে পারে,—যোগঃ কর্মস্থ কৌশলম্। এই সংযমের প্রকৃত স্বরূপ কি সীতা ষষ্ঠ অধ্যায়ের প্রারম্ভে ভাহা বেশ পরিকার করিয়া বলিয়াছে।

উদ্ধরেদান্ত্রনাত্মন্য নাত্মানমবসাদয়ে ।
আবৈর হাল্মনো বন্ধুরাইত্মব রিপুরাত্মনঃ ॥ ৬।৫
বন্ধুরাত্মান্তরন্তর্ভাবেনাইন্থবাত্মনা জিতঃ।
অন্ধৃত্মনন্ত শক্রতে বর্ত্তোত্মির শক্রবং ॥ ৬।৬

— "আত্মার হারা ক্লাত্মাকে উদ্ধার করিতে হইবৈ, আত্মাকে কথনও (তোগ অথবা দমনের হারা) অবসর করিও না; কারণ ক্যাত্মাই আত্মার বন্ধু, আত্মাই আত্মার শক্র। দেই ব্যক্তির অত্মান্ধাই বন্ধু বাহার মধ্যে (উপরের) আত্মা (নীচের) আত্মাকে ক্রির ক্রিয়াছে, কিন্ধু বে ব্যক্তি তাহার (উপরের) আত্মাকে ক্রিড ক্রিতে পারে নাই, তাহার পক্ষে তাহার (নীচের) আত্মা

শক্রবং এবং শক্রর স্থারই কার্য্য করে।" বে ব্যক্তি নিজের আত্মাকে জর করিবাছেন এবং পূর্ণ আত্মজরের, আত্ম-লাভের শান্তিতে পৌছিরাছেন তাঁহার পরমাত্মা তাঁহার বাহ্ম মানবীর চেতনাতেও স্প্রতিষ্ঠ, "সমাহিত" হর।

> জিতাত্মনঃ প্রশান্ত পরমাত্মা সমাহিত:। শীতোঞ্জপ্রহংধের তথা নানাপমানরোঃ॥৬।৭

অক্ত কথার বলিতে গেলে, উপরের আত্মার দারা নীচের আত্মাকে জয় করা, প্রাকৃত সন্তাকে আধ্যাত্মিক সন্তার দারা জয় করা, ইহাই নামুষের মৃক্তি ও দ্বিদ্ধি লাভের পন্থা।

তাহা হইলে আমরা এখানে দেখিতে পাইতেছি বে প্রকৃতির নিরন্থ হের দৌড় বড় বেশী দ্র নহে, কতটুক সীমার মধ্যে এবং ঠিক কি অর্থে ইহা সত্য তাহাও আমরা বুনিতে পারি-তেছি। প্রকৃতির বক্ততা হইতে মুক্ত হইরা কেমন করিয়া তাহার উপর প্রভৃত্ব লাভ করা যার ইহা আমরা খ্ব ভাল করিয়া দেখিতে পাই, বদি আমরা অন্ধাবন করি যে প্রকৃতির ক্রমবিকাশপর্যার অধঃ হইতে উর্দ্ধ পর্যান্ত প্রকৃতির গুণগুলির ক্রিয়া কিরপ। প্রকৃতির স্কর্বনিমন্তরে যে সকল বন্ধ রহিয়াছে সে সকলে তমোগুণেরই পূর্ণ আধিপত্য, তাহারা এখনও আছা- চেতনার আলোক লাভ করে নাই এবং তাহারা প্রকৃতির স্বোতের ঘারাই সম্পূর্ণভাবে চালিত হয়। জড় পর্যান্ত্র (atom) মধ্যেও একটা ইচ্ছাশক্তি রহিয়াছে, কিন্তু আমর্ক্তি দেখিতে পাই বে এ ৫০ ইচ্ছা শ্বীন ইচ্ছা নহে কার্থ ইহা

ৰাম্ভিক (machanical) এবং বাস্তবিক পক্ষে এই ইচ্ছাশক্তি ঐ পরমাণুর অধিকারে নহে, কিন্তু ঐ পর্মাণুই এই ইচ্ছাশক্তির ·অধিকারে। এখানকার বৃদ্ধিকে * সাংখ্য যে "জড়" বলিয়াছে তাহা সত্য এবং খুবই স্পষ্ট, ইহা একটা জড় অচেতন তত্ত্ব, এখানে আত্মটৈতক্তের আলোক এখনও বাহিরে দেখা দিতে পারে নাই,—তাহার বোধশক্তি, ইচ্ছাশক্তি রহিয়াছে বলিয়া পরমাণুর নিজের কোন জান নাই; অপ্রবৃত্তি, অজ্ঞানরূপ তমে-গুণ ইহাকে সম্পূর্ণ ভাবে অধিকার করিয়া আছে, রজ:কে, সম্বকে সম্পূর্ণ ভাবে ঢাকিরী রাখিয়াছে,—সত্য বটে যে প্রকৃতি এই প্রকারের বস্তু দকলকে বিরাট কর্ম করাইতেছে, কিন্তু জড় যন্ত্রস্করপে, যন্ত্রার্ড্ন মার্যা। ইহারই উপরের স্তরে উদ্ভিদ, এগানে রজঃ বাহিরে পরিষ্ট হইতে পারিয়াছে, জীবনীশক্তি দেখা দিয়াছে এবং আমরা যাহাকে সুথ চুঃথ বলিয়া অনুভৰ করি সেই স্নায়বিক প্রতিবাতের (nervous reactious) ক্ষ্যতাও **दिश किंद्र किंद्र मञ्ज এथन अ मन्पूर्व**ादि दक्ष, हेश এथन अ পরিষ্ট হইয়া চেতন বৃদ্ধির আলোক জাগাইতে পারে নাই: এখনও সুবই জড়, আচেতন বা অন্ধচেতন, এখনও তমঃ রজঃ অপেকা প্রবল এবং ছইয়ে মিলিত হইয়া সত্তকে বন্দী করিয়া রাখিয়াছে।

ইহার উপবের স্তবে হইতেছে, পশু; যদিও তম: এখনও

প্রকৃতিতে বে বোগ শক্তি ও ইচ্ছাপতি রহিয়াছে ভাহারই সাধারণ নাম,
 শুদ্ধি"।

খুবই প্রবল, যদিও আমরা গশুকে ভামসিক সর্গেরই অন্তর্গত বলিতে পারি তথাপি এথানে তমেংর বিরুদ্ধে রক্ষের শক্তি পর্কাপেক্ষা অনেক বেশী এবং রজোগুণের বিকাশের সঙ্গে সঙ্গে জীবনীশক্তির উচ্চতর প্রকাশ, কাম, ক্রোধ, সূথ, তুঃথ ইতম্প্রদি সম্ভব হইরাছে; সত্ত্বও পরিক্ট হইতেছে এবং ইহা এখনও নীচের ক্রিয়ার অধীন হইলেও ইহা হইতে চেতন মনের প্রথম আলোক, কতকটা অহংজ্ঞান, শ্বতি,,এক প্রকারের চিন্তা, বিশেষতঃ সহজাত সংশ্বীর (instinct) ও পশুসুলভ সাকাৎজ্ঞান '(intuition) সম্ভব হইয়াছে। কিন্তু এখনও বৃদ্ধি চেতনার পূর্ণ আলোক বিকাশ করে নাই; অতএব পশুর কার্য্যের জকু কোন দায়িত্র তাহার উপর চাপান যায় না। যেমন জড় অণুর অন্ধ চালচলনের জন্ম অণুকে দোষ দেওয়া যায় না, পোড়াইবার জন্ত অগ্নিকে এবং ধ্বংস করিবার জন্ত ঝড়কে দোষ দেওয়া যায় না, তেমনিই হত্যাও গ্রাস করার জন্ত ব্যাদ্রকেও কোন দোষ দেওৱা যায় না। ব্যাদ্র যদি জবাব দিতে পারিত তাহা হইলে নিশ্চয়ই সে যামুষের মত বলিত যে তাহার স্বাধীন ইচ্ছা আছে, কর্ত্তার অহন্ধার তাহাতে থাকিত এবং সে বলিত—"আমি বদ করি, আমি গ্রাস করি"; কিন্তু, আমরা খুব স্পষ্ট বুঝিতে পারি যে বান্তবিক পক্ষে ব্যাঘ্র রধ করে না, ব্যাঘ্রের ভিতরের প্রকৃতিই বর্ধ করে, ব্যান্ত প্রাস করে না, ব্যান্তের ভিতরের প্রকৃতিই গ্লাস করে; যদি সে বধ করিতে বা,গ্রাস করিতে বিরত হয় তবে শেটা স্বাধীন ইচ্ছার দারা নহে, সেটা ক্ষার অভাব, ভয় ঝু.

আনত্তের খারা এবং ইহা তাহার মধ্যে প্রকৃতির আর একটি গুণের ক্রিয়া, তমোগুণের ক্রিয়া। ব্যাদ্রের ভিতরের প্রকৃতি বেমন বধ করে তেমনি সেই প্রকৃতিই আবার বধকার্য্য হইছে বিরুত হয়। ব্যাদ্রের মধ্যে বে আত্মাই থাকুক তাহা নির্বিরোধে প্রকৃতির কার্য্যে সায় দেয়। ব্যাদ্র যথন আলস্তের বশে কোন কর্ম করে না তথন এই আত্মা বেরপ নিশ্চেষ্ট, ব্যাদ্র যথন তীত্র হিংসার কার্য্যে নিযুক্ত তথনও সেই আত্মা সেইরপেই নিশ্চেষ্ট। জড় পরমাণুর স্লার পশুও তাহার প্রকৃতির যান্ত্রিক ক্রিয়ার বশেই কর্ম করে, সদৃশং চেষ্টতে স্বস্তাঃ প্রকৃতেঃ, বেন যন্ত্রে আরচ্ন, যন্ত্রারান্ত্রিন মায়য়া।

তাহা হউক, কিন্তু অন্ততঃ মানুবের মধ্যে ত অন্ত এক রকমের ক্রিয়া আছে, একটা স্বাধীন আত্মা আছে, একটা দারিত্বজ্ঞান আছে, প্রকৃতি ছাড়া, মান্নার বান্ত্রিক কৌশল ছাড়া অন্ত একজন প্রকৃত কন্তা আছে? এইরূপই মনে হর কারণ মানুবের মধ্যে চেতন বৃদ্ধি রহিয়াছে; লুটা পুক্ষের আলোকে এই বৃদ্ধি পূর্ণ,—মনে হয় পুক্ষ এই বৃদ্ধির ভিতর দিয়া দেখে, বৃঝে, অনুমতি দেয় বা নিবেধ করে, সম্মত হয় বা অসমত হয়, বান্তবিক মনে হয় ধে এইবারে বৃদ্ধি পুরুষ তাহার প্রকৃতির প্রভু হইতে আরম্ভ করিয়াছে। মানুব ব্যাজ্রের মতন বা অগ্লির মতন বা মড়ের মতন নহে; মানুষ খ্ন করিয়া সাকাই দিতে গারে না যে, "আমি আমার প্রকৃতির অনুসারে কন্ম করিতেছি" এবং সে এইরূপ সাকাই দিতে গারে

না কারণ তাহার প্রকৃতি বাাদ্র, ঝড় বা অগ্নির প্রকৃতির মত্ন-নহে অতএব ব্যাঘ্র, ঝড় বা অগ্নির স্বধর্ম বা কর্মের নীতি তাহার য় 🕶 বা কর্মের নীতি হইতে পারে না। তাহার একটা চেতন বিচারশক্তি ও ইচ্ছাশক্তি আছে অর্থাৎ একটা বৃদ্ধি আছে, তাহার কার্য্যে তাহাকে এই বুদ্ধিরই অন্নসরণ করিতে হইবে। ষদি সে তাহা না করে, যদি সে উত্তেজনার বশে, রিপুর তাড়নায় অৱভাবে কর্ম করে তাহা হইলে তাহার স্বধর্ম ষথাযথ অফুষ্ঠান করা হয় না, "স্বধর্মঃ সু-অফুষ্ঠিতঃ" হয় না, তাহার পূর্ণ মহুষাত্ত্বের বোগা কর্ম করা হয় না, কেবল পশুর মতনই কর্ম করা হয়। সভা বটে যে সে যে কোন কর্মই করুক না কেন, রজোগুণ ভাহার বুদ্ধিকে ধরিরা, সেই কর্ম সমর্থন করাইয়া লয়, তবুও বেমন করিয়া হউক বুদ্ধির মত লইতেই হয় অন্ততঃ বুদ্ধিকে জানাইতে হয়, তা সে কর্ম্মের আগেই হউক আর পরেই হউক। তারা ছাড়া, মারুষের মধ্যে সত্ত জাগ্রত, এই সত্ত কেবল সচেতন বিচারবৃদ্ধি ও ইচ্ছারূপে কার্যা করে না, পরস্ক আলোকের সন্ধান করা, সঠিক জ্ঞান ও সেই জ্ঞানামুষায়ী সঠিক কর্মের অম্প্রসাম করা, আমি ছাড়া আরও লোক আছে এবং আমার উপর তাহাদের দাবি আছে, সহাত্মভূতির সহিভ ইহা উপলব্ধি করা, আমাদের নিজ প্রকৃতির উপরের স্বরূপ, উপরের ধর্ম জানিবার ও অনুসরণ করিবার চেষ্টা করা, এবং পুণ্য, জ্ঞান ও সহাত্মভূতির সঙ্গে সংগে বৈ উচ্চতর শান্তি ও चानम चारेरम जारा धात्रण कता,—এই मुद्र मांसूरवतः

মধ্যে সংশ্বর ক্রিয়া। মান্নবের মধ্যে একটা অস্পষ্ট জ্ঞান রহিরাছে যে তাহাকে তাহার সাত্ত্বিক প্রকৃতির দারা তাহার রাজসিক ও তামসিক প্রকৃতিকে শাসন করিতে হইবে এবং তাহার সাধারণ মন্তব্যবের সিদ্ধি বা উৎকর্ষতা এই পথেই।

কিন্তু সাত্ত্বিক প্রকৃতির প্রাধান্তই কি মৃক্তি? মান্ত্রের দান্ত্রিক ইচ্ছাই কি স্বাধীন ইচ্ছা? না,—চেতনার উপরের স্থরেই প্রকৃত স্বাধীনতা আছে, গীতা তাহাই লক্ষ্য করিয়া বলিরাছে যে মামুষের মধ্যে সাত্তিকতার প্রাধান্ত হইলেও তাহা স্বাধীনতা নহে। তথনও বৃদ্ধি ও ইচ্ছা প্রস্কৃতিরই যন্ত্র এবং এই বৃদ্ধি ও ইচ্ছার ক্রিয়া যতই সাঞ্জিক হউক না কেন সেথানে প্রকৃতিই কর্ম করে, আত্মা যন্ত্রাক্রটের ক্যায় মায়ার দারাই চালিত হয়। অস্ততঃ পক্ষে ইহা ঠিকই যে আমাদের ইচ্ছার স্বাধীনতার मण जः एगत नम्र जः मण्णूर्ग लगः , अहे हेम्हा कथन कि इहेरव তাহা নিজের দারা নির্দারিত হয় না. 'কিন্তু আমাদের অতীত, আমাদের বংশ, আমাদের শিক্ষা, আমাদের পারিপার্থিক অবস্থার দ্বারাই তাহা নির্ণীত হয়; প্রকৃতি অতীতে আমাদের ভিতর যাহা কিছু করিয়াছে সেই সমস্তের বিরাট সমষ্টিকে আমরা "কর্ম" নাম দিয়া থাকি, ইহা আমাদের পশ্চাতে রহিয়াছে: আমাদের এই "কর্ম" এবং সমগ্র বিশ্ব আমাদের ব্যক্তিগত জীবনের উপুর যে প্রভাব বিস্তার করিতেছে তাহা ठिक कविशा (मन त्व जामता कि इहेव, कान् मूझूर्व जामारमत हेव्हा कि इहेरव, अभन कि कान मुहर्स्ड खामारनंत्र हेव्हांत किया কি হইবে। আমাদের "অহং" সর্বদা ইহার "কর্শ্বেসর সহিত নিজেকে এক করিয়া দেখে, এবং বলে "আমি করিয়াছি". "আমমি ইচ্ছা করি". "আমি তৃঃথ ভোগ করি". কিন্তু সে বলি নিজের দিকে চাহিয়া দেখে বুঝে বে দে কিরূপে গঠিত হইয়াছে তাহা হইলে সে পশুর সম্বন্ধেও বেমন, মাতুষের সম্বন্ধেও তেমনিই বলিতে বাধ্য হয় যে "আমার ভিতর প্রকৃতি ইহা করিয়াছে, আমার ভিতর প্রকৃতি ইচ্ছা করে"। আর যদি সে ইহাকে সংশোধন করিয়া বলে "আমার প্রকৃতি" তাহার অর্থ কেবল ইহাই হয় বে "এই ব্যক্তি বিশেষে প্রকৃতি নিজে এই বিশেষরূপ ধারণ করিয়াছে।" জগতের এই তত্তা বিশেষভাবে উপলব্ধি করিয়াছিলেন বলিয়াই বৌদ্ধগণ বলিতে বাধ্য হইয়াছিলেন যে সমস্তই "কৰ্ম", আত্মা বলিয়া বস্তুতঃ কিছু নাই, উহা কেবল অহঙ্কৃত মনের ভ্রমাত। "অহং" যথন মনে করে "আমি এই পুণা কর্ম করিতে সঙ্গর করিতেছি, ঐ পাপকর্ম বর্জন করিতেছি" তথন প্রকৃতির সত্তপ্রণের একটি ক্রিয়াকে সে নিজ্ঞাি বলিয়া ভ্রম করে—বাস্তবিক পক্ষে প্রকৃতিই বৃদ্ধির ভিতর দিয়া এক প্রকার কর্ম পরিত্যাগ করে. আর একপ্রকার কর্ম বাছিয়া লয়; প্রকৃতির এই ক্রিয়াকে "অহং" নিজের ক্রিয়া বলিয়া মনে করে, বেমন ঘুর্ণীয়মান চক্রের উপরিস্থিত মঞ্চিকা চক্রেরই সহিত ঘুরিতে ঘুরিতে মনে করিতে পারে যে সে निष्क्र्य रेष्ट्रा कतिया चूत्रिराज्छ। मांश्या रयमन वर्ण, निष्क्र रे

দ্রষ্টা পুরুষের আনন্দের নিমিন্ত প্রকৃতি আমাদের মধ্যে বিভিন্ন-রূপ ধারণ করিতেছে, বিভিন্ন সঙ্কল্ল করিতেছে, কর্ম্ম করিতেছে।

যদিও সাংখ্যের এই কথা সংশোধিত করিয়া লওয়া আবশুক, (কিরূপ পরিবর্ত্তন আবশুক তাহা আমরা পরে দেখিব)' তথাপি আমরা আমাদের ব্যক্তিগত ইচ্ছার যে "স্বাধীনতার" কথা বলিয়া থাকি তাহার উপর অক্তান্ত শক্তির এত প্রভাব যে ঐ স্বাধীনতা নিতান্ত আপেক্ষিক (relative) এবং কুদ্রাদ্পি ক্ষুদ্র। এই স্বাধীনতার শক্তি বখন চরমে উঠে তথনও তাহা ঈশ্বরত্বের (mastery) সমান হয় না। এই স্বাধীনতা যে ঘটনাম্রোতের তীব্রবেগ রোধ করিবে, দে ভরদা করিতে পারা যায় না। আমাদের ইচ্ছা যত অধিক সাত্তিক হউক না কেন রজঃ ও তমঃ তাহাকে এমন ভাবে ঘিরিয়া থাকে, তাহার স্থিত এমন ভাবে মিশিয়া থাকে ধে এ ইচ্ছা কেবল আংশিক ভাবেই সাম্ভিক হইতে পারে এবং কথনই রজ: বা ভমোগুণের প্রভাব সম্পূর্ণভাবে অতিক্রম করিতে পারে না: তাই মামুষের সর্ব্বোৎকৃষ্ট কর্ম্মেও, তীক্ষ্ণ মনস্তত্বিদের নিরপেক্ষ দৃষ্টিতে দেখিলে দেখিতে পাওয়া যায় যে অজ্ঞাতে নানাক্রণ আত্মপ্রতারণা প্রবেশ করিয়াছে। বথন আমরা মনে করি যে আমরা সম্পূর্ণ স্বাধীনভাবে কর্ম করিতেছি, তথন আমাদের ঐ কর্মের পশ্চাতে যে কত শক্তি লুকাইয়া থাকে থিশেষ অন্তদৃষ্টির ছারাপ্ত তাহা-ধরিতে পারা বায় না: যখন আসরা মনে করি

যে আমরা অহকার হইতে মৃক্ত হইরাছি, তথনও আমাদের
মধ্যে অহকার লুকাইরা থাকে,—বেমন পাপীর ভিতর
থাকে, তেমনিই সাধুর ভিতরও থাকে। আমাদের কর্ম এবং
কর্মের উৎস সম্বন্ধে যথন প্রকৃত ভাবে আমাদের চক্ষ্ খূলিয়া
যায়, তথন আমরা গীতার মতনই বলিতে বাধ্য হই, গুণাগুণেয়্
বর্ত্তত্তে—"প্রকৃতির গুণ সকল পরস্পরের উপর ক্রিয়া
করিতেছে।"

এইজন্ম সত্ত্তপের খুব বেশী প্রাধান্য হইলেও তাহা প্রকৃত স্বাধীনতার অবস্থা নহে। কারণ, গীতা দেথাইয়াছে যে অক্সাক্ত গুণের ক্রায় সত্ত্ও বন্ধন করে এবং অক্রাক্ত গুণের ক্রায়ই বাসনা ও অহন্ধারের দ্বারাই বন্ধন করে: সত্ত্বের বাসনা নহত্তর, সত্ত্রে অহমার শুদ্ধতর, কিন্তু যতদিন এই চুইটি-বাসনা ও অহমার-যে কোন আকারে জীবকে ধরিয়া থাকে, ততদিন কোন স্বাধীনতা নাই। বৈ মহুষ্য সাধু, জ্ঞানী, তাঁহার ভিতর সাধুর "অহং" রহিয়াছে, জানীর "অহং" রহিয়াছে এবং তিনি এই সাত্ত্বিক অহমারের তৃপ্তি করিতে চান; তিনি নিজের জন্মই সাধৃতা চান, জ্ঞান চান। বথন আমরা অহঙ্কারের তৃপ্তি চাই না, মথন আমাদের কুদ্র "আমি"কে কেন্দ্র করিয়া সম্বন্ধ করি না চিন্তা করিনা, ইচ্ছা করিনা কেবল তথনই হয় প্রকৃত স্বাধীনভার অবস্থা। অন্ত কথায় বুলিতে গেলে, স্বাধীনভা, চরন স্বরাজ্য তথনই আরম্ভ হইবে বথন প্রাকৃত আত্মার উপরে আমরা পরমাত্মাকে দেখিতে পাইব, ধরিতে পারিব,—আমাদের

কুত্ত "আৰি", আমাদের অহস্কার, এই প্রমাস্থাকে দেখিতে দেয় না, গভীর অককারের ছায়ায় লুকাইয়া রাখিয়াছে। ইহা কেবল তথনই সম্ভব হইতে পারে যথন আমরা আমাদের মধ্যে প্রকৃতির উপর অবস্থিত এক প্রমান্ত্রাকে দেখিতে পাইব. আনাদের ব্যক্তিগত স্থায় ও চেতনায় তাহার সহিত এক হইব এবং বাক্তিগত কর্মে আনাদের প্রকৃতিকে ভগবনিচ্ছার বস্তু নাত্র করিরা দিব.—কেবলমাত্র সেই ইচ্ছাই সকলের উপরে এবং প্রকৃতভাবে স্বাধীন ও মুক্ত। ইহার জন্ম আমাদিগকে গুণত্ররের বছ উদ্ধে উঠিতেই হইবে, ত্রিগুণাতীত হইতে হইবে ; কারণ প্রমান্ত্রা সভ্তপেরও উপরে। সেখানে উঠিতে তইলে আমাদিগকে সত্তের ভিতর দিয়াই উঠিতে হইবে বটে, কিন্তু যতকণ আনরা সত্তকে ছাড়াইয়া না যাইব ততকণ সেখানে পৌছিতে পারিব না: "অহং" হইতেই আমরা প্রমান্তার উঠি. কিন্ধ "অহং"কে ছাড়াইলে তবেই কেথানে পৌছিতে গারি: मकीरिक्स जीव, नाक्स, बारवश्यव, डेलाम्बंब वागनात पाता আমরা তাহার প্রতি আক্ত হট বটে: কিছুকেবল তথ্যট আমরা নিশ্চিত হইয়। তাহাতে বাস করিতে পারি যথন আনাদের সমস্ত বাসনা দূর হ্ইরা গিরাছে। এক অবস্থায় আমাদিগকে মৃক্তির কাননা হইতেও মৃক্ত হইতে হইবে।

দ্বাবিংশ অধ্যায়

ত্রিগুপাতীত

প্রকৃতিব নিয়ন্ত্রেব দীমা কতদ্ব তাহা আম্রা দেখিলান, এই নিয়ন্ত বেব অর্থ কেবল এই যে, আমরা যে "অহং" হুইতে কৰা কৰি তাহা নিজেই প্ৰকৃতিৰ ক্ৰিয়াৰ একটি, যদ্ধবিশেষু এব^ই নৈইজন্ত ভাহা প্রকৃতিৰ বগাতা হইতে মৃক্ত হঁইতে পারে না. অহংশ্বেব যে ইচ্ছা তাহা প্রকৃতিব দারাই নির্ণীত ইচ্ছা, আনাদে স্বভাবেবই পূৰ্বকৃত কৰ্মেৰ দারা আমাদেব স্বভাব যেরূপ গঠিত ও পরিবর্তিত হইযাছে, এই ইছো সেই স্বভাবের্ট সংশ এং: আমাদেব মটো এইকপে গঠিত সভাব ও ইচ্ছার হাবাই বর্তমানে আমবা কি কৰ্ম কৰিব তাই। নিৰ্দাবিত হয়। কেই কেই ৰ্ণিরাধাকেন বে পবে আমর। কি কৃষ্কিব তাহা আমাদেব পূর্বকৃত কর্মের দারা নিণীত হইলেও, আমরা দুর্বপ্রথমে যে কর্ম কবি তাহা সম্পূর্ণ স্বাধীন ভাবেই বাছিয়া লই এবং এই ভাগমিক কর্মে আশাদের স্বাধীনতা সাছে এবং জামাদের পর বৰ্ত্তী কৰ্মসমূহ এই প্ৰাথমিক কৰ্মের উপন্নই নিৰ্ভন করে, সেই ক্ষমত আমালের বারিখা কিছ, প্রকৃতিতে এমন প্রাথমিক ক (काथात्र आंद्रह गाँहात्र शूर्ट्स आत क्लान कर्षह नाहे ? आसीत्मते.

এমন বর্ত্তমান স্বভাব কোথায় আছে বাহা আমাদের অতীত খভাবাম্বায়ী কৃত কর্মের হারা সম্পূর্ণ ভাবে নির্ণীত হয় নাই ? প্রাথমিক স্বাধীন কর্ম্মের ধরিণা এইজক্তই আমাদের মনে উঠে বে আমরা আমাদের বর্ত্তমান হইতে ভবিষ্যতের দিকেই চাহিয়া ं । कि, ु ভবিষাৎকে नका कतिशारे অগ্রসর হই, কিন্তু আমাদের বর্ত্তমান হইতে পশ্চাতের দিকে, অতীতের দিকে সর্বাদা চাহিয়া **त्मिश ना, अरेषक वर्छमान अवः वर्छमात्मत्र পরিণামফলই আমা-**দের মনে বেশ স্পষ্টভাবে প্রতীয়মান হয়, কিন্তু আমাদের বর্ত্তমান যে সম্পূর্ণ ভাবে আমাদের অতীতেরই ফল সে সম্বন্ধে আমাদের ধারণা খুবই অসুপত্ত থাকে; এই অতীতকে আমরা দেখি যেন মরিয়া ভূত হইয়া গিয়াছে, একেবারে শেষ হইয়া গিয়াছে। আমরা কথা কই, কর্ম করি যেন প্রতি নৃতন মুহুর্তেই আমরা সম্পূর্ণ ভাবে মৃক্ত ও স্বাধীন, যাহা ইচ্ছা বলিতে পারি, বাহা ইচ্ছা করিতে পারি। ক্লিস্ক, বান্তবিক পক্ষে আমাদের এরপ কোন সম্পূর্ণ স্বাধীনতা নাই, আমরা কথন কি করিব না করিব তাহা বাঁছিয়া লইবার কোন অধিকার আমাদের নাই।

অবশ্য আমাদের মধ্যে যে ইচ্ছা ক্রিয়া করিতেছে, তাহাকে
সর্বদা করেকটি সম্ভব কর্মের মধ্যে কোন একটি কর্ম বাছিয়া
লইতে হয়, কারণ প্রকৃতি সর্বাদা এইয়পই করিতেছে; এমন
কি যথন আমরা নিশ্চেষ্ট, কোন কর্ম ইচ্ছা করি না, তথনও
আমাদের মধ্যে প্রকৃতির ইচ্ছাই এই নিশ্চেষ্টতা, নিক্রিয়তা
আছিয়া য়য়, প্রকৃতির ইচ্ছা অহুসারেই আমরা কর্ম হইতে বিরক্ত

হই: জড় পরমাণুর মধ্যেও একটা ইচ্ছা দকল সময়েই ক্রিয়া করিতেছে, বাছিয়া লইতেছে। প্রকৃতির ইচ্ছার সহিত আমরা আমাদের "অহং"কে কতটা জড়াই তাহা লইয়াই সমস্ত প্রভেদ; যথন আমরা নিজেদিগকে এইরপে জড়াই, তথন প্রকৃতির रेष्टारक आगता विल आगारित रेष्टा, विल एव रेरा क्यांशीन ইচ্ছা এবং আমরাই ইচ্ছা করি, কর্ম করি। তবে ইহা ভূল হউক আর না হউক, মিথ্যা হউক আর না হউক, আমরা যে ননে করি "আমাদের ইজ্ঞা", "আমাদের কর্মা", এইরূপ ধারণা একেবারে রুণা নম্ন, নিম্প্রয়োজনীয় নম্ন, প্রকৃতির প্রত্যেক জিনিষেরই সার্থকতা আছে, প্রয়োজনীয়তা আছে। এইরূপ ধারণার ফলে আমাদের ুমধ্যে প্রকৃতি ক্রমশঃ অন্তর্ম্বিত ওপ্ত পুরুষকে জানিতে পারে; এই জ্ঞান যত বর্দ্ধিত হয়, কর্ম্মেরও তত অধিক বিকাশ ও ক্ষুরণ হয় ; এই অহংভাব ও "আমার ইচ্ছা" ভাব সহায়ে প্রকৃতির উচ্চবিকাশ ুসম্ভব হয়, ইহার দ্বারা প্রকৃতি তামসিক স্বভাবের নিশ্চেইতা "ও আলস্থ হইতে রাজসিক স্বভাবের ভোগাকাজ্ঞা ও চেষ্টাতে উঠে এবং রাজসিক স্বভাবের তৃষ্ণা ও দদ্দ হইতে উঠিয়া সাত্ত্বিক স্বভাবের উচ্চতর আলোক, স্থাও পবিত্রতা লাভ করে। প্রাকৃত মহুষ্য যে আপেক্ষিক (relative) আত্মদন লাভ করে তাঁহা তাহার প্রকৃতির নিম্ন-ভাবের উপর উচ্চভাবের প্রাধান্ত ; এইরূপ প্রাধান্ত তথনই সম্ভব হয় যখন নীচের গুণকে জ্বয় করিতে উপরের গুণের বে চেষ্টা সেই চেষ্টাকে মাত্রৰ "আমার" চেষ্টা বলিয়া ধারণা করে, "অহং"

কে উপরের শুণের ক্রিয়ার সহিত এক করিয়া দেখে। স্বাধীন ইচ্ছার ধারণা ভ্রান্ত হউক আর না হউক, ইহা প্রকৃতির কার্ট্যের একটি আবশুকীর কৌশল, মায়্র্যের উন্নতি লাভের পথে ইহা প্ররোজনীয় এবং ষতক্ষণ দে, আরও উচ্চতর সত্যের ধারণা করিতে সক্ষম না হইতেছে ততক্ষণ তাহার এই স্বাধীনতার ধারণা নই হইলে তাহার সর্বনাশ হইবে। যদি বলা যায় যে প্রকৃতি মায়্র্যকে ঠকাইয়া নিজের কার্য্য সিদ্ধ করিয়া লয় এবং ব্যক্তিগত স্বাধীন ইচ্ছার ধারণাটা সর্ব্বাপেক্ষা বড় প্রতারণা তাহা হইলে ইহাও স্বাকার করিতেই হইবে যে এই প্রতারণাটা মায়্র্যেরই কল্যাণের জন্ম এবং ইহা ছাড়া তাহার ময়্ব্যুজের পূর্ণ বিকাশ ক্র্যুক্তর হইত লা।

কিন্তু এই স্থাধীন ইচ্ছার ধারণাটা সম্পূর্ণ ভ্রম নহে, কেবল ইহাকে ঠিক বেভাবে, বেখানে দেখিতে হইবে সেরূপ দেখা হর না এবং এইরূপ না দেখাটাই ভূল। "লহং" মনে করে যে সেই বৃথি প্রকৃত আত্মা, সেই বৈনু কর্দের প্রকৃত কেন্দ্র, সব বেন তাহারই জন্ত, এই ভাবে সে কর্ম করে এবং এইথানেই তাহার ভূল। সে যে মনে করে আমাদের মধ্যে, আমাদের প্রকৃতির কর্মেরই মধ্যে এমন এক বন্ধ রহিয়াছে বে প্রকৃতির কর্মের প্রকৃত কেন্দ্র এবং তাহার জন্তই সব কিছু—এরপ মনে করার মধ্যে কোন ভ্রম বা ভূল নাই; কিন্তু এই বস্তু "অহং" নহে, ইহা আমাদের হৃদিন্থিত গুপ্ত কম্মর, দিবা পুক্ষ এবং তাহার জংশ জীর, এই জীব আর "অহং" এক বন্ধ নহে। আমাদের মধ্যে

প্রকৃত এক আত্মা রহিয়াছেন, তিনি সকলের প্রভু, তাঁহারই জন্ম, তাঁহারই আদেশে প্রকৃতি সমূদ্য কর্ম করিতেছে, ইহা সত্য; এই সত্যেরই বিকৃত চূর্ণিত ছায়া আমাদের মনের উপরে পড়িয়া হয় আমাদের অহংয়ের অহমিকা। সেইরূপই অহংয়ের স্বাধীন ইচ্ছার ধারণাও আমাদের মধ্যে স্বাধীন আত্মার যে স্বাধীন ইচ্ছা সেই সত্যেরই বিকৃত ধারণা; প্রকৃতির যে ইচ্ছা তাহা আত্মার ইচ্ছারই আংশিক ও পরিবর্ত্তিত ছায়া,—আংশিক ও পরিবর্ত্তিত কারণ প্রকৃতির ইচ্ছা কালের পর্যায়ক্রম অভুসারে বিকশিত হয়, অনবরত পরিষর্তনের ভিতর দিয়া জিয়া ক্রে তাহাতে অতীতের পূর্ণ স্থতি নাই, ভবিষ্যতের ফলাফল ও লক্ষ্য সম্বন্ধে পূর্ণ জ্ঞান নাই। কিন্তু ভিতরের (আত্মার) যে ইচ্ছা তাহা কালপর্যারের অতীত এবং ভূত ভবিষ্যৎ অবগত ; ইহা বিজ্ঞানের পূর্ণ আলোকে বাহা ভবিষ্যন্ত্রষ্টি করে, তাহা কার্য্যে পরিণত করিবার চেষ্টাই আমাদের মধ্যে প্রকৃতির কর্ম, কিন্ত আনাদের অহকার ও অজ্ঞান এই ১চষ্টার বিষম বাধা স্বরূপ হয়।

কিন্তু, উন্নতির পথে অগ্রসর হইতে হইতে আমাদের এমন একনিন নিশ্চরই আসিবে বখন আমরা আমাদের সন্তার, প্রকৃত স্বরূপ দেখিতে সক্ষম হইব এবং তখন আমাদের অহংরের স্বাধীন ইচ্ছার ভ্রম নিশ্চরই দ্র হইরা যাইবে। অহংরের স্বাধীন ইচ্ছার ধারণা বর্জ্জিত হইলেই যে কর্ম বরু হইবে তাহা নহে, কারণ প্রকৃতিই কর্ত্তা এবং প্রকৃতির ক্রমিকবিকাশে, অহংভাবের উদ্ভব হইবার পূর্বের যেমন প্রকৃতি কর্ম করিত এইভাব পরিত্যক্ত হই-

বার পরও তাহার কর্ম চলিতে থাকিবে। বরং যে মামুষ এই অহকার বর্জন করিয়াছে, তাহার মধ্যে বৃহত্তর কর্মের বিকাশ করা প্রকৃতির পক্ষে সম্ভব হইতে পারে; কারণ তাহার মন স্মারও ভালরূপে বুঝিতে পারে যে পূর্বাকৃত স্বকর্মের ফলে তাহার প্রকৃতি বর্ত্তমানে কিরূপ অবস্থা প্রাপ্ত হইয়াছে, আরও ভালরূপে জানিতে পারে যে কি কি পারিপার্শ্বিক শক্তি তাহার প্রকৃতির উপর ক্রিয়া করিয়া তাহার বিকাশের বাধা বা সহায় হইতেছে. তাহার ভিতরে কত শক্তি ও মহত্ব বিকাশের অপেক্ষা করিতেছে সে সম্বন্ধেও খুব স্পষ্ট ধারণা করিতে পারে; এবং তাহার মধ্যে এই যে সকল বৃহত্তর সম্ভাবনার সন্ধান সে পায় সে সম্বন্ধে আত্মা **—পুরুষের অন্তমতি∗এইরূপ অহ**ক্ষারশৃক্ত মনের ভিতর দিয়া আরও সহজে আসিতে পারে এবং তাহাদের বিকাশ ও পূর্ণতা সাধনে এইরূপ মন প্রকৃতির হল্তে আ্রও অবাধ (বাধাশৃন্ত) যন্ত্র হইতে পারে। কিন্তু, এইরূপ স্বাধীন ইচ্ছারু ভাব বর্জন যেন কেবল নিয়তিবাদ (fatalism) না হয়; আমাদের মধ্যে যে প্রকৃত আত্মা বহিয়াছে বৃদ্ধি তাহার সন্ধীন পাইল না, ভাবিতে লাগিল ষে প্রাকৃতিক নিয়মের এশেই সব সংঘটিত হইতেছে, এরূপ হইলে চলিবে না; কারণ তাহা হইলে কেবলমাত্র অহংকেই আত্মা বলিয়া আমাদের ধারণা থাকিয়া যাইবে, এবং তথনও আমাদের অহংকে ধরিয়াই আমরা কর্ম করিব কারণ এই অহং প্রকৃতির একটি বন্ধু ডিয় আর কিছুই নহে, প্রকৃতি এই অহংকে এবং আমাদের ইচ্ছাকে যন্ত্র করিয়া আপনার কাজ করিয়া

মাইবে এবং এই নিয়তিবাদে আমাদের অবস্থার কোন উমতি হইবে না, কেবল আমাদের মানসিক ভাবের কিছু পরিবর্ত্তন হইবে মাত্র।

প্রকৃতি যে আমাদের অহঙ্ত সন্ত্রা ও কর্মকে নিরন্ধিত করে কেবল এই বাহ্নিক (Phenomenal) সত্যটুকু গ্রহণ করিব, আমাদের পরাধীনতাটুকুই উপলন্ধি করিব; কিছ আমাদের ভিতরে গুণ সকলের ক্রিয়ার উপরে যে অজ্ব আত্মারহিয়াছে তাহাকে দেখিতে পাইব না; আমাদের মৃক্তির পথ কোন দিকে তাহা দেখিতে পাইব না। প্রকৃতি এবং অহং লইয়াই আমাদের স্ব নহে; আমাদের মধ্যে রহিয়াছে স্বাধীন মৃক্ত আ্আা, "পুক্ষ"।

কিন্ত, পুরুষের এই স্বাধীনতা কিনে? প্রচলিত সাংখ্যদর্শনের পুরুষ তাহার সন্ধার স্কুরপে স্বাধীন, মৃক্ত, কিন্তু সে
নিক্রিয়, "অকর্তা" বলিয়াই সে মৃক্ত; সে প্রকৃতিকে তাহার
কর্মের ছায়া নিক্রিয় আত্মার উপর ফেলিতে দের বলিয়াই সে
বাহত: (Phenomenalty) উঁলের ছারা বন্ধ, এবং পুরুষের
মৃক্ত অবস্থা ফিরিয়া পাইতে হইলে প্রকৃতির সহিত তাহার সম্ম বিচ্ছিয় হওঁয়া ও প্রকৃতির কার্য্য বন্ধ হওয়া প্রয়োজন। তাহা
হইলে কোন মাহুষ যদি "আমি কর্তা", বা "আমার কর্ম" এরূপ
অহম্বার বর্জন করে, যদি গীতার উপদেশ মত নিজেকে অক্র্তা,
আত্মানম্ অক্রারম্ দেখে, সমন্ত কর্মী তাহার নহে, প্রকৃতির,
প্রকৃতির, গুলের খেলা—এই উপলব্ধিতে স্প্রতিষ্ঠিত হয়, তাহা

रहेरल পরিণাম কি একইরপ হইবে না ? সাংখ্যের পুরুষ কিছুই করে না কেবল নিজ্ঞিয়ভাবে অমুমতি দেয়, কর্ম সম্পূর্ণভাবে প্রকৃতির; স্বরূপত: দে সাক্ষী ও অনুমন্তা ও ভর্তা কিন্তু বিশ্ব নিয়ন্তা নহে, বিশ্বের চৈতন্তময় পরিচালক **ঈ**শ্বর নহে। কোন . এটা **যেরূপ কোন নাট**কাভিনয় দর্শন করে এবং তাহাতে সা**য়** দের কিন্তু অভিনয় কার্য্যে কোনরূপ যোগদান করে না. 'সাংব্যের পুরুষ সেইরূপ ড্রন্টা ও অনুমন্তা, ইহা সে আত্মা নয় ষে আত্ম। অভিনয়ের সমগ্র আয়োজন ও পরিচালনা নিজেই করে. নিজের সম্ভার ভিতরে অভিনয় সম্পাদন করে এবং নিজেই সেই অভিনয় দর্শন করে। অতএব সে (সাংখ্যের পুরুষ) যদি অমুমতি প্রত্যাহার করে, কর্ম করার যে ভ্রম হইতে সংসার খেলা চলিতেছে সেই মিথ্যা ভ্রমকে মানিয়া চলিতে অস্বীকৃত হয়, তথন সে আর প্রকৃতির খেলাকে ধরিয়াও থাকিতে পারে না এবং সে খেলা বন্ধ হইয়া যায়, কারণ দ্রষ্টা চেতন আত্মার পরিত্তির জন্তই প্রকৃতি খেলা করে এবং পুরুষ সমর্থন না क्तिल, भाष न मिल श्रक्तिरम (थना ठानाहेर्ड भारत ना। অতএব স্পষ্টই বুঝা যাইতেছে যে পুক্ষ ও প্রকৃতির সম্বন্ধ বিষয়ে সাংখ্য ও গীতার মত এক নহে, কারণ একই প্রক্রিয়ার ফল উভয় মতে বিভিন্ন, অহমার পরিত্যক্ত হইলে সাংখ্যের মতে কর্ম বন্ধ হইয়া যায়, গীতার মতে তথন কর্ম হয় মহান্, নিংসার্থ, নিষ্কাম, দিব্যক্ষী। সাংখ্যমতে আত্মা (পুরুষ) ও প্রকৃতি মুই বিভিন্ন বস্তু, গীতার মতে তাহারা একই স্বয়ন্তু বস্তর ছইটা দিক, ছইটা শক্তি; আত্মা কেবল অ্যুমতিদাতা নহেন, আত্মা প্রকৃতির ঈশ্বরও বটেন, ইনি প্রকৃতির ভিতর দিয়া দিব্য ইচ্ছা ও দিব্যজ্ঞান প্রকৃতি করেন। ইনি ওতপ্রোতভাবে সকল জিনিষকে ধরিয়া রাখেন, সকল জিনিষ তাঁহাতে অবস্থিত, তাঁহার স্কর্প স্থার ধর্মাত্মারে, সজ্ঞান ইচ্ছামুসারে পরিচালিত। অহং ও অহংরের ক্রিয়া হইতে সরিয়া আসিতে হইবে, এই আত্মাকে জানিবার জন্ত, আত্মার ডাকে সাড়া দিবার জন্ত, আত্মার দিব্য সক্ষাও স্বরূপের মধ্যে বাস করিবার জন্ত। তথনই মাত্ম গুণময়ী নীচের প্রকৃতি ছাড়াইয়া উপরের দিব্য প্রকৃতিতে উঠে।

নীচের প্রকৃতি হইতে উপরের প্রকৃতিতে উঠিবার প্রক্রিয়া প্রকৃতির সহিত আত্মার বিচিত্র সম্বন্ধের উপর নির্ভর করে; ইহার জন্ম গীতার প্রকৃষত্ররের তত্ত্ব প্ররোজনীর। যে আত্মা সাক্ষাৎ ভাবে প্রকৃতির কার্য্য, প্রকৃতির পরিবর্ত্তন, প্রকৃতির ক্রমবিকাশের লীলা পরিচালনা করিতেছে তাহাই ক্লর,—মনে হয় যে এই ক্লর্কুক্ষ প্রকৃতির পরিবর্ত্তনের সহিত্ত পরিবর্ত্তিত হইতেছে, প্রকৃতির গতিতে গতিশীল হইতেছে, ইহার নামরূপের যে পরিবর্ত্তন প্রকৃতির "কর্ম্বের" অবিশ্রাস্ত ক্রিয়ার দারা সংঘটিত হইতেছে, তাহা পুরুষের নিজের সন্থার পরিবর্ত্তন বলিয়াই মনে হয় শ এখানে প্রকৃতি ক্লর, কালপর্য্যায়ে নিত্য গতিশীলা, নিত্য বিকাশশীলা। কিন্তু, এই প্রকৃতি আত্মারই কার্য্যকরী শৃক্তি ভিন্ন আর কিছুই নহে; কারণ আত্মা স্বরূপে যাহা, সেই

অহসারেই প্রকৃতি লীলায় বিকশিত হইতে পারে, আত্মার বিকাশের সম্ভাবনা অমুসারেই প্রকৃতি কার্য্য করিতে পারে; **আত্মার সন্ধার বিকাশ**ই প্রকৃতি কর্ভৃক কার্য্যে পরিণত হয়। আত্মার "স্ব-ভাবের" (the own nature), দ্বারাই, আত্ম-বিকাশের ধর্মের ঘারাই প্রফৃতির "কর্ম" নির্দ্ধারিত হয়, যদিও মনে হয় বটে যে কর্মের দারাই স্বভাব নির্দ্ধারিত হইতেছে। আমাদের স্বরূপ অন্তুসারেই আমরা কর্ম করি, আবার আমাদের কর্মের ঘারাই আমাদের স্বরূপকে ফুটাইয়া তুলি, বিকশিত করি। প্রকৃতি হইতেছে কর্ম, পরিবর্ত্তন, বিকাশ এবং প্রকৃতি সেই শক্তি যাহার দ্বারা এই সকল সম্পাদিত হয়; কিন্তু যে চেতন সন্ধা হইতে এই শক্তি উদ্ভূত তাহাই আত্মা,—এই আত্মারই জ্যোতির্ময় চেতন সত্তা হইতে প্রকৃতি তাহার পরি**বর্ডন**শীল ইচ্ছা পাইয়ার্ছে, সেই ইচ্ছা প্রকৃতির কর্ম্মের ভিতর দিয়াই প্রকটিত ও বি্কশিত হইতেছে। আর এই আত্মা একও নটে, বছও বটে; ইহা সেই একমাত্র প্রাণবস্তু যাহা সমস্ত প্রাণের উপাদান, আবার ইহা সমস্ত প্রাণীও বটে; ইহা এক বিশ্ব-বস্তু বটে, আবার ইহা বিশ্বের সংখ্যাতীত সকল বস্তুও বটে সর্বভূতানি, কারণ এই সবই "এক"; বহু পুরুষ সকলেই তাহাদের মূল সত্তায় এক এবং একমাত্র পুরুষ। কিন্তু প্রকৃতির .আহং ভাব রূপ কৌশলের বশে মন আত্মাকে প্রকৃতির বিশেষ[্] श्राम कार्ता भीभावद्व औंश्मिक नीमात्र महिल এक वनिंद्या रमस्थ, প্রকৃতির পূর্বকৃত কর্মের ফলে বর্তমানে মৃহুর্ত্তে মৃহুর্তে যে পরি-

বর্ত্তিত অবস্থা হয় তাহাকেই আত্মার সমগ্র চ্ছেতন সন্থা বিশিয়া তাবে; এই অহন্ধার প্রকৃতিরই কার্য্যের একটা অংশ। মন বে এইরূপে প্রকৃতির লীলাকে থও থও করিয়া দেখে, এই ভাব অতিক্রম করিয়া সর্বভ্তের একত্ব একপ্রকারে উপলব্ধি করা যাইতে পারে, জানা যাইতে পারে যে এক বিশ্ব-আত্মাই বিশ্ব প্রকৃতির সমন্ত ক্রিয়ার ভিতর প্রকাশিত হইতেছে,—প্রকৃতি আত্মার প্রকাশ, আত্মা প্রকৃতির উপাদান। কিন্তু ইহা জানিলে ওধু বিরাট বিশ্বলীলাই জানা হয়,—এই লালা মিথা। নহে, ভ্রম নহে, কিন্তু কেবল এই লীলার জ্ঞান হইলেই আমাদের আত্মা স্কৃত্ব প্রকৃতি জানা হয় আমাদের প্রকৃত জ্ঞান হয় না; কারণ আমাদের প্রকৃত আত্মা স্কৃত্ব সময়েই এই বিশ্বলীলা অপেক্ষা আরও কিছু, এই লীলার উপরে আরও কিছু।

কারণ, যে আত্মা প্রকৃতিতে প্রকাশিত নিত্য পরিবর্ত্তনশীল প্রকৃতির লীলার বদ্ধ তাহার উপরে পুরুষের আর এক অবস্থা আছে, তাহা শুধুই একটা অবস্থা বা পদ (a status), তাহা একেবারেই কোন ক্রিয়া বা লীলা নহে; তাহা হইতেছে শান্ত, অবিকার্য্য, সর্বব্যাপী, স্বপ্রতিষ্ঠ, গতিহীন আত্মা, সর্বর্গতম্ অচলম্ তাহা অবিকার্য্য সন্থা কিন্তু বিকাশ বা লীলা নহে, তাহাই "অক্ষর" পূরুষ। ক্ষর অবস্থার আত্মা প্রকৃতির লীলার মধ্যে নামিরাছে, অতএব এখানে যেন আ্ত্মা কালের স্রোতে, লীলার তরকে নিজেকে হারাইয়া ফেলিরাছে, কিন্তু বাস্তবিক পক্ষে ইহা সত্য নহে, এইরুপ দেখার মাত্র। অক্ষর অবস্থার প্রকৃতি শান্ত-

ভাব ধারণ করিয়া আত্মায় অবস্থান করে, অতএব আত্মা নিজের অবিকার্য্য সন্ত্রা অবগত হয়। সাংখ্যের পুক্ষ যথন প্রকৃতির বৈচিত্র্যময় ত্রিগুণের খেলা নিজের মধ্যে প্রতিফলিত করিতেছে এবং নিজেকে সগুণ বলিয়া জানিতেছে, তথনই ক্ষর অবস্থা; আর এই সকল গুণ বণন সাম্যাবস্থায় পতিত হইয়াছে এবং পুরুষ নিজেকে নিগুণ বলিয়া বুঝিতেছে সাংখ্যের পুরুষের সেই অবহাই অক্ষর অবহা। অতএব, ক্ষর পুরুষ নিজেকে প্রকৃতির গুণের কর্মের সহিত যুক্ত করান, কর্মকর্তারপে প্রতিভাত হয়, কিন্তু অঙ্গর পুরুষ গুণ সকলের সমস্ত ক্রিরা হইতে বিযুক্ত হওয়ায় নিশ্চেষ্ট অকন্তা হয়, সাক্ষী হয়। সাস্ত্রের আত্মা যথন ক্ষরের ভাব গ্রহণ করে তখন দে নামরূপের খেলার সহিত নিজেকে এক করিয়া দেখে এবং সহজেই প্রকৃতির অহংভাবের দারা নিজেঁর আত্মজানকে তমদাবৃত্ করে, অতএব সে নিজের অহংকেই কর্ম সকল্পের কর্তা বলিয়া মনে করে; আর যথন ইহা অক্ষর ভাবে অবস্থিত হয়, তখন সে নিজেকে নামরূপের অতীত সংবস্তুর সহিত এক বলিয়া দেখিতে পায় এবং জানিতে পারে যে প্রকৃতিই সকল কর্ম করিতেছে, সে নিজে নিক্রিয় সাক্ষী আাত্মা, অকর্তারম্। মাহুষের মনকে এই অবস্থা দয়ের মধ্যে একটির দিকে ঝুঁকিতে হয়, ক্ষরভাব অথবা অক্ষরভাব গ্রহণ করিতে হয়; মাত্রষ প্রকৃতির দারা ত্রিগুণের থেলায়, নামরূপের খেলায় বদ্ধ থাকে অথবা নামরপের অতীত নিগুণ অক্ষর অবস্থার প্রকৃতির খেলা হইতে মুক্ত থাকে।

কিন্তু, আত্মার অক্ষর ভাব ও স্থিতি এবং প্রাত্মার ক্ষরভাব ও প্রাক্ষতিক লীলা—এই চুইই বাস্তবিক পক্ষে যুগপৎ রহিয়াছে। এই চুই বিরোধী জিনিষ একই সময়েই থাকিতে পারে, কারণ তাহারা একই পরম সন্তার মধ্যে চুইটি বিভিন্ন ভাব মাত্র, সেই সন্তা এতহভ্যেব কোনটির হারা সীমাবদ্ধ নহে। আত্মার এইরূপ শ্রেষ্ঠ দর্বোচ্চ এক সন্তা যদি না থাকিত তাহা হইলে ক্ষর ও অক্ষরের ব্যাখ্যা করিতে মায়াবাদ বা হৈতবাদের আশ্রম গ্রহণ করিতে হইত। আমরা দেখিয়াছি যে গীতার পুরুষোন্তমই * এই পরম সন্তা। সেই পরমাত্মাই ঈশ্বর, ভগবান (God), সর্ব্ব-ভূত-মহেশ্বর। বিশ্বপ্রকৃতির নধ্যে পুরুষোন্তমের প্রকাশ হয় ক্ষরপুরুষকে ধরিয়া এবং সেই বিশ্বপ্রকৃতির, ধারা হইতেছে চুই রকম পরা ও অপরা। জীব হইতেছে ভগবানের অংশ, ব্যষ্টির ব্যক্তিরের মধ্যে ভগবানের বিশেষ রূপায়ন। জীবের যে ত্রন্থা

^{*} পুরুষোত্তম কর ও অক্ষর চুইয়েরই উপরে, এই ছুইটকেই লইরা।
প্রুষ্বার্তমের ভিতরের দিকে প্রতিষ্ঠা রূপে রহিয়াছে যে অবল শান্তি, যে অনন্ত
একা, যে অনুবিকল সামা তাহাই অক্ষর পুন্য আর প্রকাশের জক্ত, লীলার জক্ত
যথন প্রকৃতিকে ধরিয়া নামিয়া আসিয়াছেন, বাহিরে চলিয়াছেন তংল প্রকৃতির
মধ্যে তিনি গ্রহণ করিয়াছেন কররপ। এই যে তিনটি পুরুষ ইহারা একই সত্তের
তিনটি রূপমাত্র, তিনটি অবছায়। জীবের মধ্যে ইহারা যুগপৎ রহিয়াছে। তবে
জীব যতক্প মান্স্সবার মধ্যে আবদ্ধ ততক্ষণ সে উহাদের পরক্ষরের যে একা
ভাহা ধরিতে পারে না। বিহার বৃদ্ধি দিয়া দেখিতে গেলে আলাদা আলাদা
করিয়া দেখিতে হয়। মনের উপরে উঠিতে পারিলে তবে উহাদের সম্বন্ধে সমাক্ষ
ধারণা সন্ধর।—অমুবাদক।

ভাহা ভগবানের পরা প্রকৃতির মধ্যে, অপরা প্রকৃতিকে লইয়া জীবের অজ্ঞানের খেলা। অহন্ধারমূলক নীচের প্রকৃতিতে গুণ সকল পরস্পরের উপর ক্রিয়া করে, গুণাগুণেযু বর্তন্তে; ইহাই ত্রৈগুণ্যমন্ত্রী মারা, মাহুষের পক্ষে এই মারা অতিক্রম করা বড়ই কঠিন ব্যাপার, হুরত্যনা,—তবে গুণ সকলের অতীত হইতে পারিলে, এই মায়াকে অতিক্রম করা যায়। কারণ, যদিও ঈশ্বর ক্ষররূপে তাঁহার প্রকৃতি-শক্তির ছারা এই দব লীলা করেন. তথাপি অক্ষররূপে তিনি অস্পৃষ্ট, উদাসীন, সব সমভাবে দেখেন, সকলের মধ্যেই ব্যাপ্ত, কিন্তু সকলেরই উপরে। তিন অবস্থাতেই তিনি ঈশ্বর, – সর্ব্বোচ্চ অবস্থায় তিনি পরমেশ্বর, অক্ষর অবস্থায় তিনি সর্বব্যাপী, নিঞ্জুণ, প্রভুও বিভূ এবং ক্ষর অবস্থায় তিনি সর্ব্বত্র ওতপ্রোত ইচ্ছা এবং সর্ব্বত্র বর্ত্তমান সক্রিয় সগুণ ঈশ্বর। যখন তিনি নামরূপের খেলা খেলিতেছেন, তখনও তিনি নাম-ক্সপের অতীত["]সন্থায় মুক্ত ; তিনি কেবল নিগু^{ৰ্}ণও নহেন, কেবল সঞ্জণত নহেন; তিনি উপনিষদের ভাষায় নির্গুণো-গুণী। কথন কি সংঘটিত হইবে সে সব পূর্ব হইতেই তিনি ইচ্ছা করিয়া রাথিয়াছেন, (যেনন তিনি তখনও জীবিত ধার্ত্তরাষ্ট্রগণ সম্বন্ধে অর্জুনকে বলিরাছিলেন, মরৈবৈতে নিহতাঃ পূর্বমেব, "আমি ইহাদিগকে ইতিপূর্ব্বেই মারিয়া রাথিয়াছি"।),--প্রকৃতি কেবল তাঁহার ইচ্ছার ফলেই সে সব কার্য্যে পরিণত করিতে পারে; তথাপি ভিতরের দিকে অচল, শাস্ত্র, অক্ষরর্মপে প্রতিষ্ঠিত থাকার তিনি তাঁহার কর্মের ধারা বদ হন না, কর্তারম্ অকর্তারম্।

कीर प्रकान परकारतत्र राम श्राहित कार्या पु नीमारकरे নিজের সর্বস্থ বলিয়া মনে করে, এ সব যে তাহার আত্মার শক্তি মাত্র, আত্মা হইতেই উভুত একথা ব্ঝিতে পারে না। সে ভাবে যে সে এবং তাহারই স্থায় অন্থান্ত সকলে এই সমস্ত করিতেছে, সে দেখে না যে প্রকৃতিই সমস্ত করিতেছে, দেখেনা বে অহঙ্কার ও আসক্তির বশে সে প্রকৃতির কার্য্যকে ভূল করিয়া, বিক্লত করিয়া দেখিতেছে। সে গুণত্রয়ের দাস হইরা কথনও তমোগুণের অন্ধকারময় আবরণে বন্ধ হইয়া পড়িতেছে, কখনও রজোগুণের প্রবল বাত্যায় ইতন্ততঃ বিক্ষিপ্ত হইতেছে, ক্রমন্ত্র সত্বগুণের থণ্ড আলোকে অম্পষ্টভাবে দেখিতেছে, বাস্তবিক পক্ষে কেবল প্রাক্বত্-মনই গুণত্তয়ের বশ, সেই মন হইতে নিজেকে পৃথক বলিয়া বৃঝিতে পারিতেছে না। সেইজন্ত সে স্থুও ও হুঃখ, হর্ষ ও শোক, বাসনা ও বিক্ষোভ, ুআসক্তি ও ছুণা এই সকলের দারা অভিভূত হইয়া পড়িতেছে ; তাহাঁর কোনরূপ স্বাধীনতা নাই সে মুক্ত নহে।

খাধীন মুক্তি লাভ করিতে হইলে তাহাকে প্রকৃতির কার্য্য হইতে সরিয়া অকরের অবস্থায় ফিরিয়া বাইতেই হইবে; তথন সে হইবে, ত্রিগুণাতীত। নিজেকে অকর ব্রহ্ম, পরিবর্ত্তনহীন পুরুষ জানিয়া, সে বুঝিবে যে সে সেই অক্ষর, নামরূপের অতীত সন্ধা, আত্মা, বিনি নিশ্চিস্কভাবে লীলা দর্শন করিতেছেন, নির-পেক্ষভাবে সমর্থন করিতেছেন, কিন্তু নিজে শাস্ত, উদাসীন, অস্ট্র, অচল, শুদ্ধ, তিনি সর্বভৃতের আত্মার স্কৃতিত এক, কিন্তু প্রকৃতি ও প্রকৃতির কার্য্যাবলীব সহিত এক নহেন। এই আত্মা, যদিও সর্ব্বে কার্য্যাবলীব সহিত এক নহেন। এই আত্মা, যদিও স্বব্বিয়ান থাকিয়া প্রকৃতিকে কার্য্য করিতে অবিকার দিতেছেন, যদিও তাঁহার সর্ব্বব্যাপী সন্তাব হাবা প্রকৃতির কার্য্য সমর্থন করিতেছেন, অহুমতি দিতেছেন, "প্রভূ" "বিভূ", তথাপি তিনি নিজে কর্ম্ম স্থাই ক্বেন না, কর্ত্ব্যের ভাবও স্থাই ক্বেন না, কর্ত্ব্যের ভাবও স্থাই ক্বেন না, কর্ম্বের সহিত কলেব সংযোগও স্থাই ক্বেন না।

ন কর্ত্ত্বং ৰ কঁশাণি লোকস্থ সঞ্জতি প্রভূঃ। ম কর্মীফলসংযোগং স্বভাবস্ত প্রবর্ত্ততে॥ ৫।১৪,

ক্ষর প্রথম সভাব কেমন কবিষা এই সকল সম্পাদন কবি তেছে, সভাবজ্ব প্রথমেততে, এই অসব আত্মা তাহা কেবল সাম্পী-ভাবে নিধীক্ষা কবেন, এই আ্যা প্রকৃতিব থেলায়ু মন্ত্র কোন ব্যক্তির পাপও গ্রহণ কবেন না, পূণ্যও গ্রহণ কবেন না, তিনি সকল অবহাতেই নিজেব আব্যাত্মিক শুদ্ধতা বস্ধা কবেন, নাদত্তে কন্সচিৎ পাপং ন চৈব সকত বিভূষ। অজ্ঞানবিমৃত অহণ বা "আমি"ই এই সমন্ত পাপ পূণ্য নিজেব ক্ষমে চাপাইয়া লম, বাবণ ইহা নিজেকে কন্তা মনে কবিয়া কৃত্ত্বেব দারিজ গ্রহণ কবে, এবং বাস্তবিক পক্ষে ইহাঁবে এক মহন্তর শক্তিব যন্ত্রমাত্ম তাহা ভূলিকা নিজেই কৃত্য সমস্তে, অজ্ঞাননাত্ত জানম্পতেন মৃহত্তি ক্ষা নিজেই কৃত্য সমস্তে, অজ্ঞাননাত্ত জানম্পতেন মৃহত্তি আ্তান বাভি ক্ষর গ্রহা হিৰিয়া গিয়া আ্যা উচ্চত্র আ্তান্ম বাভি ক্ষর গ্রহা বাহা ক্ষা ক্ষিত্র গ্রেমির বিষন হইতে মৃক্ত হয়, প্রকৃতির গ্রেমের বাবা আর সংস্কৃতির গ্রেমের বাক্ত নতা, প্রকৃতির প্রাণ্য বাবা আর সংস্কৃতির গ্রেমের বাক্ত নতা,

মন, দেহ, প্রাণ তখনও থাকে, প্রকৃতি তখনও কার্য্য করে; কিছ ভিতরের আত্মা আর নিজেকে ইহাদের সহিত এক বলিরা দেখেন না, প্রাকৃত সন্ধার গুণত্ররের খেলা চলিলেও তিনি হর্ষ বা শোক করেন না। তিনি হন সকল ব্যাপারের সাক্ষী, শাস্ত, মুক্ত, অকর আত্মা।

এইটিই কি শেষ অবস্থা, চূড়াস্ত সম্ভাবনা, শ্রেষ্ঠ রহস্তা? তাহা হইতেই পারে না, কারণ ইহা একটা মিশ্রিত বা দিখণ্ডিভ অবস্থা, পরস্কু সম্পূর্ণ সামঞ্জন্তের অবস্থা নহে, ইহা দ্বিত্বের অবস্থা, একত্বের অবস্থা নহে-এখানে আত্মার স্বাধীনতা আছে. কিন্তু প্রকৃতি তাহার পূর্ণ স্বরূপ লাভ করিতে পারে নাই। ইহা কেবল একটি মধ্যবন্তী স্তর হইতে পারে। তাহা হইলে ইহার উপরে আর কি আছে? এক উত্তর হইতেছে সন্মাসীর. তিনি অমিশ্র, অথও মুক্তিকে পাইবার নিমিত্ত প্রকৃতিকে বর্জন করেন. কর্মকে একেবারে বর্জন করেন. অন্ততঃপক্ষে যতটা পারা যায় সমস্ত কর্ম পরিত্যাগ করেন; কিন্তু, গীতা ইদিও এরপ মীমাংসা স্বীকার করিয়াছে, তথাপি এ মীমাংসা গীতার মনোনীত গীতাও সমস্ত কর্ম ত্যাগ করিতে বলিয়াছে. সর্বাকশানি সমস্ত. কিন্তু তাহা ভিতরের ত্যাগ, ব্রন্ধে সমর্পণ। ক্ষর্রপে ব্রহ্ম প্রকৃতির কর্ম সম্পূর্ণভাবে সমর্থন করেন, অক্ষর রূপে ব্রহ্ম সমর্থন করিলেও, নিজেকে প্রকৃতির কর্ম হইতে বিযুক্ত রাখেন, নিজের মুক্তভাব বজার রাখেন; অক্ষর ব্রক্ষের সহিত যে জীবাত্মা যুক্ত হইয়াছে সে মুক্ত ও প্রকৃতি হইতে বিযুক্ত, তথাপি কর

ব্রন্ধের সহিত যুক্ত হইলে সে প্রকৃতির কর্ম সমর্থন করে কিছ নিজে আর বন্ধ হয় না। ইহা জীবাত্মার পক্ষে তথনই বেশ সম্ভব হয় যখন সে দেখিতে পায় যে এই ডুইই—ক্ষর ও অক্ষর, একই পুরুষোত্তমের^{*} তুইটিরপ। সর্বভূতের হৃদয়ে গুণ্ড **ঈশ্ব**র ক্সপে অধিষ্ঠিত পুরুষোত্তম প্রকৃতিকে পরিচালিত করেন এবং তাঁহার ইচ্ছার বশে প্রকৃতি স্বভাবের দারা সমস্ত কর্ম সম্পাদন করে, জীবের অহঙ্কার আর ভগবানের ইচ্ছাকে বিকৃত করে না : জীবাত্ম। দিব্যভাবপ্রাপ্ত প্রাকৃত সম্ভাকে ভগবানের ইচ্ছার ষন্ত্র, নিমিত্ত-মাত্রম্, করিয়া দের। কর্মের মধ্যেও সে থাকে গুণত্ররের অতীত, ত্রিগুণাতীত, গুণত্রর হইতে মুক্ত, নিস্তৈগুণ্য:, এখন সে গীতার সেই গোড়াকার আদেশ পূর্ণ করে. নিস্তৈগুণ্যো ভবার্জ্জন। বস্তুতঃ এখনও সে, গুণ সকলের ভোক্তা, ব্রহ্ম যেমন ভোক্তা, কিন্তু সে আর তাহাদের দারা বদ্ধ হয় না, 'নিগুণং গুণভোক্ত চ' সে আসক্ত হয় না কিন্তু সমস্ত সমর্থন করে, অসক্তম্ সর্ব্বভং ব কিন্তু তাহার মধ্যে গুণ সকলের ক্রিয়া সম্পূর্ণভাবে রূপাস্তরিত হইয়া যায়; সে তাহাদের অহস্কৃত স্বভাব ও প্রতি-ক্রিয়ার উপরে উঠে। কারণ তখন সে তাহার সমগ্রসভা পুরু-ষোত্তমে যুক্ত করিয়াছে, দিব্য সন্তা ও দিব্যভাব, "মন্তাব", প্রাপ্ত হইয়াছে. এমন কি তাহার মন ও প্রাক্ত চেতনাকে ভগবানের সহিত যুক্ত করিরাছে, 'মন্মনা" 'মচ্চিত্ত" হইরাছে। এই রূপান্তরই প্রকৃতির চূড়ান্ত অভিব্যক্তি এবং পূর্ণ দেবজন্ম, রহস্তম্ উত্তমদ্। ধ্বন ইহা সম্পূর্ণ হয় তখন আত্মা নিজেকে নিজের

প্রকৃতির অধীশ্বর বলিয়া বুঝিতে পারে এবং নিজে দিব্যজ্যোতির জ্যোতি ও দিব্য ইচ্ছার ইচ্ছা হইয়া নিজের প্রাকৃত কার্য্যাবলীকে দিব্য কর্মে পরিণত করিতে পারে।

ত্রয়োবিংশ অধ্যায়

নির্বাণ ও সংসারের কাজ

পূর্ণবোগের দারা পুরুষোত্তমের সহিত জীবাত্মার মিলনই গীতার সম্পূর্ণ শিক্ষা, শুধু জ্ঞানের পথে কেবল **অক্ষর ব্রন্ধের** সহিত মিলনের যে সঙ্কীর্ণতর মত তাহা গীতার শিক্ষা নহে। এইজন্মই গীতা প্রথমে জ্ঞান ও কর্ম্মের সামঞ্জন্ম করিয়া পরে দেথাইতে পারিয়াছে যে জ্ঞান ও কর্ম উভয়ের সহিত সমন্বিত প্রেম ও ভক্তিই উত্তম রহস্তে পৌছিবার পথে চরম অবস্থা। ইহা কখনই সম্ভব হইত না যদি অক্ষর ব্রন্ধের সহিত মিল্নই এক্ষাত্র রহস্ত বা দর্কোত্তম রহস্ত হইত; কারণ তাহা হইলে একটা বিশেষ অবস্থায় যেমন আমাদের কর্মের ভিতরের ভিত্তি ধ্বংস ও নুপ্ত হইয়া যাইত, ঠিক তেমনিই ভক্তি ও প্রেমেরও ভিতরের ভিত্তি ধ্বংস ও পুপ্ত হইয়া যাইত। কেবল অক্ষর ব্রহ্মের সহিত সম্পূর্ণ অনক্ত মিলনের অর্থ হইতেছে ক্ষর ভাবের সম্পূর্ণ বিলোপ সাধন.—শুধু ইহার সাধারণ ও নীচের খেলা নহে, ইহার মূলই নষ্ট হইয়া যায়, ইহার অন্তিত্ব অসম্ভব হয়, শুধু অনিছার খেলা নহে. বিভার খেলা, জানের খেলাও বন্ধ হইয়া যায়।

মামুষের ভাব লইয়া কর্ম এবং দিব্য ভাব লইয়া যে কর্ম-

এই ছইরের প্রভেদ ল্প্ত হওয়ায়, ক্ষরের থেলা হয় কেবল অজ্ঞানের থেলা, মায়ার থেলা তাহার কোন দিব্য সত্য ভিত্তি থাকে না। অক্সদিকে, যোগের ছারা পুরুষোত্তমের সহিত্ত মিলনের অর্থ হইতেছে আমাদের মূল সন্তায় তাঁহার সহিত একত্ব দর্শন ও উপভোগ কিন্তু আমাদের সক্রিয় প্রকৃতিতে তাঁহার সহিত কিছু প্রভেদ, বিশেষ। আমাদের এই সক্রিয় সন্তাতে তথনও দিব্য কর্মের থেলা চলিতে থাকে, সে সক্র কর্মা তথন দিব্য প্রেমের ছারা প্ররোচিত এবং পূর্ণ দিব্যভাব-প্রাপ্তা প্রকৃতির ছারা অক্সচিত হয়; ভগবান আত্মার মধ্যে রহিয়াছেন, আবার ভগবান জগতের মধ্যেও রহিয়াছেন, এই ছই উপলব্ধির সামঞ্জন্ম হইতেই মূক্ত মানবের পক্ষে কর্মা ও ভক্তি সম্ভব হয়, আর শুধু সম্ভব নহে, তাহার পূর্ণ সিদ্ধির অবস্থায় উহা অবশ্রুভাবী হয়।

কিন্তু, অক্ষর ভাবের দৃঢ় অন্তর্ভতির ভিতর দিয়াই পুরুষো-ন্তমের সহিত মিলনের সোজা পথ, গীতা বলিয়াছে বে প্রথমেই ইহা আবশুক, এই অন্তর্ভুতি দৃঢ় হইলে তবে তাহার পর কর্ম ও ভক্তি দিব্য ভাব পাইতে পারে; অক্ষর ভাবের অন্তর্ভুতির উপর গীতা এত জোর দিয়াছে বলিয়াই আমরা ভুল করিয়া বিসি। কারণ, যে সকল লোকে গীতা এই প্রাথমিক আবশুকতার উপর খ্ব বেশী জোর দিয়াছে, কেবল সেই গুলিই যদি আমরা গ্রহণ করি কিন্ত যে পরস্পুরাগত সমগ্র চিন্তার ধরিয়ার তাহাদের স্থান ভাহা লক্ষ্য করিতে অমনোযোগী হই তাহা হইলে সহজেই আমরা হয়ত ধারণা করিয়া বসিব যে গীতা বাস্তবিক পক্ষে এই
শিক্ষা দিতেছে যে, নিজ্ঞিয় অবস্থায় মিশাইয়া যাওয়াই আত্মার
চরম অবস্থা এবং অচল অক্ষর ব্রক্ষের মধ্যে নিথর শান্তিলাভ
করার সাধনায় কেবল প্রথমাবস্থায় কর্ম একটা উপায় মাত্র।
পঞ্চম অধ্যায়ের শেষে এবং সমগ্র ষষ্ঠ অধ্যায়ে গীতা এই দিকে
যে জাের দিয়াছে তাহাই সর্ব্বাপেক্ষা প্রবল ও ব্যাপক।
সেখানে আমরা যে যােগের বর্ণনা দেখিতে পাই তাহার সহিত
কোন প্রকারের কর্ম খাপ খায় বলিয়া প্রথমে মনে হয় না এবং
সেখানে দেখিতে পাই যে যােগী যে অবস্থা লাভ করেন
তাহাকে "নির্ব্বাণ" শব্দের ছারা পুনঃপুনঃ অভিহিত করা
হইয়াছে।

এই ষোগলন্ধ অবস্থার লক্ষণ হইতেছে শান্তিম নির্ব্বাণপরমাং,—"শান্ত, আত্ম নির্ব্বাণের পরম শান্তি"; গীতা ষে
এখানে বৌদ্ধদের নির্ব্বাণ অর্থাৎ সম্পূর্ণভাবে আত্মনাশের
আনন্দের কথা বলিতেছে না কিন্তু বৈদান্তিক নতামুসারে
পূর্ণব্রন্ধের মধ্যে অংশের লয়ের কথা বলিতেছে, যেন তাহা ম্পন্ত করিবার জন্মই গীতা "ব্রন্ধনির্বাণঃ", বন্ধে লয়, কথাটি পুনঃপুনঃ প্রাইতেছে সে বিষয়ে কোন সন্দেহ নাই, অন্তঃপক্ষে এই ব্যাইতেছে সে বিষয়ে কোন সন্দেহ নাই, অন্তঃপক্ষে এই ব্রন্ধ বলিতে প্রধানতঃ সেই কালাতীত আত্মাকে ব্রাইতেছে বিনি প্রকৃতির বাফ্লীগার মগ্র নহেন, বন্ধিও তিনি সর্ব্বাত্ত

দেখিতে হইবে ষে এখানে গীতার কথার প্রকৃত মর্ম কি. আর বিশেষ করিয়া দেখিতে ২ইবে এই যে শান্তির কথা বলা হইয়াছে ইহা কি সম্পূর্ণ কর্মশৃক্ততা ও লয়ের শান্তি, অক্ষরে আত্ম-নির্বাণ বলিতে কি ব্ঝিতে হইবে যে করের সমস্ত জ্ঞান ও চৈতক্ত मुख रहेरव, कत व्यवस्थात ममस्य कर्म, ममस्य नीना वक रहेशा ষাইবে ? বান্তবিক, নির্কাণের সহিত সংসারে কোনরূপ অন্তিত্ব বা কর্ম্ম যে থাগ থায় না এইরূপ ধারণা আমাদের অভ্যস্ত হইরা পড়িরাছে এবং আমরা তর্ক করিয়া বেশই বলিতে পারি বে "নিৰ্কাণ" শব্দের ব্যবহারই এ বিষয়ে যথেষ্ট প্রমাণ এবং এই প্রশের চূড়ান্ত মীমাংসা। কিন্তু, আমরা যদি বৌদ্ধতই ভাল করিয়া অনুধাবন করিয়া দেখি তাহা হইলে নির্কাণের সহিত কোনরূপ সংসারের কাজ থাপ থায় না এই মতটা বৌদ্ধদেরই মত কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ হইবে; আর গীতার শিক্ষা যদি আমরা ভাল করিয়া অন্থাবন করি—তাহা হইলে আমরা দেখিব যে এরপ মত এই মহতী বৈদান্তিক শিক্ষার **অ**ঞ্চ নহে!

যিনি এক্ষকে জানিয়াছেন, একটেততে উঠিয়াছেন, একাবিদ্ এক্ষণিছিতঃ, তাঁহার পুর্ণ সমতার কথা বলিয়া গীতা এক্ষযোগ ও এক্ষ-নির্বাণ বলিতে কি বুঝে পরবর্তী নয়টি ক্লোকে তাহা পরিস্ফুট করিয়াছে। প্রথমেই বলিয়াছে,—

> বাহ্যস্পর্শেষসক্তাত্মা বিন্দত্যাত্মনি বৎসুধন্। স ব্রহ্মবোগযুক্তাত্মাসুথমক্ষয়মগ্রতে॥ ৫।২১

"আত্মার থেন আর বাহ্যবস্তর স্পর্ণে আসক্ত নহে, তথনই আত্মার যে স্থ রহিয়াছে তাহা লাভ করা বায়; এরূপ ব্যক্তি অক্ষর স্থ ভোগ করেন, কারণ তাঁহার আত্মা ব্রহ্মযোগের হারা মুক্ত।" অনাসক্তি চাই-ই, নতুবা, গীতা বলিয়াছে যে কাম, ক্রোধ ও চিত্তবিক্ষোভের আক্রমণ হইতে মুক্তিলাভ সম্ভব নহে, আর এরূপ মৃক্তি ব্যতীত প্রকৃত স্থও সম্ভব নহে। এই স্থ্থ এবং এই সমতা মাহ্যবকে এই দেহেই সম্পূর্ণ ভাবে পাইতে হইবে,—হ:থময় নীচের প্রকৃতির বশ্বতার ছায়ামাত্র রহিবে না,—শ্রীর ত্যাগ করিলে তবেই পূর্ণ মৃক্তি পাওয়া বায় এই ভ্ল ধারণা একেবারে বর্জন করিতে হইবে; আত্মার পূর্ণ মৃক্তি এই জগতেই অর্জন করিতে হইবে, এই জীবনেই, প্রাক্ শরীর-বিমোক্ষণাৎ, ঐ মৃক্তি উপভোগ করিতে হইবে। তাহার পর গীতা বলিতেছে,—

যোহস্তঃস্থোহস্তরারামস্তথাস্তর্জ্যোতিরের য:। স যোগী ব্রহ্মনির্বাণং ব্রহ্মভূতোহধিগচ্ছতি॥ ৫।২৪

—"বাঁহার অন্তরেই সুথ, অন্তরেই আরাম ও শান্তি এবং অন্তরেই আলোক, এরপ বোগী ব্রহ্ম হন এবং ব্রহ্মে নির্বাণ প্রাপ্ত হন।" এখানে নির্বাণ শব্দের অতি স্পষ্ট অর্থ হইতেছে উচ্চতর অন্তরাত্মাতে নাচের অহংরের বা "আমি"র লয়,—এই আত্মা দেশকালের অতীত, কার্য্য কারণ শৃষ্খলার উহা বন্ধ নহে, জগতের নিত্য পরিবর্ত্তনশীল লীলায় উহা বন্ধ নহে, উহা আত্মানন্দে ও আত্মজ্যোতিতে পূর্ণ এবং নিত্য শান্তিতে

প্রতিষ্ঠিত। যোগী তথন আর "অহং" নহেন, তিনি আর তথন দেহ ও মনের মধ্যে আবদ্ধ ক্ষুদ্র প্রুষটি থাকেন না; তিনি ব্রহ্ম হন; সনাতন আত্মার যে অক্ষর দেবত্ব তাঁহার প্রাকৃত সম্ভায় ওতপ্রোত, তাহার সহিত তিনি চেতনায় যুক্ত হন।

কিন্তু, ইহা কি সকল বিশ্ব-চৈত্ত হইতে দ্রে. সমাধিরপ কোন গভীর নিদ্রা অথবা ইহা কি এমন কোন নিগুণ বন্ধে প্রাকৃত জীবন ও ব্যক্তিগত সন্থার সম্পূর্ণ লয়ের প্রাথমিক প্রক্রিয়া দে বন্ধ চিরকালের নিমিত্ত প্রকৃতি ও প্রকৃতির কার্য্যের সম্পূর্ণ অতীত? এইরপে সংসারের চৈত্ত্ত হইতে সরিয়া আসা কি নির্কাণের জন্ম একান্ত প্রয়োজন, অথবা সংসারে চৈত্ত্ত, ও নির্কাণ একই সঙ্গে থাকিতে পারে, এমন কি সংসারের চৈত্ত্ত্ত নির্কাণেরই এক প্রকার অঙ্গ হইতে পারে? গীতার প্র্কাপর কথা অন্থবাবন করিলে শেষের অর্থটিই ঠিক বলিয়া মনে হয়। পরের শ্লোকেই গীতা বলিতেছে,—

লভন্তে ব্ৰহ্মনিৰ্বামৃষয়ঃ ক্ষীণকল্মবাঃ। ছিন্নদৈধা যতাত্মানঃ সৰ্বভিতহিতে রতাঃ॥ ৫।২৫

"সেইরূপ ঋষিগণই ব্রহ্মে নির্বাণ লাভ করেন যাঁহাদের
মধ্যে পাপের দাগ মৃছিয়া গিয়াছে, সংশয়ের গ্রন্থি ছিল্ল হইয়াছে,
যাঁহারা আত্মজনী, যাঁহারা সর্বভূতের হিতসাধনে নিযুক্ত।"
এরূপ অবস্থালাভ করাই নির্বাণ লাভ,—এই অর্থ ব্রিলে বোধ
হয় ভূল হইবে না। কিন্তু, পরের শ্লোকটি খুবই স্পষ্ট এবং
সেখানে সন্দেহের কোন স্থান নাই।

কামক্রোধবিযুক্তানাং ষতীনাং ষতচেতসাম্। অভিতো বন্ধনিক্রাণং বর্ত্ততে বিদিতাজ্যনাম্॥৫।২৬।

যতিগণ * কাম ও ক্রোধ হইতে মুক্ত হইয়াছেন, সংযতচিত্ত হইয়াছেন, তাঁহাদের ব্রহ্মনির্বাণ তাঁহাদের চতুর্দিকে বৃত্তমান, ব্রন্ধনিকাণ তাঁহাদিগকে ঘিরিয়া থাকে, তাঁহারা ব্লানিকাণের মধ্যেই বাস করেন, কারণ তাঁহারা আত্মাকে জানিয়াছেন।" অৰ্থাৎ আত্মাকে জানা এবং আত্মাকে পাওয়াই নির্বাণে অবস্থান। ইহা যে নির্বাণতত্ত্বে সমধিক প্রসারণ (extension) তাহা খুবই স্পষ্ট। কাম, ক্রোধ প্রভৃতি চিত্তবিক্ষোভের সর্কবিধ কলুষ হইতে মুক্তি, এই মুক্তির ভিত্তি-স্বরূপ মনের সমতা ও আত্মজয়, সর্বভৃতের প্রতি সমভাব ও সকলের প্রতি কল্যাণকর প্রেম. যে সংশয় ও অজ্ঞানান্ধকার আমাদিগকে দর্ব্ব ঐক্যের সাগন ভগবান হইতে দূরে রাথে তাহার একান্ত নির্মন এবং আমাদের মধ্যে ও সকলের মধ্যে যে এক আত্মা রহিয়াছেন তাঁহাঁর জ্ঞান—এই সবই নির্বাণ-লাভের উপায়, নির্কাণের লক্ষণ এবং নির্কাণের আধ্যাত্মিক সভা ৷

তাহা হইলে স্পট্টই দেখা যাইতেছে যে সংসার ও সংসারের কাজের সহিত নির্ব্বাণের কোন বিরোধই নাই। কারণ বে সকল ঋষি এই নির্ব্বাণ লাভ করিয়াছেন ভাঁহারা ক্ষর জগতের

শাহারা যোগ এবং তপস্তার ছারা আত্ম-জয়ের সাধনা করেন ভাছাদিগকেই "ঘতী" বলা যায়।

মধ্যে ভগবানকে দেখিতে পান এবং কর্মের দারা তাঁহার সহিত নিবিড়ভাবে সংযুক্ত থাকেন; তাঁহারা সর্বভূতের হিতসাধনে নিযুক্ত থাকেন, সর্বভূতহিতে রতাঃ।

ক্ষর পুরুষের লীলাকে তাঁহারা পরিত্যাগ করেন নাই, দিব্য-লীলার পরিণত করিয়াছেন; কারণ, গীতা বলিয়াছে যে, সর্ক-ভৃতই ক্ষর, ক্ষরঃ দর্ম্মভৃতানি, এবং দর্মভৃতের হিত্সাধন প্রকৃতির অনিত্যলীলার মধ্যেই দিব্য কর্ম। এইরূপ সংসারের কার্জের সহিত ব্রহ্মে বাসের কোন অসামঞ্জন্ত নাই, বরং এর্নপ ব্রহ্মে বাসের জন্ম এরপ কর্ম অবশ্য প্রয়োজনীয় এবং ব্রহ্মে বাসের বাহ্নিক ফলরূপে এই কর্ম অবশুন্তাবী, কারণ যে ব্রহ্মে আমরা নির্বাণ লাভ করি, যে আধ্যাত্মিক চৈতন্তে আমরা ভেদজনক অহং-ভাবের লয় করি, তাহা কেবল আমাদের অন্তরের মধ্যেই নাই, কিন্তু তাহা এই সর্বভূতের মধ্যেই রহিয়াছে, তাহা কেবল বিশ্বের ঘটনা সমূহের উদ্ধে স্বতন্ত্র ভাবে অবস্থিত নহে কিন্তু তাহা এই সকলের মধ্যেই ব্যাপ্ত, ওতপ্রোত, সকলকেই ধরিয়া রহিয়াছে। তাহা হইলে ব্রন্ধে নির্ম্বাণ বলিতে বুঝিতে হইবে অহং-ভাবের নাশ, অপূর্ণ, থিকৃত জ্ঞানের নাশ, এই অহংভাব হইতেই মিথ্যাজ্ঞানের উৎপত্তি, ভেদজ্ঞানের উৎপত্তি, স্ষ্টের ৰাহিরের দিকে ত্রিগুণময়ী মায়ার দারা এই অহং জ্ঞান, এই ভেদজনক জ্ঞানের উদ্ভব হয়: কিন্তু স্পষ্টর ভিতরের দিকে রহিয়াছে একাসাধক, পূর্ণ চৈতন্ত, উহাই সমস্ত স্বষ্টিকে ধরিয়া আছে, উহাই পূৰ্ণ, সনাতন, চরম সত্য,—সেই পূর্ণ অথণ্ড চৈতক্তে

প্রতিষ্ঠালাভই বন্ধনির্বাণে প্রবেশ। বখন আমরা নির্বাণ লাভ করি. নির্বাণে প্রবেশ করি. তথন ইহা কেবল আমাদের অন্তরের ভিতর থাকে না, কিন্তু চতুর্দ্দিকে থাকে, অভিতো বর্ত্ততে, কারণ * এই বন্ধচৈতন্ত যে কেবল আমাদের অন্তরেই গুপ্তভাবে রহিয়াছে তাহা নহে. এই ব্রদ্ধচৈতক্তের মধ্যেই আমরা বাস করিতেছি। আমরা ভিতরে যাহা, ইহা সেই আত্মা, ইহা আমাদের প্রমাত্মা, ষ্পাবার আমরা বাহিরে যাহা, ইহা সেই আত্মাও বটে, ইহা বিখের পরমাত্মা, সর্বভূতের আত্মা। সেই আত্মার মধ্যে বাস করিলে আমরা সকলের মধ্যেই বাস করি, তথন কেবল আমা-দের অহংরের মধ্যে, ক্ষুদ্র "আমি"র মধ্যে বাস করি না; সেই আত্মার সহিত একত্ব লাভ করায় বিখের সমস্ত জিনিবের সহিত্ অবিচল ঐক্যবোধ আমাদের প্রকৃতিগত হইয়া পড়ে, আমাদের কর্মের গোড়ার ভিত্তি হয়, আমাদের সকল কর্মের মূল প্রেরণা হয়।

কিন্তু, আবার ঠিক ইহার পরেই হুইটি শ্লোক পাই, যাহা এই সিদ্ধান্তের বিপরীত বলিয়াই মনে হয়।

স্পর্শান্ কৃত্বা বহির্ব্বাহ্থাংশ্চক্ষ্টশ্চবাস্থরে ক্রবোঃ।
প্রাণাপাণো সমৌ কৃত্বা নাসাভ্যস্তরচারিণৌ॥ ৫।২৭
যতেক্রির মনোবৃদ্ধিম্ নির্মোক্ষপরারণঃ।
বিগতেচ্ছাভরক্রোধো যঃ সদা মৃক্ত এব সঃ।৫।২৮
"সমস্ত বাহ্যস্পর্শ বহিষ্কৃত করিয়া এবং দৃষ্টিকে ক্রম্বরের মক্টে

মুন্ত রাথিয়া এবং নাসিকার অভ্যন্তরে সঞ্চরণকারী প্রাণও

অপাণ বায়ুকে সমান করিয়া, ইন্দ্রিয়, মনও বুদ্ধিকে সংযত করিয়া যে মূনি মোক্ষসাধন করেন, যাঁহা হইতে ইচ্ছা, ক্রোধ এবং ভয় দূর হইয়াছে, তিনি নিতামুক্ত।" এইখানে যোগের যে প্রণালী দেওয়া হইয়াছে তাহা কর্মযোগ হইতে সম্পূর্ণ বিভিন্ন বলিয়া মনে হয়, এমন কি थाँটি জ্ঞানযোগ হইতে অর্থাৎ বিচার বিতর্ক ও চিস্তার সাহায্যে জ্ঞানলাভের প্রণালী হইতেও বিভিন্ন বলিয়াই মনে হয়; এই প্রণালীর মধ্যে রাজ-বোগোচিত লক্ষণ সমূহ রহিয়াছে। এথানে মনের সমস্ত ক্রিয়া রোধের কথা রহিয়াছে, ইহাই চিত্তর্তি-নিরোধঃ; এখানে নিঃশাসপ্রখাস নিয়মনের কথা অর্থাৎ প্রাণায়ামের কথা বুহিয়াছে; এথানে দৃষ্টিকে প্রত্যাহার করিবার কথাপ রহিয়াছে। এই সকল প্রণালীর দারা অভ্যন্তরীন সমাধিতে মগ্ন হওয়া যায়। ইহাদের সকলেরই লক্ষ্য মোক্ষ, আর মোক্ষ ব্লিতে সাধারণ ভাষায় কেবল ভেদজনক অহং-জ্ঞানের বর্জন বুঝায় না. কিন্তু সমগ্র কার্য্যকরী চৈতক্তের বর্জন বুঝার, পর-ব্রহ্মে আমাদের সন্ধার সম্পূর্ণ লয় বুঝায়। তাহা হইলে আমরা কি বুঝিব যে গীতা সম্পূর্ণ লয়ের দারা মুক্তিলাভের শেষ প্রক্রিয়া এখানে বর্ণনা করিরাছে, না বুঝিব যে বহিমুখী মনকে সংযত করিবার নিমিত্ত এই প্রণালী একটি বিশিষ্ট উপায়, কেবল সেই জক্সই গীতা এখানে এই প্রণালী নির্দেশ করিয়াছে ? ইহাই কি চরম. চুৰ্জান্ত, শেষ কথা ? লয়প্রাপ্ত হওয়াই 'আমাদের চরম গতি নহে, কিন্তু বিশ্বব্দগতের উপরে যে সত্ত্বা রহিয়াছে সেইখানে প্রতিষ্ঠিত হওরাই আমাদের চরম গতি এবং এই গতিলাভের জন্ম উক্ত প্রণালী একটি বিশিষ্ট উপায়, সহায়, অন্ততঃপক্ষে একটি দার; এরূপ অর্থ বুঝিবার যথেষ্ট কারণ আছে, আমরা পরে তাহা দেখিব। এমন কি এখানেও এইটিই শেষ কথা নহে; শেষ কথা, চরম, চূড়ান্ত কথা বলা হইয়াছে ইহার পরের শ্লোকে. তাহাই এই অধ্যায়ের শেষ শ্লোক।

ভোক্তারং যজ্ঞতপসাং সর্বলোকমহেশ্বরম্। স্মহদং সর্বভূতানাং জ্ঞাত্তা মাং শান্তিমৃচ্ছতি ॥৫।২৯

"মান্ত্র যথন আমাকে সকল যজ্ঞ ও তপস্থার ভোক্তা বলিরা জানিতে পারে, সর্বলোকের মহেশ্বর, সকল জীবের স্থহদ বলিরা জানিতে পারে, তথন সে শান্তিলাভ করে।" এখানে আবার কর্মযোগেরই শক্তির কথা; এখানে বিশেষ করিয়া বলা হইল যে নির্বাণের শান্তিলাভ করিতে হইলে সক্রিয় সগুণ ব্রক্ষের জ্ঞান, বিশের পরমাত্মার জ্ঞান আবশ্যক।

এখানে আবার আমরা গীতার সেই মহান্ তত্ত্ব, পুরুষোত্তম তত্ত্ব পাইতেছি; যদিও এই "পুরুষোত্তম" নামটি গীতার একেবারে শেষের দিকেই ব্যবহৃত হইরাছে, তথাপি শ্রীকৃষ্ণ "অহং" ("আমি") বা "মাং" ("আমাকে") বলিতে সর্ব্বে পুরুষোত্তমকেই ব্রিরাছেন; যিনি আমাদের সনাতন অকর সত্তার এক আত্মারূপে রহিরাছেন, যিনি আবার জগতেও রহিরাছেন, সর্বভৃতে সর্ব্ব কর্ম্মের প্রভু, যিনি এই মহায়দে

मिता मात्रधिकारभ व्यवजीर्, व्यावात विनि এই विश्वश्रभरकत ষতীত, আত্মা, সর্ব্ব, প্রত্যেক জীবেরই প্রভু-সেই ভগবানই এই পুরুষো রম। তিনি সকল যজের, সকল তপন্তার ভোক্তা অতএব বাঁহারা মুক্তি চান তাঁহারা যজ্ঞরূপে, তপস্তারূপে কর্ম্ম করিবেন; তিনি সর্বলোকমহেশ্বর,—প্রকৃতিতে এবং এই সর্বভৃতে প্রকাশিত, অতএব যিনি মুক্তিলাভ করিয়াছেন সেরূপ মানবও ধর্ম সংরক্ষণের জন্ম এবং এই সংসারে লোক সকলকৈ ঠিক সৎপথে পরিচালিত করিবার জন্ম, লোক-সংগ্রাহর্থম্, কর্ম করিবেন; তিনি (ভগবান) সর্বভৃতের স্থল, সতএব বৈ মুনি নিজের মধ্যে এবং চতুর্দিকে (অভিতঃ) নির্দ্বাণ পাইয়াছেন, তিনি তথনও সদাসর্কদা সর্কভৃতের হিতসাধনে নিযুক্ত थाकिरवन.-रयमन महायान रवीकामत निर्मारनते खर्थ लक्ष्म ছিল-বিশ্বপ্রেম, দরারবশে সর্বভূতের হিতসাধন। তাহা হইলেই যথন এরপ ব্যক্তি তাঁহার সনাতন ও অক্ষর সন্তায় ভগবানের সহিত একজ্বলভি করিয়াছেন তথন তিনি প্রকৃতির ধেলাকেও গ্রহণ করেন বলিয়া তথনও তাঁহার পক্ষে মান্তুষের প্রতি ভালবাসা এবং ভগবানের প্রতি ভালবাসা ও ভক্তি সম্ভব হয় ৷

ইহাই যে প্রকৃত মর্মার্থ তাহা আরও স্পষ্ট ব্রা, যার যথন আমরা গীতার ষষ্ঠ অধ্যায়ের অর্থ হৃদয়ক্ষ করি; সমগ্র ষষ্ঠ অন্যায়টি পঞ্চম অধ্যায়ের এই শেষ বরটি শ্লোকেরই বিস্তৃত ব্যাথ্যা ও পূর্ণ বিকাশ,—ইহা হইতেই ব্রা যায় যে, গীতা এই করটি শ্লোককে কত প্রয়োজনীয় বিবেচনা করিয়াছে। অভএক আমরা এখানে বত সজ্জেপে সম্ভব ষষ্ঠ অধ্যায়ের সার কথাগুলি বলিব। ইহা বিশেষভাবে লক্ষ্য করিবার বিষয় যে প্রকৃত সন্ম্যাসু বাহিরের ত্যাগ নহে, কিন্তু ভিতরের ত্যাগ—পুনঃপুনঃ উপদিষ্ট এই কথাটি প্রথমেই বলিয়া গুরু ষষ্ঠ অধ্যায় আরম্ভ করিলেন।

অনাশ্রিত কর্মফলঃ কার্য্যং কর্ম করোতি যঃ। স সংস্থাসী চ যোগী চ ন নিরগ্নিন চাক্রিয়ং ॥৬।১

— "যিনি ফলের দিকে না তাকাইরা কর্ত্তব্য কর্ম সম্পাদন করেন, তিনিই সন্মাসী এবং তিনিই যোগী,— যিনি যজ্জের অগ্নি প্রজ্জানিত করেন না বা কর্ম করেন না, তিনি নহেন।"

যং সংস্থাসমিতি প্রাহর্ষোগং তং বিদ্ধি পাওব। ন হুসংস্থত সঙ্কলো যোগী ভ্বতি কশ্চন ॥৬।২

— "যাহাকে সন্ধাস বলে, প্রকৃতপক্ষে তাহাকেই যোগ বিলিয়া জানিও; কারণ মনের সঙ্কাল বা বাসনা পরিত্যাগ না করিলে বোগী হওয়া যায় না।" কর্ম করিতে হইবে, কিছ কোন উদ্দেশ্যে, কোন ক্রমায়্মসারে? প্রথমে যোগ শৈলে আরোহণের সমরে কর্ম করিতে হইবে, কারণ, যেহেতু তথন কর্মই "কারনমূচ্যতে"। কিসের কারণ? আত্ম-সিদ্ধি, মৃ্জি, ব্রহ্মনির্বাণের কারণ; কেন না ভিতরে ত্যাগের একনিষ্ঠ সাধনা করিতে করিতে কর্ম করিলে এই সিদ্ধি, এই মৃ্জি এবং সঙ্কল্লাত্মক মনের ও নীচের প্রকৃতির জয় খুব সহক্ষেই সম্পাদিত হয়।

কিছ, **ব**থন কেহ উপরে উঠিয়াছে? তথন কর্ম আর কারণ নহে.—

> আফ্রুককোর্নেরোগং কর্ম কারণমূচাতে। যোগারুতক্ত তস্যৈব শমঃ কারণমূচাতে॥৬৩

কর্ম্মের দারা যে আত্মজরের ও আত্মসংখনের শান্তিলাভ হটরাছে, সেই শান্তিই তথন কারণ হয়। আবার, কিলের কারণ? আত্মাতে, ব্রহ্মচৈতক্তে অবিচল প্রতিষ্ঠার কারণ, বে পূর্ণ সমতার সহিত মুক্ত মানবের দিব্য কর্ম সকল সম্পাদিত হঁর নেই সমতার কারণ। অর্থাৎ নিদাম কর্ম্মের দারা আত্মসংবম ও শান্তিলাভ করিয়া মুক্তব্যক্তি সেই প্রশান্ত ভাবের সহায়ে ব্রহ্মচৈতক্তে ও পূর্ণ সমতার স্মৃদৃভাবে প্রতিষ্ঠিত হয়। কারণ,—

> ৰদা হি নেন্দ্রিয়ার্থেয়্ ন কর্মস্বত্মজ্জতে। সর্ব্বস্বব্লসংস্থাসী যোগার্কুজনোচ্যতে ॥৬।৪

— 'নাম্ব ধবন শবাদি, ইক্সিয় বিষয়ে অথবা কর্মে আসক্ত হয় না এবং সক্ষাত্মক মনের বাসনাসমূহ বর্জন করে, তবনই বলা বার যে সে যোগশৈলের শিবরে আরোহণ করিয়াছে।" মুক্ত নানব এই ভাব লইয়াই কর্ম করেন, তাহা আমরা ইতিপূর্বে দেখিরাছি; তিনি কর্ম করেন বাসনা শৃষ্ঠ হইরা, আসক্তিশৃক্ত হইরা; তাঁহার মধ্যে বাসনার জনক মানসিক লালসা থাকে না। তিনি তাঁহার নীচের আত্মাকে জয় করিয়াছেন, তিনি বে পূর্ণ শান্তি লাভ 'করিয়াছেন তাহাতে তাঁহার পরমাত্মা তাঁহার নিকট প্রকাশিত হইয়াছে; সেই পরমাত্মা সর্মান নিজের সভায় সমাহিত, সমাধিময়,—বথন বাহ্ম জগত হইতে চেতনাকে ভিতর দিকে টানিয়া লয়েন কেবল তথনই নহেন, কিন্তু মনের জাগ্রত অবস্থাতেও ৰথন বাসনা ও অশান্তির কারণ উপস্থিত থাকে, সুথ তৃঃখ শীত উষ্ণ, মান অপমান, সর্কবিধ দল্প উপস্থিত থাকে তথনও সেই পরমাত্মা নিজের সভায় অবিচলভাবে প্রতিষ্ঠিত থাকে।

> জিতাত্মনঃ প্রশান্তস্ত প্রমাত্মা সমাহিতঃ। শীতোফ স্থত্ঃথেরু তথা মানাপমানয়োঃ॥ ৬।৭

এই পরমান্থাই সেই অক্ষর, কুটস্থ, যাহা নীচের প্রকৃতির সমস্ত পরিবর্ত্তন ও গোলমালের উপরে অবস্থিত; ইহার সহিত বোগীকে তথনই যুক্ত বলা যায়, যথন যোগী ইহারই মত কৃটস্থ হন, যথন তিনি সকল বাহিরের থেলা ও পরিবর্ত্তনের উপরে উঠেন, যথন তিনি আল্পজ্ঞানেই তৃপ্ত হন, যথন তিনি সকল বস্তু, সকল ঘটনা, সকল লোকের প্রতি সমভাবাপন্ত হন,—

> জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কৃটস্থো বিজিতেক্সিয়ঃ। যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্টাশ্ম কাঞ্চনঃ॥ ৬৮৮

তবে ৰাহাই হউক এই যোগলাভ করা মোটেই সহজ ব্যাপার নহে, অর্জুনও একটু পরেই ইহা বলিয়াছেন।

> যোহরং যোগত্তরা প্রোক্তঃ সাম্যেন মধুস্থান। এতস্তাহং ন'পশ্তামি চঞ্চলতাৎ স্থিতিং স্থিরাম্॥৬।৩৩

কারণ মন চঞ্চল, যে কোন সমরে এই চঞ্চল মন বাছা বিষয়ের আক্রমণে এই সকল উচ্চভাব হইতে শ্বলিত হইতে পারে এবং শোক ও চিত্তবিক্ষোভ ও অসমতার কঠিন কবলে পুনরায় নিপতিত হইতে পারে। বোধ হয় এইজয়ৢই গীতা নিজের জ্ঞান ও কশ্বের সাধারণ প্রণালী দিয়া তাছার উপর আবার আমাদিগকে রাজযোগের ধ্যানের বিশেষ প্রণালীও উপদেশ দিয়াছে,—মন এবং মনের সমস্ত ক্রিয়াকে সম্পূর্ণভাবে জয় করিতে রাজযোগের এই অভ্যাসের কমতা থুব বেশী। এই প্রণালী অন্নসারে যোগীকে সদাসর্বদা আত্মার সহিত যোগ অভ্যাস করিতে হয়, যেন এই বোগই তাছার মনের পক্ষে স্থাতিক হয়য়া পড়ে। মন হইতে সমস্ত বাসনা ও বিক্ষোভ দূর করিরা, সমগ্র চিত্তকে আত্মবশে রাথিয়া যোগী একা নির্জন স্থানে উপবেশন করিবেন।

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য হিরমাসনমান্থন:।
নাত্যুদ্ধিত: নাভিনীচং চেলাজিনকুশোত্রম্॥৬১১
তত্তৈকাগ্রং মন: কথা যতচিত্তেন্ত্রিয়ক্রিয়:।
উপবিশ্যাসনে যুগ্গাদ্ যোগমাথ্যবিশুদ্ধরে॥৬১২

"তিনি পবিত্র স্থানে নিজের স্থির আসন পাতিবেন, উহা অতি উচ্চ বা নিম না হয়, প্রথমে কুশাসন, তত্পরি মুগাজিন, তাহার উপর বস্থ আচ্চাদন করিবেন: তত্পরি উপবেশনপূর্কক মনকে একাগ্র করিয়া, চিত্র ও ইন্দ্রিগগণের ক্রিয়া সংযত করিয়া, আসুত্রজির জন্ম যোগ অভ্যাস করিবেন।" রাজযোগের প্রণালী অনুসারে শরীরকে সরল ও স্থিরভাবে রাথিতে হইবে; দৃষ্টিকে ভিতরের দিকে টানিয়া ক্রমব্যে স্থাপন করিতে হইবে; দিশ-শ্যানবলোক্যন্। ননকে প্রশাস্ত ও ভরশূন্ত করিয়া রাথিতে হইবে এবং ব্রহ্মচর্য্য ব্রভ পালন করিতে হইবে; সমগ্র বিনিয়ত চিত্তকে ভগবানের দিকে ফিরাইতে হইবে, তাঁহাতে যুক্ত করিতে হইবে, এইরপে চিত্ত মনের নীচের ক্রিয়া উচ্চতর শান্তিতে নিমজ্জিত হইয়া যাইবে। কারণ, লক্ষ্য হইতেছে নির্কাণের শান্তি লাভ।

যুক্তরেবং সদাস্থানং যোগী নিম্নতমানসঃ। শাস্তিং নির্বাণপরমাং মৎসংস্থামধিগচ্ছতি॥৬।১৫

"এইরূপে চিত্তসংযমের দারা সর্বাদা যোগাভ্যাস করিরা যোগী নির্বাণের পরম শান্তি লাভ করেন; এই পরম শান্তির ভিত্তি স্থামি।"

নির্কাণের এই শান্তি তথনই লাভ করা যায় যথন সমগ্র চিত্ত সম্পৃথিতাবে সংযত হয় এবং বাসনা হইতে মৃক্ত হয় এবং আত্মাতে ত্বির হইয়া থাকে, যথন বায়ুশৃন্ত স্থানে নিশ্চল দীপশিথার স্থায় মন চাঞ্চল্য শৃন্ত হয়, ইহার বহিম্থী চেপ্তা বন্ধ হয় এবং ননের এই শান্তিও স্তন্ধতায় ভিতরে আত্মাকে দেখিতে পাওয়া যায়. মন "অহং"য়ের ভিতর দিয়া আত্মাকে যে ভ্রান্ত বিকৃতভাবে দেখে সেরপ দেখা নয়, কিন্তু আত্মা বখন নিজে নিজেকে দেখে, "স্প্রকাশং"। তথন আত্মা পরিতৃপ্ত হয় এবং নিজেরই প্রকৃত ও প্রস্ত আনন্দ অবগত হয়,—এই আনন্দ ইঞ্জির ও মনের

উপভোগ্য অশান্ত সুথ নহে. ইহা ভিতরের শান্ত সুথ; এখানে আস্থা মনের উপদ্রব হইতে সম্পূর্ণ নিরাপদ এবং আর তাহার আশুষরণ হইতে খণিত হইবার কোন আশঙ্কা থাকে না। মানসিক শোকের ভীষণতম আক্রনণও আত্মাকে আর বিচলিত করিতে পারে না: কারণ, আসাদের মনের তঃখ আসে বাহির হইতে, ইহা বাহস্পর্শেরই প্রতিক্রিয়া, আর আত্মার স্থ ভিতরের, ইহা বাহিরের কোন কিছুর উপর নির্ভর করে না, যাঁহারা অনিত্য বাহস্পর্শের স্থতঃথের বশ নহেন তাঁহারাই এই আত্যন্তিক আত্মসূথের অধিকারী। এই অবস্থার সহিত তঃবের কোন সম্পর্ক নাই, তঃথসংযোগবিরোগং,—মনের সহিত ছঃখের সম্বন্ধ এখানে বিচ্ছিন্ন হুইয়া গিয়াছে। দৃঢ় অধ্যবসাম্বের দারা এই অটুট আত্মানন্দলাভই যোগ, ইহাই দিব্য মিলন; ইহা সকল লাভের বড় লাভ, এই পরম সম্পদের জুলনায় আর সব তুচ্ছাদপি তুচ্ছ। অতএব দৃঢ় সঙ্কল্পের সহিত এই যোগ অভ্যাস করিতে হইবে, স নিশ্চয়েণ যোক্তব্যো যোগোখনির্বিপ্ত চেতসা, বতক্ষণ মুক্তিলাভ করা না যায়, বতক্ষণ নির্বাণের আনন্দ চিরদিনের জক্ত আয়ত্ত না হয় ততক্ষণ বাধা বা অকৃত-কার্য্যতার ঘারা এতটুকু নিরুৎসাহ হওয়া চলিবে না।

এখানে প্রধানতঃ চিত্তবিক্ষেপকে শাস্ত করিবার উপরে, বাসনা ও ইন্দ্রিয়গণকে শাস্ত করিবার উপরে ঝোঁক দেওয়া হইয়াছে,—বাহাবিষয়ের ম্পর্শে ইন্দ্রিয়গণ মনে যে চাঞ্চল্য ও বিক্ষোভ স্পষ্ট করে ভাহাই শাস্ত করিতে বলা হইয়াছে; কিন্তু

আত্মার শাস্তিতে মনের চিস্তাকেও শাস্ত করিতে হইবে। প্রথমে. বাসনাত্মক সঙ্কল্ল হইতে উদ্ভূত সমন্ত বাসনাকে সম্পূৰ্ণভাবে বৰ্জন করিতে হইবে, যেন কিছুমাত্র বাসনা বাদ বা অবশিষ্ট না থাকে এবং ইন্দ্রিরগণকে মনের দ্বারা সংযত করিয়া ধরিতে হইবে, বেন তাহারা তাহাদের বিশৃত্বল ও চঞ্চল অভ্যাসের বশে চতু-**দিকে ধাবমান হইতে না পারে: কিন্তু তাহার পর মনকেও** বৃদ্ধির দারা ধরিতে হইবে এবং ভিতরের দিকে টানিয়া লইতে হিইবে। ধৈর্য্যামুগত বৃদ্ধির দারা যোগী ধীরে ধীরে মনের ক্রিমা বন্ধ করিবেন, মনকে উপরের আত্মায় নিবিষ্ট করিবেন এবং কোন কিছু চিন্তা করিবেন না। স্বভাবত: চঞ্চল ও অন্থির মন বথনই যে দিকে ছুটিবে তথনই সে দিক হইতে তাহাকে ফিরাইরা আত্মার রশে আনিতে হইবে। মন বথন সম্পূর্ণভাবে শাস্ত হইবে, তথনই যোগী, ব্ৰহ্মত আত্মার উত্তম, নিম্বলয়, বিক্ষোভহীন সুথ লাভ করিবেন। এইরূপে বিক্ষোভ হইতে মুক্ত হইয়া এবং নিজেকে সর্বাদা বোগাবস্থায় রাখিয়া বোগী **জনারাদে ত্রনম্পর্শর**প পরম স্থুখ উপভোগ করেন।

> যুঞ্জন্নেবং সদান্ত্রনং বোগী বিগতকক্ষব:। স্থানে ব্ৰহ্মসংস্পৰ্নমত্যন্তং স্থামগুতে ॥॥২৮

তবু এই ৰোগের ফলে, এই জীবীতাবস্থাতে এমন নির্বাণ হয় না বাহাতে সংসারের সমস্ত কাজ, সাংসারিক জীবের সহিত সকল প্রকার সম্বন্ধ অসম্ভব হয়। প্রথমে মনে হইতে পারে যে এইরূপ ফলই হইবে। যথন সমস্ত বাসনা ও ক্লোভ বর্ক হইরাছে, যথন মন আর চিন্তার মধ্যে নিজেকে হারাইতে পার্ম না, যথন নীরব নির্জন যোগ অভ্যন্ত হইরা পড়িরাছে, তথন আর কি কাজ থাকিতে পারে, বাহ্যস্পর্শনর অনিত্য সংসারের সহিত আর কি সম্বর থাকিতে পারে? যোগী অবশু আরও কিছুকাল শরীর ধারণ করিয়া থাকেন বটে, কিছু তথন তাঁহার পক্ষে পর্বাতগুহা, অরণ্য বা শৈলশিথরই যোগ্যতম বাসস্থান এবং সর্বাদা সমাধি-নিদ্রায় মগ্র থাকাই হয় তাঁহার একমাত্র কাজ ও আনন্দ। কিছু, প্রথমতঃ বথন এই নির্জন যোগ অভ্যাস করা হয়, তথন আর সমস্ত কর্ম পরিত্যাগ করিতে গীতা উপদেশ দের নাই।

নাত্যশ্বতম্ব যোগোখন্তি ন চৈকান্তমনশ্বতঃ।
ন চাতিম্বপ্লশীলক্ষ জাগ্রতো নৈব চাৰ্জ্জুন ॥৬।১৬
যুক্তাহারবিহারক্ষ যুক্ত চেইক্ষ কর্মস্ব।
যুক্ত স্বপ্লাববোধক্ষ যোগো ভবতি তঃখহা॥৬।১৭

গীতা বলিতেছে যে যাহারা নিদ্রা, আহার, থেলা ও কর্ম পরিত্যাগ করিয়াছে তাহাদের যোগ হয় না, আবার যাহারা দেহ ও প্রাণের এই সকল ব্যাপারে অত্যধিক নগ্ন তাহাদেরও যোগ হয় না; কিন্ধ, নিদ্রা ও জাগরণ, আহার, বিহার ও কর্ম-চেষ্টা সমস্তই "যুক্ত" হওয়া আবশুক। ইহার সাধারণতঃ এই অর্থ করা হয় যে এই সমস্ত ব্যাপার পরিমিত, নিয়মিত ভাবে_

করা কর্ত্তব্য এবং বাস্তবিক পক্ষে ইহাই প্রকৃত অর্থ হইতে পারে। কিন্তু, অন্ততঃ ৰথন যোগলাভ হইগ্লাছে, তথন এই সমস্ত আর এক অর্থে "যুক্ত" হইতে হইবে, এবং সেই অর্থে ই "যুক্ত" শব্দ গীতার **আর সর্ব্ব**ত্র ব্যবহৃত হইরাছে। সকল অবস্থাতে, নিদ্রায় জাগরণে, আহারে, বিহারে, কর্মে, বোগী তথন ভগবানের সহিত মুক্ত থাকিবেন, এবং যোগী সমস্ত করিবেন এই জ্ঞানে যে ভগবানই আত্মা, ভগবানই সব এবং তাঁহার নিজের জীবন, নিজের কর্ম ভগবানের মধ্যেই রহিয়াছে, ভগবানই ধরিয়া রহিয়াছেন। বাসনা, অহম্বার, ব্যক্তিগত ইচ্ছা, মনের চিন্তা এই সব আমাদের কর্মের প্ররোচক হয়, আমাদের নীচের প্রকৃতিতে: ৰখন অহং বিনষ্ট হয় এবং ষোগী ব্রহ্ম হন, ষথন তিনি সর্বাতীত ও দার্বভৌন চৈতন্তের মণ্যে বাদ করেন. এমন কি উপরের চৈতন্ত হইয়া বান তথন সেই চৈতন্ত হইতে আপনা হইতে কৰ্ম আদে, তখন সেই চৈতক্ত হইতে যে বগ্ৰকাশ জ্ঞান আবে তাহা মনের চিন্তা অপেকা উচ্চতর, তথন সেই চৈতন্ত হইতে ৰে শক্তি আসে সে শক্তি ব্যক্তিগত ইচ্ছাশক্তি অপেকা মহত্তর, সেই শক্তি বোগীর কর্ম্ম করিয়া দেয়; তপন যোগীর ব্যক্তিগত কাজ বন্ধ হইয়া গিয়াছে, তথন সমস্ত কর্ম ত্রন্ধে সমর্পিত হইয়াছে, ভগবান সমত্ত গ্রহণ করিয়াছেন, মরি সংক্রত্য কৰ্মাণি।

অহং-ভাৰ এবং এই ভাব হইতে উথিত চিস্তা, কৰ্ম ও অহুভৃতি ব্ৰহ্ম চৈতন্তে নিৰ্কাণ বা লয় করিয়া যে আজোপলন্ধি ও বোগসিদি * লাভ করা যায় তাহার বর্ণনা করিবার সময় গীতা বলিয়াছে যে, এরূপ নির্বাণাবস্থায় বিশ্বসংসারের জ্ঞান লুগু হয় না, সে জ্ঞান থাকে, তবে তাহা এক অভিনব দিব্য দৃষ্টিতে পরিণত হয়।

> সর্বভৃতস্থমাত্মানং সর্বভৃতানি চাত্মনি। ঈকতে যোগ্যকাত্মা সর্বতি সমদর্শনঃ॥৬।২৯

"যে মানবের আত্মা যোগযুক্ত, তিনি সর্ব্বভূতে আত্মাকে দেখেন এবং আত্মাতে সর্ব্বভূত দেখেন, তিনি সর্ব্বত্ত সমদর্শী।" তিনি যাহা কিছু দেখেন তাঁহার নিকট সবই আত্মা, সব তাঁহারই আত্মা, সবই ভগবান। কিন্তু তিনি বদি করের অনিত্যলীলার মধ্যে বাস করেন তাহা হইলেই কি আশহা নাই যে এই কঠিন মোগ সাধনের সমস্ত কল তিনি হারাইয়া ফেলিবেন, আত্মাকে হারাইয়া আবার মনের মধ্যে পড়িবেন, ভগবান তাঁহাকে হারাইবেন এবং সংসার তাঁহাকে পাইয়া বসিবে, তিনি ভগবানকে, হারাইয়া তাঁহার পরিবর্ত্তে অহংকে এবং নীচের প্রকৃতিকে ফিরিয়া পাইবেন ? গীতা বলিয়াছে, লা, এরপ আশক্ষা নাই।

বো মাং পশুতি সর্ববি সর্ববিধ নরি পশুতি। তন্তাহং ন প্রণশুমি স চ মে ন প্রণশুতি। ৬।৩• "ষে ব্যক্তি সর্ববি আঁমাকে দেখেন এবং আমার মধ্যে

অনকাশ্চিত্তরতো নাং যে জনাঃ পর্তপাসতে।
 তেবাং নিত্যাভিত্তনাং যোগকেয়ং বহায়াহয় ॥।।

সকলকে দেখেন, আমি তাঁহাকে হারাই না, তিনিও আমাকে হারান না।" কারণ, এই নির্বাণের শাস্তি যদিও অক্সরের ভিতর দিরা লাভ করিতে হর তথাপি ইহা পুরুষোত্তমের সন্ধার উপরেই প্রতিষ্ঠিত, মৎসংস্থাম, এবং এই দিব্য সন্ধা, এই বন্ধা, এই বন্ধা, জগতের মধ্যেও পরিব্যাপ্ত এবং যদিও তাহা জগতের মতীতও বটে তথাপি সেই অতীত অবস্থাতেই সীমাবদ্ধ নহে। বোগীকে দেখিতে হইবে বে সকল বস্তুই তিনি (ভগবান), বাস্থদেবঃ সর্বাম, এবং সম্পূর্ণভাবে এই দিব্যাদৃষ্টিতেই বাস ক্রিতে হইবে, কাজ করিতে হইবে; ইহাই যোগের পূর্ণ সিদ্ধি।

কিন্তু, কাজ করা কেন? নির্জ্জনে নিজের আসন পাতিরা বিসিয়া থাকিবে, ইচ্ছা হর সেখান হইতে সংসারের দিকে কেবল চাহিয়া দেখিবে, সংসারকে ব্রন্ধের মধ্যে, ভগবানের মধ্যে দেখিবে কিন্তু সংসারে কোনরূপ যোগ দিবে না, সংসারে বিচরণ করিবে না, বাস করিবে না, কর্ম করিবে না, কেবল সাধারণতঃ অন্তরের সমাধির মধ্যেই বাস করিবে। এইরূপ ভাবে থাকাই কি আরও নিরাপদ নহে? ইহাই কি সেই সর্ক্ষোত্তম আধ্যান্ত্রিক অবস্থার নিরম নহে, বিধি নহে, ধর্ম নহে? আবার বলি, না; ভগবানের মধ্যে বাস করিবে, ভগবানকে ভাল বাসিবে এবং সর্ক্ষভূতের সহিত এক হইবে,—কেবল ইহা ব্যতীত নোক্ষপ্রোপ্ত যোগীর পক্ষে আর কোন নিরম নাই, বিধি নাই, ধর্ম নাই; তাঁহার স্বাধীনতা চূড়ান্ত, পূর্ণ, স্থনিন্চিত, তাহা ক্রপ্রতিষ্ঠ, আর তাহা কোন কর্মের, ভগবনের অন্ত

নীতি বা বিধিনিবেধের উপর নির্ভর করে না, সে স্বাধীনতা আর কিছুর দারাই খণ্ডিত হইতে পারে না। বোগের কোন প্রণালীতে আর তাঁহার কোন প্রয়োজন নাই, কারণ তিনি এখন সর্বাদাই যোগযুক্ত, নিত্যযুক্ত।

> দৰ্ব্বভৃতস্থিতং যো মাং ভজত্যেকস্বমাস্থিতঃ। দৰ্ববুণা বৰ্ত্তমানোহপি দ যোগী মন্ত্ৰি বৰ্ত্ততে ॥৬।৩১

"যে যোগী একত্বে প্রতিষ্ঠিত হইয়াছেন এবং সর্বভিতে আমাকে ভালবাসেন, তিনি যেথানেই থাকুন আঁর ঘাহাই করন, তিনি আমার মধ্যেই থাকেন ও কর্ম করেন।" তখন সংসারের প্রতি ভালবাসা দিব্যভাবপ্রাপ্ত হয়, ইন্দ্রিয়ের অমু-ভতির পরিবর্ত্তে তাহা হয় আত্মার অমুভতি, সেই ভালবাসা ভগবং প্রেমের উপর প্রতিষ্ঠিত হয়, এবং এরূপ দিব্যভাবপ্রাপ্ত ভালবাসায় কোন বিপদ নাই, কোন দোষ নাই। নীচের প্রকৃতিকে ছাড়াইয়া উঠিতে হইলে সংসারের প্রতি বৈরাগ্য ও ভয় অনেক সময় দরকার হইতে পারে, কারণ এই ভয় ও বিরাগ প্রকৃতপক্ষে সংসারের প্রতি নহে, আমাদের নিজের যে "অহং" সংসারের মধ্যে নিজেকে প্রতিফলিত করিয়াছে সেই অহংয়ের প্রতি এই ভয় ও বিরাগ। কিন্তু, ভগবানকে সংসারে দেখিলে আর কোন ভয় থাকে না. তথন সকলকেই ভগবানের মধ্যে আলিঙ্গন করা যার সকলকে ভগবান বলিয়া দেখিলে কোন কিছুর প্রতি দেব বা ঘুণা থাকেঁ না, তথন সংসারেক্র- মধ্যে ভগবানকে ভালবাসা যায় এবং ভগবানের মধ্যে সংসারকে ভালবাসা যায়।

কিন্তু অস্ততঃপক্ষে নীচের প্রকৃতির জিনিষগুলিকে ত বর্জ্ন করিতে হইতে হইবে, ভর করিতে হইবে? এই সকল জয় করিতে যোগীকে যে কত কষ্ট পাইতে হইয়াছে! না, তাহাও নহে; আত্মদর্শনের সমতার সমন্তকেই আলিঙ্গন করিতে হইবে।

> স্থান্দ্রোপম্যেন সর্ব্বত্ত সমং পশুতি যোহৰ্জুন। সূথং বা যদি বা তঃথং স যোগী পরমো মতঃ॥৬।৩২

"হে অর্জুন, যে ব্যক্তি আত্মার উপনার সকল জিনিষকেই সমানভাবে দেখেন, তাহা তৃঃথই হউক আর স্থই হউক, সেই ব্যক্তিকেই আমি সর্ক্ষোৎকৃষ্ট যোগী মনে করি।" ইহার দারা মোটেই বোঝায় না যে তিনি নিজে তৃঃখলেশ শৃষ্ঠ দিব্য আনন্দ হইতে চ্যুত হইবেন এবং পরের তৃঃথে নিজে আবার সাংসারিক তৃঃথ অস্কৃত্ব করিবেন, কিন্তু তিনি বে সকল দ্বন্দ ছাড়াইয়া আসিয়াছেন, জয় করিয়াছেন সেই সকল দ্বন্দের থেলা অপরের মধ্যে দেখিয়া তথনও তিনি সকলকে নিজের মত দেখিবেন, সকলের মধ্যে নিজের আত্মাকে দেখিবেন, সকলের মধ্যে তিগ্রানকে দেখিবেন এবং নিজে এই সকল বাছ দ্বন্দ্ব বা বিমৃত্ব না হইয়া যাহাতে অপরে এই সকল দ্বন্দ্ব হইতে মুক্ত হইয়া তাঁহারই স্থায় শ্রদ্ধ আধ্যান্থিক আনন্দ লাভ করিছে

পারে, সেজস্থ তাহাদিগকে সাহায্য করিবেন, ষতদিন এই জগতে তাঁহাকে থাকিতে হয় তিনি সর্বাভূতের হিতে রত থাকিরা দিব্য জীবন বাপন করিবেন এবং সমগ্র সংসারকে ভগবানের দিকে লইরা বাইবার জগ্য কর্ম করিবেন। যে ভাগবত প্রেমিক ইহা করিতে পারেন, এইরূপে সকল জিনিষকে ভগবানের মধ্যে দেখিয়া আলিঙ্গন করিতে পারেন, যিনি স্থির শান্ত দৃষ্টিতে নীচের প্রকৃতিকে, ত্রিগুণময়ী মায়ার খেলাকে অবলোকন করিতে পারেন, গুণসকলের মধ্যে, গুণসকলের উপর ক্রিয়া করিতে পারেন অথচ উর্দ্ধন্থ আধ্যাত্মিক একত্বের উচ্চতা ও শক্তি হইতে বিচ্যুত বা বিচলিত হন না, যিনি দিব্যদৃষ্টির বিশালতা পাইরা মৃক্ত, যিনি দিব্যপ্রকৃতির শক্তিতে স্কলর, মহান্, ভাসর—এইরূপ ব্যক্তিকেই সর্বোত্ম যোগী বলা বাইতে পারে। এইরূপ ব্যক্তিই প্রকৃত পক্ষে সংসারকে জন্ম করিয়াছেন, জিতঃ সর্গঃ।

গীতা সর্বত্ত বেমন তেমনি এথানেও ভক্তিকেই যোগের চূড়া বলিরাছে, সর্বভ্তত্তিং বো মাং ভজত্যেক ম্মান্থিতঃ; ইহাকেই সমগ্র গীতা শিক্ষার এক রকম শেষ ও সার কথা বলা যাইতে পারে,—"যে ব্যক্তি সর্বভ্তে ভগবানকে ভালবাসেন এবং যাহার আত্মা দিব্য একছে প্রতিষ্ঠিত, তিনি ষেথানেই থাকুন আর যাহাই করুন, তাঁহার সে সব ভগবানের মধ্যেই করা হয়।" এই কথাটা আরও জোরের সহিত বলিবার জক্ত দিব্য ওক্ত বাবে অর্জুনের একটা প্রমের (মাহ্বের চঞ্চল মনের

পক্ষে কঠিন যোগ কেমন করিয়া আদৌ সম্ভব, এই সন্দেছের) জবাব দিয়া পুনরায় এই কথাতেই ফিরিয়া আসিলেন এবং ইহাই ভাঁহার চূড়ান্ত কথা হইল।

তপস্বিভ্যোহধিকো যোগী জ্ঞানিজ্যোহপি মতোহধিকঃ। ক্ষিভ্যশ্চাধিকো ধোগী তত্মাদ যোগীতবাৰ্জ্জন ॥৬।৪৬

—"যোগী [রুচ্ছচান্দ্রায়ণাদি] তপংপরায়ণ ব্যক্তিগণ অপেকাব বড়, জানিগণ অপেকাও বড়, কর্মিগণ অপেকাও বড়; অতএব. হে অর্ছন, তুমি যোগী হও;" যে যোগী কর্ম ও জ্ঞান ও তপক্তারা অন্ত যে কোন উপায়ে কেবল আধ্যাত্মিক জ্ঞান বা শক্তি বা অন্ত কিছু চান না কিছু শুধু ভগবানের সহিত মিলন চান. ভগবানের সহিত যুক্ত হন, তুমি সেইরূপ যোগী হও; কারণ. ইহার মধ্যেই আর সব কিছু আছে, ইহাতে উঠিয়াই সে সব দিবা সার্থকতা লাভ করিয়াছে। কিছু আবার যোগীদের মধ্যেও যিনি ভক্ত তিনিই সর্বপ্রেষ্ঠি যোগী।

বোগিনামপি সর্কোষ্ণ মদ্গতেনাস্করাত্মনা। শ্রদাবান্ ভজতে যো মাং স মে যুক্তমো মতঃ॥৬।৪৭

—"যোগিগণের মধ্যে যে ব্যক্তি তাঁহার সমগ্র অন্তরাত্রা আমাতে সমর্পণ করিয়া আমাকে শ্রদার সহিত ভক্তি করে, আমার মতে সেই ব্যক্তিই আমার সহিত যোগে সক্ষাপেকা অধিক যুক্ত।" ইহাই গীতার প্রথম ছয় অধ্যায়ের শেষ কথা এবং ইহার মধ্যেই গীতার অবশিষ্ট অংশের বীজ নিহিত রহিয়াছে, বাহা এথনও বলা হয় নাই এবং বাহা কোথাও পূর্ণভাবে প্রকাশ করা হয় নাই, তাহার বীজ এইখানেই নিহিত,—তাহা সকল সময়েই কতকটা গৃঢ় রহস্তের মতই রহিয়া গিয়াছে, তাহা শ্রেষ্ঠ আধ্যাত্মিক গৃহু তত্ত্ব এবং দিব্য রহস্তা।

চতুৰিংশ অধ্যায়

কর্মবোগের সারতত্ত্ব

গীতার প্রথম ছর অধ্যায়কে গীতা শিক্ষার এক কাঠামো বলা বাইতে পারে; এণানে প্রধান প্রধান তত্ত্তিল মোটামুটি দেখান হইয়াছে এবং গীতার বাকী ঘাদশটি অধ্যায়ে त्य मद चिं चित्राजनीत कथा विमन्छाद वना इहेद छाहारनत কেবলমাত্র কিছু কিছু ইন্সিত এখানে দেওয়া হইয়াছে। ষদি একটি লিখিত মহানু শাস্ত্ৰগ্ৰনা হইত এবং সেইজন্ত বাধ্য হইরা ইহার শিক্ষা সম্পূর্ণভাবে শেষ না করিতে হইত, এই শিক্ষা যদি কোন জীবিত গুরু তাঁহার শিষ্যকে দিতেন এবং শিষ্য বেমন অগ্রদর হইতে সক্ষম হয়, সেই অনুসারে এই শিক্ষা ক্রমশঃ বিবৃত করিতেন, তাহা হইলে গুরু ষষ্ঠ অধ্যায়ের শেষেই থামিয়া বলিতে পারিতেন,—"প্রথমে এইটুকুই সাধনা কর, তোষার করিবার ও পাইবার মত বথেষ্ঠ জিনিষ ইহাতেই আছে এবং ইহাই তোমার সাধনার পক্ষে যতদূর সম্ভব উদার ভিত্তি হইতে পারে ষতংপর যে সব সমস্তা বা সংশয় উঠিবে, আপনা হইতেই সে সকলের সমাধান হইয়া বাইবে অথবা আমিই তোমার জন্ত সে শ্সকলের সমাধান করিয়া দিব। কিন্তু বর্তমানে, আসি বাহা

বলিয়াছি, তাহাই জীবনে সাধনা কর; ভিতরে এই ভাব রাথিয়া কর্ম কর।" সত্য বটে, এথানে এমন অনেক জিনিষ আছে বেওলি ঠিক ঠিক বুঝিতে হইলে পরবর্ত্তী অংশের আলোক প্রয়োজন। উপস্থিত সমস্রার মীমাংসার জক্ত এবং ভূল বোঝা নিবারণের জক্ত আমাকেও পরের অনেক কথা এথানেই বলিতে হইয়াছে; এইরূপেই আমাকে প্রক্ষোত্তমতত্ত্বের অবতারণা করিতে হইয়াছে, কর্মান এই তত্ত্বের অবতারণা না করিলে আত্মী, কর্ম্ম এবং কর্ম্মের ঈশ্মর সম্বন্ধে কতকগুলি সংশ্বের মীমাংসা করা যাইত না; শিশ্ব সম্পূর্ণভাবে উপযুক্ত না হওয়া পর্যায় এই তত্ত্বের অবতারণা করিলে পাছে তাহার বৃদ্ধির গোলমাল হইয়া সাধন পথে সে বিচলিত হয় সেইজক্ত গীতা ইচ্ছা করিয়াই এই সংশারগুলি সমাধান করিবার এথানে কোন চেটা করে নাই।

গুরু এইথানেই শিক্ষা হুগিত রাথিলে অর্জুনও আগত্তি তুলিয়া বলিতে গারিতেন,— আপনি বাসনা আসজির বিনাশ সমকে, সমতার সমকে, ইন্দ্রিরগণকে জয় করা এবং মনকে শাস্ত করা সমকে, বিক্ষোভহীন অনহঙ্কৃত কর্ম সমকে, যজ্জার্থে কর্ম সমকে কথাই বলিয়াছেন এবং এগুলি কার্য্যতঃ সাধন করা আমার পক্ষে যত কঠিন বলিয়াই বোধ হউক, এগুলি আমি বুদ্ধির দারা বুঝিতে পারিয়াছি। কিছু আবার আপনি বলিয়াছেন বে কর্ম লইয়া থাকিবার কালেই গুণ সকলের উপরে

উঠিতে হইবে অথচ এই সকল গুণের ক্রিয়া কিরূপ তাহা আমাকে বলেন নাই. এবং তাহা বতক্ষণ আমি না জানিতেছি ততক্ষণ এই সকলগুণের কার্য্য ধরা এবং তাহাদের উপরে উঠা আধার পক্ষে কঠিন হইবে। তাহা ছাড়া, আপনি ভদ্ধিকেই যোগের শ্রেষ্ঠ অঙ্গ বলিয়াছেন, অথচ আপনি কর্ম ও জ্ঞান সম্বন্ধে অনেক কথাই বলিলেন কিছ ভক্তি সম্বন্ধে এক রক্ম কিছুই বলেন নাই। আর, কাহাকেই বা এই ভক্তি, এই শ্রেষ্ঠ জিনিষ অর্পণ করিতে হইবে ? নিস্তন নিগুণ ব্রহ্মকে নিশ্চয়ই নহে, ভক্তি করিতে ছইবে আপনাকে, ঈশরকে। তাহা হইলে আমাকে বলুন, আপুনি কি

প্রভান যেমন কর্ম অপেকা বড় অকর বন্ধ তেমনিই কর প্রকৃতি অপেকা বড়, আবার ভক্তি যেমন আত্মজানের অপেকাও বড়, আপনিও তেমনিই অক্ষর বন্ধ অপেকা বড়-এইরূপে আপনি যে সর্বশ্রেষ্ঠ সতা, বলুন আপনার হরপ কি? এই তিন জিনিষের মধ্যে সম্বন্ধ কি? কর্ম, জ্ঞান, ভগবছক্তি ইহাদের মধ্যে দম্ম কি? "প্রকৃতি-মু" পুরুষ এবং অক্ষর পুরুষ ইহাদের সহিত সেই পুরুষোত্তমের সম্বন্ধ কি. যিনি একাধারে সকলের অক্ষর আত্মা এবং জান, ভক্তি ও কর্মের প্রভূ, বে প্রমেশ্র এই মহাযুদ্দে জামার রথে সার্থিরূপে অবতীর্ণ? এই সকল প্রশ্নের উত্তর দিতেই নীতার বাকী অংশ লিখিত হইয়াছে। বান্তবিক, বৃদ্ধির পক্ষে সম্পূর্ণভাবে সন্তোষজনক মীনাংসা

দিতে হইলে এই সকল প্রশ্ন ফেলিয়া রাখা চলে না, অবিলম্বে ইহাদিগকে তুলিয়া সমাধান করিতেই হয়। কিছু বাস্তব সাধনায় এইরূপে একেবারে সমস্ত প্রশ্নের মীমাংসা করিতে হয় না, সাধক স্তরের পর স্তর অতিক্রম করিয়া ক্রমশঃ অগ্রসর হয়, অনেক তস্ত্র, বস্তুতঃ, সর্ব্বাপেকা উচ্চতত্ব সকল ভবিষ্যতের জক্ম থাকে, সাধক আধ্যাত্মিক উপলব্ধিতে যত অগ্রসর হয়, সেই আলোকে উচ্চতরতত্ব সকল ক্রমশঃ উঠে ও পূর্ণভাবে মীমাংসিত হয়। গীতা কতকটা এই পদ্ধতিই অক্সরণ করিয়াছে এবং প্রথমে কর্ম ও জ্ঞানের উদার ভিতিস্থাপন করিয়াছে; এথানে এমন জিনিষ দিয়াছে যাহা হইতে পরে ভক্তিতে এবং উচ্চতর জ্ঞানেতে পৌছান যাইবে। গীতার প্রথম ছয় অধ্যায়ে আমরা এই ভিত্তি পাই।

তাহা হইলে, যে সমস্যা লইয়া গীতার আরম্ভ তাহার
সমাধান এই ছয় অধ্যায়ে কতদ্র অগ্রসর হইয়াছে আমরা
এইথানে থামিয়া তাহার আলোচনা করিতে পারি। "এইথানে
আবার বলা প্রয়োজন, যে কেবল এ সমস্যারই সমাধানের জ্ঞা
বিশ্বজগতের স্বরূপ সম্বন্ধে এবং সাধারণ জীবন ছাড়াইয়া দিব্য
জীবন লাভ সম্বন্ধে সমস্ত প্রশ্ন যে তুলিতেই হইত এমন কোন
কথা নাই। অক্স্ক্নের যে সমস্যা লইয়া গীতার আরম্ভ সে
সমস্যার মীমাংসা নানারূপে করা যাইতে পারিত। ব্যবহারিক
দিক হইতে, নীতিশাল্পের দিক হইতে এ সমস্যার মীমাংসা কয়া

যাইত অথবা এই সমস্ত দিক বিবেচনা করিয়াই একটা মীমাংসা করা যাইত; বাস্তবিক পক্ষে এই সমস্যার এইরূপ সমাধানই আমাদের আধুনিক প্রথা। 💖 এই সমস্যাটি ধরিলে প্রথমে কেবল এই প্রশ্নই উঠে যে, হত্যাকাণ্ড করিতে অর্জুনের যে পাপের ভয় হইতেছে সেই ব্যক্তিগত পাপপুণ্য জ্ঞানের দ্বারা তাহার পরিচালিত হওয়া উচিত, না, ধর্মের জন্ম, ন্যায়ের জন্ম, . অক্সায় অত্যাচারের বিরুদ্ধে দণ্ডায়মান হওয়া সকল মহাস্কুভব, ব্যক্তিরই সমাজের প্রতি, দেশের প্রতি কর্ত্তব্য বলিয়া মনে হয় সেই কর্ত্তব্যজ্ঞানের দারা তাহার পরিচালিত হওয়া উচিত? আমাদের যুগে, বর্ত্তমান মুহুর্তেই এই প্রশ্ন উঠিয়াছে এবং নানাভাবে নানা দিক দিয়া এই প্রশ্নের সমাধান করা যায় ও বন্ধত: করা হইতেছে, কিন্তু এই সমস্ত মীমাংসা হয় আমাদের সাধারণ জীবনের দিক হইতে. মাহুষের সাধারণ মনোভাবের দিক হইতে। 'আমরা বলিতে পারি যে এখানে প্রশ্<u>ন</u> হইতেছে.—ব্যক্তিগত বিবেকের নির্দেশ পালন করা উচিত, না, সমাজের প্রতি, দেশের প্রতি আমাদের বে কর্ত্তব্য রহিয়াছে তাহারই অমুসরণ করা উচিত,— একটা আদর্শ নীতির অমুসরণ করা উচিত, না, কার্য্যক্ষেত্রে যাহা উপযোগী এমন ব্যবহারিক নীতিরই অনুসরণ করা উচিত,—আত্মার শক্তির ("Soul force") উপর নির্ভর করিয়া থাকা উচিত, না. জীবন এখনও সমগ্রভাবে আত্মায় পরিণত হয় নাই এবং ধর্মের জন্ম, ন্যায়ের জন্ম যুদ্ধে অক্সধারণ করা কথনও কখনও অবশুস্তাবী হইয়া পড়ে, এই কঠোর সত্যকে খীকার করা উচিত ? যাহার যেরূপ হৃদয় মন বৃদ্ধি খভাব তিনি তদমুদারে এই প্রশ্নের মীমাংসা করিয়া থাকেন; ইহাতে আমাদের ব্যক্তিগত স্বভাব এবং নৈতিক ও মানসিক উন্নতির অবস্থামুসারে উপযোগী একটা মীমাংসা আমরা করিতে পারি; কিন্তু, এরূপে চরম মীমাংস। হইতে পারে না। কারণ, এই মীমাংদা আমাদের দাধারণ মন বুদ্ধি হইতে আইদে,—এই মন আমাদের জীবনের নানাদিকের টান ও ঝোঁকের বশ.--श्रामात्मत्र मत्नत्र এই जकल त्यांक, श्रामात्मत्र विठात वृष्कि. আমাদের নৈতিক স্বভাব, আমাদের কর্মের প্রেরণা, আমাদের मःश्वात. आमारमत श्रमग्रवृद्धि, आमारमत मरधा नाना अख्डाछ প্রেরণা—এই সকলের মধ্যে যাহা হউক এক রকম সামঞ্জস্য করিয়া আমাদের মন একটা মীমাংসায় পৌছায়: গীতা ব্রিয়াছে যে. এইভাবে কোন চরম মীমাংসা হইতে পারে না. কেবল একটা সামন্ত্ৰিক কাজ চুলা মীমাংসা হইতে পারে মাত্র: অর্জ্বনকে প্রথমে তৎকালপ্রচলিত শ্রেষ্ঠ আদর্শ অমুসারে এইরূপ একটা কাজ চলা মীমাংসা দেওয়া হইয়াছে। অৰ্জুনের তথন সেরপ মীমাংসা গ্রহণ করিবার ধাত নহে, বাস্তবিক, অর্জ্জুন ঐ মীমাংসাতেই সম্ভষ্ট হউক তাঁহার দিব্যগুরুরও সে ইচ্ছা ছিল না: যাহা হউক অর্জ্জন যথন সেরপ মীমাংসার সম্ভূষ্ট इरेटनन ना उथन श्वक अन्न धक मण्णूर्ग विভिन्न मिक इरेटा, धक সম্পূর্ণ বিভিন্ন মীমাংসা দিতে অগ্রসর হইলেন।

গীতার মীমাংসা হইতেছে যে. আমাদের প্রাক্বত জীবন এবং সাধারণ মনের উপরে উঠিতে হইবে, আমাদের বিচার বৃদ্ধি ও শাধারণ নীতি-জ্ঞানের সংশয়সমূহের উপরে অন্ত এক চৈতক্তের মধ্যে উঠিতে হইবে সেথানে সন্তার ধর্ম আলাদা এবং সেইজক্ত স্মামাদের কর্মের ভিত্তি ও মূল নীতিও আলাদা; সেথানে ব্যক্তিগত বাসনা, ব্যক্তিগত হৃদয়াবেগের দ্বারা আমাদের কর্ম আর নির্দ্ধিত হয় না; সেখানে হন্দ্ সকলের অবসান হয়; সেথানে কর্ম আর আমাদের নিজের থাকে না, অতএব সেথানে ব্যক্তিগত পুণ্য বা ব্যক্তিগত পাপ বোধের উপরে উঠা যায়: সেথানে বিশ্বব্যাপী বিরাট পুরুষ ভগবান আমাদের ভিতর দিয়া শগতে তাঁহার উদ্দেশ্য সম্পাদন করেন; সেখানে আমরাও এক **অভিনব ও দিব্য জন্ম লাভ করি. সেই ভাগবত সত্তার সত্তাতে** পরিণত হই, সেই শক্তির শক্তিতে পরিণত হই, সেই আনন্দের আনন্দেতে পরিণত হই; তথন আমরা আমাদের নীচের প্রকৃতিকে ছাড়াইয়া উঠি বলিয়া, তথন আমাদের নিজেদের জন্ম করিবার কোন কাজ থাকে না. নিজেদের জন্ম অমুসরণ করিবার কোন ব্যক্তিগত বাসনা বা লক্ষ্য থাকে না, কিন্তু তথন যদি আমরা আদৌ কর্ম করি * তাহা হইলে কেবল ভগবানের কাঞ্চ ক্রি, তথন আমাদের বাহ্ন প্রকৃতি আর এই সকল দিব্যকর্মের . নিরামক বা প্ররোচক থাকে না. কেবল উর্দ্ধের শক্তির হস্তে

কেবল এই একটি মাত্র সমস্তার সমাধান করা বাকী থাকে।

যন্ত্রমাত্র হইয়া কার্য্য করে আমাদের কর্মের যিনি ঈশ্বর, তাঁহারই ইচ্ছা হয় আমাদের সকল কর্মের প্রবর্ত্তক। এই মীমাংসাকেই প্রকৃত भीभांश्या वला इहेबाएइ, কারণ ইহা আমাদের জীবনের প্রকৃত সত্যের অনুযায়ী এবং আমাদের প্রকৃত স্বরূপ অনুসারে জীবন যাপনই যে চরম মীমাংসা, আমাদের জীবনের সমস্ত সমস্তার একমাত্র পূর্ণ সমাধান সে বিষয়ে কোন সন্দেহই নাই। আমানের মন ও প্রাণ লইয়া আমানের যেরূপ তাহা আমানের প্রাকৃত জীবনে সভা, কিন্ধ তাহা অজ্ঞানের, অবিভার সভা এবং ইহার সহিত সংশ্লিই যাহা কিছু আছে দে সবই এই রকমের সত্য, কিন্তু আমাদের প্রকৃত স্বরূপে যথন আমরা ফিরিয়া যাই, তথন আর এ সবের কোন সার্থকতা বা মূল্য থাকে না। কিন্তু, ইহাই যে প্রকৃত কথা সে সম্বন্ধে আমরা কেমন করিয়া নিঃসন্দেহ হইব ? আমরা নিঃসন্দেহ হইতে পারিব না. যতক্ষণ আমরা আমাদের সাধারণ মানসিক উপলব্ধি লইয়াই সন্তঃ থাকিব: কারণ আমাদের সাধারণ মনের অমুভৃতি উপলব্ধি সম্পূর্ণ ভাবে নীচের প্রকৃতির, অজ্ঞানে পূর্ণ। এই উচ্চতর সত্যকে জানিতে হইলে জীবনের মধ্যেই তাহাকে ধরিতে হইবে অর্থাৎ যোগের দ্বারা মানসিক উপলব্ধি হইতে উপরে উঠিয়া আধ্যা-আিক উপলব্ধিতে প্রবেশলাভ করিতে হইবে,—ইহা ছাড়া আর অক্ত কোন উপায় নাই। কারণ, আমরা যতক্ষণ মনের উপরে উঠিয়া আত্মার সহিত একাত্ম না হইতে পারিতেছি, আমাদের বর্ত্তমান খণ্ডপ্রকৃতি হইতে মুক্ত হইয়া যতক্ষণ আমাদের সত্য ও

দিব্য সন্ধার মধ্যে সম্পূর্ণরূপে বাস না করিতে পারিতেছি, ততক্ষণ জ্ঞীবনে একাস্কভাবে আধ্যান্মিক অমৃভৃতি লইয়া চলার নামই বোগ।

এইরপে 'নীচের প্রাকৃত জীবন হইতে উপরে উঠা এবং এইরপে আমাদের সমগ্র সতা ও চৈতন্তের রূপান্তর সাধন এবং ইহার ফলে আমাদের কর্মের (বাহিক কোনরূপ পরিবর্ত্তন না হুইলেও)ভাব ও প্রেরণার সম্পূর্ণ পরিবর্ত্তন—ইহাই গীতার কর্মযোগের সার তত্ত। তোমার সম্ভার পরিবর্তন সাধন কর. আত্মার মধ্যে পুনর্জন্ম লাভ কর এবং এইরূপ নবন্ধন্ম লাভ করিয়া তোমার অন্তরাত্মার নির্দেশ অনুসারে কর্ম কর— ইহাকেই কর্মধোগের মর্মকথা বলা যাইতে পারে। অথবা, আরও গভীর আধ্যাত্মিক ব্যঞ্জনার সহিত বলা যাইতে পারে.— তোমাকে এখানে যে কর্ম করিতে হর সেই কর্মকে তোমার আধ্যাত্মিক পুনর্জন্ম লাভের সহায় কর (অর্থাৎ এমন ভাবে তোমার কর্ম কর যেন সেই কর্মের সাহায্যে তুমি ভিতরে দিব্য জন্মলাভ করিতে পার) এবং দিব্যভাব প্রাপ্ত হইবার পরও লোকসংগ্রহের নিমিত্ত ভগবানের যন্ত্র স্বরূপ দিব্যকর্ম সকল সম্পাদন কর।

অতএব এখানে ছুইটি জিনিষ বেশ ভাল করিয়া বুঝিতে হুইবে, প্রথমতঃ, আমাদের সন্তার ও প্রকৃতির রূপান্তর সাধনের উপায় ঝি, উপরে উঠিবার, দিব্য জন্মলাভ করিবার উপায় ঝি, পথ ঝি তাহা বুঝিতে হুইবে, দ্বিতীয়তঃ কর্ম্মের

প্রকার কিরূপ হইবে, তাহা বুঝিতে হইবে [বস্তুতঃ ভিতরে কি ভাব লইয়া কর্ম করিতে হইবে তাহাই বুঝিতে হইবে, কারণ কর্ম ব্যাহ্নতঃ কি রকম হইবে সে বিষয়ে কোনরূপ পরিবর্তনের প্রয়োজন নাই, তবে কর্ম্মের উদ্দেশ্য ও লক্ষ্য সম্পূর্ণভাবে বিভিন্ন হইবে]। কিন্তু, কার্য্যতঃ এই ছুইটি জিনিষ্ট এক, কারণ একটিকে ভাল করিয়া বুঝিলে অপরটিকেও বুঝা যায়। আমাদের কর্মের পশ্চাতে ভাব কিরূপ হইবে তাহা আমাদের সত্তার স্বরূপ ও ভিতরের প্রতিষ্ঠার উপর নির্ভর করে, কিন্তু আবার এই স্বরূপও আমাদের কর্মের ভাব ও গতির দারা পরিবর্তিত হয়: স্মামাদের কর্ম্মের ভাবগতি থুব বেশী পরিবর্ত্তিত হইলে, তাহাতে আমাদের সত্তা রূপাস্তরিত হয় এবং ইহার ভিত্তিও পরিবর্তিত হয়: চেতনশক্তির যে কেন্দ্র হইতে আমরা কর্ম করি তাহা সরিয়া যায়। এইরূপ হওয়া কখনই সম্ভব হইত না, যদি জীবন ও কর্ম একেবারে মিথ্যা মান্না হইত, যদি জীবন ও কর্ম্মের সহিত আত্মার কোন সম্পর্ক না থাকিত; কিন্তু, আমাদের মণ্যে আত্মা জীবন ও কর্ম্মের দ্বারাই বর্দ্ধিত ও বিকশিত হয়: তবে বাহিরের কর্ম্মেরই দ্বারা ততটা নহে, যতটা কর্ম্মের পিছনে আছে যে ভাব ও শক্তি তাহার দারাই আমাদের আত্মার সহিত পরমাস্থার সম্বন্ধ নির্ণীত হয়। বুহত্তর আত্মোপলব্ধির সাধনায় কার্য্যতঃ কর্মধোগের ইহাই সার্থকতা।

গোড়াতে ভিত্তি শ্বরূপে **আম**রা ইহাই পাইতেছি যে মা**মুবের** বর্ত্তমান আভ্যন্তরীণ জীবনই তাহার সব নহে, তাহার জীবনের

সম্ভাবনা ইহা অপেক্ষা অনেক বড়, এমন কি এই অবস্থা তাহার প্রকৃত বর্ত্তমান জীবনেরও স্বথানি নহে; মামুষের এই বর্ত্তমান জীবন প্রায় সম্পূর্ণভাবেই তাহার দেহ ও প্রাণের উপরে প্রতিষ্ঠিত, কেবল মানসিক শক্তির সীমাবদ্ধ খেলায় একটু উপরে উঠিয়াছে। মাতুষের ভিতরে লুকায়িত এক আত্মা র্হিয়াছে, মাহুষের বর্ত্তমান প্রকৃতি সেই ভিতরের আত্মার বাহ্দ্রপ অথবা উহার আংশিক লীলা বিকাশ। গীতা বরাবর মান্নবের প্রকৃতিকে আত্মার লীলাবিকাশরূপে সত্য বলিয়াই ধরিয়াছে বলিয়া মনে হয়, চরমপন্থী বৈদান্তিকদের স্থায় মিথ্যা মারা মাত্র বলে নাই; এইরূপ বেদান্ত মত গ্রহণ করিলে সকল প্রকার কর্মের মূলে কুঠারাঘাত করা হয়। এই বিষয়ে গীতা নিজের দার্শনিক মত ব্যক্ত করিতে সাংখ্যদর্শনকৃত প্রকৃতি পুফষের বিভেদ অবলম্বন করিয়াছে * পুরুষ জ্ঞাতা, ভর্তা, অন্নয়া, আর প্রকৃতি কর্ম করে, যন্তের, আধারের, কর্মের, নানা বৈচিত্র্যুঁ স্ষ্টি করে। গীতা কেবল সাংখ্যের মৃক্ত ও অক্ষর পুরুষকে লইয়া বেদান্তের ভাষায় তাহাকে বলিয়াছে অদিতীয়, অক্ষর, সর্বব্যাপী আত্মা বা ব্রহ্ম এবং প্রকৃতিতে বদ্ধ অপর আত্মার সহিত এই অক্ষর ব্রহ্মের প্রভেদ করিয়াছে,--এই "প্রকৃতিস্থ" আত্মাই আমাদের ক্ষর ও লীলারত আত্মা, ইহাই সর্বভূতের বছরূপী আত্মা, ইহাই সকল বৈচিত্যের এবং বিভিন্ন

গীতার দার্শনিক মতের এই অংশ অক্ত ভাবেও ব্যক্ত করা চলিত।

নাম রূপের ভিত্তি। কিন্তু, তাহা হইলে প্রকৃতির ফর্ম্মের স্বরূপ কি ?

মূলতঃ তিনটিগুনের পরম্পরের দহিত থেলাই প্রকৃত্রির কর্ম্মের ধারা। তাহার পর, আধার কি ? প্রকৃতির ক্রমবিকাশে যে সকল মন্ত্রের উত্তব হইয়াছে তাহাদের সম্মেলনই আধার; প্রকৃতির কার্য্যের দ্রপ্তা আগ্নাতে এই সকল যন্ত্র যে ভাবে প্রতিফলিত হয়. এখানে ক্রমপর্য্যালুসারে তাহাদের উল্লেখ করা যাইতে পারে. বুদ্ধি ও অহমার, মন, ইন্দ্রিগণ, এবং জড়শক্তির, মূল উপাদান পঞ্চ মহাভূত। এই সমস্তই জড়, প্রকৃতির জটীল যন্ত্র; আধুনিক মতাহ্বসারে বলিতে পারা যায় যে, ইহার। সবই জড়শক্তির অন্তর্গত, "প্রকৃতিস্থ" আত্মা এই সকল যন্ত্রের ক্রমবিকাশের দ্বারা বেমন ক্রমশঃ নিজেকে জানিতে পারে, এই সকল যন্ত্রও তেমনই জড়শক্তির মধ্যে ক্রমশঃ বিকশিত হইয়া উঠে, তবে ইহাদের অভিব্যক্তির ক্রম পূর্বের উল্লিখিত ক্রমের বিপরীত, যথা,—প্রথমে মহাভূত (Matter), তাংশর পর ইন্দ্রিয়ামূভূতি (Sensation), তাহার পর মন, পরে বুদ্ধি, শেষে আগ্যাত্মিক চৈতন্ত। বুদ্ধি প্রথমে প্রকৃতির থেলা লইয়া ব্যস্ত থাকে; তাহার প্র প্রকৃতির এই খেলার যথার্থ স্বরূপ বোঝা বৃদ্ধির পক্ষে সম্ভব হইতে পারে, বুদ্দি বুঝিতে পারে যে এই সব কেবল তিন্ওণের খেলা এবং এই থেলায় আত্মা বাঁধা পড়িয়াছে, আত্মা যে এই থেলা হইতে স্বতম্ব বস্তু বৃদ্ধি সে ভেদ বৃদ্ধিতে পারে; তথন আত্মা নিজেকে এই বন্ধন হইতে মুক্ত করিয়া তাহার স্নাতন মুক্তি ও অক্ষর

সত্তার ফিরিয়া যাইবার স্থযোগ পায়। বেদান্তের ভাষার ইহা তথন পরমাত্মাকে দেখে, সত্য বস্তকে দেখে; আত্মা আর তথন নিজেকে প্রকৃতির যন্ত্র ও প্রকৃতির কর্মের সহিত এক বলিয়া দেখে না; ইহা তথন নিজের প্রকৃত সত্তার সহিত নিজেকে অভিন্ন দেখে এবং নিজের অক্ষর, আধ্যাত্মিক, স্থপ্রতিষ্ঠ অবস্থা ফিরিয়া পায়। তথনই সেই আধ্যাত্মিক আত্ম-প্রতিষ্ঠা হইতে আত্মা মুক্ত তাবে, নিজের সত্তার প্রকৃত ভাবে, ঈশ্বর ভাবে, নিজের বিকাশের লীলাকে ধারণ করিতে পারে, ইহাই গীতার মত।

মনোবিজ্ঞানের যে সকল তথ্যের উপর এই সব দার্শনিক *
ভেদবিচার প্রতিষ্ঠিত, কেবল সেই সকল ব্যাপারের দিকে লক্ষ্য করিলে বলিতে পারা যায় যে, আমরা তুই প্রকারে জীবন যাপন করিতে পারি—(১) নিজের সক্রিয় প্রকৃতির লীলায় মগ্ন আত্মার জীবন,—এই জীবনে আত্মা তাহার শারীরিক ও মানসিক যন্ত্র সহিত নিজেকে অভিন্ন বলিয়া মনে করে, এই সকল যন্ত্রের দারা সীমাবদ্ধ হয়, নিজের নাম রূপের মধ্যে বদ্ধ হয়,প্রকৃতির অখীন হয়, আর(২) উপরের আত্মার জীবন, এই জীবনে আত্মা এই সকল জিনিষের উপরে, বিরাট, নামরূপের অতীত, সর্বব্যাপী, মৃক্ত, অসীম—ইহা অনস্ত সমতার সহিত,

^{*} জড়জাগৎ ও মনোজগতের ব্যাপার-সমূহের মূলতন্ধ এবং যদি কোল এক পরম সতা বস্তু থাকে, তাহার সহিত ইহাদের সম্বন্ধ, বিচার বৃদ্ধির সহারে বিহৃত করাই দর্শন-শাস্ত্র বা Philosophy i

ইহার প্রাক্ত জীবনও কর্মকে ধরিয়া থাকে কিন্তু, নিজে মুক্ত ও অসীম হওরার ইহাদের দারা বদ্ধ হর না। আমাদের বর্ত্তমান প্রাকৃত সন্তার মধ্যেই আমরা বাস করিতে পারি। অথবা আমাদের উচ্চতর ও আধ্যান্মিক সন্তার মধ্যে বাস করিতে পারি। গোড়ার এই বড় প্রভেদটির উপর গীতার কর্মবোগ প্রতিষ্ঠিত।

তাহা হইলে সমগ্র সমস্ত। হইতেছে, এই যে, কেমন করিয়া আত্মাকে আমাদের বর্ত্তমান প্রাক্তত সত্তার গণ্ডী হইতে মুক্ত করা যায়। আমাদের প্রাকৃত জীবনে যে ব্যাপারটি আর সকলকে ঢাকিয়া রাখিয়াছে তাহা হইতেছে, বাহস্পর্শের বশুতা, জড়প্রকৃতির বাহ্মরূপের বশুতা। বাহ্য-স্পর্শসকল ইন্দ্রিয়ের ভিতর দিয়া আমাদের প্রাণে উপস্থিত হয় এবং প্রাণও তৎক্ষণাৎ ইন্দ্রিয়ের ভিতর দিয়া ঐ সকল বাহ্যবস্তুকে ধরিবার জন্ম, উপভোগ করিবার জন্ম ধাবিত হয়, বাসনা করে, আসক্ত হয়, ফল চায়। মন এই ইক্রিয়ের ক্রিয়াকে সর্বতোভাবে অনুসরণ করে, মনের ভিতরের সর্কল অমুভূতি, প্রতিঘাত, আবেগ এবং সমস্ত অভ্যন্ত চিন্তা, ভাব, প্রতক্ষ্যের ক্রিয়া, ইন্দ্রিয়গণেরই অম্বর্ত্তী। বৃদ্ধিও মনের টানে পড়িয়া এই ইন্দ্রিগত জীবনে নিজেকে ভাসাইয়া দেয়,—এইরূপ জীবনে অন্তরাত্মা বাহুরূপের অধীন হইয়া পড়ে এবং মুহুর্ত্তের জন্মও ইহার, উপরে উঠিতে পারে না, বাহজগৎ আমাদের অন্তরে যে সকল ঘাত প্রতিঘাতের স্ষ্ট করে তাহাদের গণ্ডী ছাড়াইয়া যাইতে পারে না। পারে ना অহলারের জন্ম ;--প্রকৃতি আমাদের মন, ইচ্ছা, ইন্দ্রির,

দেহের উপর যে ক্রিয়া করিতেছে তাহার সমষ্টি হইতে বৃদ্ধি অহমারের মারা অপরের দেহ মনাদির উপর প্রকৃতির ক্রিয়াকে প্রভেদ করে; এবং আমরা জীবন বলিতে বুঝি প্রকৃতি আমাদের অহংকে কিরূপ আঘাত করিতেছে এবং আমাদের অহং কিরূপ প্রকৃতির স্পর্শের প্রতিষাত করিতেছে। আমরা আর কিছু জানি না, আমরা যে আর কিছু তাহা মনে হয় না ; আত্মাকেই মনে হয় যেন কেবল মন, ইচ্ছা, এবং চিত্ত ও সায়ুর ঘাত প্রতিঘাতের একটা স্তৃপ। আমাদের 'অহং"কে আমরা বিস্তৃত করিতে পারি, নিজেদিগকে পরিবার, সম্প্রদায়, জাতি, দেশ, এমন কি সমগ্র মানবজাতিরই সহিত এক করিয়া দেখিতে পারি। কিন্তু, তথাপি এই সব ছন্মবেশের অন্তরালে আমাদের "আমিই" থাকে সকল কার্য্যের মূল, কেবল এই সকল বাহ্য বস্তুর সহিত সম্বন্ধ বিস্তৃত হওয়ায় আমাদের অহঙ্কারের আরও অধিক তৃপ্তি হয় মাতা।

তথনও আমাদের ভিতরে প্রাক্বত দন্তার ইচ্ছাই কার্য্য করে, বাহ্য জগতের স্পর্শ ধরিয়াই "আমি"র—বিভিন্ন রূপের তৃপ্তি করিতে চায়—এবং এই ইচ্ছা সকল সময়েই বাসনার ইচ্ছা, কাম, ক্রোধের ইচ্ছা, কর্মেও কর্মাকলে আসক্তির ইচ্ছা, ইহা আমাদের ভিতরে প্রকৃতিরই ইচ্ছা। আমরা বলি বটে, বে ইহা আমাদের নিজের ইচ্ছা কিন্তু আমাদের "নিজত্ব" আমাদের স্প্রকৃতিরই ইচ্ছা, ইহা আমাদের মৃক্ত আত্মা নহে, আমাদের স্বাধীন সত্তা নহে, হইতেই পারে না। এই

সমস্তই প্রকৃতির গুণের খেলা। ইহা তমোগুণের থেলা হইতে পারে, তথন আমাদের স্বভাব হয় জড়ের ক্রায়,। আমরা গতাত্থগতিক হইয়া পড়ি, সংসারের বাঁধাধরা চালের বাহিরে যাইতে চাই না, আরও স্বাধীন ও মুক্তভাবে কার্য্য করিবার কোন বিপুল প্রয়াস করিতে সক্ষম হই না। অথবা [:] ইহা রজোগুণের থেলা হইতে পারে, তথন আমাদের স্বভাব হয় চঞ্চল, অস্থির, কর্মপ্রবণ, আমরা প্রাক্টিক ঘটনা-স্রোতের উপর ঝাঁপাইয়া পড়ি এবং প্রকৃতিকে বশ করিয়া নিজের প্রয়োজন দিদ্ধ, নিজের বাসনাতৃপ্ত করিতে চেষ্টা করি, কিন্তু দেখিতে পাই না যে ইহা আমাদের জয় বা প্রভুত্ব বলিয়া মনে হইলেও বাস্তবিক পক্ষে ইহা দাস্ত্র-ভিন্ন আর কিছুই নহে, কারণ আমাদের যে বাসনা ও প্রয়োজন, সে সব প্রকৃতিরই বাসনা ও প্রয়োজন এবং যতক্ষণ আমরা উহাদের বশ ততক্ষণ আমাদের কোনরূপ স্বাধীনতা থাকিতে পারে না। অথবা ইহা সম্বগুণের থেলা হইতে পারে. তথন আমাদের স্বভাব হয় জ্ঞানময় এবং আমরা বিচার-বৃদ্ধির অমুসরণ করিয়া জীবন যাপন করিতে চাই অথবা সত্য, শুভ বা স্থন্দরের কোন আদর্শ বাছিয়া লইয়া তাহারই অমুসরণ করিতে চেষ্টা করি: কিন্তু, এখানেও বিচার-বৃদ্ধি প্রকৃতির বাহুদ্ধপের বশ এবং ঐ সকল আদর্শ আমাদের আমিত্বেরই পরিবর্ত্তনশীল বিভিন্নরূপ মাত্র এবং ইহাতে শেষ পৰ্য্যন্ত আমরা কোন নিশ্চিত ধৰ্ম বা স্থায়ী তৃপ্তিলাভ রতে পারি না। তথনও আমরা একটা ঘূর্ণীয়মান চক্রের

উপর ঘুরিতে থাকি, এবং আমাদের অহংয়ের ভিতর দিয়া এক শক্তি আমাদিগকে ঘুরায়, সে শক্তি আমাদের ভিতরেও রহিয়াছে, আমাদের বাহিরেও রহিয়াছে কিন্তু আমরা নিজেরা সে শক্তি নহি কিন্তা সজ্ঞানে সে শক্তির সহিত যুক্ত নহি। তথনও কোন মুক্তি নাই, প্রকৃত ঈশ্বর্জ নাই।

অথচ মুক্তি সম্ভব। ইহার জন্ম আমাদিগকে প্রথমে আমাদের ইন্দ্রিয়ের উপর বাইজগতের যে ক্রিয়া তাহা হইতে সরিয়া নিজেদের ভিতরে আসিতে হইবে; অর্থাৎ, আমাদিগকে অস্তর-মুখী হইয়া চলিতে হইবে, ইন্দ্রিয়গণ যে স্বভাবতঃ বাহ্যবস্তুর मित्क त्मोड़ारमोड़ि करत ठाशामिशत्क व्यावृकाश्टरा इटेरव। ইন্দ্রিরগণের উপর প্রভূত্ব, তাহারা যে সব বস্তুর জন্ম লালায়িত দে সকল বস্তু না পাইলেও অবিচলিত থাকিবার সামর্থ্য.- -ইহাই প্রকৃত আধ্যাত্মিক জীবনের জন্ত সর্বপ্রথমে প্রয়োজন; কেবল এইরূপেই আমরা অমুভব করিতে আরম্ভ করিব যে, আমাদের মধ্যে একটি আত্মা রহিয়াছে,—বে আত্মা বাহস্পর্শে নিত্য পরিবর্ত্তনশীল মন হইতে স্বতন্ত্র, ঐ আত্মা নিজের গভীরতর সত্তায় স্বপ্রতিষ্ঠ, অক্ষর, প্রশান্ত, আত্মন্ত্রী, বিরাট, মহান, অচলপ্রতিষ্ঠ, সে আত্মা আমাদের বাহ্যপ্রকৃতির অশান্ত ছুটা-ছুটিতে এতটুকু বিচলিত হয় না। কিন্তু, যতক্ষণ আমরা বাসনার বশ ততক্ষণ এই ভিতরের আত্মাকে অহুভব করা যায় না। কারণ, আমাদের সমগ্র বাহ্যজীবনের মূলতত্ত্ব এই বাসনা ইন্সিয়ের ভোগেই তৃপ্তি পায়, কামক্রোধাদি চিত্তবিক্ষোভ লইয়াই

বাসনার সমস্ত থেলা ৷ অতএব, এই বাসনাকে বর্জন করিতেই हरेत: आमात्मत्र श्रीकृष्ठ मखोत এই त्याँक विनष्टे हरेत्न, ইহারই ফলস্বরূপ চিত্তবিকার সমূহও শাস্ত হইয়া পড়িবে; কারণ, এই সকল চিত্তবিকার যে বাহু মুখ ছঃথের ছারা পুষ্ট হয়, সে সকল আমাদের অন্তর হইতে চলিয়া যাইবে, বাসনা দুর হইলে আর লাভ-লোকসানের, জয় পরাজয়ের, ইজিয়-ভোগাদির স্থুধ হৃ:খ আমাদের অন্তরে স্থান পাইবে না। তথন আমরা পাইব এক প্রশাস্ত সমতা। আবার, বেহেতু তথনও আমাদিগকে সংসারে বাস করিতে হইবে, কর্ম করিতে হইবে এবং বেহেতু আমাদের কর্ম করিবার স্বভাবই এই যে কর্ম করিতে হইলেই ফলের আকাজ্জা করিতে হয়, সেই হেতু আমাদের এই স্বভাবের পরিবর্ত্তন করিতেই হইবে এবং কর্মের ফলে অনাসক্ত হইয়া কর্ম করিতে হইবে, নতুবা বাসনা এবং বাসনার সমস্ত পরিণাম ফল থাকিয়াই যাইবে। 'কিন্তু, আমাদের মধ্যে কর্মীর এই বভাব, ফলের আকাজ্জায় কর্ম করিবার মভাব কেমন করিয়া পরিবর্ত্তন করা যায়? ইহার উপায় হইতেছে এই যে. আমাদের "আমি" হইতে আমাদের কর্মকে ষ্পাদা। করিতে হইবে। বুদ্ধির ভিতর দিয়া বুঝিতে হইবে বে এসব প্রকৃতির তিন গুণের খেলা, এবং এই খেলা হইতে আত্মাকে আলাদা করিতে হইবে এবং আত্মাকে আলাদা ক্ষিবার নিমিত্ত আত্মাকে প্রথমে করিতে হইবে প্রকৃতির সকল

শক্তির হতে যে শক্তি প্রকৃতপক্ষে উহাদের পশ্চাতে রহিয়াছে,—
প্রকৃতির ভিতরের দেই শক্তি আমাদের অপেক্ষা বড়, তাহা
আমাদের নিজম্ব শক্তি নহে, তাহা বিশ্বের অধীশ্বর। কিন্তু
মন এই সব করিতে দিবে না; মনের স্বভাবই হইতেছে
ইক্রিয়গণের পশ্চাতে ধাবমান হওয়া এবং বৃদ্ধি ও ইচ্ছাশক্তিকে
নিজের সন্দে টানিয়া লওয়া। অতএব, এই মনকে কেমন
কেরিয়া শান্ত করা যায় তাহা আমাদিগকে শিথিতেই হইবে।
আমাদিগকে এমন পরিপূর্ণ শান্তি ও নিস্তন্ধতা লাভ করিতে
হইবে, যাহাতে আমরা আমাদের ভিতরের প্রশান্ত, অচলপ্রতিষ্ঠ,
আনন্দময় আত্মাকে জানিতে পারিব,—দে আত্মা বাহ্যবস্তর
স্পর্শে চির, অক্ষত ও অবিচলিত, তাহা নিজেতেই পূর্ণ,
নিজেতেই নিত্যতৃপ্ত।

এই আত্মাই আমাদের সনাতন সত্তা। আমাদের ব্যক্তিগত নামরূপের মধ্যে ইহা সীমাবদ্ধ নহে। ইহা সর্বান্ধ্রতের
মধ্যে এক, সর্বব্যাপী, সর্ববস্তুর প্রতি সমান, নিজের অনস্ত
সত্তার ঘারা ইহা সমগ্র বিশ্বলীলাকে ধরিয়া রাখিয়াছে, কিছ
ইহা কোন গণ্ডীর মধ্যে আবদ্ধ নহে, প্রকৃতির পরিক্তিন্ধশীল লীলা,ও নামরূপের খেলার ঘারা উহা কিছুমাত্র বিকৃতিহয় না। আমাদের ভিতরে আত্মা যখন প্রকাশিত হইয়া
পড়ে, আমরা যখন ইহার শান্তি ও নিস্তক্কতা অফ্তব করি,
তথন আমরা ঐ আত্মাতেই পরিণত হইতে পারি; আমাদের
সত্তাকে তথন নীচের প্রকৃতির বন্ধন হইতে তুলিয়া এই আত্মায়

প্রদর্প্রতিষ্ঠিত করিতে পারি। আমরা ইহা করিতে পারি, আমরা যে সকল জিনিব লাভ করিয়াছি, শাস্তি, সমতা, নিস্তৰ নিরহন্ধারিতা-এই সকলের শক্তির দারা। কারণ, বতই ज्यामत्रा এই मन जिमित्व नाष्ट्रित्रा छिठे, ইशामिशत्क भून कतित्रा जुणि, जामारावत नमल প্রকৃতিকে ইহাদের অধীন করিয়া দিই, তত্ই আমরা এই শাস্ত, সম, বিক্ষোভহীন, নামরপহীন, সর্ব-ব্যাপী আত্মায় পরিণত হই। আমাদের ইন্দ্রিয়গণ ঐ নিধর নিস্তৰতার মধ্যে পতিত হয় এবং আমাদের উপর বাহ্মজগতের স্পর্শ সকলকে পরম শাস্তভাবে গ্রহণ করে; আমাদৈর মন ঐ নিতরতার মধ্যে শাস্ত হইয়া যায় এবং সর্বাদর্শী সাক্ষী হয়; আমাদের অহং, "আমি" এই নামরপের অতীত সতায় লয় হইয়া যায়। আমরা নিজেরা যে আত্মা হই সেই আত্মার মধ্যেই আমরা সর্ব্ব বস্তুকে দেখি; এবং সর্ব্ববস্তুতেই এই আত্মাকে দেখি: আমরা আধ্যাত্মিক সন্তায় সর্বাভূতের সহিত এক হই। এই অহঙ্কারশূর শান্তিতে ও সকল ব্যক্তিস্ববোধের উপরে প্রতিষ্ঠিত থাকিয়া কর্ম করিলে, সে কর্ম আর আমাদের থাকে না, তাহা আর আমাদিগকে বন্ধন করে না. প্রতিক্রিয়ার দারা আমাদিগকে বিচলিত করেন। প্রকৃতি ও প্রকৃতির গুণ সকল তাহার কর্মের জাল বুনিতে থাকে, কিন্তু আমাদের হংখ-লেশশৃন্ত স্বপ্রতিষ্ঠ শান্তির হানি করিতে পারে না। সমন্তই সেই এক, সম, সর্বগত ব্রহ্মে সমর্গিত হয়।

किन्ह এथान कृष्टेि नमन्त्रा एतथा याष्ट्रेरिक श्रवसन्तरः, শাস্ত ও অকর আত্মা এবং প্রকৃতির কর্ম এতত্বভরের মধ্যে বিরোধ রহিয়াছে বলিয়া মনে হয়। তাহা হইলে আমরা এক-বার অক্ষর সত্তার প্রবেশ করিলে তাহার পর আদৌ কেমন করিয়া কর্ম থাকিতে পারে. কিম্বা কেমন করিয়া কর্ম চলিতে পারে? অক্ষর অবস্থায় কর্ম্মের সে প্রেরণা কোথায় যাহার দারা আমাদের প্রকৃতির কর্ম সম্ভব হইবে? যদি আমরা শীংখ্যের সহিত বলি যে এই প্রেরণা প্রকৃতিতে আছে. আত্মাতে নাই, তথাপি প্রকৃতির ভিতর একটা ত প্রবৃত্তি থাকা চাই এবং প্রকৃতির ভিতর এমন শক্তি থাকা চাই যেন আত্মাকে অমুরাগ অহঙ্কার ও আসক্তির হারা প্রকৃতির কার্য্যের মধ্যে টানিতে পারে? এই সকল জিনিষ যথন আর আত্মার চৈতক্তে প্রতি-ফলিত হয় না, তখন আর প্রকৃতির শক্তি থাকে না এবং সেই সঙ্গে কর্ম্মের প্রেরণা চলিয়া যায়। কিন্তু গীতা এই মত স্বীকার করে না; বাস্তবিক এই মান গ্রহণ করিলে বছপুরুষের অন্তিম স্বীকার করিতে হয়, শুধু এক বিশ্বব্যাপী পুরুষ মানিলে চলে না, নতুবা বিভিন্ন আত্মার বিভিন্ন প্রকারের জীবন কেন হয় বুঝা যায় না, এবং ৰখন অন্ত লক্ষ্ণ লক্ষ্ম আত্মা বন্ধ থাকে তখন একটি আত্মা কেমন করিয়া মুক্তিলাভ করিতে পারে তাহা বুঝা যায় না। প্রকৃতি একটা স্বতম্ব বস্ত নহে ভগবানের বে শক্তি বিশ্বস্টিতে বাহির হইয়াছে তাহাই প্রকৃতি। কিছ ভগবান যদি ভগু এই একর আত্মা হন, এবং তাঁহা হইতে যে

সন্ধা প্রকৃতির খেলায় বাহির হইয়াছে তাহাই যদি জীব হয়,
তাহা হইলে যে মৃহর্তে জীব ফিরিয়া আসিবে এবং আত্মায়
প্রতিষ্ঠিত হইবে, তথনই সমস্ত বন্ধ হইয়া বাইবে, কেবল
থাকিবে পরম ঐক্য এবং পরম নিস্তন্ধতা। দ্বিতীয়তঃ, যদিও
কোন অচিস্তা উপায়ে তথনও কর্ম চলিতে থাকে, তথাপি
যেহেতু আত্মা সকল জিনিষের প্রতিই সমান, সেহেতু কর্ম
হইল কি না হইল তাহাতে কিছুই আসিয়া যাইবে না, আর
যদিও কর্ম করা হয়, তাহা হইলে কর্ম কোন প্রকারের হইল,
তাহাতে কিছু আসিয়া বাইবে না। তাহা হইলে সর্বাপেক্ষা
ভীষণ ও ধ্বংসসকুল কর্ম করিতে পুনং পুনং আদেশ কেন,
এই রথ কেন, এই যুদ্ধ কেন, এই যোদ্ধা কেন, এই দিব্য
সারথি কেন ?

গীতা এই বলিয়া জবাব দিয়াছে যে, তগবান অক্ষর আত্মা অপেকাও বড়, আরও অধিক ব্যাপক, তিনি একাধারে এই অক্ষর ব্রহ্ম বটেন আবার প্রকৃতির কার্য্যের অধীশরও বটেন। কিন্তু, অক্ষরের যে অনস্ত শান্তি, যে অবিকল্প সাম্য, যে কর্ম্মবন্ধন ও নামরপের অতীত স্বর্গ— ভগবান ভিতরে সেই অক্ষরের ভাব লইয়াই প্রকৃতির কার্য্য পরিচালনা করেন। ভিতরে এই অক্ষর—প্রতিষ্ঠা হইতেই তিনিকর্ম পরিচালনা করেন এবং আমরা যতই এই অক্ষর স্বরূপে বাড়িয়া উঠি, ততই আমরা পরমেশ্বরের স্বাধর্ম্যা লাভ করি এবং দিব্য কর্ম্মের প্রতিষ্ঠা লাভ করি। এই অক্ষর-প্রতিষ্ঠা

হইতে ভগবান প্রকৃতিতে ইচ্ছা ও শুক্তিরূপে বহির্গত হন,
সর্বভ্তে নিজেকে প্রকাশিত করেন, পৃথিবীতে মহুব্যরূপে জন্ম
গ্রহণ করেন, সকল মন্থব্যের হৃদয়ে অবস্থান করেন, অবতার রূপে,
মাহুবে দিব্য জন্মরূপে নিজেকে প্রকৃতি করেন। মাহুব বতই
তাঁহার স্বাধর্ম্য লাভ করে, ততই সে দিব্য জন্ম লাভ করে।
আমাদিগকে আমাদের কর্মের এই অধীশ্বরের উদ্দেশ্থে
যক্তরূপে, যক্তার্থে, কর্ম করিতে হইবে এবং আত্মন্বরূপে বর্দ্ধিত হইরা
তাঁহার সহিত আমাদের একত্ব উপলব্ধি করিতে হইবে এবং
দেখিতে হইবে যে আমাদের ব্যক্তিত্ব প্রকৃতিতে ভগবানের
আংশিক প্রকাশ শু সন্থার তাঁহার সহিত এক হইরা আমরা
বিষের সর্ব্বভূতের সহিত এক হইরা উঠিব এবং দিব্য কর্ম করিব,
আমাদের নিজের কাজ বলিয়া নহে, লোক রক্ষা ও লোক
সংগ্রহের নিমিত্ত আমাদের ভিতর দিয়া ভগবানের কাজ বলিয়া।

এইটি করাই মৃলে প্রয়োজন, এবং একবার এইটি করিতে পারিলে, অর্জুনের সমূথে যে দকল সংশার উপস্থিত, সে সমস্ত দূর হইরা যাইবে। সমস্তাটি তথন আর আমাদের ব্যক্তিগত কর্তব্যাকর্ত্তব্যের সমস্তা থাকে না, কারণ যাহা লইরা আমাদের ব্যক্তিষ তাহা তথন অনিত্য ও নীচের জিনিষ হইরা পড়ে, তথন কেবল সমস্তা থাকে আমাদের ভিতর দিরা ভগবদিছা জগতে যে কাজ করিতেছে সেই সমস্তা। ইহা ব্রিতে হইলে আমাদিগকে জানিতে হইবে যে ভগবান নিজে কি এবং প্রকৃতি-তেই কি, প্রকৃতির কার্য্য কি এবং সে কার্য্যের লক্ষ্য িক, একং

'প্রকৃতিত্ব" আত্মার সহিত এই পরমাত্মার যে সম্বন্ধ জ্ঞানযুক্ত ভক্তির উপর প্রতিষ্ঠিত, সেই নিবিড় সম্বন্ধেরও স্বরূপ কি? এই সকল প্রশ্নের মীমাংসাই গীতার বাকী অংশের আলোচ্য বিষয়।

সম্পূৰ্ণ

শুদ্ধি পত্ৰ

পৃষ্ঠা	ह्य	অত ন	শুদ্ধ
•	44	ब् टेव	ইহা
78	२२	বোদবদ	বেদবাদ
₹ •	> ¢	of	or
₹€	2	বাক	বাকী
45	>	বৃত্তিগুলির	পরার্থপর বৃত্তিগুলির
8.	ર	রহিয়াছে তাহা র	হিয়াছে এবং অপরের
			মধ্যে যে আত্মা
			রহিয়াছে তাহা
••	39	হ ওয়া	হইয়া
**	•	জন্ম চক্রাস্তর	জনান্তর চক্র
42	¢	স্থ্যের জন্ম পরবর্ত্তী	স্থ্যের জন্ম পূর্ববর্তী
205	>	সজ্ঞান	मुख्यात्म
200	•	স্ফল	मकल
>>8	¢	কর্ম করিবার প্রকৃত	যোগই কর্ম করিবার
		কৌশলই ৰোগ	গ্ৰহত কৌশন
704	>#	আত্মার	আমার
78•	>¢	নব জ †তির	নরজা তির
282	۵	ায়ি খ হীন	দায়িত্বহীনা
>64	70	অস্বরের	অস্ত্রের
527	74	করেন	করে না
२१३	3	যে কপ	যে রূপ

আমাদের প্রকাশিত কএকখানি বই

ৰারীদ্রের আত্মকাহিনী---> স্বামী সত্যানন্দের সুজির দিশা---> মৃক্তি সাধনা--- ৬০ ় কাজি নজকুল ইস্লামের সত্যেন মজুমদারের শগ্নিবীণা-- ১। • বৈরিণী---১॥• চেলেদের বিবেকান- III লোলন চাঁপা--- ১। • সৌরেন মুখোপাধ্যামের চিন্তনামা---> ঝিঙেফুল—দ• মুক্ত পাথী—২১ প্রভাবতী দেবীর ছায়ানট---১।• রিজের বেদন-১॥• মুক্তির আহ্বান--- ২।• শ্রীশ মজমদারের সর্বহারা---১।৵৽ তর্দিনের যাত্রী--।৶৽ অন্ধ দেবতা-- ২।।• জ্বান বন্দী--/• শিবরাম চক্রবর্তীর সাম্যবাদী-----ছেলেবয়সে—১।।• শ্রীঅনিলবরণ রায়ের বাথার দান--১॥• ঞ্জীঅরবিনের গীতা ১ম-১।• बैधिन होती---२॥० সিন্ধ হিলোল-- (যন্ত্ৰত) জাতিয় শিক্ষা--।• পুবের হাওয়া--->।• সদেশী ও সরাজ-।• স্থারেশ চক্রবর্তীর, সাকী--> রাজনীতিক চিতরঞ্জন(যম্ভ্রম)-->।• ৰলিনীগুপ্তের, স্বরাজগঠনের ধারা—॥৵• শচীন সেনগুপ্তের, "চিঠি"—১া• পদ্দীসংগঠন (বছস্থ)—১া• ্প্রাণপ্রতিষ্ঠা—১॥•

ডি. এম. লাইত্রেরী. ৬১ কর্ণওয়ালিস ট্রাট. কলিকাতা।

জীযুক্ত অনিলবরণ রায় প্রণীত

"ছুইখানি যুগোপ্যোগী পুস্তক"

প্রত্যেক দেশহিতিবী, ভাবুক ও কর্মীর পক্ষে একান্ত প্রয়োজন।

- ১। রাজনীতিক চিত্তরঞ্জন—গ্রহকার কর্মকেজে
 দেশবন্ধ চিত্তরঞ্জনের দক্ষিণহত্ত অরপে কর্ম করিয়া, তাঁহার অপূর্ব্ব
 রাজনীতির যে পরিচয় পাইয়াছেন তাহাই স্থানতি ভাষায়
 বণিত হইয়াছে।—চিত্তরঞ্জন যুগান্তরের নেতা, তাঁহার রাজনীতিক জীবনকে অবলম্বন করিয়া বর্তমান সমতাসমূহের স্থা
 ও গভীর আলোচনা করা হইয়াছে এবং স্থানীনতালাভের প্রকৃত
 পথ দেখাইয়া দেওয়া হইয়াছে। স্থলর ছাপা ও বাঁধাই, মূল্য
 ১০ পাঁচসিকা।
- ২। পাল্লী-সংগঠন—আমাদের দেশে জাতীর আন্দোলন যে অগ্রসর হইতেছে না তাহার প্রধান কারণ দেশবাসীর প্রাণশক্তির একান্ত অভাব। কি কি কারণে এই প্রাণশক্তি নই হইয়াছে, কেমন করিয়া দেশের মধ্যে নৃতন জীবন, নৃতন শক্তির সঞ্চার হইতে পারে সে সম্বন্ধে গভীর গবেষণামূলক আলোচনা আছে এবং পল্লীসংগঠন কার্য্যপদ্ধতি সন্ম দৃষ্টি সহারে বিশদভাবে আলোচিত হইয়াছে। ভারতীয় জাতিগঠনের মূল স্ত্রগুলি এই পৃস্তকের মধ্যে দেখিতে পাইবেন। স্থলর ছাপা ও বাধাই। মূল্য ১০ পাচনিকা।